কিতাবুত্ তাহ্রীদ্
(৫)
মুস'আব ইলদিরিম

কিতাবুত্ তাহ্‌রীদ্ ‘আলাল ক্বিতাল

পর্ব ০৫:
আর কতকাল আমরা নিজেদেরকে এমনিভাবে ধোঁকা দিব?

মুস‘আব ইলদিরিম

লেখকের কথা

الحمد لله وحده والصلاة والسلام على من لا نبي بعده- أما بعد

উম্মাহ-দরদী প্রিয় ভাই!

আলহামদুলিল্লাহ, আলহামদুলিল্লাহ, ছুম্মা আলহামদুলিল্লাহ।

অনেক দীর্ঘ সময় পরে হলেও আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার অশেষ মেহেরবানীতে আমরা **"কিতাবুত্ তাহরীদ 'আলাল ক্বিতাল, পঞ্চম পর্ব: আর কতকাল আমরা নিজেদেরকে এমনিভাবে ধোঁকা দিব?"** কিতাবটি নিয়ে আপনাদের সামনে উপস্থিত হয়েছি। আলহামদুলিল্লাহ। ছুম্মা আলহামদুলিল্লাহ।

দেরী করার কারণ ছিল- প্রথমতঃ আমার নিজের কমতি ও অযোগ্যতা, দ্বিতীয়তঃ এই পর্বটি রচনা করতে গিয়ে আমাকে অনেক বেশি বাধা-বিপত্তি ও পরীক্ষার সম্মুখীন হতে হয়েছে, আর সবশেষেঃ আল্লাহ তা'আলার ইচ্ছা, হিকমাহ্ ও ফয়সালা। তবে যাই হোক, কৃতজ্ঞতায় সিজদায় লুটাই সে রব্বে কারীমের দরবারে যিনি আমাদেরকে কিতাবটি শেষ করার তাওফীক দিয়েছেন।

কিতাবুত্ তাহরীদ্, পঞ্চম পর্ব নিয়ে কিছু কথা

মুহতারাম ভাই! আমরা যারা কমবেশি 'দাওয়াহ ইলাল জিহাদের' ময়দানে কাজ করেছি, এই কাজ করতে গিয়ে অবশ্যই আমরা কিছু না কিছু তিক্ত অভিজ্ঞতা লাভ করেছি; একজন আলেম কিংবা পাক্কা দ্বীনদার অথবা দ্বীনের কোনো মেহনতের সাথে সম্পৃক্ত দ্বীনী সাথী ভাইয়ের দুয়ারে যখন আমরা জিহাদের দাওয়াত নিয়ে গিয়েছি আর সেই ভাই যখন 'দাওয়াহ ইলাল জিহাদ'কে প্রত্যাখ্যান করেছেন, কিংবা চুপ রয়েছেন, অথবা পাশ কাটিয়ে গিয়ে জিহাদ না করার পিছনে অদ্ভূত কোনো ব্যাখ্যা-বিশ্লেষণ উপস্থাপন করেছেন, তখন আমাদের হৃদয় ব্যথিত হয়েছে, কখনো অন্তর ভেঙে খানখান হয়েছে, নিশ্চুপে হৃদয়ে রক্তক্ষরণ হয়েছে আর স্বাভাবিকভাবেই আমাদের মনে কয়েকটি প্রশ্ন উদিত হয়েছে। যেমন:

ক. আমাদের দেশে আলহামদুলিল্লাহ, অগণিত মসজিদ-মাদরাসা-খানকাহ কিংবা দাওয়াতের মারকাজ রয়েছে, রয়েছেন অসংখ্য দ্বীনদার, ধর্মপ্রাণ মুসলমান। কিন্তু জিহাদের দাওয়াত দিলে কেন সবাই সেটিকে এড়িয়ে যেতে চান? বা গ্রহণ করতে চান না?

খ. অনেক বড় আলেম, পীর সাহেব, দা'ঈ কিংবা ইসলামী রাজনীতিবিদ, কিন্তু তিনিও কেন জিহাদ করতে চান না, বা জিহাদের প্রতি কেন এত অনীহা? জিহাদের দাওয়াত দিলে এটা-সেটা বুঝিয়ে কেন তিনি পাশ কাটিয়ে যান? দ্বীনের এত গূঢ় তত্ত্ব বুঝলেও কেন জিহাদ বুঝতে চান না?

গ. বর্তমান সময়ে জিহাদ একটি ফরযে আইন আমল হওয়া সত্ত্বেও এ থেকে উম্মাহর দ্বীনদার শ্রেণি কেন এত পিছিয়ে থাকতে পছন্দ করেন?

ঘ. আরেকদল ভাই আছেন তারা জিহাদকে কেন অপব্যাখ্যা করেন? উম্মাহকে জিহাদ থেকে দূরে রাখতে কেন তারা নানাভাবে উম্মাহকে বিভ্রান্ত করেন?

ঙ. আল্লাহর সাথে আমাদের সত্যবাদিতার এত অভাব কেন? যে আল্লাহ আমাদেরকে নামাযের হুকুম দিয়েছেন, সেই আল্লাহই তো আমাদেরকে জিহাদের হুকুম দিয়েছেন, জিহাদকে ফরযে আইন করেছেন, কিন্তু কেন আমরা তাঁর এই হুকুমটিকে এতটুকু গুরুত্ব দেই না যতটুকু আমরা নফল নামায, তিলাওয়াত, যিকির কিংবা অন্যান্য আমল ও মেহনতকে এতটা গুরুত্ব দিয়ে থাকি?

চ. উম্মাহর উপর কুফ্ফারদের আগ্রাসন, নিযাতন, গণহত্যা দেখেও কেন আমরা চুপ করে থাকি, কিংবা কেবল মিটিং-মিছিল-র‍্যালী আর দুআ করেই আমাদের ঈমানী দায়িত্ব শেষ হয়ে গেছে ভেবে বসে থাকি?

ছ. আমাদের উপর কেন পরাজিত মানসিকতা চেপে বসেছে? ইসলাম কায়েম করার প্রশ্নে আমরা কেন ‘জিহাদ ফী সাবীলিল্লাহ’ বাদ দিয়ে গণতন্ত্রের মত কুফুরী ও শিরকী ব্যবস্থা কিংবা অন্যান্য মনগড়া পন্থা অবলম্বন করছি? আমরা দ্বীনদাররা ইসলামী(?) গণতন্ত্র প্রতিষ্ঠা করতে গিয়ে যদি রাজপথে রক্ত দিতে প্রস্তুত থাকি, তাহলে প্রকৃত জিহাদ ও শাহাদাতের পথে যেতে কেন আমাদের এত ভয় ও অনীহা?

জ. এক কথায়, দ্বীনদার হওয়া সত্ত্বেও ‘জিহাদের আযান’ কেন আমাদের কাছে এত অপ্রিয়? জিহাদের ডাক কেন আমাদের কাছে এত অপছন্দনীয়? জিহাদের আওয়াজ কেন আমাদের কাছে এত অপরিচিত ও অবহেলিত? অথচ আল্লাহ পাকের হুকুম হল- আমরা যেন আল্লাহ, তাঁর রাসূল ﷺ ও তাঁর রাহে জিহাদ করাকে দুনিয়ার সবচেয়ে বেশি ভালোবাসি? (দেখুন: সূরা তাওবা: আয়াত নং-২৪)

মুহতারাম ভাই, তাহলে, আমাদের সমস্যাটা কোথায়? কেন এমন হচ্ছে?...................

হ্যাঁ ভাই, আমাদের মূল সমস্যাটা হল- ‘ওয়াহন’ তথা দুনিয়ার মহব্বত ও মৃত্যুর ভয়। আর এই ওয়াহনের ফলাফল হল- জিহাদ বিমুখতা ও জিহাদ পরিত্যাগ।

দুঃখজনক বিষয় হল- জিহাদ পরিত্যাগের জন্য আমরা নিজেরা মনগড়াভাবে নানান অজুহাত ও বাহানা বানিয়ে নিয়েছি; আর দাবী করছি এগুলো হলো আমাদের ‘হিকমাহ’। যে যত বেশি জিহাদ থেকে পালানোর পন্থা বের করতে পারছি, সে ততবেশি নিজেকে ‘হিকমাহওয়ালা’ ভাবছি। আর শরীয়তের ভুল কিংবা অপব্যাখ্যা করে আমরা উম্মাহর সামনে জিহাদ না করার নানান কারণ তুলে ধরছি, নিজেরাও বিভ্রান্ত হচ্ছি এবং উম্মাহকেও বিভ্রান্ত করছি। সচেতনভাবে কিংবা অবচেতনমনে আমরা আকীদা ও বিশ্বাসের নানান প্রাচীর দাঁড় করিয়েছি, যা আমাদেরকে জিহাদ থেকে বিরত রাখছে।

প্রিয় ভাই! আজকের আমাদের এই পর্বটিতে (কিতাবুত্ তাহরীদ, পঞ্চম পর্ব: আর কতকাল আমরা নিজেদেরকে এমনিভাবে ধোঁকা দিব?) এই সমস্ত ধোঁকার প্রাচীরগুলোকে চিহ্নিত করা হয়েছে। এবং যথাসম্ভব কুরআন-হাদীসের বিভিন্ন দলীল ও যুক্তির মাধ্যমে সেগুলোকে খণ্ডন করার চেষ্টা করা হয়েছে। আশা করা যায়, ইনশাআল্লাহ, কিতাবটি আমাদের সমাজের প্রতিটি দ্বীনদার ভাইয়ের অন্তরে নাড়া দিবে, সকল তবকার দ্বীনদারদেরকে জিহাদ নিয়ে নিজেকে প্রশ্ন করতে একরকম বাধ্য করবে এবং আমাদের প্রত্যেকের উপর আপতিত এই ফরযিয়াত আদায়ে উদ্বুদ্ধ করবে।

সবশেষে বলব, আমি (লেখক) একজন নগণ্য মানুষ, আমার ইলমও সীমাবদ্ধ। তথাপি যতটুকু সত্য ও সঠিক কথা আপনাদের সামনে উপস্থাপন করতে পেরেছি সেটি আল্লাহর পক্ষ থেকে, আর যা কিছু ভুল সেটি আমার নফস ও শয়তানের পক্ষ থেকে। আর আমি ভুল-ত্রুটির উর্ধ্বে নই। কারো নজরে কোনো ভুল ত্রুটি ও অসঙ্গতি পরিলক্ষিত হলে, মেহেরবানী করে কমেন্টে তা জানিয়ে দিলে আমি আপনাদের প্রতি চিরকৃতজ্ঞ থাকব, ইনশাআল্লাহ্।

আল্লাহ রব্বুল আলামীন যেন আমাকে এবং সমগ্র মুসলিম উম্মাহকে শয়তান ও তার দোসরদের ধোঁকা থেকে হেফাযত করেন এবং জিহাদ ও শাহাদাতের পথে অবিচল রাখেন। তিনি যেন সমগ্র মুসলিম উম্মাহকে, বিশেষ করে গাজার মুসলিম ভাই-বোনদের উপর চলমান ইয়াহুদী ও অন্যান্য কুফ্ফারদের আগ্রাসন ও গণহত্যা থেকে হেফাযত করেন। সারা বিশ্বের মুজাহিদ ভাইদেরকে বিশেষ করে ফিলিস্তিনের ভাইদেরকে কবুল করেন, জিহাদের পথে অবিচল রাখেন, গাইবী মদদ ও নুসরত করেন, এবং আমাদের চক্ষু ও হৃদয়ে শীতলতা দানকারী 'ফাতহে মুবীন' দান করেন। আমীন ছুম্মা আমীন।

পরিশেষে, আল্লাহ পাক তাঁর দ্বীন কায়েমের জন্য 'এলায়ে কালিমাতুল্লাহর' এই ক্ষুদ্র মেহনতকে কবুল করুন, ঘুমন্ত মুসলিম উম্মাহর জাগরণের কাজে কিতাবটিকে ব্যবহার করুন, আমাদের নাজাতের উসীলা বানান, যেসকল আলেম-মুজাহিদ ভাই শত ব্যস্ততার মাঝেও অত্যন্ত কষ্ট স্বীকার করে কিতাবটি সম্পাদনা করে দিয়েছেন, আল্লাহ তা'আলা তাদেরকে দুনিয়া ও আখিরাতে জাযায়ে খায়ের দান করুন, তাদেরকে এবং তাদের আহালদেরকে জিহাদ ও শাহাদাতের জন্য কবুল করুন, ক্ষমা করুন এবং তাদের অবস্থা ভালো করে দিন। আমীন, ইয়া রব্বাল 'আলামীন।

-মুস'আব ইলদিরিম

২৮ রবিউস্ সানি, ১৪৪৫ হিজরি

(১৩ নভেম্বর, ২০২৩ ঈসায়ী)

রোজ: সোমবার, ০৪:৪৮ a.m

কিতাবুত্ তাহরীদ ‘আলাল ক্বিতাল

পঞ্চম পর্ব

আর কতকাল আমরা নিজেদেরকে এমনিভাবে ধোঁকা দিব?

মুস‘আব ইলদিরিম

সূচিপত্র

বিভিন্ন মেহনতের সাথে জড়িত সাথিদেরকে শয়তানের ধোঁকা

সুপ্রিয় দ্বীনদার ভাইয়েরা আমার!

আজ আমি আপনাদের উদ্দেশ্যে কিছু কথা নিবেদন করতে চাই। আপনারা আমার এমন সব ভাই যাদের অন্তরে দ্বীনের মহব্বত রয়েছে এবং আপনারা সমাজে দ্বীনদার হিসাবে পরিচিত। আমার এই নিবেদন বিশেষ করে সেই সব দ্বীনী ভাইদের প্রতি, যারা কোন না কোন দ্বীনী মেহনতের সাথে সম্পৃক্ত।

মুহতারাম ভাই!

আজ আমরা এমন কিছু বিষয় আপনাদের সাথে তুলে ধরব, যা অত্যন্ত স্পর্শকাতর; হতে পারে তা অনেকের চিন্তা চেতনার সাথে মিলে যাবে। কিন্তু বিষয়গুলো আমাদের সকলের সামনে স্পষ্ট হওয়া দরকার। কেননা, বুঝনেওয়ালারা চুপ থাকতে থাকতে সত্যের ব্যাপারে উম্মত আজ দিশেহারা। সত্যকে স্পষ্ট করা আমাদের উপর ফরয দায়িত্ব। আজ আমাদের দেয়ালে পিঠ ঠেকে গিয়েছে। আপনাদের সামনে হককে 'হক' হিসেবে আর ভ্রান্তিগুলোকে 'ভ্রান্তি' হিসেবে আমাদেরকে আজ তুলে ধরতেই হবে।

প্রিয় ভাই!

পরবর্তী আলোচনার দ্বারা আমরা কাউকে আঘাত করতে চাইনা। এগুলো কেবলই আত্মসমালোচনা! শুধুমাত্র বিষয়গুলোর উপর সুগভীর চিন্তা করার জন্য একজন 'দ্বীনী, কল্যাণকামী ভাই' হিসেবে আপনাদেরকে উদাত্ত আহ্বান জানাচ্ছি।

তাছাড়া, আমরা সকলে ভাই ভাই; একে অপরের জন্য দর্পনস্বরূপ। আমরা একে অন্যের কল্যাণকামী; একে অন্যকে শুধুমাত্র আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলার সন্তুষ্টির জন্যই ভালোবাসি। এক ভাইয়ের ভুল-ত্রুটি সংশোধন করা অপর ভাইয়ের দায়িত্ব। যেন আমরা দ্বীনের নামে নেক সুরতে শয়তানের ধোঁকায় না পড়ি; সহীহ দ্বীন ও বিশুদ্ধ ঈমান-আমল নিয়ে আল্লাহ তা'আলার দরবারে হাজির হতে পারি- তাঁরই সন্তোষভাজন হয়ে, নিজেরাও সন্তুষ্ট হয়ে, আর প্রবেশ করতে পারি চিরস্থায়ী জান্নাতুল ফিরদাউসে। আল্লাহ্ পাক আমাদের সকলকে কবুল করুন। আমীন।

• 'জিহাদ' বর্তমানে ফরযে আইন:

প্রিয় ভাই! পরবর্তী আলোচনায় যাওয়ার আগে কুরআন-হাদীসের আলোকে আমাদেরকে সর্বপ্রথম বুঝে নিতে হবে- বর্তমান বিশ্ব পরিস্থিতিতে সক্ষম সকল মুসলমানের উপর জিহাদ ফরযে আইন হয়ে গিয়েছে এবং 'সকল আমল/মেহনতের মধ্যে জিহাদই সর্বশ্রেষ্ঠ'। এই বিষয়ে "কিতাবুত্ তাহরীদ 'আলাল ক্বিতাল" এর দ্বিতীয় পর্ব "তাওহীদ ও জিহাদ" কিতাবটিতে বিস্তারিত আলোচনা করা হয়েছে, আলহামদুলিল্লাহ। আমরা সেটি দেখে নিতে পারি, ইনশাআল্লাহ।

• শয়তান দ্বীনী মেহনতের সাথে সম্পৃক্ত সাথী ভাইদেরকে 'মেহনতের' ধোঁকায় ফেলে কিভাবে?...........

** আমাদের সমাজে 'দ্বীনদার' হিসেবে পরিচিত প্রত্যেক মুসলমানই আমরা কম-বেশি কোনো না কোনো মেহনতের সাথে সম্পৃক্ত। যেমন: কেউ মাদরাসার খেদমত, কেউ মসজিদ আবাদ/পরিচালনার মেহনত, কেউ দাওয়াত ও তাবলীগের মেহনত, কেউ খানকাহ/এসলাহী মেহনত, কেউ ইসলামী রাজনীতির মেহনত, কেউ বা আবার জিহাদের ময়দানে মেহনত করে থাকি। আলহামদুলিল্লাহ!

তবে ভাই, শয়তান মেহনতের ক্ষেত্রে আমাদেরকে যেভাবে ধোঁকায় ফেলে তা হলো- জিহাদের মেহনত না করে আমরা যে ভাই যে মেহনতের সাথে লেগে আছি, তার কাছে আপন মেহনতের গুরুত্ব এমনভাবে পেশ করে যে, ধোঁকাগ্রস্ত ভাই দ্বীনের অন্যান্য মেহনত বিশেষতঃ (ফরযে আইন হওয়া সত্ত্বেও) জিহাদী মেহনতের সাথে জুড়ার কথা কল্পনাও করতে পারেন না। এক পর্যায়ে আমরা প্রত্যেকেই জিহাদ না করেও যার যার আপন মেহনতকে 'পরিপূর্ণ' মেহনত মনে করতে থাকি। কুরআনের ভাষায়,

كُلُّ حِزْبٍ بِمَا لَدَيْهِمْ فَرِحُونَ

"প্রত্যেক দলই আপন আপন মতবাদ নিয়ে উল্লসিত।"

(৩০ সূরা রূম: ৩২)

** কয়েক ধাপ এগিয়ে আমরা কেউ কেউ তো এমন দাবী করতে থাকি..............

আমিই হক!..... আমিই আহলে সুন্নত ওয়াল জামাআত!.... আমিই সেই জামাত যার সম্পর্কে নবীজী ﷺ ভবিষ্যদ্বানী করেছেন, "কেয়ামত পর্যন্ত একটি দল হকের উপর থাকবে!"...... আমিই সেই ছোট্ট জামাত, যার সাথে সর্বদা আল্লাহর নুসরত থাকবে!....... আমিই "সীরাতে মুস্তাকীমের উপর আছি!..... আমিই .... আমিই .... আমিই সব!......আমিই পরিপূর্ণ!..........

.... শেষ যামানায় ইমাম মাহদী আ. আমার দল থেকেই আসবেন!...... ইমাম মাহদী অমুক তরীকার খলীফা হবেন; অমুক মাদরাসার ছাত্র হবেন! .... ইত্যাদি....ইত্যাদি। আজ আমাদের বিভিন্ন ভাইদের মুখে এরকম আরো বহু দাবী শুনা যায়!!

আর এসব দাবী করার পিছনে কারণ হলো- জিহাদ না করেও প্রত্যেক দলই আমরা নিজেদেরকে 'পরিপূর্ণ হক' মনে করি এবং অন্যান্য মেহনতকরনেওয়ালা ভাইদেরকে এমনকি মুজাহিদ ভাইদেরকেও 'নিজের চেয়ে ছোট মেহনত করনেওয়ালা ভাই' মনে করতে থাকি। অথচ আমরা লক্ষ্য করিনা, আল্লাহ্ ও তাঁর রাসূল ﷺ জিহাদকে 'দ্বীন' তথা 'পরিপূর্ণ' আমল বা মেহনত সাব্যস্ত করেছেন, ইসলামের চূঁড়া তথা সবচেয়ে বড় ও গুরুত্বপূর্ণ আমল বা মেহনত আখ্যায়িত করেছেন।

আমরা কি কখনো এভাবে চিন্তা করেছি- এমনটি কি হতে পারে না যে, আমার মন হয়ত আমাকে একটি বুঝ দিয়ে রেখেছে যে- 'আমিই পরিপূর্ণ হক', আর আমি তাতেই বিশ্বাস করে সন্তুষ্টচিত্তে বসে আছি? অথচ, হয়ত আমি পরিপূর্ণ হক নই কিংবা আমার কাছে আল্লাহ্ পাক এখন যা চাচ্ছেন তা আমি করছি না; (আর এ ব্যাপারে আমার ভিতরে কোনো চিন্তা-চেতনা বা খেয়াল-খবরও নেই, অন্যদিকে আমি পরিপূর্ণ হকের মানদণ্ডে উত্তীর্ণ হয়েছি কিনা, বর্তমানে আমার কর্তব্য ও করণীয় কী- তাও ভালোভাবে কোনোদিন যাচাই করিনি!) হায়! অথচ আমি নিজেকে 'পরিপূর্ণ' হকের তালাশকারী মনে করি।

** আবার আমরা কেউ কেউ তো আরো এক ধাপ এগিয়ে যাই; নিজের মেহনতকে ছাড়া দ্বীনের অন্যান্য মেহনতকে 'গোমরাহী' ভাবা শুরু করি। হয়ত কেউ কেউ অন্যান্য মেহনতকে গোমরাহী বলে মুখে স্বীকার করি না, কিন্তু যারা দ্বীনের অন্যান্য মেহনত করে থাকেন এবং আমার মেহনতের সাথে জুড়েন না, তাদের সাথে আমি এমন সব আচরণ করি যেন ঐ ব্যক্তিরা গোমরাহ হয়ে গিয়েছে। লা হাওলা ওয়ালা কুওয়্যাতা ইল্লা বিল্লাহ!

• 'পরিপূর্ণ হকের মানদণ্ড কী??

যার যিন্দেগী আল্লাহর রাসূলের ﷺ যিন্দেগীর সাথে সর্বাধিক মিলবে, যার যিন্দেগী আল্লাহর রাসূলের ﷺ সীরাতের সাথে সর্বাধিক মিলবে, যার যিন্দেগী সাহাবায়ে কেরাম রাদিয়াল্লাহু আনহুমদের যিন্দেগীর সাথে সর্বাধিক মিলবে, সে-ই ততোধিক হক, সে-ই ততোধিক আহলে সুন্নাত ওয়াল জামাআত, তার যিন্দেগীই ততোধিক কুরআনী যিন্দেগী!..........

এক্ষেত্রে একটা দুইটা আমল কিংবা কিছু আমল করেই, অথবা বাহ্যিক কিছু দ্বীনদারী অবলম্বন করে আমি যদি সন্তুষ্ট হয়ে বসে থাকি যে, আমার যিন্দেগী সুন্নতী যিন্দেগী হয়ে গিয়েছে, তাহলে আমার মারাত্মক একটি ভুল হয়ে যাবে। বাহ্যিকতার পাশাপাশি আত্মিকতা, যিন্দেগীর মাকসাদ (তথা লক্ষ্য ও উদ্দেশ্য), পরিপূর্ণ ইসলামে প্রবেশ করা, ঈমান-আকীদা, আল ওয়ালা ওয়াল বারা (আল্লাহর জন্য বন্ধুত্ব ও আল্লাহর জন্য শত্রুতা পোষণ করা), একমাত্র আল্লাহর আইনকে মেনে নেয়া এবং তা সমাজে প্রতিষ্ঠা করা, তা'লিম-তরবিয়ত, তাযকিয়া (আত্মশুদ্ধি) এবং দাওয়াতের পাশাপাশি জিহাদ ফী সাবীলিল্লাহ্ ইত্যাদি সকল ক্ষেত্রে আমাদেরকে আল্লাহর রাসূল ﷺ এবং তাঁর প্রিয় সাহাবায়ে কেরামকে অনুসরণ করতে হবে এবং তাঁদের পবিত্র যিন্দেগীর সাথে আমাদের যিন্দেগী মিলাতে হবে, ইনশাআল্লাহ।

• নিজের মেহনতকে বড় এবং অন্যের মেহনতকে ছোট করে দেখার কারণ-

জিহাদ সবচেয়ে দামী মেহনত হওয়া সত্ত্বেও আমরা তা করতে পারিনা বা নিজে যা করি তাকেই সবচেয়ে বেশি দামী মনে হয়, কিংবা দ্বীনের কোনো আংশিক মেহনত করেও তাকে 'পরিপূর্ণ' মনে করতে থাকি।

প্রিয় ভাই, আপনি কি জানেন, এর কারণ কী???
এর একটি কারণ হচ্ছে- আত্মতুষ্টি।

** আমরা মেহনত করি এবং আত্মতুষ্টিতে ভুগি 'আলহামদুলিল্লাহ! আমি তো সবচেয়ে দামী মেহনতের সাথেই জুড়ে আছি।' এই আত্মতুষ্টিই আমাকে নিজের মেহনতকে বড় এবং অন্যের মেহনতকে ছোট করে দেখার প্ররোচনা যোগায় এবং শয়তান আমাদের ঘাড়ে চেপে বসার সুযোগ পেয়ে যায়। আমি কখনো এটি চিন্তা করিনা যে, হয়ত শয়তান আমাকে একটি বুঝ দিয়ে রেখেছে, কিংবা আমার কর্মগুলোকে শয়তান সুশোভিত করে দেখাচ্ছে, ফলে আমি নিজেকে নিজে সান্ত্বনা দিচ্ছি, আমি তো একটা মেহনতের সাথে লেগেই আছি, আর অন্য কোনো মেহনতের সাথে আমার জুড়ার দরকার নেই।

সত্যি বলতে কি! এই ধরনের মানসিকতার কারণে আমার দ্বারা দ্বীনের জন্য বড় বড় কদম দেয়া হয়ে উঠে না। আমার দ্বারা বড় কোনো খেদমতও আল্লাহ তা'আলা নিচ্ছেন না। কিংবা আমি যা করছি তা-ই আমার চোখে অনেক বড় বলে মনে হচ্ছে। (আল্লাহ্ আমাদের সকলকে হেফাযত করুন। আমীন।)

** এরকম হওয়ার আরেকটি কারণ হচ্ছে, মেহনতের ক্ষেত্রে আমি সবসময় আমার রুচিবোধ, সুযোগ-সুবিধা ইত্যাদির উপর নির্ভর করে মেহনত করি। যে মেহনত আমার রুচি মাফিক হয়, যে মেহনত আমার হাতের নাগালে আছে, যেই মেহনতের দ্বারা আমি প্রথম দ্বীনের উপর চলা শুরু করেছি কিংবা আল্লাহ তা‘আলা যেই মেহনতের দাওয়াতের উসীলায় আমাকে দ্বীনের উপর উঠার তাওফীক দিয়েছেন, যেই মেহনতে বিপদাপদ ও ঝামেলা কম, তুলনামূলক নিরাপদ ও সহজসাধ্য- সেই মেহনত ছাড়া অন্য কোনো মেহনত আমি করতে চাই না। অথচ আমি যেই মেহনতই করি না কেন আমাকে অবশ্যই চিন্তা করতে হবে, দ্বীন এবং মুসলমানদের জন্য বর্তমানে কোন্ মেহনতটি এখন আমার উপর ফরয?! কোন্ ক্ষেত্রে কাজ করলে অল্প সময়ে উম্মতের বেশি ফায়দা হবে?! অল্প মেহনতের দ্বারা সওয়াবও অনেক বেশি হবে! আল্লাহ তা‘আলার সন্তুষ্টিও সর্বাধিক হাছিল হবে!

• প্রিয় ভাই, এমনভাবে আমরা কখনো ভেবেছি কি?

** যদি এমন হয়, বর্তমানে আল্লাহ তা‘আলা চাইছেন বা ফরযে আইন করেছেন যে, উম্মত এই মেহনত করুক আর আমি আমার মনোযোগকে অন্য দিকে নিবদ্ধ করে রেখেছি, অন্য কোনোভাবে সময় ব্যয় করছি, অন্যভাবে দ্বীনের ফিকির করছি, তাহলে একটু চিন্তা করি, আমি কি ফরয তরককারী হয়ে গেলাম না? ফরয নামায বাদ দিয়ে অন্যান্য নফল আমল কিংবা মেহনত করতে থাকা যেমনিভাবে মেনে নেয়া যায় না; তেমনিভাবে অন্য যে কোনো ‘ফরযে আইন’ বাদ দিয়ে অন্যান্য নফল, সুন্নত, ওয়াজিব কিংবা ফরযে কিফায়া আমল বা মেহনত করতে থাকলে সে কারণেও কি আমরা ফরয তরককারী হয়ে যেতে পারি না?

দ্বীনী কোনো মেহনত করার পরও, কোনটি আল্লাহর ফরয হুকুম সেটি খেয়াল না রাখার দরুন মেহনতের ক্ষেত্রে আমি আল্লাহ পাকের ইচ্ছার সামনে আমার নিজের নফসের চাহাদকেই কি বেশি প্রাধান্য দিলাম না? নেক আমল মনে করে আমি কি নিজেকে নিজে ধোঁকা দিচ্ছি না?

এমনটি হলে ভয় হয়, হায়! আমার সকল মেহনত আল্লাহ তা‘আলার কাছে বেকার সাব্যস্ত হয়ে যায় কিনা; অথচ আমি মনে করছি আমি তো অনেক নেক আমল করে যাচ্ছি! নাউযুবিল্লাহি মিন যালিক।

قُلْ هَلْ نُنَبِّئُكُم بِٱلْأَخْسَرِينَ أَعْمَٰلًا ، ٱلَّذِينَ ضَلَّ سَعْيُهُمْ فِي ٱلْحَيَوٰةِ ٱلدُّنْيَا وَهُمْ يَحْسَبُونَ أَنَّهُمْ يُحْسِنُونَ صُنْعًا

“(হে নবী!) বলুন: আমি কি তোমাদেরকে সেসব লোকের সংবাদ দিব, যারা আমলের দিক দিয়ে খুবই ক্ষতিগ্রস্ত। তারাই সে সব লোক, যাদের প্রচেষ্টা পার্থিব জীবনে বিভ্রান্ত হয়; অথচ তারা মনে করে যে তারা নেক কাজ করছে।” (১৮ সূরা কাহাফ্ : ১০৩-১০৪)

** বর্তমান সময়ে, মুসলিম উম্মাহর এই ক্রান্তিলগ্নে, যখন জিহাদ প্রতিটি সক্ষম মুসলমানের উপর ফরযে আইন হয়ে গেছে, তখন জিহাদ বাদ দিয়ে কেবল আমরা যদি মাদরাসা, খানকাহ, তাবলীগ, রাজনীতি, কিতাবাদি রচনা, চাকুরী, ব্যবসা ইত্যাদি অন্যান্য দ্বীনী খেদমত কিংবা দুনিয়াবী কাজে ব্যস্ত থাকি, তাহলে জিহাদ করবে কে ভাই??? আমি যেই মেহনতই করি না কেন, আমার মেহনতের পাশাপাশি আমাকে যেভাবে পাঁচ ওয়াক্ত নামায আদায় করতে হয়, ঠিক তেমনিভাবে জিহাদও করতে হবে, ইনশাআল্লাহ।

আমরা যদি বর্তমান যুগে জিহাদকে শুধু এর শাব্দিক অর্থের মধ্যে সীমাবদ্ধ করতে চাই, কিংবা কলমের জিহাদ, পিতা-মাতার খেদমত কিংবা মাদরাসায় দরস্ দেয়ার মাধ্যমে, নফসের ইসলাহ করা, গণতান্ত্রিক রাজনীতিতে অংশগ্রহণ

ইত্যাদি কর্মকান্ডে জড়িত হয়ে যদি মনে করি জিহাদ ফী সাবীলিল্লাহর ফরজিয়াত আদায় হয়ে যাবে, তাহলে আমাদের জন্য এটি হবে মারাত্মক ভুল ও ভয়ানক আত্মঘাতী একটি সিদ্ধান্ত!!!
আচ্ছা ভাই! আপনি কি খাইরুল কুরুন ও পরবর্তী সলফে সালেহীনদের যুগে এই সকল চিন্তা চেতনা খুঁজে পেয়েছেন?? হাদীসশাস্ত্র কিংবা ফিকহের কোনো কিতাবে 'কিতাবুল জিহাদে' কি ইলমী খেদমত, তাযকিয়া, সিয়াসাত (রাজনীতি) কিংবা দাওয়াতের ফাযায়েল বা মাসায়েল বর্ণনা করা হয়েছে, নাকি ক্বিতাল তথা সশস্ত্র যুদ্ধের ফাযায়েল বর্ণিত হয়েছে??

হাদীসশাস্ত্র কিংবা ফিকহের কোন্ কিতাবে 'কিতাবুল জিহাদে' সশস্ত্র যুদ্ধ ছাড়া জিহাদের ভিন্ন অর্থ করা হয়েছে??? তাহলে ভাই, কেন আমরা জিহাদের 'ভিন্নার্থ' তালাশ করে নিজেদেরকে ধ্বংসের দিকে ঠেলে দিচ্ছি??? 'জিহাদের' নামে কেন আমরা নিজেদেরকে ধোঁকা দিচ্ছি???

** সাহাবায়ে কেরামের যামানায় দুই শ্রেণির মুসলমান ছিল। এক. খাঁটি মুসলমান, দুই. মুনাফিক। যারা আল্লাহর রাসূলের ﷺ সাথে সকল জিহাদে অংশগ্রহণ করতেন, তাঁরা ছিলেন খাঁটি মুসলমান আর যাঁরা জিহাদ ত্যাগ করতো, তারা ছিল মুনাফিক। মুনাফিকরা মুসলমানদের সাথে সকল আমলে জুড়ত, জিহাদ ছাড়া। তাই বর্তমান সময়েও দ্বীনের সকল কাজ করার পরেও জিহাদ ত্যাগ করার কারণে ভয় হয় আমাদের নাম 'মুনাফিক'দের তালিকায় চলে যায় কিনা, যেই অবস্থাটি আল্লাহর রাসূলের যামানায় ছিল। দ্বীনতো ভাই সেটিই আছে, কিন্তু আমাদের মানসিকতা, চিন্তা-চেতনা নষ্ট হয়ে গেছে। শরীয়াহর গণ্ডিবহির্ভূত নানা তত্ত্ব ও মনগড়া যত মতবাদ উদ্ভাবন করে, শরীয়াহর বিধানসমূহের ক্ষেত্রে স্রেফ নিজেদের মস্তিষ্কপ্রসূত ও বাস্তবতার সাথে সম্পর্কহীন নানা অপব্যাখ্যা দাঁড় করিয়ে, সেগুলোকে আমরা 'হেকমত' নামে চালিয়ে দিচ্ছি। যে যত বেশি জিহাদ থেকে পালানোর পন্থা উদ্ভাবন করতে পারছি, আমি নিজেকে তত বেশি 'হেকমতওয়ালা' মনে করছি!!!

** দ্বীনের সাথে সম্পর্কিত ব্যক্তিদেরই যদি এই অবস্থা হয়, তাহলে আমরা যারা দুনিয়া নিয়েই সবসময় ব্যস্ত থাকি, দুনিয়া নিয়েই যাদের ভোর আর দুনিয়া নিয়েই যাদের সন্ধ্যা, যাদের চিন্তা-চেতনার পুরোটাই দুনিয়া, আমাদের অবস্থা কী হবে, একটু চিন্তা করি!! হায়! আমরা জিহাদ থেকে কতটুকু দূরে!!!............

প্রিয় ভাই! ইনশাআল্লাহ্, এই পর্যায়ে আমরা আলোচনা করবো কিভাবে শয়তান জিহাদের ব্যাপারে বিভিন্ন তবকার মুসলমানদেরকে ধোঁকা দিয়ে থাকে। আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলাই তাওফীকদাতা।

আলেম ভাইদেরকে শয়তানের ধোঁকা:

• ইলম অর্জনের মূল উদ্দেশ্য থেকে বিচ্যুত করে দেয়া:

** কোন্ ইলম অধিক গুরুত্বপূর্ণ, কোনটি সর্বাগ্রে অর্জন করা প্রয়োজন, ইলম অনুযায়ী আমলের গুরুত্ব- এসব বিষয়ে শয়তান একজন আলেমকে গাফেল রাখে। আমাদের সামনে শয়তান শুধু ইলম অর্জনের ফায়দা-ফাযায়েল সম্বলিত কুরআনের আয়াত ও হাদীসসমূহ তুলে ধরে, ফলে অভিশপ্ত শয়তান আমাদেরকে বুঝাতে সক্ষম হয় যে, 'যেহেতু আমি ইলম অর্জন করেছি, তাতেই আমি আল্লাহর রাসূলের ﷺ ওয়ারিশ হয়ে গেছি', যার ফলে আমাদের অর্জিত ইলমের উপর সন্তুষ্টি চলে আসে, তখন আমরা নিজেদের যিন্দেগী নিয়ে চিন্তা করার অবকাশ পাইনা। যতটুকু ইলম হাছিল হলো তাতেই আমাদের 'আত্মতৃপ্তি' চলে আসে। কিন্তু ভাই! আমরা একথা চিন্তা করি না-"আল্লাহর রাসূলের ﷺ ওয়ারিশ হতে হলে কেবল তাঁর ﷺ ইলমের ওয়ারিশ হলেই চলবে না, তাঁর যিন্দেগীরও ওয়ারিশ হতে হবে; কেবল কিছু শব্দ আর বাক্যের ওয়ারিশ হলেই চলবে না, তাঁর ﷺ যিন্দেগীর আমল সমূহেরও ওয়ারিশ হতে হবে।"

** ইলম অর্জনের ক্ষেত্রে আমাদেরকে দুটি বিষয় মনে রাখতে হবে, তা হলো-

এক. যে ইলম অর্জন করা অন্য সকল প্রকার ইলম হাছিলের উদ্দেশ্য (মাকসাদ), যেমন: আল্লাহ তা'আলার মা'রেফাত, তাঁর মহব্বত, আল্লাহর রাসূলের ﷺ মহব্বত, আখিরাতের স্মরণ অন্তরে সৃষ্টি করা এবং আল্লাহর রাসূলের যিন্দেগীর পরিপূর্ণ অনুসরণ করে নিজের যিন্দেগীকে গড়া- এগুলো হলো সকল ইলম হাসিলের মূল মাকসাদ।

দুই. মূল মাকসাদে পৌঁছার জন্য সহকারী ইলম হাসিল করা, যেমন: আরবী ভাষাতত্ত্ব, ব্যাকরণ, নাহু-ছরফ, ফিকাহ, তাফসীর, হাদীসশাস্ত্র ইত্যাদি বিষয়ে ইলম অর্জন করা।

এক্ষেত্রে শয়তান যে কাজটি করে তা হলো, একজন তালিবুল ইলমকে (ছাত্রকে) কিংবা একজন আলেমকে মূল মাকসাদের কথা ভুলিয়ে মাকসাদ হাছিলের সহকারী/সহায়ক ইলমের পিছনেই আজীবন লাগিয়ে রাখে। যার ফলে অনেক সময় দেখা যায়- আমাদের কেউ কেউ 'ইলমের জাহাজ' কিংবা 'সাগর' হওয়া সত্ত্বেও আল্লাহর রাসূলের পবিত্র ﷺ যিন্দেগীর সাথে আমাদের যিন্দেগীর পরিপূর্ণ মিল পাওয়া যায় না।

আমাদের দৃষ্টি কেবল তাত্ত্বিকতার মধ্যেই আটকে যায়, ব্যবহারিকতার দিকে যায় না। অঢেল ইলমওয়ালা হওয়া সত্ত্বেও আল্লাহর রাসূলের ﷺ কিংবা সাহাবাদের মেজাজের সাথে আমাদের অনেকের মেজাজের কোনো মিল খুঁজে পাওয়া যায় না।

কেউ কেউ আবার দু'চারটি টাকার সামনে মাথানত করে নিজের ঈমানকে সস্তায় বিক্রি করে দেই। তাছাড়া, মানুষের কাছে 'অনেক বড় আলেম' হিসেবে পরিচিত হওয়া সত্ত্বেও আমাদের অন্তর থেকে 'দুনিয়ার মহব্বত' আর 'মৃত্যুর ভয়' দূর হয় না।

আর, যে ইলমের দ্বারা অন্তরে 'মাখলুকের ভয়ে'র চেয়ে 'আল্লাহর ভয়' বেশি শক্তিশালী না হয়, সে ইলমের কী মূল্য আছে আল্লাহ্ তা'আলার কাছে? আল্লাহ তা'আলার ইরশাদ-

إِنَّمَا يَخْشَى ٱللَّهَ مِنْ عِبَادِهِ ٱلْعُلَمَاء

"নিশ্চয়ই আল্লাহ পাকের বান্দাদের মধ্যে কেবল জ্ঞানীরাই তাকে সবচেয়ে বেশি ভয় করে।"

[৩৫ সূরা ফাতির: ২৮]

এজন্য, যে ইলমের দ্বারা দিল থেকে দুনিয়া নামক নাপাক বস্তুটি দূর হয় না, মৃত্যুর মহব্বত পয়দা হয় না, আল্লাহর ভয় পয়দা হয়না, আল্লাহকে পাওয়া যায় না, আল্লাহ্ ও তাঁর রাসূলের ﷺ ভালোবাসা দুনিয়ার সকল কিছুর মহব্বতের তুলনায়, এমনকি নিজের জীবনের চেয়েও বেশি না হয়, সেই ইলম তো প্রকৃতপক্ষে ইলম নয়, তাকে আমরা 'ইলমের' আবরণে এক প্রকারের 'জাহেলিয়াত' বলতে পারি! আর রব্বে তা'আলার কাছে জাহেলিয়াতের কোনো মূল্য থাকতে পারে না।

আরেকটি বিষয় হলো, আল্লাহর রাসূলের ﷺ যিন্দেগী ও মেজাজের সাথে মিল সৃষ্টি না হলে, দীনের সর্বত্র বিচরণ করাও সম্ভব হয়ে ওঠে না; দ্বীনের কোনো একটি শাখায়ই আজীবন ঘোরপাক খেতে হয়। আল্লাহ তা'আলা আমাদের সকলকে সঠিক পথ দেখান। আমীন।

• জিহাদের মেহনত করলে ইলমী খেদমতের ক্ষতি বা কমতি হবে-এরূপ চিন্তা করানো:

** ধরুন, আমি কুরআন কারীমের তিলাওয়াত শিখানোর মেহনত করছি; আমি একটি মক্তব বা হাফেযী মাদরাসার উস্তাদ। আমার মাদরাসায় পাঁচশত বা হাজার খানেক নিয়মিত ছাত্র আছে। আলহামদুলিল্লাহ! নিঃসন্দেহে, এটি অনেক বড় দ্বীনী খেদমত। কেননা, আল্লাহর রাসূল ﷺ ইরশাদ করেছেন,

خَيْرُكُمْ مَنْ تَعَلَّمَ الْقُرْآنَ وَعَلَّمَهُ

"তোমাদের মধ্যে সর্বশ্রেষ্ঠ ব্যক্তি সে-ই, যে নিজে কুরআন শিক্ষা করে এবং অপরকে তা শিক্ষা দেয়।"

(সহীহ বুখারী-৫০২৭; আবু দাউদ-১৪৫২; তিরমিজি-২৯০৭, ২৯০৮, ২৯০৯)

কিংবা মনে করুন, আমি একজন মাদরাসার উঁচু পর্যায়ের উস্তাদ, কিংবা শাইখুল হাদীস, প্রধান মুফতী অথবা কোনো মাদরাসার মুহতামিম আমি; আমার দ্বারা ইলমী অনেক খেদমত আল্লাহ তা'আলা নিচ্ছেন। আলহামদুলিল্লাহ। এখন মনে করুন, সাধারণভাবে উম্মাহর সক্ষম সকলের উপর জিহাদ ফী সাবিলিল্লাহ' ফরয হয়ে গেল, তাহলে এখন আমার-আপনার করণীয় কী?

একটু চিন্তা করুন তো ভাই, দ্বীনী কোনো দায়িত্বে থাকা অবস্থায় কারো মাঝে আল্লাহর ভয় থাকলে ফরজ নামাজ পরিত্যাগ করা বা তাতে অলসতা করা কি কারো পক্ষে সম্ভব? তাহলে জিহাদ ফরযে আইন হয়ে গেলে, আমরা কিভাবে তা পরিত্যাগ করতে পারি বা তাতে অলসতা প্রদর্শন করতে পারি? রাসূলুল্লাহ ﷺ এবং সাহাবায়ে কেরাম আমাদের স্থানে থাকলে কী করতেন? তাঁরা কি কেবল মসজিদ-মাদরাসার ফিকির নিয়েই বসে থাকতেন?? নাকি পাশাপাশি জিহাদ ফী সাবীলিল্লাহর মেহনতও করতেন, এলায়ে কালিমাতুল্লাহর ফিকিরও করতেন?? আসহাবে সুফ্ফারা কি কেবল ইলম চর্চাতেই ব্যস্ত থাকতেন, নাকি 'সামরিক জীবন' বলতেও তাঁদের একটি যিন্দেগী ছিল?? যুদ্ধের অবস্থার প্রেক্ষাপটে তো তাঁরা 'মাদরাসায়ে সুফ্ফা' বন্ধ রেখেই ময়দানে চলে যেতেন এবং লড়াই করতেন, তাইনা??

প্রিয় ভাই!

হযরত আবু হুরাইরা রাদি. কি ময়দানের লড়াকু বীর ছিলেন না??.............
হযরত আনাস বিন মালিক রাদি. কি যুদ্ধের ময়দানে ঝাঁপিয়ে পড়তেন না??.............
হযরত বেলাল রাদি. কি কেবল মুয়াজ্জিন-ই ছিলেন, মুজাহিদ ফী সাবীলিল্লাহ্ ছিলেন না???..................
লক্ষ লক্ষ পুরুষ সাহাবী (রাদিয়াল্লাহু আনহুম আযমাঈন) ছিলেন, সক্ষম এমন একজন পুরুষের নাম কি আমরা দেখাতে পারবো যিনি মুজাহিদ ছিলেন না?? আল্লাহর রাহে জিহাদ করেননি???
বরং আল্লাহর রাসূলের যামানার কোনো কোনো নারী সাহাবাগণও যুদ্ধের ময়দানে বীরত্বের সাথে লড়াই করেছেন। আল্লাহু আকবার! হযরত ছফিয়্যাহ বিনতে আব্দুল মুত্তালিব, হযরত উম্মে উমারা, হযরত আসমা বিনতে আবু বকর, হযরত আয়িশা (রাদিয়াল্লাহু আনহুন্না আযমাঈন)-গণের কথা কি আমরা ভুলে গিয়েছি? তাঁদের মধ্যে কেউ কেউ তো বীরত্ব ও সাহসিকতায় অনেক পুরুষ সাহাবীকেও হার মানিয়েছিলেন। সুবহানাল্লাহ!

শুধু কি তাই, যেই অন্ধ সাহাবী হযরত উম্মে মাকতুম রাদি.-এর দোয়ার উসীলায় আল্লাহ্ তা'আলা দুনিয়ার সকল অক্ষমদের উপর থেকে জিহাদের ফরযিয়াত রহিত করে দিয়েছেন এবং তাদেরকে জিহাদ থেকে অব্যাহতি দিয়েছেন, প্রিয় ভাই, আপনি কি জানেন সেই অন্ধ সাহাবী কিভাবে মৃত্যুবরণ করেছিলেন??

অন্ধ হওয়া সত্ত্বেও তিনি জিহাদে অংশগ্রহণ আর শাহাদাতের তামান্না থেকে একচুল পরিমাণও পিছিয়ে ছিলেন না; জিহাদের ফজিলত থেকে মাহরূম থাকা তার জন্য খুব কষ্টকর ও বেদনাদায়ক ছিল।

অবশেষে, হযরত উমর রাদি. এর খিলাফতের যামানায় চতুদর্শ হিজরিতে সংঘটিত পারস্যদের বিরুদ্ধে সর্বশেষ ও সিদ্ধান্তমূলক ঐতিহাসিক 'কাদেসিয়ার যুদ্ধে' এই মহান অন্ধ সাহাবী অংশগ্রহণ করেন। যেহেতু লড়াই করতে পারবেন না, তাই মুসলিম বাহিনীর পতাকা বহন এবং জীবন দিয়ে হলেও তা সমুন্নত রাখার দায়িত্ব পালনের জন্য নিজেকে পেশ করেন।

যুদ্ধের ইতিহাসে নজির বিহীন ভয়াবহ এক যুদ্ধ ছিল এটি। তিনদিন ব্যাপী চলমান রক্তক্ষয়ী এই যুদ্ধের ফলাফল হয়েছিল মুসলিম বাহিনীর চূড়ান্ত বিজয়। আর এরই মাধ্যমে তৎকালীন পৃথিবীর প্রধান পরাশক্তি পারস্য সাম্রাজ্যের পতন ঘটেছিল। আল্লাহু আকবার!
এই মহা বিজয় অর্জনের জন্য মূল্য হিসেবে পরিশোধ করতে হয়েছিল শত শত শহীদের অমূল্য জীবন। তাদের মাঝে ছিলেন হযরত আব্দুল্লাহ্ ইবনে মাকতূম রাদি. এর জীবনও। সেদিন যুদ্ধের প্রান্তরে খুঁজে পাওয়া গিয়েছিল তাঁর রক্তমাখা নিষ্প্রাণ দেহ- যা মুসলিম বাহিনীর পতাকাটিকে তখনো বুকের মাঝে আগলে রেখেছিল।
সুবহানাল্লাহ!! উনারাই ছিলেন আমাদের পূর্বসূরী, উনারাই ছিলেন আমাদের প্রকৃত সালাফ!! উনারাই ছিলেন আমাদের প্রকৃত আকাবীর!!! রাদিয়াল্লাহু আনহুম আযমাঈন।
এই রকম আরো অনেক ঘটনা রয়েছে সীরাতের কিতাবগুলোতে। শারীরিক অক্ষমতাও সাহাবায়ে কেরামদেরকে জিহাদ থেকে দূরে রাখতে পারেনি!! আল্লাহু আকবার।

** আমরা অনেকে মনে করি, আমি একটি মাদরাসার ইলমী খেদমতে আছি। আমি জিহাদ করলে বা জিহাদের জন্য আল্লাহর রাস্তায় বেরিয়ে পড়লে ইলমের অনেক ক্ষতি হয়ে যাবে, মানুষের মধ্যে ইলমের প্রচার প্রসার কিভাবে হবে?? বা তখন আমার মাদরাসার কি অনেক ক্ষতি হয়ে যাবে না??..................................

প্রিয় ভাই! জিহাদ ফী সাবীলিল্লাহর মেহনতের মাধ্যমে আমাদের কুরআনের খেদমত আরো বেশি হতে পারে। কিভাবে?.......

কুফ্ফার কর্তৃক আক্রান্ত মুসলিম ভূমিতে আমাদের মাধ্যমে মুসলমানদের দ্বীন শিক্ষার ব্যবস্থা হতে পারে; হয়ত আল্লাহ তা'আলা আমাদের দ্বারা পৃথিবীর কোনো ভূমিতে তাঁর দ্বীন পরিপূর্ণরূপে কায়েম করাবেন, ফলে সেখানে কুরআনের আইন প্রতিষ্ঠিত হবে, তখন আমরা এরকম হাজারটা মাদরাসা প্রতিষ্ঠা করতে পারবো ইনশাআল্লাহ; তখন, লক্ষ লক্ষ মানুষ কুরআন শিখতে পাবে, দ্বীনের ইলম লাভ করে পরকালে নাজাত পাবে আর আমরাও কেয়ামত পর্যন্ত সদকায়ে জারিয়ার সওয়াব পেতে থাকবো ইনশাআল্লাহ্।

আর না হয়, হয়ত আমরা শহীদ হয়ে কামিয়াবীর যিন্দেগী লাভ করবো। আর আমি যদি জিহাদ করতে করতে শহীদ হওয়ার কারণে মাদরাসার খেদমত না করে যেতে পারি, তাহলেও ক্ষতি নেই। কেননা, আমার ভাইয়েরা যখন দ্বীন কায়েম করবেন এবং এরকম বহু মাদরাসা প্রতিষ্ঠা করবেন, তারা যা সওয়াব লাভ করবেন, তাদের সাথী হওয়ার কারণে আমাদেরকেও আমাদের নিয়তের কারণে সেই সওয়াব দেয়া হবে, ইনশাআল্লাহ্। নিঃসন্দেহে আল্লাহ তা'আলা অভাব মুক্ত, অমুখাপেক্ষী।

** জিহাদের কারণে কোনো মাদরাসা বন্ধ হয়েছে, ইলমের তলব কিংবা ইলমী খেদমতের ত্রুটি হয়েছে, এমন নজির ইসলামের ইতিহাসে কোথাও আছে কি? বরং ইসলামের ইতিহাসের একদম শুরু থেকেই জিহাদ আর ইলমের তলব একসাথে চলেছে।

আল্লাহর রাসূলের ﷺ যামানার কথাই ধরা যাক! জিহাদের কারণে সাময়িকভাবে মসজিদে নববীর 'ছুফ্ফা' কেন্দ্রিক ইলমী মারকায/মাদরাসা বন্ধ থাকলেও ইলমের তলব কিন্তু একদিনের জন্যও বন্ধ থাকেনি। জিহাদের ময়দানে গিয়ে সাহাবায়ে কেরাম আল্লাহর রাসূলের কাছে জিহাদ কিভাবে করতে হয় তা শিখেছেন, কিভাবে গনীমত, ফাঈ ইত্যাদি বণ্টন করতে হয় তা শিখেছেন, বন্দীদের ব্যাপারে আল্লাহর হুকুম কী তা শিক্ষা করেছেন, বিজিত এলাকাসমূহে কিভাবে আল্লাহর আইন ও শরীয়াহ্ কায়েম করতে হয় তা শিখেছেন, শত্রুপক্ষের কোনো গাদ্দার বা গোয়েন্দা ধরা পড়লে তাদের ব্যাপারে কী হুকুম তা শিখেছেন, বন্দী হওয়া নারী-শিশু ও দাসী-বাদীদের ব্যাপারে আল্লাহর কী হুকুম তা শিখেছেন। তাছাড়া, জিহাদের ময়দানে তো আর আয়াত নাজিল হওয়া কখনো বন্ধ ছিল না। সেখানেও 'কাতেবে ওহী' (ওহী লেখক)-গণ থাকতেন। যখন যে আয়াত নাযিল হত, সাহাবায়ে কেরাম সঙ্গে সঙ্গে তা লিপিবদ্ধ করে রাখতেন আর তা শিখে নিতেন। সে সকল আয়াতের ব্যাখ্যা বিশ্লেষণ আল্লাহর রাসূলের ﷺ কাছ থেকে বুঝে নিতেন। সুবহানাল্লাহ! এভাবেই সর্ব হালতে সাহাবায়ে কেরামের ইলমী মেহনত ও খেদমত জারী থাকত! সাহাবায়ে কেরাম ইলমী খেদমতের দোহাই দিয়ে কখনো জিহাদ হতে পিছিয়ে থাকতেন না।

** প্রিয় ভাই! জিহাদ করার কারণে ইলমী মেহনতের বা ইলমী খেদমতের কিংবা মাদরাসাসমূহের কখনো কোনো ক্ষতি হয়নি- এটা যেমনভাবে অকাট্য সত্য, তার চেয়েও বেশি সত্য ব্যাপার হচ্ছে- জিহাদ না করার কারণে ইসলামী

ইতিহাসের একটি-দুটি নয়, বিখ্যাত হাজার হাজার মাদরাসা আমরা হারিয়েছি। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।

হায়! কোথায় আজ বুখারা আর সমরখন্দের সেই মাদরাসাগুলো? আজ কোথায় রাশিয়ার সেই হাজার হাজার মাদরাসাগুলো?

কোথায় কর্ডোভা আর গ্রানাডার হিফযখানা আর কিতাবখানাগুলো? কোথায় হারিয়ে গেল আরাকানের সেই ইলমী মারকাযগুলো??

তুর্কিস্তানের মাদরাসাগুলো আজ কোথায়?

কোথায় হারিয়ে গেল আমাদের 'জিহাদহীন' সেই ইলমের তলব আর ইলমী খেদমত?

আমাদের কী ছিল না?...............

আমাদের কি হাজার হাজার তালেবে ইলম ছিল না? আমাদের কি বিশ্বের সবচেয়ে বড় বড় পণ্ডিত, শিক্ষাবিদ, দার্শনিক আর আলেমে দ্বীন ছিল না? আমাদের কি পৃথিবীর সবচেয়ে বড় বড় 'কুতুবখানা' ছিল না?? সেগুলো আজ কোথায়?? কোথায় 'তাতারীদের হাতে ধ্বংস হওয়া' বিশ্বের সর্ববৃহৎ পাঠাগার, বাগদাদের সেই লাইব্রেরি???...............

রক্তাক্ত এই ইতিহাসগুলো কি আমরা ভুলে গিয়েছি? আজ আমাদেরকে অবশ্যই সত্য সত্য জবাব দিতে হবে-"সেই মাদরাসাগুলো কি আমরা জিহাদ করার কারণে হারিয়েছি, নাকি জিহাদ না করার কারণে?"...........

আজ আফগানিস্তানের দিকে তাকিয়ে দেখি! আল্লাহর রহমতে জিহাদের মাধ্যমে মাদরাসার মেহনত সেখানে কতটা জোরদার হচ্ছে!!! আমাদের বীর মুজাহিদ ভাইয়েরা জিহাদ ফী সাবীলিল্লাহর মাধ্যমে আল্লাহর দ্বীন প্রতিষ্ঠা করে ইলমের খেদমত কিভাবে করে যাচ্ছেন!! তারা হাজার হাজার মাদরাসা প্রতিষ্ঠা করছেন, সকল শ্রেণির মানুষের জন্য দ্বীন শিক্ষার ব্যবস্থা করছেন! প্রতিটি মুসলমানের বাচ্চার জন্য দ্বীন শিক্ষা বাধ্যতামূলক করেছেন! প্রিয় ভাই! জিহাদ না করে আমরা কি পারছি তাদের মতো ইলমী খেদমত করতে??............

• জিহাদ ফরযে আইন হওয়ার পর আমাদের করণীয় কী???-এই বিষয়ে অসচেতন রাখা:

প্রিয় ভাই, এ সম্পর্কে "কিতাবুত্ তাহরীদ্ 'আলাল ক্বিতাল: দ্বিতীয় পর্ব: তাওহীদ ও জিহাদ" কিতাবটিতে বিস্তারিত দলীল ভিত্তিক আলোচনা করা হয়েছে।

এখানে আমরা শুধু এতটুকু বলতে চাই, জিহাদ ফরযে আইন অবস্থায় আমাদেরকে কুরআন কারীম শিখানোর মেহনত কিংবা মাদরাসার দরস্ দানের ইবাদত (যা একটি ফরযে কিফায়া কিংবা ক্ষেত্র বিশেষে নফল আমল) এর পাশাপাশি জিহাদ ফী সাবীলিল্লাহর মেহনত অবশ্যই করতে হবে। মুজাহিদ ভাইদের হক জামাত তালাশ করে তাতে যোগ দিতে হবে। অতঃপর আমীরের ফয়সালা অনুযায়ী (জিহাদের প্রয়োজন অনুযায়ী) আমাদেরকে যেভাবে দ্বীনী খেদমত করতে বলা হয় সেভাবেই করতে হবে। যদি আমাকে মসজিদ বা মাদরাসার খেদমতের ফয়সালা দেয়া হয় এবং পাশাপাশি জিহাদের জন্য প্রয়োজনীয় অন্য কোনো তাকাজা দেয়া হয় (যেমন- দাওয়াত ও ই'দাদ) তবে আমাকে তাই করতে হবে। সেক্ষেত্রে ময়দানে না গিয়েও আমি জিহাদের সওয়াব পাব ইনশাআল্লাহ। আর যদি জিহাদের প্রয়োজনে আমাকে ময়দানে যাওয়ার ফয়সালা দেয়া হয়, তাহলে আমাকে মসজিদ-মাদরাসা-খানকাহ-অন্যান্য দ্বীনী বা দুনিয়াবী কাজকর্ম ছেড়ে ময়দানে ঝাঁপিয়ে পড়তে হবে ইনশাআল্লাহ, ঠিক যেমনভাবে সাহাবায়ে কেরামগণ করেছিলেন।

আমাদেরকে মনে রাখতে হবে, যদি আমরা ফরযে আইনের তাকাজা পুরা করতে গিয়ে ফরযে কিফায়া কিংবা নফল ইবাদত করতে সক্ষম না হই, এজন্য আমাদেরকে আল্লাহ্ পাকের কাছে জবাবদিহি করতে হবে না, কিন্তু ফরযে আইন ত্যাগ করলে আমাদেরকে অবশ্যই আল্লাহ তা'আলার সামনে 'অপরাধী' সাব্যস্ত হতে হবে, আমাদেরকে 'ফরয তরককারী' সাব্যস্ত হতে হবে, যদিও আমরা দ্বীনী অনেক বড় মেহনত করছি। এককথায়- জিহাদ ফরযে আইন অবস্থায় আমাদের নিজেদের মনগড়া ভাবে দ্বীনী মেহনত করলে চলবে না, অবশ্যই জিহাদের তাকাজা/প্রয়োজনকে সামনে রেখে দ্বীনের অন্যান্য শাখায় মেহনত চালিয়ে যেতে হবে, যে কোনো সময় জিহাদের যে কোনো তাকাজা পুরা করার জন্য সদা প্রস্তুত থাকতে হবে, খুরুজের (জিহাদের জন্য বের হওয়ার) প্রয়োজন হলে খুরুজ, জীবন দেয়ার প্রয়োজন হলে জীবন দিতেও প্রস্তুত থাকতে হবে, ইনশাআল্লাহ।

• আমরা (আলেমরা) সশস্ত্র জিহাদ করি না; তার কারণ....

প্রথম কারণ:

একজন প্রসিদ্ধ আলেম অনেক উলামায়ে কেরামের সক্রিয়ভাবে সশস্ত্র জিহাদ না করার ব্যাপারে অবাক হওয়ার মতো একটি কারণ বয়ান করলেন। প্রকৃতপক্ষে, আমরা অনেকেই এমন একটি দৃষ্টিভঙ্গি লালন করে থাকি। তাই বিষয়টি উম্মতের সামনে পরিষ্কার করা দরকার। তিনি বললেন, "আমরা (আলেমরা) সশস্ত্র জিহাদ করিনা; কারণ, আমাদের চার মাযহাবের কোনো ইমাম এবং আমাদের অমুক অমুক আকাবীরদের যিন্দেগীতে সশস্ত্র জিহাদ ছিল না। তারা আজীবন এলেমের খেদমত করে গেছেন। তাই আমরাও আজীবন এলেমের খেদমত করে যাবো।"

যুক্তিখণ্ডন:

প্রিয় ভাই! এই ধরণের মন্তব্য করার আগে আমাদের আরেকটু গভীরভাবে চিন্তা করা উচিত। কেননা, এই ধরণের মন্তব্য যদি আমরা করি, তাহলে এটি মূলত ইসলামের বড় বড় ইমামদের উপর অনেক বড় ধরণের অপবাদ আরোপ করা হয়!

কিভাবে?...........

এবার, তাহলে ভালো করে খেয়াল করুন, উপরোক্ত উক্তিটির দ্বারা আইম্মায়ে কেরামের উপর মূলতঃ নিচের অপবাদগুলো আরোপ করা হয়-

১. একদল লোক আছে, তারা শুধু 'জিহাদ, জিহাদ' করে; যেন জিহাদ ছাড়া আর কোনো কাজ নেই। আইম্মায়ে কেরাম কি দ্বীন বুঝেন নাই? তাঁরা যেমন বুঝে-শুনে, যথেষ্ট কারণ বের করে এবং আমলের গুরুত্ব অনুধাবন করে জিহাদ করেননি, তেমনিভাবে আমরাও বুঝে-শুনে, যথেষ্ট কারণ জেনে এবং আমলের গুরুত্ব অনুধাবন করেই জিহাদ করছি না। যেটা এখন সবচেয়ে বেশি করা দরকার, আমরা সেটাই করছি। আমরা ও তাঁরা এক পথেই হাঁটছি। একটু অন্যভাবে বললে, যদি কেউ মনে করে যে, আমরা দ্বীন বুঝি না, তাহলে তো তাঁরাও (আইম্মায়ে কেরামগণও) দ্বীন বুঝেন নাই! (নাউযুবিল্লাহ্)

২. যেহেতু আমরা এবং আইম্মায়ে কেরামগণ একই মানহায/পথ/তরীকার উপর আছি, সেহেতু যদি কেউ বলে যে, আমরা জিহাদ তরককারী, তাহলে কি তাঁদেরকেও (আইম্মায়ে কেরামগণকেও) ‘জিহাদ তরককারী’ বলা হবে না?? (নাউযুবিল্লাহ্)

৩. আইম্মায়ে কেরাম কি জিহাদের গুরুত্ব বুঝেন নাই? যেহেতু আমরা ও তাঁরা একই সিলসিলার পথিক, জিহাদ না করার কারণে যদি কেউ আমাদেরকে বলে যে, আমরা জিহাদের গুরুত্ব বুঝি না, তাহলে কি তাঁরাও (আইম্মায়ে কেরামগণও) জিহাদের গুরুত্ব বুঝেন নাই?? (নাউযুবিল্লাহ্)

৪. আমরা মনে করি, তাঁরা (আইম্মায়ে কেরামগণ) ইলমের খেদমতকে জিহাদের ময়দানের খেদমতের চেয়ে বড় মনে করতেন। তাই তাঁরা আজীবন ইলমের খেদমত করে গেছেন। তাই মাযহাবের ইমামদের মতো আমরাও মনে করি, ইলমের খেদমত জিহাদের খেদমতের চেয়ে বড় ও অধিক গুরুত্বপূর্ণ। তাই আমরাও আজীবন মাদরাসার তথা ইলমের খেদমত করে যাবো। মাদরাসার খেদমত ছেড়ে আমরা অন্য কোনো ফিকির করবো না। জিহাদ না করার কারণে যদি কেউ বলে যে, আমরা ভুল পথে আছি, তাহলে কি আইম্মায়ে কেরামগণও ভুল পথের পথিক ছিলেন না?? (নাউযুবিল্লাহ্)

এইখানে এসে কিছু কথা!!!

সাহাবায়ে কেরামগণ হচ্ছেন হিদায়াতের মানদণ্ড। আল্লাহ্ সুবহানাহু ওয়া তা‘আলা ইরশাদ করেন-

............ءَامِنُواْ كَمَآ ءَامَنَ ٱلنَّاسُ ....

“.........লোকেরা (সাহাবায়ে কেরামগণ) যেভাবে ঈমান এনেছে, তোমরাও সেভাবে ঈমান আনয়ন কর......”

(সূরা বাকারা ০২:১৩)

فَإِنۡ ءَامَنُواْ بِمِثۡلِ مَآ ءَامَنتُم بِهِۦ فَقَدِ ٱهۡتَدَواْ

“আর যদি তারা ঈমান আনে, যেরূপ তোমরা (সাহাবায়ে কেরামগণ) তাঁর (আল্লাহর) প্রতি ঈমান এনেছ, তাহলে তারা অবশ্যই হেদায়াতপ্রাপ্ত হবে।” (সূরা বাকারা ০২: ১৩৭)

সুতরাং, আল্লাহর রাসূলের ﷺ পর কাউকে যদি অনুসরণ করতেই হয়, তাহলে সাহাবায়ে কেরামগণকে অনুসরণ করতে হবে।

আবার হাদীসে এও এসেছে,

خَيْرُ النَّاسِ قَرْنِي، ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ، ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ

“সর্বশ্রেষ্ঠ জামাত হচ্ছে আমার সাহাবীদের জামাত, এরপর শ্রেষ্ঠ যারা তাদের পরবর্তী (তাবেয়ীগণ), এরপর শ্রেষ্ঠ যারা তাদের পরবর্তী (তাবে-তাবেয়ীগণ)।.........”

(সহীহ বুখারী-২৬৫১, ২৬৫২, ৩৬৫১, ৬৪২৯, ৬৬৫৮; সহীহ মুসলিম-৬৩৬৪; আল লু’লু ওয়াল মারজান-১৬৪৬; বুলুগুল মারাম-১৪০০; সুনানে আন-নাসায়ী-৩৮০৯; আত্ তিরমিজি-২২২১, ২৩০২; সুনানে ইবনে মাজাহ-২৩৬২)

এখন, আমরা যদি সাহাবায়ে কেরামের যিন্দেগী দেখি, তাহলে তাঁদের প্রায় প্রত্যেকের সীরাতেই সশস্ত্র জিহাদ বা কিতালের (যুদ্ধের) আলোচনা পাওয়া যায়। প্রায় প্রত্যেকের যিন্দেগীতেই কোনো না কোনো যুদ্ধের কাহিনী রয়েছে। এমনও সাহাবী আছেন, ঈমান আনার পর নামাযের ওয়াক্ত না হওয়ায় নামায পড়তে পারেননি, জিহাদ চলছিল,

জিহাদে শরীক হয়ে শহীদ হয়ে যান। এমনকি জিহাদের ফাযায়েল লাভ করার জন্য জিহাদের বাধ্যবাধকতা না থাকা সত্ত্বেও অন্ধ, খোঁড়া সাহাবীগণও জিহাদ করেছেন। তাই, নবীজী ﷺ-এর সাহাবাগণের পবিত্র জামাতকে যদি অনুসরণ করতে হয়, তাহলে আমাদেরকে অবশ্যই জিহাদ করতে হবে।

এবার আসুন, তাবেয়ী ও তাবে-তাবেয়ীদের কথায়। একথা সত্য যে, তাঁদের সকলের যিন্দেগীতে সশস্ত্র জিহাদ পাওয়া যায় না। বিশেষতঃ চার মাযহাবের (ফিকাহ শাস্ত্রের) ইমামগণ, হাদীসের ইমামগণ, মুজতাহিদীন, এক কথায় ইলমের জগতের সাথে সম্পর্কিত ইমামদের মধ্যে কারো কারো যিন্দেগীতে সশস্ত্র জিহাদের ইতিহাস পাওয়া যায়, আবার কারো কারো যিন্দেগীতে পাওয়া যায় না। কিন্তু কেন?

এখানে এসে স্বাভাবিকভাবেই প্রশ্ন আসতে পারে- তাঁরা কি তাহলে সাহাবায়ে কেরামের অনুসারী ছিলেন না? যদি অনুসারী হয়েই থাকেন, তাহলে সাহাবাদের প্রায় সকলের যিন্দেগীতেই তো সশস্ত্র জিহাদ ছিল, কিন্তু তাবেয়ী, তাবে-তাবেয়ীদের সকলের যিন্দেগীতে সশস্ত্র জিহাদ নেই কেন? আর যদি তাঁরা সাহাবীদের অনুসারী না হয়ে থাকেন, তাহলে তাঁরা 'আহলে সুন্নাত ওয়াল জামাআত' হলেন কিভাবে? নবীজী ﷺ এবং সাহাবায়ে কেরামের অনুসারী হলেন কিভাবে?............

(বি.দ্র: সাহাবায়ে কেরামের জামাতের সাথে ঐক্যবদ্ধ হয়ে তাবেয়ী, তাবে-তাবেয়ীগণও সশস্ত্র জিহাদ (যুদ্ধ) করেছেন। আল্লাহর রাসূল ﷺ-এর ওফাতের পরবর্তী বিশ বছরে প্রায় ত্রিশ হাজার সাহাবী ও তাবেয়ী কেবল শহীদই হয়েছেন। আহতের সংখ্যা অগণিত। বরকতময় এই জামাতের হাতেই পারস্য ও রোম বিজয় হয়েছে। এ সম্পর্কে "কিতাবুত্ তাহরীদ্ 'আলাল ক্বিতাল"-এর দ্বিতীয় পর্বে "জিহাদের অপর নাম জীবন: একটি ইতিহাস ভিত্তিক পর্যালোচনা" শিরোনামে বিস্তারিত আলোচনা করা হয়েছে। আলহামদুলিল্লাহ!

উপরের প্রশ্নগুলো দ্বারা ইলমের সাথে সম্পর্কিত বড় বড় আইম্মায়ে কেরামগণ উদ্দেশ্য। অবশ্য তারাও জিহাদ ফী সাবীলিল্লাহ্ করেছেন। কেউ কেউ সরাসরি জিহাদ ফী সাবীলিল্লাহয় অংশগ্রহণও করেছেন। যেমন: হযরত আব্দুল্লাহ্ ইবনুল মুবারক রাহি. ছয় মাস ইলমী খেদমত করতেন, আর বাকী ছয় মাস ময়দানে জিহাদ করতেন। তাঁর মত এরকম আরো অনেকেই ছিলেন। কেউ কেউ শাসকবৃন্দকে সৎকাজে আদেশ এবং অসৎকাজে নিষেধ করেছেন। যালিম শাসকের সামনে অকপটে সত্যকে প্রকাশ করে দিতেন। আর হাদিসে যালিম শাসকের সামনে সত্য কথা বলাকেও জিহাদ বলা হয়েছে।

তাছাড়া তারা শরীয়তকে খুলে খুলে মানুষের সামনে বয়ান করতেন। কোনো কিছু গোপন করতেন না। সত্যকে মিথ্যার সাথে মিলাতেন না। অর্থের লোভ, সম্মানের হাতছানি তাদেরকে টলাতে পারতো না। মাদরাসার ছাত্রদের সামনে, মসজিদে মুসল্লীদের সামনে, ওয়াজের ময়দানে জনতার সামনে, লেখনীর মধ্যে পাঠকের সামনে সুস্পষ্টরূপে সত্যকে বলে দিতেন। সত্য প্রকাশের ব্যাপারে কারো চোখ রাঙ্গানিকে তারা পরোয়া করতেন না, জালিমের জুলুমকে ভয় করতেন না। কোনো ধরণের জুলুম, নির্যাতন, বন্দিত্ব, নির্বাসন তাদেরকে হক বলা থেকে কিংবা হক প্রচার করা থেকে টলাতে পারতো না। অর্থ কিংবা সম্মানহানির ভয়ে কখনো তারা ভীত হতেন না। চাকুরি কিংবা খেদমত ছুটে যাওয়ার আশঙ্কায় শঙ্কিত হতেন না। মাদরাসা রক্ষা, হেকমত, মাসলাহাত ইত্যাদি অজুহাতে ফরযে আইন অবস্থায় কখনো জিহাদ পরিত্যাগ করতেন না। নিজের সাধ্য অনুযায়ী জিহাদের পথে অগ্রসর হতেন। নির্যাতিত মুসলিম উম্মাহর জন্য দুআ করতেন। মুজাহিদ ভাইদের সফলতার জন্য কায়মনোবাক্যে মুনাজাত করতেন। জিহাদ ও

মুজাহিদীনদের প্রতি প্রেম-ভালোবাসা ও মুহাব্বতে তাদের অন্তর পূর্ণ ছিল। সর্বোপরি, তাদের হৃদয়ে দুনিয়ার মহব্বত আর মৃত্যুর ভয় (তথা ওয়াহন) ছিল না।
জিহাদ করার অপরাধে তারা কখনো কোনো ছাত্রকে তাদের মাদরাসা থেকে বের করে দেননি। তারা কখনো মাদরাসাগুলোকে জঙ্গীবাদ তথা জিহাদমুক্ত ঘোষণা দিতে ব্যস্ত হয়ে পড়তেন না। তারা কখনো তাগুতকে খুশি করতে তাগুতের মনমত ফতোয়া দিতেন না।..............)

প্রিয় ভাই!

আইম্মায়ে কেরামগণ অবশ্যই "আহলে সুন্নাত ওয়াল জামাআত", তাঁরা অবশ্যই হকের উপর ছিলেন, তাঁরা অবশ্যই সাহাবায়ে কেরামের অনুসারী ছিলেন, সন্দেহ নেই। তাহলে, সাহাবাদের যিন্দেগীর সাথে কোনো কোনো আইম্মায়ে কেরামের যিন্দেগীর পার্থক্য দেখা যায় কেন? কেন তাদের কারো কারো যিন্দেগীতে সরাসরি অস্ত্রের জিহাদ পাওয়া যায় না? যদি তাঁরা সাহাবায়ে কেরামের অনুসারী হয়েই থাকেন, তাহলে (বর্তমান যামানায়) তাঁদেরকে কি অনুসরণ করা যাবে না? (যেহেতু তাঁরা 'পরিপূর্ণ' হক ছিলেন), তাঁদেরকে অনুসরণ করতে গিয়ে যদি (বর্তমান যামানায়) সশস্ত্র জিহাদ না করা হয়, তাহলে কেন 'পরিপূর্ণ' হকের উপর থাকা হবে না?.........

দুঃখজনক হলেও সত্য, এইখানে এসেই আমরা অভিশপ্ত শয়তানের ধোঁকায় পড়ে যাই। বিষয়টি যতটুকু জটিল মনে হচ্ছে, আসলে এতটা জটিল নয়। একটু গভীরভাবে চিন্তা করলেই বুঝে আসবে, ইনশাআল্লাহ।

এক্ষেত্রে এসে আমরা অনেকে ভুলে যাই, শরীয়তের কিছু কিছু হুকুম পরিস্থিতির ভিন্নতার কারণে পরিবর্তনশীল। যেমন: কখনো কখনো কোনো একটি হুকুম ফরযে কিফায়া, আবার একই হুকুম বিশেষ কোনো পরিস্থিতিতে কখনো কখনো ফরযে আইন হয়ে যায়। সাহাবাদের যামানা আর তাবেয়ী/তাবে-তাবেয়ীদের যামানার পরিস্থিতি এক রকম ছিল না, আবার তাবেয়ী/তাবে-তাবেয়ীদের যামানার সাথে বর্তমান যামানার পরিস্থিতির মিল নেই। বরং সাহাবায়ে কেরামের সময়ের সাথে বর্তমান যামানার যথেষ্ট মিল রয়েছে। নবুয়ওতের যামানায় যেমন পরিবেশ ইসলামের প্রতিকূল ছিল, বর্তমান যামানায়ও তেমনি প্রতিকূল পরিবেশ বিদ্যমান। অন্যদিকে তাবেয়ী/তাবে-তাবেয়ীদের যামানা ছিল ইসলামের জন্য পুরোপুরি অনুকূল, মুসলমানদের নিরাপত্তার দিক থেকে 'স্বর্ণযুগ' বলা যেতে পারে। অধিকাংশ আইম্মায়ে কেরাম কেন জিহাদ করেননি, আর বর্তমান যামানায় কেন তাদের যিন্দেগীর বিশেষ দিকটি (জিহাদ করা বা না করা) অনুসরণ করা যাবে না, তা বুঝতে হলে নিচের কথাগুলো ভালোভাবে বুঝার চেষ্টা করি ইনশাআল্লাহ্-

১. আইম্মায়ে কেরামের যামানায় জিহাদ 'ফরযে আইন' ছিল না, 'ফরযে কিফায়া' ছিল। তখন ইসলামী খিলাফত ছিল। দেশরক্ষা এবং অমুসলিমদের অঞ্চলগুলো জয় করার জন্য উম্মতের যথেষ্ট পরিমাণ বাহিনী ও শক্তি ছিল। শাসকগোষ্ঠীও জিহাদ ছাড়া অন্য কিছু বুঝতো না। সাধারণ মুসলমানদের মাঝে জিহাদী জযবা ছিল একশতে একশ। এক ডাকে পুরো উম্মাহ্ জিহাদের এক পতাকাতলে সমবেত হয়ে যেত। পৃথিবীর বাতিল শক্তিগুলো মুসলমানদের উপর তরবারি উত্তোলন করবে তো দূরে থাক্, নিজেরাই মুসলমানদের ভয়ে দৌঁড়ের উপর ছিল। দিগ্বিজয়ী মুসলিম সেনাপতিরা তাদের ঘুম হারাম করে রেখেছিলেন। এই সকল কারণে তখন সাধারণভাবে সকল মুসলমানের উপর জিহাদ ফরযে আইন ছিল না, ফরযে কিফায়া ছিল। আর তাই জিহাদ না করার কারণে আইম্মায়ে কেরামগণ দোষী সাব্যস্ত হবেন না।

কিন্তু বর্তমানে উম্মতের পরিস্থিতি কী, তা লক্ষ্য করুন! আগেই এ বিষয়ে আলোকপাত করা হয়েছে যে, বর্তমানে জিহাদ ফরযে আইন হয়ে গিয়েছে, ফরযে কিফায়া নয়। তাই বর্তমান সময়ে উম্মতের মাঝে জিহাদ করতে সক্ষম যে কেউ জিহাদ না করলে দোষী সাব্যস্ত হবে, ফরয তরককারী হয়ে যাবে।

২. আইম্মায়ে কেরামের যামানায় ইলমের খেদমত করা জিহাদ করার চেয়েও বেশি গুরুত্বপূর্ণ ছিল।

কিভাবে?..........................

আল্লাহর রাসূল ﷺ-এর ওফাতের পর নানামুখী ফেতনা দেখা দেয়। এর মধ্যে অন্যতম প্রধান ফেতনা হলো, ইহুদী-নাসারা ও মুনাফিক কর্তৃক জাল হাদীস ও মাসআলা-মাসাইল উদ্ভাবন এবং সাধারণ মানুষের ঈমান-আকীদা নষ্ট করার ফেতনা। এরা বিভিন্ন রকমের মনগড়া জাল হাদীস বানিয়ে উম্মতকে গোমরাহ করছিল। তাই তখন সময়ের দাবী ছিল ইলমুল আকাঈদ, ইলমুল হাদীস এবং মাসআলা মাসাইল (ফিকহ) সমূহ কিতাবাকারে লিপিবদ্ধ করা। উম্মতকে ধ্বংসের মুখ থেকে বাঁচানোর জন্য বিশুদ্ধ আকীদা, সহীহ হাদীস ও বিশুদ্ধ ফিকহের ইলমকে সংরক্ষিত করার ব্যবস্থা করা। আর যারা এ কাজের উপযুক্ত ছিলেন, সে সকল ব্যক্তিদের উপর কাজটি করা অবশ্যই ফরয (ফরযে কিফায়া) ছিল। আমাদেরকে মনে রাখতে হবে, জরুরত পরিমাণ ইলম শিক্ষা করা ফরযে আইন; কিন্তু ইলমের উপর পান্ডিত্য অর্জন করা, কিতাবাদি রচনা করে ইলমের সংরক্ষণ করা ইত্যাদি ফরযে কিফায়া। যারা এই কাজ আঞ্জাম দেয়ার মত যোগ্যতা রাখেন তাদের উপর তা ফরযে কিফায়া। আইম্মায়ে কেরাম যদি তখন ইলমের খেদমত (যা তখন তাদের উপর ফরযে কিফায়া ছিল, তা) বাদ দিয়ে জিহাদের (এটিও তখন তাদের উপর ফরযে কিফায়া ছিল, তার) মেহনত করতেন তাহলে উম্মত লাভবান হওয়ার পরিবর্তে ক্ষতিগ্রস্ত হতো বেশি। এবং তাঁরা (যোগ্যতা থাকা সত্ত্বেও ইলমের সংরক্ষণ না করার দায়ে) একটি গুরুত্বপূর্ণ ফরয তরকের গুনাহে দোষী হতেন। তাঁদের আজীবন সাধনার প্রেক্ষিতে কুরআন হাদীসের বিশুদ্ধ ইলম সংরক্ষিত হয়েছে, আলহামদুলিল্লাহ্, যা বর্তমান পর্যন্ত বিদ্যমান আছে এবং কিয়ামত পর্যন্ত বিদ্যমান থাকবে ইনশাআল্লাহ। যেহেতু বর্তমানেও ইলমের খেদমত করা ফরযে কিফায়া, অপরদিকে জিহাদ ফরযে আইন, তাই বর্তমানে আমরা যদি কেবল মসজিদ, মাদরাসা, মারকাজ আর খানকার খেদমত কিংবা অন্যান্য মেহনত নিয়ে সন্তুষ্ট হয়ে বসে থাকি, তাহলে আমাদের অবশ্যই ফরয তরক করার গুনাহ হবে। তাই, যে ভাই যেই মেহনতই করি না কেন, আমাদেরকে অবশ্যই পাশাপাশি জিহাদের ব্যাপারে চিন্তা ফিকির ও সক্রিয়ভাবে জিহাদ ফী সাবীলিল্লাহর মেহনতে অংশগ্রহণ করতে হবে, ইনশাআল্লাহ।

৩. দ্বীনের মধ্যে যত প্রকারের মেহনত ও রক্ষাপ্রাচীর আছে তার মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ চারটি, যথা: ইলম, তাযকিয়া, দাওয়াত ও জিহাদ। এর কোনো একদিকে দূর্বলতা থাকলে বাতিল সেদিক দিয়েই উম্মতকে আক্রমণ করবে। অর্থাৎ একথা থেকে বুঝা যায়, বাতিল যদি কোনো একদিকে আক্রমণ করে, বুঝতে হবে ঐ দিকটি উম্মতের দূর্বল হয়ে গেছে। তখন সেদিকটিকে শক্তিশালী করা উম্মতের উপর ফরয। আইম্মায়ে কেরামের সময় যেহেতু বাতিলের আক্রমণ ইলমী ময়দানে বেশি ছিল (অন্যদিকে জিহাদের ক্ষেত্রে উম্মত তখন যথেষ্ট শক্তিশালী ছিল), তাই তখন সেটিকে সুরক্ষিত করা জিহাদ করার চেয়েও গুরুত্বপূর্ণ ছিল। আলহামদুলিল্লাহ তাঁরা সেটি যথাযথভাবে পালন করেছেন। কিন্তু বর্তমানে উম্মত জিহাদের ক্ষেত্রে অধিকতর দুর্বল হয়ে যাওয়ায় সবদিক থেকে বাতিলের আক্রমণ ও আগ্রাসনের শিকার হচ্ছে, তাই বর্তমানে জিহাদ করা সক্ষম সকলের উপর ফরযে আইন। তাই বর্তমান সময়ে ইলমী খেদমত বা অন্যান্য মেহনতের পাশাপাশি (জিহাদের প্রয়োজনে সেগুলো বাদ দিয়ে হলেও) অবশ্যই জিহাদ করতে হবে, ইনশাআল্লাহ।

৪. যদিও আইম্মায়ে কেরামের সকলেই সরাসরি সশস্ত্র জিহাদ করেননি, কিন্তু তাঁরা কেউই কখনো বাতিলের সাথে আপোস করেননি। কোনো কুফরকে 'হেকমত' রূপে গ্রহণ করেননি। শাসকগোষ্ঠীর আনুগত্য করেননি। হীন স্বার্থসিদ্ধি কিংবা খারাপ উদ্দেশ্য নিয়ে তাদের দরবারে গমন করেননি। নগন্য দুনিয়াবী স্বার্থের কারণে তাঁদের ঈমান বিক্রি করেননি। বরং শাসকদেরকে সৎকাজে আদেশ এবং অসৎকাজে নিষেধ করেছেন (হাদীসের ভাষ্য অনুযায়ী যা সবচেয়ে বড় জিহাদ)। আর এ কাজ করতে গিয়ে, বাতিল/তাগুত/গোমরাহ/পথভ্রষ্ট শাসকবর্গের সামনে হক ও সত্য কথা বলার অপরাধে তাদের অনেককেই কারাবরণ করতে হয়েছে; নিষ্ঠুর-নির্মম নির্যাতনের শিকার হতে হয়েছে। কিন্তু দুঃখের বিষয় হচ্ছে, বর্তমান যামানায় আমাদের অনেকেই তাগুতের গোলামী করে ও আইম্মায়ে কেরামের উল্টোপথে চলেও দাবী করছি যে, আমরা আইম্মায়ে কেরামের অনুসারী।

৫. সেই যামানার আইম্মায়ে কেরাম যদি বর্তমান সময়ে জন্মগ্রহণ করতেন, অবশ্যই তাঁরা কেবল "ইমামুল ফিকহ" হতেন না, "ইমামুল জিহাদ"ও হতেন, হতেন "মুজাহিদ ফী সাবীলিল্লাহ"ও। কেননা তাঁরা আমলের গুরুত্ব বুঝতেন, আমলের প্রয়োজনীয়তা বুঝতেন, ফরযে আইন অবস্থায় জিহাদ পরিত্যাগের ক্ষতি ও শাস্তির কথা তাঁরা উপলব্ধি করতেন। উম্মতের মাঝে জিহাদকে পুনর্জীবিত করতে, উম্মাহর উপর উত্তোলিত বাতিলের তরবারিগুলো ভেঙে ফেলতে মেহনত করতেন, সেজন্য কলম ধরতেন, সেজন্য লড়াই করে নিজের বুকের তাজা রক্ত ঢেলে দিতেন।

৬. আইম্মায়ে কেরাম সাহাবায়ে কেরামের অনুসারী ছিলেন। কেননা সাহাবায়ে কেরামের যিন্দেগীতে বিভিন্ন পরিস্থিতিতে জিহাদের দুইটি অবস্থাই ছিল। কখনো জিহাদ ফরযে আইন হতো তখন সকলকেই তাতে জুড়তে হতো, কেবল মুনাফিক ও অক্ষম ছাড়া আর কেউ তা থেকে পিছনে পড়তো না। আবার কখনো জিহাদ ফরযে কিফায়া হতো, তখন সবাই তাতে অংশগ্রহণ করতেন না।

আচ্ছা ভাই বলুনতো, ইসলামের প্রথম যুদ্ধ কী?.......... বদরের যুদ্ধ।

এটি আক্রমণাত্মক নাকি আত্মরক্ষামূলক?..........আক্রমণাত্মক বা ইকদামী (Offensive)। কেননা, আল্লাহর রাসূল ﷺ তৎকালীন মক্কার অন্যতম কাফের সরদার আবু সুফিয়ানের (তখনও তিনি মুসলমান হননি) বাণিজ্য কাফেলা আক্রমণ করতে বের হলেন। এই বাণিজ্য কাফেলাকে রক্ষা করার জন্য মক্কা থেকে বাহিনী আসলে বদর প্রান্তরে তারা মুসলমানদের মুখোমুখি হয়। যেহেতু এতে মুসলমানরা আক্রান্ত হয়নি, বরং মুসলমানরাই আগে বেড়ে আক্রমণ করতে গিয়েছে, তাই এটি ছিল আক্রমণাত্মক/ইকদামী (Offensive) জিহাদ।

এটি কি ফরযে আইন ছিলো, নাকি ফরযে কিফায়া?..........ফরযে কিফায়া। যেহেতু আক্রমণাত্মক তাই এটি ফরযে কিফায়া। এ কারণেই আল্লাহর রাসূল ﷺ মদীনার সকল সাহাবীদের সাথে করে নিয়ে বের হননি। মদীনায় তখন হাজারের উপর পুরুষ সাহাবী ছিলেন, এর মধ্য থেকে মাত্র ৩১৩ জন বা কিছু কম বা বেশি সংখ্যক সাহাবীকে নিয়ে 'আক্রমণাত্মক' এই অভিযানে বের হন। অর্থাৎ যুদ্ধটি ছিল ফরযে কিফায়া। এছাড়াও মূতা, মক্কা বিজয়, খাইবার অভিযান ইত্যাদি আক্রমণাত্মক যুদ্ধ ছিল। এবার আসুন বাকি যুদ্ধগুলো, যেমন: ওহুদ, খন্দক, তাবুক ইত্যাদি এগুলো ছিল প্রতিরক্ষামূলক/দেফায়ী (Defensive) যুদ্ধ। এই যুদ্ধগুলোতে মুসলমানদের উপর কুফ্ফাররা আগে বেড়ে আক্রমণ চালায়, যার ফলে 'নফীরে আম' এর পরিস্থিতি সৃষ্টি হয়। ফলে সকলের অংশগ্রহণ বাধ্যতামূলক (ফরযে আইন) ছিল। অন্যদিকে, আমাদের আইম্মায়ে কেরামের যামানায় যেহেতু জিহাদ ফরযে কিফায়া ছিল, আর তাঁদের সকলের জিহাদ করার প্রয়োজনও ছিল না, বরং তাঁরা ইলমের হিফাযতের জন্য ফরয (ফরযে কিফায়া) খিদমত আঞ্জাম দিচ্ছিলেন,

তাই তাঁরাও মূলত সাহাবায়ে কেরামের আদর্শের উপরই ছিলেন, কেননা, ফরযে কিফায়া যুদ্ধগুলোতে সকল সাহাবী যোগ দিতেন না।

প্রিয় ভাই! ভালো করে বুঝে নেই, মুসলিম উম্মাহর জন্য বর্তমান বিশ্বের প্রেক্ষাপট হলো ওহুদ, খন্দক কিংবা ত্ববুকের যুদ্ধের ন্যায়, আর এই যুদ্ধগুলোতে সকল মুসলমানদের অংশগ্রহণ করা বাধ্যতামূলক ছিল। খন্দকের জিহাদের কাজ করতে গিয়ে স্বয়ং আল্লাহর রাসূলের ﷺ চার ওয়াক্ত নামায কাযা হয়ে যায়, এ থেকেই প্রতিরক্ষামূলক/দেফায়ী জিহাদের গুরুত্ব বুঝে আসে। কেবল মুনাফিক ও অক্ষম ছাড়া এই যুদ্ধগুলোতে সকল সাহাবায়ে কেরাম অংশগ্রহণ করেছিলেন। আর মুনাফেক সবর্প্রথম চিহ্নিতই হয় ইসলামের দ্বিতীয় যুদ্ধ- ওহুদের যুদ্ধের সময়। তাই আমরা যারা ফরযে আইন জিহাদ ত্যাগ করে ঘরে বসে আছি, জিহাদের ব্যাপারে কোনো চিন্তা ফিকির করছি না, সক্রিয়ভাবে জিহাদী মেহনতে জুড়ছি না, আমাদের "মুনাফেকী"র ব্যাপারে খুব ভয় করা দরকার। আল্লাহ তা'আলা আমাদেরকে নেফাক থেকে হেফাযত করুন। আমীন।

তাই আমরা যারা বলছি, "আইম্মায়ে কেরাম জিহাদ করেননি, তাই আমরাও জিহাদ করবো না।" তাদেরকে বলি-

* তাদের মাঝে কেউ কেউ যারা জিহাদ করেননি, তাঁরা দ্বীন বুঝেই জিহাদ করেননি, আর আমরা দ্বীন না বুঝার কারণে জিহাদ ত্যাগ করেছি।
* তাঁরা আল্লাহ তা'আলার কাছে জিহাদ তরককারীদের অর্ন্তভূক্ত ছিলেন না, কিন্তু আমাদের ব্যাপারে ভয় আছে।
* তাঁরা 'ফরযে আইন তরককারী' ছিলেন না, কিন্তু জিহাদ না করার কারণে আমরা তা হয়ে যাচ্ছি।
* তাঁরা জিহাদের গুরুত্ব বুঝেছিলেন, 'জিহাদ ফরযে আইন' না হওয়াতে তাঁরা অনেকে হয়তো তখন সশস্ত্র জিহাদ করেননি। অন্যদিকে, আমরা হয়তো জিহাদের গুরুত্ব বুঝছি না, এজন্য 'জিহাদ ফরযে আইন' হওয়া সত্ত্বেও জিহাদ করছি না; নতুবা, আমরা হয়তো জিহাদের গুরুত্ব বুঝেছি, কিন্তু 'ওয়াহানে' আক্রান্ত হওয়াতে জিহাদ করছি না।
* আইম্মায়ে কেরামের যামানায় মুসলিম জাহানে পরিপূর্ণ শান্তি ও নিরাপত্তা ছিল, কিন্তু ইলমী জগতে ছিল নানামুখী ফিতনা- এই কারণে জিহাদের উপর ইলমী খেদমতকে বেশি গুরুত্ব দেয়া ছিল তখন সময়ের দাবী। কিন্তু বর্তমানে পরিস্থিতি সম্পূর্ণ বিপরীত। বর্তমানে জিহাদ করা ফরযে আইন আর ইলমী খিদমত করা ফরযে কিফায়া। তাই আমরা একই কাজ করে অর্থাৎ জিহাদের উপর ইলমের মেহনতকে বেশি গুরুত্ব দিয়ে 'সময়ের ও অবস্থার নাজুকতার বিচারে' আইম্মায়ে কেরামের উল্টো পথে হাঁটছি। কেননা বর্তমানে আইম্মায়ে কেরাম উপস্থিত থাকলে অবশ্যই তারা জিহাদী মেহনত করতেন।
* তাঁরা জিহাদ না করার কারণে তাঁদের ব্যাপারে মুনাফেকীর ভয় ছিল না, তাঁদের যামানায় সেই পরীক্ষা আসেনি (অর্থাৎ তাঁদের উপর জিহাদ ফরযে আইন ছিল না); কিন্তু বর্তমানে সমস্ত উম্মতের উপর সেই পরীক্ষা চলছে, যা এসেছিল সাহাবাদের জামাতের উপর।

সুতরাং ভাই, সাবধান!..............

• আমরা (আলেমরা) সশস্ত্র জিহাদ করি না; তার কারণ...

দ্বিতীয় কারণ:

প্রিয় নবী ﷺ ইরশাদ করেন,

وَإِنَّ فَضْلَ الْعَالِمِ عَلَى الْعَابِدِ كَفَضْلِ الْقَمَرِ عَلَى سَائِرِ الْكَوَاكِبِ إِنَّ الْعُلَمَاءَ هُمْ وَرَثَةُ الأَنْبِيَاءِ إِنَّ الأَنْبِيَاءَ لَمْ يُوَرِّثُوا دِينَارًا وَلاَ دِرْهَمًا إِنَّمَا وَرَّثُوا الْعِلْمَ فَمَنْ أَخَذَهُ أَخَذَ بِحَظٍّ وَافِرٍ

“নিশ্চয় ইবাদতকারীর উপর আলিমের মর্যাদা তারকারাজির উপর চাঁদের মর্যাদার সমতুল্য। আলিমগণ নবীগণের ওয়ারিস্। আর নবীগণ দীনার ও দিরহাম (টাকা-পয়সা) ওয়ারিসী স্বত্ব হিসেবে রেখে যাননি, বরং তারা ওয়ারিসী স্বত্বরূপে রেখে গেছেন ইলম (জ্ঞান)। যে ব্যক্তি তা গ্রহণ করলো সে যেন একটি পূর্ণ অংশ লাভ করলো।” (সুনানে ইবনে মাজাহ-২২৩)

রাসূলুল্লাহ্ ﷺ আরো ইরশাদ করেন:

فَضْلُ الْعَالِمِ عَلَى الْعَابِدِ كَفَضْلِيْ عَلَى أَدْنٰى رَجُلٍ مِّنْ أَصْحَابِيْ

“একজন আলেমের শ্রেষ্ঠত্ব এবাদতকারীর উপর এমনি, যেমন আমার শ্রেষ্ঠত্ব সাহাবীদের উপর।”

(সহীহ, জামে’ আত্ তিরমিজি-২৬৮৫, মিশকাতুল মাসাবিহ-২১৩)

লক্ষণীয় বিষয় হলো, এ হাদীস দ্বারা রাসূলুল্লাহ্ ﷺ এলেমকে কিভাবে নবুয়তের স্তরে রেখেছেন এবং এলেমহীন স্তরের মর্তবা কেমন করে ছোট করে দিয়েছেন। এই ইলম ছাড়া এবাদত হবে না। (এহইয়াউ উলূমিদ্দীন, খণ্ড ১, পৃ. ১৮)

আল্লামা ইমাম ইবনুল বার (رحمة الله) তার প্রসিদ্ধ হাদিস গ্রন্থ جامع بيان العلوم و فضله- গ্রন্থের ১/৩১ পৃষ্ঠায় হযরত আবু হুরায়রা (رضي الله عنه) হতে শহীদের উপরে আলেমের মর্যাদা প্রসঙ্গে একটি হাদিস বর্ণনা করেন। যেমন-

للانبياء على العلماء فضل درجتين و للعلماء على الشهداء فضل درجة

“নবীদের আলেমদের উপর দুই স্তর বেশি মর্যাদা রয়েছে । আর আলেমদের শহীদদের উপর একস্তর মর্যাদা রয়েছে ।”

হযরত ইমাম গায্যালী রাহিমাহুল্লাহ বলেন, “এ হাদীস দ্বারা ইলমের এমন মাহাত্ম্য প্রমাণিত হয় যে, ইলমের স্থান নবুওয়তের পরে এবং শাহাদাতের পূর্বে। অথচ শাহাদাতের শ্রেষ্ঠত্ব সম্পর্কে অসংখ্য হাদীস বর্ণিত আছে।” (এহইয়াউ উলূমিদ্দীন, খণ্ড ১, পৃ. ১৮)

যে ফজিলত গুলো বিভিন্ন আয়াত/(নির্ভরযোগ্য) হাদীসে বলা হয়েছে, সে অনুযায়ী বুঝে আসে, “কিয়ামতের দিন নবীদের পর আলেমদের মর্যাদা হবে আর আলেমদের পর হবে শহীদ বা মুজাহিদদের মর্যাদা।” এককথায়, উম্মতের মধ্যে সবচেয়ে বেশি মর্যাদাবান উলামায়ে কেরাম, এমনকি মুজাহিদ এবং শহীদদের থেকেও।

হাদীসগুলোর ভাবার্থ:

আর যখন আল্লাহ দু'টি দলের একটির ব্যাপারে তোমাদের সাথে ওয়াদা করেছিলেন যে, সেটি তোমাদের হস্তগত হবে, আর তোমরা কামনা করছিলে যাতে কোন রকম কন্টক নেই (অর্থাৎ যাতে কোনো রক্তপাত নেই), তাই তোমাদের ভাগে আসুক; অথচ আল্লাহ চাইতেন সত্যকে স্বীয় কালামের মাধ্যমে সত্যে পরিণত করতে এবং (জিহাদ/ক্বিতাল/রক্তপাতের মাধ্যমে) কাফেরদের মূল কর্তন করে দিতে। যাতে করে সত্যকে সত্য এবং মিথ্যাকে মিথ্যা প্রতিপন্ন করে দেন, যদিও পাপীরা অসন্তুষ্ট হয়। [সুরা আনফাল - ৮:৭, ৮:৮]

فَإِذَا لَقِيتُمُ الَّذِينَ كَفَرُوا فَضَرْبَ الرِّقَابِ حَتَّىٰ إِذَا أَثْخَنتُمُوهُمْ فَشُدُّوا الْوَثَاقَ فَإِمَّا مَنًّا بَعْدُ وَإِمَّا فِدَاءً حَتَّىٰ تَضَعَ الْحَرْبُ أَوْزَارَهَا ۚ ذَٰلِكَ وَلَوْ يَشَاءُ اللَّهُ لَانتَصَرَ مِنْهُمْ وَلَٰكِن لِّيَبْلُوَ بَعْضَكُم بِبَعْضٍ ۗ وَالَّذِينَ قُتِلُوا فِي سَبِيلِ اللَّهِ فَلَن يُضِلَّ أَعْمَالَهُمْ

"অতঃপর যখন তোমরা কাফেরদের সাথে যুদ্ধে অবতীর্ণ হও, তখন তাদের গর্দানে আঘাত কর, অবশেষে যখন তাদেরকে পূর্ণরূপে পরাভূত কর তখন তাদেরকে শক্ত করে বেধে ফেল। অতঃপর হয় তাদের প্রতি অনুগ্রহ কর, না হয় তাদের নিকট হতে মুক্তিপণ লও। তোমরা যুদ্ধ চালিয়ে যাবে যে পর্যন্ত না শত্রুপক্ষ অস্ত্র সমর্পণ করবে! একথা শুনলে। আল্লাহ ইচ্ছা করলে তাদের কাছ থেকে প্রতিশোধ নিতে পারতেন। কিন্তু তিনি তোমাদের কতককে কতকের দ্বারা পরীক্ষা করতে চান। যারা আল্লাহর পথে শহীদ হয়, আল্লাহ কখনই তাদের কর্ম বিনষ্ট করবেন না।" (সূরা মুহাম্মাদ ৪৭:০৪)

فَإِذَا انسَلَخَ الأَشْهُرُ الْحُرُمُ فَاقْتُلُواْ الْمُشْرِكِينَ حَيْثُ وَجَدتُّمُوهُمْ وَخُذُوهُمْ وَاحْصُرُوهُمْ وَاقْعُدُواْ لَهُمْ كُلَّ مَرْصَدٍ فَإِن تَابُواْ وَأَقَامُواْ الصَّلاَةَ وَآتَوُاْ الزَّكَاةَ فَخَلُّواْ سَبِيلَهُمْ إِنَّ اللّهَ غَفُورٌ رَّحِيمٌ

অতঃপর নিষিদ্ধ মাস অতিবাহিত হলে মুশরিকদের হত্যা কর যেখানে তাদের পাও, তাদের বন্দী কর এবং অবরোধ কর। আর প্রত্যেক ঘাঁটিতে তাদের সন্ধানে ওঁৎ পেতে বসে থাক। কিন্তু যদি তারা তওবা করে, নামায কায়েম করে, যাকাত আদায় করে, তবে তাদের পথ ছেড়ে দাও। নিশ্চয় আল্লাহ অতি ক্ষমাশীল, পরম দয়ালু। [সুরা তাওবা - ৯:৫]

فَإِمَّا تَثْقَفَنَّهُمْ فِي الْحَرْبِ فَشَرِّدْ بِهِم مَّنْ خَلْفَهُمْ لَعَلَّهُمْ يَذَّكَّرُونَ

"সুতরাং যদি কখনো তুমি তাদেরকে যুদ্ধে পেয়ে যাও, তবে তাদের এমন শাস্তি দাও, যেন তাদের উত্তরসূরিরা তাই দেখে পালিয়ে যায়; তাদেরও যেন শিক্ষা হয়"। (সূরা আল-আনফাল ০৮:৫৭)

أَمْ حَسِبْتُمْ أَن تُتْرَكُواْ وَلَمَّا يَعْلَمِ اللّهُ الَّذِينَ جَاهَدُواْ مِنكُمْ وَلَمْ يَتَّخِذُواْ مِن دُونِ اللّهِ وَلاَ رَسُولِهِ وَلاَ الْمُؤْمِنِينَ وَلِيجَةً وَاللّهُ خَبِيرٌ بِمَا تَعْمَلُونَ

তোমরা কি মনে কর যে, তোমাদের ছেড়ে দেয়া হবে এমনি, যতক্ষণ না আল্লাহ জেনে নেবেন তোমাদের কে যুদ্ধ করেছে এবং কে আল্লাহ, তাঁর রসূল ও মুসলমানদের ব্যতীত অন্য কাউকে অন্তরঙ্গ বন্ধুরূপে গ্রহণ করা থেকে বিরত রয়েছে। আর তোমরা যা কর সে বিষয়ে আল্লাহ সবিশেষ অবহিত। [সুরা তাওবা - ৯:১৬]

إِنْ أَحْسَنتُمْ أَحْسَنتُمْ لِأَنفُسِكُمْ وَإِنْ أَسَأْتُمْ فَلَهَا فَإِذَا جَاء وَعْدُ الآخِرَةِ لِيَسُوؤُواْ وُجُوهَكُمْ وَلِيَدْخُلُواْ الْمَسْجِدَ كَمَا دَخَلُوهُ أَوَّلَ مَرَّةٍ وَلِيُتَبِّرُواْ مَا عَلَوْاْ تَتْبِيرًا

(ওহে বনি ইসরাঈল!) তোমরা যদি ভাল কর, তবে নিজেদেরই ভাল করবে এবং যদি মন্দ কর তবে তাও নিজেদের জন্যেই। এরপর যখন দ্বিতীয় সে সময়টি এল, তখন অন্য বান্দাদেরকে প্রেরণ করলাম, যাতে তোমাদের মুখমন্ডল বিকৃত করে দেয়, আর মসজিদে ঢুকে পড়ে যেমন প্রথমবার ঢুকেছিল এবং যেখানেই জয়ী হয়, সেখানেই পুরোপুরি ধ্বংসযজ্ঞ চালায়। [সুরা বনী-ইসরাঈল - ১৭:৭]

الَّذِينَ آمَنُواْ وَهَاجَرُواْ وَجَاهَدُواْ فِي سَبِيلِ اللّهِ بِأَمْوَالِهِمْ وَأَنفُسِهِمْ أَعْظَمُ دَرَجَةً عِندَ اللّهِ وَأُوْلَئِكَ هُمُ الْفَائِزُونَ

যারা ঈমান এনেছে, দেশ ত্যাগ করেছে এবং আল্লাহর রাহে নিজেদের জান ও মাল দিয়ে জেহাদ করেছে, তাদের বড় মর্যাদা রয়েছে আল্লাহর কাছে আর তারাই সফলকাম। [সুরা তাওবা - ৯:২০]

يُبَشِّرُهُمْ رَبُّهُم بِرَحْمَةٍ مِّنْهُ وَرِضْوَانٍ وَجَنَّاتٍ لَّهُمْ فِيهَا نَعِيمٌ مُّقِيمٌ

তাদের সুসংবাদ দিচ্ছেন তাদের পরওয়ারদেগার স্বীয় দয়া ও সন্তোষের এবং জান্নাতের, সেখানে আছে তাদের জন্য স্থায়ী শান্তি। [সুরা তাওবা - ৯:২১]

....................ইত্যাদি।

এরকম শত শত আয়াত রয়েছে কুরআন কারীমে যেগুলো পাঠ করলে সুস্পষ্টরূপে বুঝে আসে যে, আল্লাহ সুবহানাহু ওয়া তা‘আলা জিহাদ করাকে (দ্বীনের প্রয়োজনে যুদ্ধ করা ও রক্তপাত ঘটানোকে) কতটুকু ভালোবাসেন, যারা জিহাদ করে তাদেরকে তিনি কতটুকু ভালোবাসেন, পরকালে তাদেরকে তিনি কত বেশি পুরস্কৃত করবেন! সুবহানাল্লাহ।

- প্রিয় ভাই! ইসলামের ইতিহাসের দিকে তাকিয়ে দেখি! দ্বীন ইসলামকে পৃথিবীর বুকে প্রতিষ্ঠিত করতে কী পরিমাণ রক্তপাত ঘটানো হয়েছে! ইসলামের প্রাথমিক যুগের (নবুওয়তের যামানা ও খোলাফায়ে রাশেদার যামানার) কিছু যুদ্ধের পরিসংখ্যান পর্যালোচনা করলেই বিষয়টি আমাদের সামনে সুস্পষ্ট হয়ে যাবে, ইনশাআল্লাহ। নিচের পরিসংখ্যানটি লক্ষ্য করি-

নবুয়তের যামানায় সংগঠিত হওয়া যুদ্ধ সমূহের পরিসংখ্যান			
সাল	যুদ্ধের নাম	কাফেরদের সৈন্যসংখ্যা	নিহত কাফেরের সংখ্যা
রমজান, ২য় হিজরি	বদর যুদ্ধ	৯৫০	৭০
শাওয়াল, ৩য় হিজরি	উহুদ যুদ্ধ	৩০০০	২২
	বনু কুরায়যার যুদ্ধ	-	৬০০-৭০০
মুহাররাম, ৭ম হিজরি	খায়বার যুদ্ধ		৯৩
জমাদিউল আউয়াল, ৮ম হিজরি	মূতার যুদ্ধ	২,০০,০০০	অগণিত
	হুনাইনের যুদ্ধ		৭০

হযরত আবু বকর রাদি. এর খিলাফতের সময় সংগঠিত যুদ্ধসমূহ			
সাল	যুদ্ধের নাম	কাফেরদের সৈন্যসংখ্যা	নিহত কাফেরের সংখ্যা
মুহাররাম, দ্বাদশ হিজরি	শিকলের যুদ্ধ	-	অসংখ্য
সফর, দ্বাদশ হিজরি	মাযারের যুদ্ধ		৩০,০০০
সফর, দ্বাদশ হিজরি	ওয়ালাজার যুদ্ধ		অসংখ্য
সফর, দ্বাদশ হিজরি	উল্লায়শ বা আমগিশিয়ার যুদ্ধ		৭০,০০০
জিলহজ্জ, দ্বাদশ হিজরী	ফিরাযের যুদ্ধ		অসংখ্য
	আযনাদাইন	১,০০,০০০	অসংখ্য

প্রিয় ভাই! ইসলামী ইতিহাসের পরবর্তী যুদ্ধগুলো ছিল আরো ভয়াবহ ও রক্তক্ষয়ী, যা কুফ্ফারদের জন্য ছিল অভিশাপস্বরূপ! “হযরত উমর ফারুক রাদি. অর্ধ পৃথিবী শাসন করেছিলেন”- এই কথাটি আমরা প্রবাদবাক্যের মত এক নিঃশ্বাসে বলে থাকি। কিন্তু আমরা কি জানি, এই অর্ধ জাহান জয় করতে কী পরিমাণ রক্তপাত ঘটানো হয়েছিল? কী পরিমাণ কাফেরকে হত্যা করা হয়েছিল?? প্রিয় নবীজীর ﷺ ওফাতের পরবর্তী বিশ বছরে অর্ধজাহান জয় করা

হয়েছে; আর এই অর্ধজাহান জয় করতে যুদ্ধের ময়দানে কত লক্ষ কাফেরকে হত্যা করা হয়েছে তার সঠিক হিসাব ঐতিহাসিকগণও সঠিকভাবে নির্ণয় করতে ব্যর্থ হয়েছেন।

ইসলামের দ্বিতীয় খলিফা হযরত উমর রাদি. এর সময়ের কিছু যুদ্ধের পরিসংখ্যান লক্ষ্য করুন-

হযরত উমর ফারুক রাদি. এর খিলাফতের সময় সংগঠিত যুদ্ধসমূহ			
সাল	যুদ্ধের নাম	কাফেরদের সৈন্যসংখ্যা	নিহত কাফেরের সংখ্যা
শাবান, ত্রয়োদশ হিজরি	ফিহল	৮০,০০০	প্রায় সকল কাফেরকেই হত্যা করা হয়
রজব, পঞ্চদশ হিজরি	ইয়ারমুকের যুদ্ধ	২,৪০,০০০ মতান্তরে ৪,০০,০০০	৭০,০০০ মতান্তরে ১,২০,০০০
শাবান, ত্রয়োদশ হিজরি	সেঁতুর যুদ্ধ	-	৬,০০০
রমজান, ত্রয়োদশ হিজরি	বুআইবের যুদ্ধ	১,৫০,০০০	এই যুদ্ধেও প্রায় সকল কাফেরকেই হত্যা করা হয়
১৩-১৫ শাবান, পঞ্চদশ হিজরী	কাদেসিয়ার যুদ্ধ	৩০,০০০	গণনাতীত

- প্রিয় ভাই! 'রক্তের নদী' কথাটি সাহিত্যে বা প্রবাদে পাওয়া গেলেও বাস্তবে পৃথিবীর ইতিহাসে এমনটি পাওয়া যায় না, একমাত্র ইসলামের ইতিহাস এর ব্যতিক্রম। **উল্লায়শ (বা আমগিশায়া)-এর যুদ্ধে (সফর, দ্বাদশ হিজরি)** 'সাইফুল্লাহ' তথা আল্লাহর তরবারি হিসেবে খ্যাত মুসলিম সেনাপতি হযরত খালিদ বিন ওয়ালিদ রাদি. আল্লাহর কাছে দোয়া করেন- "হে আল্লাহ্! আমাদের সাহায্য করা আপনার ইখতিয়ার। আপনি যদি শত্রুবাহিনীকে আমাদের কর্তৃত্বে এনে দেন, তাহলে তাদের সকলকে নিশ্চিহ্ন করব; এমনকি তাদের রক্তে নদী প্রবাহিত করব।" (তাবারী ২য় খণ্ড, পৃ. ২৬০; আরো বিস্তারিত পড়ুন- হযরত খালিদ বিন ওয়ালিদ রাদি. এর জীবনী "আল্লাহর তলোয়ার"- মেজর জেনারেল এ আই আকরাম, লিংক- https://archive.org/details/KhalidbinwalidRa)

এমন দুআ করার কারণ ছিল, এই কুফ্ফার বাহিনী ইসলামের অগ্রসরের পথে কাঁটা হয়ে দাঁড়িয়েছিল, এরা এক যুদ্ধে পরাজিত হয়ে পরবর্তী যুদ্ধে আরো শক্তি সঞ্চার করে মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হচ্ছিল। তাই হযরত খালিদ বিন ওয়ালিদ রাদি. এদের ব্যাপারে সিদ্ধান্তমূলক আচরণের (সকলকে হত্যার) সিদ্ধান্ত গ্রহণ করেন।

আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলার অশেষ অনুগ্রহে মুসলমানরা পারসিক বাহিনীকে পরাজিত করে। হযরত খালিদ রাদি. ঘোষণা দেন- শত্রুদেরকে হত্যা করো না, জীবিত আটক করো। কেবল তাকেই হত্যা করো যে বাধা প্রদান করে।

সেনাপতির নির্দেশে মুসলমানরা পারসিক সৈন্যদেরকে আটক করে। এরপর হযরত খালিদ রাদি. এদেরকে হত্যার নির্দেশ দেন।

প্রিয় ভাই! দৃশ্যটি একটু কল্পনা করুন। দ্বীনের স্বার্থে সাহাবায়ে কেরাম কুফ্ফারদের প্রতি কেমন কঠোর ও নির্দয় ছিলেন!!! দুনিয়ার জীবনে এটিই তাদের আসল প্রাপ্তি, আর পরকালের আযাব তো আরো কঠিন! পারসিক বাহিনীর সত্তর হাজার বন্দীকে নদীর তীরে দাঁড় করিয়ে এমনভাবে হত্যা করা হয় যে, তরবারির আঘাতে মস্তক বিচ্ছিন্ন হয়ে পুরো শরীর নদীতে গিয়ে পড়ত। এভাবে তিনদিন ব্যাপী কুফ্ফার নিধন চলতে থাকে।

এভাবে কুফ্ফার নিধন পর্ব শেষ হলে কয়েকজন মুসলিম সামরিক অফিসার হযরত খালিদ বিন ওয়ালিদ রাদি. এর চারপাশে জমায়েত হন। হযরত কাকা রহ. খালিদ রাদি. এর দিকে তাকিয়ে বলেন, "আপনি পৃথিবীর সমস্ত লোককে হত্যা করলেও এই নদীর বুকে রক্তের স্রোত প্রবাহিত হবে না যতক্ষণ না এর উজানের বাঁধ খুলে দেয়া হয়। নদীর বুকে পানি আসতে দিন, তাহলেই আপনার প্রতিশ্রুতি রক্ষা হবে।" (প্রাগুক্ত)

হযরত খালিদ বিন ওয়ালিদ রাদি. বাধ কেটে দিতে নির্দেশ দেন, ফলে 'রক্তের নদী' প্রবাহিত হয়। এভাবে তিনি আল্লাহর সাথে কৃত ওয়াদা বাস্তবায়ন করেন।

সুবহানাল্লাহ! আর এভাবেই রক্তের নদী সাঁতরিয়ে ইসলাম তার মঞ্জিলে পৌঁছেছিল, বিজয়ী ধর্মরূপে অর্ধপৃথিবীতে প্রতিষ্ঠিত হয়েছিল। আল্লাহু আকবার! আর এই বাস্তবতাকে কোন বধির ও অন্ধ ব্যতীত অন্য কেউ অস্বীকার করতে পারে না।

مُّحَمَّدٌ رَّسُولُ اللَّهِ ۚ وَالَّذِينَ مَعَهُ أَشِدَّاءُ عَلَى الْكُفَّارِ رُحَمَاءُ بَيْنَهُمْ ۖ

"মুহাম্মাদ আল্লাহর রাসূল। তাঁর সাথে যারা আছে তারা কাফেরদের প্রতি অত্যন্ত কঠোর এবং নিজেদের মধ্যে অত্যন্ত রহম দিল।" (৪৮ সূরা ফাৎহ: ২৯)

সুতরাং প্রিয় ভাই! "ইসলাম শান্তি চায়" এই কথার অর্থ কখনোই এই নয় যে, ইসলাম কাপুরুষ ও ভীরুদের ধর্ম, ইসলাম একদল খোঁজা-নপুংসকের ধর্ম; বরং ইসলাম চিরদিনই অসীম সাহসী বীরদের ধর্ম, যারা চোখের পলকে, দ্বীনের স্বার্থে, আপন প্রতিপালকের সন্তুষ্টির জন্য নিজের জীবন দিতে সদা-সর্বদা প্রস্তুত থাকে। ইসলাম এমন ধর্ম, যে অন্য কোনো বাতিল ধর্ম ও মতবাদকে সহ্য করতে পারে না। এই মহান ধর্ম চায় জিহাদ ফী সাবীলিল্লাহর মাধ্যমে আপন শাসন প্রতিষ্ঠা করে সারা পৃথিবীতে আল্লাহর রাজত্ব কায়েম করতে, খোদায়ী শাসনব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যমে সারা দুনিয়ায় শান্তি প্রতিষ্ঠা করতে। আর এই প্রক্রিয়ায় যে বা যারাই কাঁটা হয়ে দাঁড়াবে, তাদের জবাব হবে একমাত্র এবং কেবলমাত্র তরবারি।

দাওয়াতী মেহনতের সাথীদেরকে শয়তানের ধোঁকা

• আমরাই সর্বশ্রেষ্ঠ:

আল্লাহ্ তা'আলা ইরশাদ করেন,

كُنتُمْ خَيْرَ أُمَّةٍ أُخْرِجَتْ لِلنَّاسِ تَأْمُرُونَ بِالْمَعْرُوفِ وَتَنْهَوْنَ عَنِ الْمُنكَرِ وَتُؤْمِنُونَ بِاللَّهِ

"তোমরাই হলে সর্বোত্তম উম্মত, যাদেরকে মানুষের জন্য বের করা হয়েছে। তোমরা সৎ কাজের আদেশ দিবে এবং মন্দ কাজ থেকে বারণ করবে, আর আল্লাহর প্রতি ঈমান আনবে।" (০৩ সূরা আলে ইমরান: ১১০)

আল্লাহ্ তা'আলা আরো ইরশাদ করেন,

وَمَنْ أَحْسَنُ قَوْلًا مِّمَّن دَعَا إِلَى اللَّهِ وَعَمِلَ صَالِحًا وَقَالَ إِنَّنِي مِنَ الْمُسْلِمِينَ

"আর তার কথার চেয়ে উত্তম কথা আর কার হতে পারে, যে আল্লাহর দিকে (মানুষদেরকে) দাওয়াত দেয়, নিজে সৎকর্ম করে আর বলে, নিশ্চয়ই আমি মুসলমানদের অন্তর্ভূক্ত?" (৪১ সূরা হা মিম সিজদাহ: ৩৩)

প্রিয় ভাই! আমরা যারা দাওয়াতের ময়দানে মেহনত করি, তারা অনেকে উপরের আয়াত দুটির এই তাৎপর্য এমনটি গ্রহণ করি- "দাওয়াতের মেহনত-ই সর্বশ্রেষ্ঠ মেহনত। কেননা, নবী রাসূলগণের মূল কাজই ছিল মানুষদেরকে আল্লাহর দিকে ডাকা। আর এই উম্মতকে শ্রেষ্ঠত্ব দান করা হয়েছে মানুষদেরকে আল্লাহর দিকে দাওয়াতের দায়িত্ব প্রদানের মাধ্যমে। আর আমরা দাঈ'রাই উম্মতের মধ্যে মর্যাদার দিক থেকে সর্বশ্রেষ্ঠ বা সকলের উপরে। আর যেহেতু আমরা সর্বশ্রেষ্ঠ মেহনত করছি, তাই আজীবন এই মেহনতের সাথেই লেগে থাকব। অন্য কোনো মেহনতের সাথে জুড়ব না।"

প্রিয় ভাই! নিচের কথাগুলো একটু গভীরভাবে চিন্তা করি-

আমরা যদি সর্বশ্রেষ্ঠ উম্মতের অন্তর্ভূক্ত হতে চাই, তাহলে কি আমাদেরকে শুধু দাওয়াতের মেহনত করলেই চলবে? দাওয়াতের পাশাপাশি-

.... আমাদেরকে কি নামায কায়েম করতে হবে না?

.... আমাদেরকে কি রমাযান মাসে সিয়াম পালন করতে হবে না?

.... আমাদেরকে কি হজ্জ ফরয হওয়ার পরও হজ্জ করতে হবে না?

.... আমাদেরকে কি যাকাত ফরয হওয়ার পরও যাকাত আদায় করতে হবে না?

ঠিক এমনিভাবে- জিহাদ ফরযে আইন হওয়া সত্ত্বেও আমাদেরকে কি জিহাদ করা লাগবে না? ....

নামায কায়েম না করে, সিয়াম পালন না করে, ফরয হওয়া সত্ত্বেও যাকাত আদায় না করে, বাইতুল্লায় হজ্জ না করে কেবল দাওয়াতী মেহনত করে যদি 'সর্বশ্রেষ্ঠ উম্মত' না হওয়া যায়, তাহলে প্রিয় ভাই আমার, জিহাদ ফরযে আইন হয়ে গেলে জিহাদ না করে কী করে আমরা নিজেদেরকে সর্বশ্রেষ্ঠ উম্মত দাবী করতে পারি??? ....

আর ভাই!

"নিশ্চয়ই আমি মুসলমানদের অন্তর্ভূক্ত?"-একথার অর্থ কী??

একথার অর্থ হল-

নিশ্চয়ই আমি 'আত্মসমর্পণকারীদের' অন্তর্ভূক্ত।.............

কার প্রতি আত্মসমর্পণ??..........

আল্লাহ্ পাকের প্রতি..........আল্লাহ্ তা'আলার হুকুমের প্রতি.......

আর তাই "নিশ্চয়ই আমি 'আত্মসমর্পণকারীদের' অন্তর্ভূক্ত।" একথার অর্থ হল-

"হে আল্লাহ্! আমি তোমাকে আমার রব হিসেবে মেনে নিয়েছি। আমি তোমাকে আমার হুকুমদাতা হিসেবে মেনে নিয়েছি। আমি তোমাকে একমাত্র বিধানদাতা হিসেবে গ্রহণ করেছি। তুমি আমাকে যখন যে হুকুম করবে, যখন যে বিধান দান করবে, আমি তা মাথা পেতে নিব। আমি তোমাকে আমার গর্দান দিয়ে দিয়েছি। তুমি যখন ইচ্ছা, যেখানে খুশি তাকে ব্যবহার কর। নিশ্চয়ই আমার সালাত, আমার কুরবানী, আমার হায়াত, আমার মওত- সবকিছুই তোমার জন্য নিবেদিত। তুমি যখন আমাকে নামায-রোযার হুকুম দিয়েছ, তা মেনে নিয়েছি; তুমি যখন হজ্জ-যাকাতের বিধান দিয়েছ, তাও মেনে নিয়েছি; তুমি যখন দাওয়াতের মেহনতের আদেশ দিয়েছ, তখন তাও করে যাচ্ছি; আর এখন তুমি জিহাদের হুকুম দিয়েছ, তাও আমি মাথা পেতে নিচ্ছি; আমার জান, আমার মাল, আমার পরিবার-পরিজন, আমার ক্যারিয়ার- সবকিছু তোমার জন্য কুরবানী করে দিলাম। কবুল কর হে প্রভু দয়াময়- এই গরীবের পক্ষ থেকে ক্ষুদ্র এই নজরানা! ক্ষমা কর আমায় তুমি! আর পরকালে আমাকে দাও তোমার দীদার, তোমার হাবীবের প্রতিবেশ, শহীদের সুউচ্চ জান্নাত, জান্নাতুল ফিরদাউস্! নিশ্চয়ই তুমি পরম দাতা ও দয়ালু, পরম ক্ষমাশীল।"

• আমরা একটি ফরযে আইন বিধান তরক করছি নাতো!

আমরা যে সকল ভাইয়েরা কেবল দাওয়াতের ময়দানে মেহনত করে থাকি, আমরা একটু ভেবে দেখি! আমরা ফরযে আইন ইবাদত বাদ দিয়ে অন্য কোনো নফল বা ওয়াজিব বা ফরযে কিফায়াকে বেশি গুরুত্ব দিচ্ছি নাতো? প্রিয় ভাই! বর্তমানে জিহাদ ফরযে আইন (সক্ষম সকলের উপর ফরয)। তাই অন্য কোনো ব্যাখ্যা না দিলেও এটাই তো ইসলামী শরীয়ত ও সময়ের নাজুকতার দাবী ছিল যে, যে যার অবস্থান হতে আমরা জিহাদের পতাকা উত্তোলন করবো, কিংবা জিহাদের প্রস্তুতি নিব, জিহাদের জন্য উম্মাহকে দাওয়াত দিব, যুদ্ধের জন্য উদ্বুদ্ধ করবো, যুদ্ধের মাঠ প্রস্তুত করব, ফরজে আইন মেহনত (জিহাদ)-কে ঠিক রেখে সম্ভব হলে দ্বীনের অন্যান্য ক্ষেত্রগুলোতে কাজ করে যাব, সম্ভব না হলে কেবল জিহাদের মেহনতই আজীবন করে যাব; তাইনা ভাই?

কিন্তু দুঃখজনক হলেও সত্য যে, আমরা (দা-ঈ ভাইয়েরা) সবসময় একটি আত্মতুষ্টিতে ভুগি, সেটি হলো আমরা তো 'নবীওয়ালা কাজ' নিয়েই আছি। অনেক ভাইকে একথা বলতে শুনা যায়, একাজের সাথে আজীবন লেগে থাকতে হবে। অন্য কোনো মেহনত করা যাবে না।

'আজীবন কেবল দাওয়াতী মেহনতই করে যাওয়া'র পাক্কা নিয়ত করা- এটা তো প্রিয় নবী হযরত মুহাম্মাদ ﷺ-এর আদর্শ হতে পারে না!

যখন যে পরিস্থিতি, তখন শরীয়ত আরোপিত সে দায়িত্ব পালন করা, শরীয়তের চাহিদা পুরা করা- এটাই নববী আদর্শ।

তাছাড়া, আজীবন একটি মেহনতের সাথে জুড়ে থাকার নিয়ত সাহাবায়ে কেরামও করেছিলেন, তবে সেটি অন্য কোনো মেহনত ছিল না, সেটি ছিল 'জিহাদ ফী সাবীলিল্লাহ্'র মেহনত! যেমন-

حَدَّثَنَا حَفْصُ بْنُ عُمَرَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ حُمَيْدٍ قَالَ سَمِعْتُ أَنَسًا يَقُوْلُ كَانَتْ الأَنْصَارُ يَوْمَ الْخَنْدَقِ تَقُوْلُ :

نَحْنُ الَّذِيْنَ بَايَعُوْا مُحَمَّـدَا *عَلَى الْجِهَادِ مَا حَيِيْنَا أَبَـدَا

: فَأَجَابَهُمْ النَّبِيُّ صلى الله عليه وسلم فَقَالَ

اللَّهُمَّ لَا عَيْشَ إِلَّا عَيْشُ الْآخِرَهْ *فَأَكْرِمْ الأَنْصَارَ وَالْمُهَاجِرَهْ

আনাস ইবনু মালিক (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, আনসারগণ খন্দকে যুদ্ধের দিন আবৃত্তি করছিলেনঃ

"মুহাম্মদের ﷺ হাতে করেছি শপথ জিহাদের,
পিছু হটবনা কভু পূর্বে মউতের।"

আল্লাহর রাসূল ﷺ এর উত্তর দিয়ে বললেনঃ

"হে আল্লাহ্! পরকালের সুখ হচ্ছে প্রকৃত সুখ;
তাই তুমি আনসার ও মুহাজিরদেরকে সম্মানিত কর।"

(সহিহ বুখারী, হাদিস নং ২৯৬১)

প্রিয় ভাই, আমাদেরকে ভুলে গেলে চলবে না, নবীওয়ালা কাজ তো শুধু উম্মতকে ইসলামের সীমাবদ্ধ কিছু বিধি-বিধানের দিকে দাওয়াত দেয়ার নাম নয়, মাদরাসার খেদমত তথা দ্বীন শিক্ষা করা- শিখানো, তাযকিয়া তথা আত্মশুদ্ধি করা, মানুষদেরকে আল্লাহর দিকে দাওয়াত দেয়া যেমন নবীওয়ালা কাজ, ঠিক তেমনিভাবে জিহাদের প্রয়োজনে সর্বশক্তি আর জান-মাল দিয়ে জিহাদ করাটাও নবীওয়ালা কাজ, নববী আদর্শ। তবে, আমাদেরকে চিন্তা করতে হবে, বর্তমানে কোন নবীওয়ালা কাজটা অধিক জরুরী, কোনটি ফরযে আইন! আমার মন মত মেহনত- সেটা আল্লাহ পাকের কাছে গ্রহণযোগ্য নাও হতে পারে। শরীয়তের বিধান হল, আমরা যেন ফরযে আইন বাদ দিয়ে ফরযে কিফায়া, ওয়াজিব, সুন্নত বা নফল নিয়ে ব্যস্ত না থাকি। বরং, ফরজে আইন দায়িত্ব পালন করার পর সামর্থ্য থাকলে ফরজে কিফায়া, সুন্নত, নফল আমল বা মেহনতে সময় দেয়া। তা না পারলে কমপক্ষে ফরজে আইন মেহনতই আঞ্জাম দিতে থাকা।

প্রিয় ভাই! মেহনতের ক্ষেত্রে আমাদেরকে শরীয়তের মেজাজ ও চাহিদা বুঝতে হবে। কখন আল্লাহ পাকের কী হুকুম সেটা মানার নামই 'আনুগত্য'। যখন যে পরিস্থিতি, সেই পরিস্থিতিতে আল্লাহর হুকুম মেনে চলার নামই শরীয়ত, আর এভাবে শরীয়ত মেনে চলাই প্রকৃত দ্বীন। সব সময় বা আজীবন কিংবা কোথায় শরীয়তের কোন্ হুকুম, তা লক্ষ্য না রেখে নির্দিষ্ট একটি আমল বা কাজ বা মেহনতে লেগে থাকাটা শরীয়তের মর্জির সাথে মুয়াফিক নয়। আর, যখন আল্লাহ্ পাকের যেই হুকুম তা পুরা করতে না পারলে, ভয় হয়, সেটি দ্বীনদারী না হয়ে দ্বীনের নামে নিজের প্রবৃত্তির চাহিদা পুরা করা হয়ে যেতে পারে। (আল্লাহ্ পাক আমাদের হেফাযত করুন। আমীন।)

• জিহাদ সর্বশ্রেষ্ঠ দাওয়াত:

মুহতারাম ভাই!

যদি আমরা সৎকাজে আদেশ ও অসৎকাজে নিষেধ করাকেই নিজের জীবনের ব্রত বানিয়ে থাকি, তাহলে বলছি, যদি দাওয়াতী মেহনতের উদ্দেশ্য হয়, আমার ঈমান কিভাবে বনে, আমার যিন্দেগী কিভাবে বদলায়, উম্মতের ময়দানে কিভাবে আল্লাহর কালাম বুলন্দ হয়ে যায়, কিভাবে বান্দা মাখলুকের গোলামী ছেড়ে এক আল্লাহর গোলামী করে, কিভাবে আল্লাহ পাকের সাথে বান্দার তা'আল্লুক (সম্পর্ক) হয়ে যায়; তাহলে বলব, জিহাদ ঈমান ও ইসলামের চূড়া, জিহাদ আমার যিন্দেগীর এসলাহ আরো বেশি করবে, আল্লাহর কালাম বেশি বুলন্দ হবে, জিহাদের মাধ্যমেই আল্লাহর সাথে সবচেয়ে বেশি তা'আল্লুক হয়, জিহাদই বান্দাকে সবচেয়ে বেশি গাইরুল্লাহর গোলামীর শৃঙ্খল ছিন্ন করে এক

আল্লাহর গোলামী করতে শিখায়, আর জিহাদ নিজেই সবচেয়ে বড়ো 'সৎকাজে আদেশ ও অসৎকাজে নিষেধ', জিহাদ নিজেই সবচেয়ে বড় 'দাওয়াহ্ ইলাল্লাহ্'। কারণ জিহাদের দ্বারা কুফর, শিরক, বাতিল ও যাবতীয় ফেতনা যত দ্রুত ও কার্যকরী ভাবে সমাজ থেকে দূর হয় এবং তার স্থলে আল্লাহর দীন মানুষের যিন্দেগীতে প্রতিষ্ঠিত হয়, তা অন্য কোনো ভাবে সম্ভব নয়।

এর প্রমাণ, নবুয়ত প্রাপ্তির পর মাক্কী যিন্দেগীতে শুধু দাওয়াতের মেহনত ছিল, জিহাদ ছিল না, তখন মক্কা-মদীনা মিলে তের বছরে মাত্র দেড় থেকে দুই হাজার মুসলমান হয়েছিলেন। আর হিজরতের পর যখন জিহাদ ফরয করা হলো, তখন মাত্র দশ বছরে লক্ষ লক্ষ সাহাবী তৈরী হয়ে গেলেন।

আল্লাহর রাসূলের মাক্কী যিন্দেগী আমাদেরকে যেন এই শিক্ষাই দেয় যে, দেখ! দেখ! পৃথিবীর সর্বশ্রেষ্ঠ মানুষ সর্বশ্রেষ্ঠ আখলাক নিয়ে, সর্বাপেক্ষা ধৈর্য্যের পরিচয় দিয়ে, আরবের শ্রেষ্ঠ বক্তা বা বাগ্মী হয়েও, দু-জাহানের সর্বশ্রেষ্ঠ বুযুর্গ-অলী আর আল্লাহ্ওয়ালা হওয়া সত্ত্বেও তের বছরের দাওয়াতে মক্কায় মাত্র তিন শতের মত মানুষ মুসলমান হল। সুতরাং কেবল দাওয়াত দেওয়াই দ্বীন ইসলামের প্রচার-প্রসার আর প্রতিষ্ঠার জন্য যথেষ্ট নয়।

অন্যদিকে, আল্লাহর রাসূলের মাদানী যিন্দেগী আমাদেরকে শিক্ষা দেয়, দেখ! দেখ! পৃথিবীর সর্বশেষ্ঠ নবী, সর্বশ্রেষ্ঠ আখলাকওয়ালা নবী, সর্বাপেক্ষা রহমদিলওয়ালা নবী, তরবারীর নবী, মালহামার (মহাযুদ্ধের) নবী যখন তরবারি হাতে নিলেন, কাফের ও মুনাফেকদের প্রতি কঠোর হলেন, তখনই ইসলামের বিজয় সূচিত হল, ফলে আল্লাহর বান্দারা প্রকৃত ইসলামের স্বাদ পেল, আদল-ইনসাফ প্রতিষ্ঠা পেল, দিকে দিকে মানুষ ইসলামের প্রকৃত রূপ বুঝতে পারল আর ইসলামে দলে দলে দাখিল হতে লাগল।

আল্লাহর রাসূলের ﷺ ওফাতের পর মাত্র দশ বছরে হযরত ওমর রাদিয়াল্লাহু আনহুর শাসনামলে "আক্রমণাত্মক (ইকদামী) জিহাদের" মাধ্যমে সিরিয়া, ইরাক, মিশর, রোম, পারস্য জয় হয়ে ইসলাম অর্ধপৃথিবীতে প্রতিষ্ঠিত হয় এবং দিকে দিকে মানুষ ইসলামের পরিচয় পেয়ে তার সত্যতা অনুধাবন করে তার সুশীতল ছায়ায় আশ্রয় নিতে শুরু করে, আর এটি এজন্য যে মানুষ সাধারণত পৃথিবীর পরাশক্তিদের দ্বারা সবসময়ই প্রভাবিত হয়, তাদের কৃষ্টি-কালচার, সংস্কৃতি, আকীদা-বিশ্বাস সহজেই গ্রহণ করে; মানুষ কখনো পরাজিত জাতির দীন ও মানহাজকে গ্রহণ করেনা। নবুয়ত এবং খুলাফায়ে রাশেদার যামানায় এটি কোন্ দাওয়াতের বরকতে সম্ভব হয়েছিলো? তা জিহাদ নয়কি?

আল্লাহ তা'আলার ইরশাদ,

إِذَا جَاءَ نَصْرُ اللَّهِ وَالْفَتْحُ– وَرَأَيْتَ النَّاسَ يَدْخُلُونَ فِي دِينِ اللَّهِ أَفْوَاجًا

"যখন আসবে আল্লাহ তা'আলার সাহায্য ও বিজয়, এবং আপনি মানুষকে দলে দলে আল্লাহর দ্বীনে প্রবেশ করতে দেখবেন।" (১১০ সূরা নছর:১-২)

প্রিয় ভাই, দাওয়াত হচ্ছে মানুষকে (কুফর/শিরক/অন্যান্য) ফেতনা থেকে আল্লাহর দিকে ডাকার জন্য (এতে হয়তো কিছু মানুষ দ্বীনের সন্ধান পাবে), আর জিহাদ হচ্ছে সমাজ থেকে সেই ফেতনাকে নির্মূল করার জন্য (ফলে সকল মানুষ দ্বীনের ছায়া পাবে)।

وَقَاتِلُوهُمْ حَتَّىٰ لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ كُلُّهُ لِلَّهِ ۚ

"আর তোমরা তাদের সাথে ততক্ষণ পর্যন্ত লড়াই করতে থাকো, যে পর্যন্ত না সকল ফেতনার অবসান হয় এবং আল্লাহর দ্বীন পুরোপুরিভাবে প্রতিষ্ঠিত হয়ে যায়।" (৮ সূরা আনফাল: ৩৯)

তাই ভাই, আমরা কি বলতে পারিনা, জিহাদ-ই সর্বশ্রেষ্ঠ দাওয়াত?

অতএব, আমরা যদি দাওয়াতের কাজ করতে ভালোবাসি, তাহলে তো জিহাদ করা-কে আরো বেশি ভালোবাসা উচিত, তাইনা ভাই?

তাছাড়া, আল্লাহর রাসূলের ﷺ মাদানী যিন্দেগীতে দাওয়াত ও জিহাদের কাজ উভয়টিই একসাথে চলেছিল, তাই আমাদেরকে 'শুধু দাওয়াত' নয়, জিহাদ-ও করতে হবে, ইনশাআল্লাহ্।

• কুরআন ও হাদীসের তাহরীফ করছি নাতো!

আরেকটি দুঃখজনক বিষয় হলো, আমরা যারা দাওয়াতের মেহনত করি, তাদের কেউ কেউ জিহাদের আয়াত ও 'আল্লাহর রাস্তা'র ফাযায়েল সম্বলিত হাদীসসমূহকে দাওয়াতের ক্ষেত্রে প্রয়োগ করি। এটি দ্বীনের এক প্রকার বিকৃতি (তাহরীফ)।

যদিও এর দ্বারা কিছু ফায়দা হচ্ছে, "মানুষ দাওয়াতের দিকে ঝুঁকছে", কিন্তু এর 'ক্ষতি' লাভের চেয়ে অনেক বেশি, এর পরিণতি মারাত্মক, আর এর দ্বারা উম্মাহর জিহাদী চেতনার অবস্থা দাঁড়িয়েছে ভয়াবহ, "হায়! মানুষ জিহাদকে ভুলে গিয়েছে। দাওয়াতের ময়দানকে জিহাদের ময়দান মনে করা শুরু করেছে। জিহাদ না করেও জিহাদের সওয়াব পাচ্ছে বলে বিশ্বাস করা শুরু করেছে। ফলে উম্মাহ্ প্রকৃত জিহাদকে ভুলে যেতে শুরু করেছে।"

আবার, অনেক ভাই আছি যারা দাওয়াতকেই জিহাদ ভাবা শুরু করে দিয়েছি।

প্রিয় ভাই!

স্বীকার করছি, 'আল্লাহর রাস্তা' একটি ব্যাপক অর্থবোধক শব্দ। যে ইলম হাছিল করছে, যে আত্মশুদ্ধির মেহনত করছে, যে দাওয়াত দিচ্ছে, যে জিহাদ করছে, যে মসজিদে নামায পড়তে যাচ্ছে, যে হজ্জ করতে যাচ্ছে ইত্যাদি, শাব্দিক অর্থে সকলকেই 'ফী সাবিলিল্লাহ' তথা 'আল্লাহর রাস্তার পথিক' বলা যায়। কিন্তু আমাদেরকে তাকাতে হবে সাহাবাদের দিকে, তাবেয়ীদের দিকে, তাবে-তাবেয়ীদের দিকে, ফুকাহাগণের দিকে; তাঁরা 'ফী সাবিলিল্লাহ'র আয়াত ও হাদীস দ্বারা কী বুঝতেন। তাঁরা সাধারণভাবে 'জিহাদ ফী সাবিলিল্লাহ'-ই বুঝতেন।

سَبِيل اللَّهِ :التَّعْرِيفُ

وَسَبِيل اللَّهِ فِي أَصْل الْوَضْعِ هُوَ :الطَّرِيقُ الْمُوَصِّلَةُ إِلَيْهِ تَعَالَى، فَيَدْخُل فِيهِ كُل سَعْيٍ فِي طَاعَةِ اللَّهِ، وَفِي سَبِيل الْخَيْرِ.وَفِي الاِصْطِلاَحِ هُوَ الْجِهَادُ.

'ফী সাবীলিল্লাহ' এর পরিচয়:

শাব্দিক অর্থে 'ফী সাবীলিল্লাহ' হল- যে রাস্তা আল্লাহ তা'আলার দিকে পৌঁছে দেয়। সুতরাং এর মাঝে আল্লাহর আনুগত্য ও কল্যাণের পথের সব চেষ্টাই অন্তর্ভূক্ত হবে।

আর পারিভাষিক অর্থে 'ফী সাবীলিল্লাহ' দ্বারা উদ্দেশ্য হল জিহাদ।

(সূত্র: মুখতারুস সিহাহ, বাদায়িউস সানায়ে' ২/৪৫-৪৬, ফাতহুল কাদীর ২/২৫০, ইবনে আবেদীন ২/৬০, নিহায়াতুল মুহতাজ ৬/১৫৮, কালউবী ৩/১৯৮, রউজুল তালেব ২/৩৯৮, আলমুগনী ৬/৪৩৫, কাশশাফুল কিনা' ২/২৮৩)
[আলমাউসুয়াতুল ফিকহিয়্যাতুল কুয়াইতিয়্যাহ, খণ্ড: ২৪, পৃষ্ঠা: ১৬৬]

প্রিয় ভাই! 'ফী সাবীলিল্লাহ' শব্দটি কুরআন হাদীসে জিহাদ ছাড়াও অন্যান্য অর্থে ব্যবহৃত হয়েছে। তবে, অধিকাংশ ক্ষেত্রে জিহাদের অর্থে ব্যবহৃত হয়েছে। সুতরাং কুরআন হাদীসে বর্ণিত 'ফী সাবীলিল্লাহ' এটা জিহাদ ছাড়া অন্য কোন

অর্থে ব্যবহৃত হওয়ার আলামত না পাওয়া গেলে বুঝতে হবে, ব্যাপকভাবে এটা জিহাদের অর্থেই ব্যবহৃত হয়েছে। অর্থাৎ শাব্দিক অর্থে ব্যাপকতা থাকলেও পারিভাষিক অর্থে এর দ্বারা উদ্দেশ্য হল 'জিহাদ'।

'জিহাদের ক্ষেত্রে কোন্ অর্থ নেয়া হবে? সাধারণ অর্থ, নাকি পারিভাষিক অর্থ?

প্রিয় ভাই! আবার খেয়াল করুন, ইসলামের প্রায় প্রতিটি আমলের জন্য ব্যবহৃত শব্দের দুটি করে অর্থ বিদ্যমান। একটি সাধারণ অর্থ; অপরটি পারিভাষিক অর্থ। তেমনিভাবে, 'জিহাদ' শব্দটিরও একটি সাধারণ অর্থ এবং একটি পারিভাষিক অর্থ রয়েছে। "জিহাদের" সাধারণ অর্থ হচ্ছে, আল্লাহ তা'আলার সন্তুষ্টির উদ্দেশ্যে, শরীয়তের শিক্ষা ও নির্দেশনা অনুযায়ী ইসলামের কালিমা বুলন্দ করার জন্য যে ত্যাগ, তিতিক্ষা, কষ্ট ও মুশাক্কাত সহ্য করা হয় তাই জিহাদ, তা যে কোনো পথেই হোক বা যে কোনো পন্থায়ই হোক না কেন।

কিন্তু "জিহাদ" যা শরীয়তের একটি পরিভাষা, তার অর্থ হলো, আল্লাহর কালিমা বুলন্দ করা, ইসলাম ও মুসলমানদেরকে রক্ষা করা, মুসলমানদের শক্তি বৃদ্ধি করা ও কাফের মুশরিকদের ক্ষমতা ও কর্তৃত্বকে চূর্ণ করার জন্য আল্লাহ তা'আলার সন্তুষ্টির উদ্দেশ্যে কাফের মুশরিকদের সাথে যুদ্ধ করা। এটিই জিহাদের শরয়ী অর্থ। (কিতাবুল জিহাদের ভূমিকা, মাওলানা আব্দুল মালেক হাফি.পৃ. ২৪; লিংক: https://archive.org/details/kitabuljihad_202210)

এখন প্রশ্ন হলো আমরা কোন্ অর্থকে গ্রহণ করবো, আগেরটা না পরেরটা, নাকি দুটাই? আমাদেরকে খুব ভালোভাবে মনে রাখতে হবে, শরীয়তের কোনো একটি পরিভাষার ক্ষেত্রে সাধারণ অর্থ গ্রহণযোগ্য নয়, শরীয়তের পারিভাষিক অর্থই গ্রহণ করতে হবে। বিষয়টি স্পষ্ট করার জন্য কয়েকটি উদাহরণ দেয়া যাক। 'যাকাত' এর সাধারণ অর্থ 'পবিত্র করা'। ওযু করে পবিত্রতা হাছিল করলেই "যাকাত" আদায় হবে না। শরীয়তের পরিভাষায় "যাকাত" বলতে আমরা শুধু পবিত্র করা বা হওয়া বুঝি না, আমরা বুঝি 'যার নেসাব পরিমাণ মাল এক বছর অতিবাহিত হবে, তার সম্পদের আড়াই শতাংশ কুরআনে বর্ণিত সাত শ্রেণির উপযুক্ত হকদার ব্যক্তিদের কাছে পৌঁছে দেয়ার মাধ্যমে সম্পদকে পবিত্র করা।'

আবার দেখুন 'সিয়াম' (রোযা) অর্থ সংযমী হওয়া বা বিরত থাকা। একজন লোক চুরি করা বা মিথ্যা বলা থেকে সংযমী হলো বা বিরত থাকল, তাতেই কি তাকে 'সায়িম' (রোযাদার) বলা যাবে? না। যে ব্যক্তি সুবহে সাদিক থেকে শুরু করে সূর্যাস্ত পর্যন্ত পানাহার ও স্ত্রী সম্ভোগ থেকে বিরত থাকল, তাকেই কেবল শরীয়তের পরিভাষায় 'সায়িম' (রোযাদার) বলা হবে।

একই ভাবে 'সালাত' (নামায) শব্দের অর্থ 'দুআ বা আশীর্বাদ' কিংবা 'নিতম্ব হেলানো'। শুধু দুআ করলেই কিংবা নিতম্ব হেলালেই কি নামায আদায় হয়ে যাবে? হবে না।

এখন, কেউ যদি শরীয়তের পারিভাষিক অর্থকে গ্রহণ না করে কেবল সাধারণ অর্থকে নিয়ে দাবী করে, আমি ওযু করে পাক-সাফ হয়েছি, তাই আমার আর যাকাত দেয়া লাগবে না, তাহলে সে 'তাহরীফ' (শরীয়তের বিধানের বিকৃতি) সাধন করল; কেউ যদি বলে আমি সারাদিন মিথ্যা বলা থেকে বিরত রয়েছি, তাতেই আমার রোযা হয়ে গেছে কিন্তু সে খানাপিনা ও স্ত্রী-সম্ভোগ থেকে বিরত থাকেনি, তাহলে সেও তাহরীফ করল; একইভাবে, কেউ যদি কেবল দুআ করে বা নিতম্ব হেলিয়েই দাবী করে আমার নামায আদায় হয়ে গিয়েছে, তাহলে সেও 'তাহরীফ' করল। আর শরীয়তের বিধানের ক্ষেত্রে এ ধরনের 'তাহরীফ' করার দ্বারা ক্ষেত্র বিশেষে অনেক সময় 'কুফর' পর্যন্ত হয়ে যেতে পারে, যা ব্যক্তিকে ইসলামের গন্ডি হতে বেরও করে দিতে পারে।

ইসলামের প্রথম খলীফা হযরত আবু বকর রাদি. এর যামানায় রিদ্দার ঘটনা থেকে বিষয়টি সুস্পষ্ট হয়ে যায়। যারা যাকাত কার কাছে হস্তান্তর করবে এই ব্যাপারে ‘তাবীল’ (ভুল ব্যাখ্যা) করে। আর এই ‘তাহরীফ’-এর ফলস্বরূপ তারা আল্লাহ্ পাকের একটি ফরয বিধান মেনে নিতে অস্বীকার করে এবং যাকাত না দেয়ার ঘোষণা দেয়। ফলে আল্লাহর রাসূলের খলীফা তাদের বিরুদ্ধে যুদ্ধের ঘোষণা দেন।

দুঃখজনক হলেও সত্য যে, আমরা এগুলো বুঝি, কিন্তু জিহাদের ক্ষেত্রে আমরা জিহাদের অর্থ ‘যুদ্ধ ও যুদ্ধ সংশ্লিষ্ট কার্যক্রম’ বাদ দিয়ে অন্য অর্থ তালাশ করি। আমরা কেন জানি ভুলে যাই, শরীয়তের অন্যান্য হুকুমের মত জিহাদের ক্ষেত্রেও সাধারণ অর্থকে নেয়া যাবে না, শরয়ী অর্থই নিতে হবে। জিহাদের সাধারণ অর্থ গ্রহণ করে দাওয়াতকে ‘জিহাদ’ বলা যাবে না, তাযকিয়াকে ‘জিহাদ’ বলা যাবে না, ইসলামের উপর কেবল কিছু লেখালেখি করে তাকে ‘জিহাদ’ করা বলা যাবে না। এতে ‘তাহরীফ’ (দ্বীনের বিকৃতি) হবে।

প্রিয় ভাই! আমরা সলাত আদায়ের ফাযায়েলগুলিকে কি সিয়ামের ক্ষেত্রে ব্যবহার করি? সিয়ামের ফাযায়েলগুলিকে কি হজ্জের ক্ষেত্রে প্রয়োগ করি? যদি না করি, তাহলে জিহাদের ফাযায়েলগুলিকে কেন দাওয়াতের মধ্যে টেনে আনি?

জিহাদের পারিভাষিক অর্থ:

আমরা নিরপেক্ষভাবে নবীজীর ﷺ সীরাত আর সাহাবায়ে কেরামের জিন্দেগী পর্যালোচনা করি। তাহলে আমরা দেখতে পাব, সাহাবায়ে কেরাম জিহাদ বলতে “সশস্ত্র যুদ্ধ”-কেই বুঝতেন, ‘যুদ্ধ করা’ ব্যতীত তাঁরা কখনো জিহাদের অন্য কোনো অর্থ করেননি। খোদ নবী করীম ﷺ-ও জিহাদের ব্যাখ্যা সশস্ত্র যুদ্ধ-ই করেছেন।

عَنْ عَمْرِو بْنِ عَبَسَةَ ....قَالَ وَمَا الْجِهَادُ قَالَ أَنْ تُقَاتِلَ الْكُفَّارَ اِذَا لَقِيْتَهُمْ قَالَ فَأَيُّ الْجِهَادُ أَفْضَلُ قَالَ مَنْ عُقِرَ جَوَادُهُ وَأُهْرِيْقَ دَمُهُ

আমর ইবনে আবাসা (রা.) হতে বর্ণিত, তিনি বলেন, একদা জনৈক ব্যক্তি রাসূলুল্লাহ ﷺ-কে জিজ্ঞাসা করলেন, জিহাদ কি? রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন, কাফেরদের বিরুদ্ধে যুদ্ধ করা, যখন তাদের সাথে যুদ্ধের ময়দানে মুখোমুখি হয়। লোকটি পুনরায় জিজ্ঞাসা করল: কোন জিহাদ সর্বোত্তম? রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করলেন, “ঐ ব্যক্তির জিহাদ সর্বোত্তম যার ঘোড়া যুদ্ধের ময়দানে নিহত হয়েছে এবং সে নিজেও বুকের তাজা রক্ত ঢেলে দিয়ে শাহাদাত বরণ করেছে।” (জামিউল আহাদীস ১০১৪৪, আহমদ ১৭০২৭, ত্বাবরানী)

এই হাদীসে স্বয়ং রাসূল ﷺ-ই বলে দিলেন জিহাদ কাকে বলে। এরপর জিহাদকে অন্যত্র টেনে নেয়ার আর কোনো সুযোগ আছে কি?

প্রিয় ভাই! মদীনার অলীতে-গলীতে যখন حَيَّى عَلَى الْجِهَادِ (জিহাদের দিকে আস) এই আযান দেয়া হত, তখন কি সাহাবায়ে কেরাম দাওয়াত দেয়ার জন্য বের হতেন? তখন কি তারা জায়নামায আর তসবীহ নিয়ে যিকিরের মজমা কায়েম করার জন্য বের হতেন? নাকি তারা মিটিং-মিছিল করার জন্য বের হতেন? নাকি তারা নফসের জিহাদ, কলমের জিহাদ, বক্তৃতার জিহাদ ইত্যাদি করেই ক্ষান্ত হয়ে যেতেন? বরং তারা কি লোহার পোশাক পরে, তীর-ধনুক, তরবারী আর বর্শা নিয়ে উটে কিংবা ঘোড়ায় চড়ে যুদ্ধ করার জন্য তৈরী হয়ে ছুটে আসতেন না? সুতরাং একথা সুস্পষ্ট হল, জিহাদ বলতে রাসূলুল্লাহ ﷺ, সাহাবায়ে কেরাম এবং পরবর্তীতে সকল মুহাদ্দিসীনে কেরাম, ফুকাহায়ে কেরাম ও সলফে সালেহীনগণ যুদ্ধ করাকেই বুঝতেন।

প্রিয় ভাই! “তা‘লীম, তাযকিয়া, দা‘ওয়াত ও তাবলীগ, ওয়াজ নসীহাত ইত্যাদি করা ‘আমর বিল মা‘রুফ’ সৎকাজের আদেশ ও ‘নাহী আনিল মুনকার’ অসৎ কাজ থেকে নিষেধ করার একেকটি নতুন পদ্ধতি হতে পারে। আর এসবই

স্ব-স্ব স্থানে কাম্য, বরং এসব কর্মপ্রচেষ্টার প্রত্যেকটাই খেদমতে দীনের একেকটি গুরুত্বপূর্ণ শাখা। এগুলোর ভিন্ন ভিন্ন ফাযায়েল, ভিন্ন আহকাম ও ভিন্ন মাসায়েল রয়েছে। এসবের কোনটিকেই খাটো করে দেখার অবকাশ নেই। আবার কোনটাই এমন নয় যা পারিভাষিক জিহাদের অন্তর্ভূক্ত করা যায় বা তার ব্যাপারে জিহাদের ফাযায়েল ও আহকাম আরোপ করা যায়।" (হযরত মাওলানা মুফতী আব্দুল মালেক সাহেব দা.বা., 'কিতাবুল জিহাদ' কিতাবের ভূমিকা: পৃ. ৩৭)

রাসূলে আকরাম ﷺ ইরশাদ করেন,

من كذب علي متعمدا فليتبوأ مقعده من النار

"যে আমার নামে ইচ্ছাকৃতভাবে মিথ্যা বলবে, সে যেন তার স্থান জাহান্নামে লিখে নেয়।" (বুখারী ১ম খণ্ড, পৃ. ১১০,২০২; মুসলিম ১ম খণ্ড, পৃ. ১০)

প্রিয় ভাই! সতর্ক হই!

রাসূলুল্লাহ ﷺ যে সকল আয়াত ও হাদীস দ্বারা জিহাদ করার ফাযায়েল বর্ণনা করেছেন, উদ্দেশ্য ছিল উম্মাহকে জিহাদের জন্য উদ্বুদ্ধ করা, নিয়ত ছিল উম্মাহ্ যেন জিহাদ করে, ক্বিতাল তথা যুদ্ধ করে, সে সকল আয়াত ও হাদীসের অর্থ পরিবর্তন করে অন্যত্র ব্যবহার না করি, জিহাদের ফাযায়েলকে দাওয়াতের মধ্যে টেনে না আনি, এতে দ্বীন বিকৃতি, তাহরীফ ও বিদ্আতের গুনাহ হওয়ার ব্যাপারে আল্লাহকে ভয় করি! আল্লাহর রাসূলের উপর মিথ্যারোপ করা হয়ে যায় কিনা ভয় করি! জাহান্নামকে ভয় করি!!

দয়াকরে নিচের হাদীসগুলো এবং জিহাদের ফাযায়েল সম্বলিত অন্যান্য হাদীসগুলোকে দাওয়াতের মধ্যে ব্যবহার বন্ধ করি। আল্লাহর দোহাই!!!

রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন,

" لَغَدْوَةٌ فِي سَبِيلِ اللَّهِ أَوْ رَوْحَةٌ خَيْرٌ مِنَ الدُّنْيَا وَمَا فِيهَا ".

"আল্লাহর পথে একটা সকাল কিংবা একটা বিকাল ব্যয় করা দুনিয়া ও তার সমস্ত জিনিস (এর অধিকারী হওয়া কিংবা তা সাদাকা করার সওয়াব) হতে অধিক উত্তম।" (বুখারী-২৭৯২ ও মুসলিম)

রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন,

غَدْوَةٌ أَوْ رَوْحَةٌ فِيْ سَبِيْلِ اللهِ خَيْرٌ مِنَ الدُّنْيَا وَمَا فِيْهَا، وَلَوْ قُوْفُ أَحَدِكُمْ فِي الصَّفِّ خَيْرٌ مِّنْ عِبَادَةِ رَجُلٍ سِتِّيْنَ سَنَةً

"সেই মহান সত্তার কসম করে বলছি, যার হাতে মুহাম্মাদের প্রাণ! এক সকাল কিংবা এক বিকাল আল্লাহর রাস্তায় নিজেকে নিয়োজিত রাখাটা গোটা দুনিয়া ও তার মধ্যে যা কিছু আছে সে সমস্ত জিনিস হতে উত্তম। আর তোমাদের কারোও যুদ্ধের ময়দানে কাতার বন্দী হওয়া ষাট বৎসরের নামায পড়ার চেয়ে উত্তম।" (মুসনাদে আব্দুর রাজ্জাক-৫/২৫৯, হাদীস নং-৯৫৪৩)

عَنْ أَبِيْ هُرَيْرَةَ مَوْقِفُ سَاعَةٍ فِيْ سَبِيْلِ اللهِ خَيْرٌ مِنْ قِيَامِ لَيْلَةِ الْقَدْرِ عِنْدَ الحَجَرِ الْأَسْوَدِ

রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন, "আল্লাহর পথে একটি মুহূর্ত অবস্থান করা কদরের রাতে হাজরে আসওয়াদকে সামনে নিয়ে ইবাদত করার চাইতে উত্তম।" (ইবনে হিব্বান ১৫৮৩, ইবনে আসাকির, বায়হাকী)

আমার প্রিয় ভাই! আল্লাহর ওয়াস্তে বলি- এই হাদীসগুলো আল্লাহর রাস্তায় যুদ্ধের ফাযায়েল বর্ণনা করে। দাওয়াতের নয়। গাশতে বেরিয়ে কোন মুসলমানের দরজার সামনে দাঁড়িয়ে থাকলেও এই সওয়াব হাছিল হবে এমনটি আশা না করি!

وَعَن أَبِي يَحيَى خُرَيْمِ بنِ فَاتِكٍ رضي الله عنه، قَالَ :قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم أَنْفَقَ نَفَقَةً فِي سَبِيلِ اللهِ كُتِبَ لَهُ سَبْعُمِئَةِ ضِعْفٍ.

প্রিয় রাসূল ﷺ বলেছেন, "যে ব্যক্তি আল্লাহর রাস্তায় (জিহাদের জন্য) কিছু ব্যয় করে, তার আমলনামায় তার সাত শত গুণ লেখা হয়ে থাকে।" (তিরমিযী-১৬২৫ ও নাসাঈ-৩১৮৬)

এটি আল্লাহর রাস্তায় জিহাদের জন্য ব্যয় করার ফযীলত। দয়া করে, এই হাদীসকে অন্যত্র ব্যয়ের ফাযায়েল হিসেবে ব্যবহার না করি।

رباط يوم في سبيل الله أفضل من صيام ألف يوم، وقيام ألف ليلة

রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন, "আল্লাহর পথে একদিন সীমান্ত প্রহরা দেয়া হাজার দিন রোযা রাখা এবং হাজার রাত্রি ইবাদত করার চেয়ে উত্তম।" (তিরমিযী, নাসাঈ, মুসনাদে আহমাদ)

وَعَنْ سَهْلِ بْنِ سَعْدٍ رَضِيَ اللهُ عَنْهُ :أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ، قَالَ :رِبَاطُ يَوْمٍ فِيْ سَبِيْلِ اللهِ خَيْرٌ مِّنَ الدُّنْيَا وَمَا عَلَيْهَا

রাসূলুল্লাহ ﷺ আরো ইরশাদ করেন, "আল্লাহর পথে একদিন সীমান্ত প্রহরা দেয়া দুনিয়া ও দুনিয়ার উপর সমস্ত সম্পদের চেয়ে উত্তম।" (তিরমিযী, নাসাঈ, মুসনাদে আহমাদ)

এই হাদীসগুলো সীমান্ত পাহারা দেয়ার ফাযায়েল বর্ণনা করে, মারকাজের পাহারাদারির নয় ভাই। আল্লাহর দোহাই! এভাবে জিহাদের ফাযায়েলকে অন্যত্র ব্যবহার করে উম্মাহকে বিভ্রান্ত না করি। মরদুদ শয়তান যেন আমাদেরকেও বিভ্রান্ত না করতে পারে!

প্রিয় ভাই! হ্যাঁ, একথা অস্বীকার করছি না- আল্লাহ্ তা'আলা চাইলে উক্ত ফাযায়েল ও সওয়াব দ্বীনের অন্যান্য শাখায় মেহনত করলেও দিতে পারেন, এটা তাঁর দয়া ও অফুরন্ত করুণার বহিঃপ্রকাশ হবে। তিনি চাইলে আরো অনেক বেশি দিতে পারেন, বা আরো অনেক কিছু করতে পারেন। কিন্তু এ হাদীসগুলো আল্লাহর রাসূল ﷺ দাওয়াতের বা অন্যান্য মেহনতের ফাযায়েল বর্ণনা করতে গিয়ে কোনদিনও বর্ণনা করেননি। অন্য কোনো মেহনতের মাধ্যমে জিহাদের ফাযায়েল লাভ হবে, এমনটি কুরআন-হাদীসের কোথাও বর্ণনা করা হয়নি। বরং উল্টো বর্ণনা এসেছে ভাই! অন্য কোনো আমল বা মেহনত করে কস্মিনকালেও জিহাদের সমান সওয়াব লাভ করা সম্ভব নয়। যেমন-

عَنِ الْحَسَنِ بْنِ أَبِيْ الْحَسَنِ أَنَّ رَجُلًا كَانَ عَلَى عَهْدِ رَسُوْلُ اللهِ ﷺ لَهُ مَالٌ كَثِيْرٌ فَأَتَى رَسُوْلَ اللهِ ﷺ فَقَالَ :يَا رَسُوْلَ اللهِ أَخْبِرْنِيْ بِعَمَلٍ أُدْرِكُ بِهِ عَمَلَ الْمُجَاهِدِيْنَ فِيْ سَبِيْلِ اللهِ، فَقَالَ كَمْ مَالُكَ؟ قَالَ سِتَّةَ الاَفِ دِيْنَارٍ، فَقَالَ لَوْ أَنْفَقْتَهَا فِيْ طَاعَةِ اللهِ لَمْ تَبْلُغْ غُبَارَ شِرَاكِ نَعْلِ الْمُجَاهِدِيْنَ فِيْ سَبِيْلِ اللهِ، وَأَتَاه رَجُلٌ فَقَالَ :يَا رَسُوْلَ اللهَ أَخْبِرْنِيْ بِعَمَلٍ أُدْرِكُ بِهِ عَمَلَ الْمُجَاهِدِيْنَ فِيْ سَبِيْلِ اللهِ، فَقَالَ لَوْ قُمْتَ اللَّيْلَ وَصُمْتَ النَّهَارَ لَمْ تَبْلُغْ نَوْمَ الْمُجَاهِدِ فِيْ سَبِيْلِ اللهِ

এক ব্যক্তি রাসূলুল্লাহ ﷺ-এর দরবারে এসে বলল, হে আল্লাহর রাসূল! আমি যদি আমার সম্পদ দান করি, তাহলে কি আল্লাহর পথে মুজাহিদদের আমলে পৌঁছতে পারব? রাসূলুল্লাহ ﷺ বললেন, তোমার সম্পদের পরিমাণ কত? লোকটি বলল, ছয় হাজার দিরহাম। রাসূলুল্লাহ ﷺ বললেন, এই সম্পদ যদি আল্লাহ তা'আলার মনোনীত পথে দান করে দাও তবেও একজন মুজাহিদের পায়ের নিচে জুতার বালি সমপরিমাণ হতে পারবে না। অন্য এক ব্যক্তি এসে আরজ করলেন, হে আল্লাহর রাসূল ﷺ! আমাকে এমন কিছু আমল বর্ণনা করে দিন যার দ্বারা আমি মুজাহিদের আমলের সমপর্যায়ে পৌঁছব! রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করলেন, যদি তুমি সারা রাত্র নামায পড় আর দিন ভর রোযা রাখ তবেও মুজাহিদগণের ঘুমের সমপর্যায়ে পৌঁছতে পারবে না। (সুনানে সাঈদ ইবনে মানসূর-২/১৫০)

عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قِيلَ يَا رَسُولَ اللَّهِ مَا يَعْدِلُ الْجِهَادَ قَالَ " لاَ تَسْتَطِيعُونَهُ " . فَرَدُّوا عَلَيْهِ مَرَّتَيْنِ أَوْ ثَلاَثًا كُلُّ ذَلِكَ يَقُولُ " لاَ تَسْتَطِيعُونَهُ " . فَقَالَ فِي الثَّالِثَةِ " مَثَلُ الْمُجَاهِدِ فِي سَبِيلِ اللَّهِ مَثَلُ الْقَائِمِ الصَّائِمِ الَّذِي لاَ يَفْتُرُ مِنْ صَلاَةٍ وَلاَ صِيَامٍ حَتَّى يَرْجِعَ الْمُجَاهِدُ فِي سَبِيلِ اللَّهِ"

হযরত আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু বর্ণনা করে, একদা রাসূলে আকরাম ﷺ কে জিজ্ঞাসা করা হল, "কোন কাজটি সওয়াবের দিক থেকে আল্লাহর পথে জিহাদের সমতুল্য?" রাসূলে আকরাম ﷺ বললেন, তোমরা সে কাজের মতো শক্তির অধিকারী নও।" সাহাবায়ে কেরাম দুই কিংবা তিনবার কথাটির পুনরাবৃত্তি করলেন। রাসূলে আকরাম ﷺ প্রতিবার এটাই বলছিলেন, "তোমাদের এরূপ করার মতো শক্তি-সামর্থ্য নেই। এরপর তিনি বললেন, যে ব্যক্তি আল্লাহর পথে জিহাদে লিপ্ত থাকে তার দৃষ্টান্ত হলো সেই ব্যক্তির মতো, যে রোযা রাখে, কিয়াম করে, আল্লাহর আয়াত তিলাওয়াত করে, এবং নামায-রোযার ব্যাপারে গাফিল থাকে না (অনবরত করতেই থাকে যতক্ষণ না); মুজাহিদ জিহাদ শেষে বাড়িতে ফিরে আসে।" (বুখারী-২৮৯৬ ও মুসলিম, তিরমিজি)

جَاءَ رَجُلٌ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ دُلَّنِي عَلَى عَمَلٍ يَعْدِلُ الْجِهَادَ. قَالَ " لاَ أَجِدُهُ - قَالَ - هَلْ تَسْتَطِيعُ إِذَا خَرَجَ الْمُجَاهِدُ أَنْ تَدْخُلَ مَسْجِدَكَ فَتَقُومَ وَلاَ تَفْتُرَ وَتَصُومَ وَلاَ تُفْطِرَ ". قَالَ وَمَنْ يَسْتَطِيعُ ذَلِكَ

বুখারীর আরেক বর্ণনা হল: এক ব্যক্তি নিবেদন করলো, হে আল্লাহর রাসূল! আমায় এমন কোনো আমলের কথা বলুন যা জিহাদের সমতুল্য? তিনি ﷺ বললেন, "আমি এমন কোনো আমল তো দেখছি না।" তারপর আবার বললেন, "তুমি কি এতটা শক্তির অধিকারী, যখন জিহাদকারী আল্লাহর পথে বের হয়, তখন তুমি মসজিদে প্রবেশ করবে, অতঃপর (মুজাহিদ ফিরে আসার আগ পর্যন্ত) নামায পড়তে থাকবে, এবং গাফলতি করবে না এবং রোযা রাখবে কিন্তু (মুজাহিদ ফিরে আসার আগ পর্যন্ত) ইফতার করবে না।" সে ব্যক্তি বললেন, "এ কাজ করার ক্ষমতা কার আছে?" (সহীহ বুখারী, হাদীস নং-২৭৮৫)

সুতরাং ভাই! জিহাদ না করে অন্য আমল বা মেহনতের মধ্যে জিহাদের সমান ফাযায়েল লাভ করার স্বপ্ন দেখা বোকামি নয় কি? ইসলামের প্রতিটি আমলের আলাদা ফাযায়েল রয়েছে। যে যেই আমল যতটুকু করছি, সে সেই আমলের ততটুকু সওয়াব-ই আশা করব, ইনশাআল্লাহ।

তাই, আসুন ভাই, জিহাদের ফাযায়েল ও মুজাহিদের মর্যাদা লাভ করার জন্য আজ থেকেই জিহাদী মেহনতে নেমে পড়ি, ইনশাআল্লাহ।

• বর্তমানে কি মক্কী যামানা চলছে (?)

অনেক ভাইদের মুখে শুনা যায়, বর্তমানে (আল্লাহর রাসূলের মাক্কী যামানার ন্যায়) মাক্কী যামানা চলছে, তাই এখন শুধু দাওয়াত চলবে। পরিবেশ তৈরি হলে বা ইমাম মাহদী আসলে (মাদানী যামানা শুরু হবে, তখন) জিহাদ শুরু হবে আর আমরা জিহাদে জুড়ে যাব!

প্রিয় ভাই! বর্তমান সময়ে এই কথা বলার আর মোটেও সুযোগ নেই। একথা এজন্য বলা যাবে না, কারণ, মাক্কী যিন্দেগীতে জিহাদ ফরয ছিল না, বরং জিহাদের হুকুমই নাযিল হয়নি। কিন্তু বর্তমানে প্রতিটি মুসলমানের উপর জিহাদ ফরযে আইন হয়ে আছে। আবারো বলছি, ইসলামের বিধান পরিপূর্ণ হয়ে গেছে। যারা বলবেন, বর্তমানে মাক্কী যিন্দেগী চলছে, তাদের ঈমান-হারা হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। কেননা, তারা এসকল উক্তির দ্বারা প্রচ্ছন্নভাবে প্রকৃতপক্ষে আল্লাহর একটি ফরয বিধান, কেবল জিহাদকেই অস্বীকার করছেন। প্রশ্ন আসতে পারে, কিভাবে? কেননা, বর্তমানে যদি মক্কী যামানাই হয়, তাহলে আমরা সিয়াম (রোযা) কেন পালন করি? রমাযান মাসের রোযা তো আল্লাহর রাসূলের মাক্কী জীবনে ছিলনা!

বর্তমানে তাহলে হজ্জ কেন করবো? মাক্কী জীবনে তো হজ্জের বিধান ছিল না!

আমরা পর্দা কেন করবো? মাক্কী যিন্দেগীতে তো পর্দার বিধান ছিল না।
যদি আমার সেই সব ভাইদের কথা মতো মেনে নেয়া হয়, বর্তমানে মাক্কী যামানাই চলছে, তাহলে মাক্কী যিন্দেগীতে তো মদ হালাল ছিল, তাই বলে কি এখন মদ হালাল হবে?
প্রিয় ভাই! মাক্কী যিন্দেগীর দোহাই দিয়ে আমরা অন্য কোনো আমল কেন বাদ দেই না? বুঝা গেল, মাক্কী যিন্দেগীর দৃষ্টান্ত শুধু জিহাদের ক্ষেত্রেই প্রয়োগ করা হয়।
আল্লাহ্ পাক আমাদেরকে হেফাযত করুন এবং দ্বীনের সহীহ বুঝ দান করুন। আমীন।

• তাবলীগের অনুমতি পেয়ে যাওয়াই কি জিহাদ পরিত্যাগের জন্য যথেষ্ট?

এই প্রশ্নের জবাবে হযরত মাওলানা মুফতী আব্দুল মালেক সাহেব দা.বা. 'কিতাবুল জিহাদ' কিতাবের ভূমিকায় ৪০-৪৬ নং পৃষ্ঠায় লিখেন- ('কিতাবুল জিহাদ' কিতাবের লিংক: https://archive.org/details/kitabuljihad_202210)
কোনো কোনো ভাইয়ের এমন ভুল ধারণাও আছে যে, কোনো অমুসলিম সরকার তার দেশে তাবলীগের অনুমতি দিলে তাদের সাথে ইক্বদামী (আক্রমণাত্মক) জিহাদ করা জায়েয নয়! এ জাতীয় ভুল ধারণার শিকার এক ব্যক্তি হযরত মাওলানা মুফতী মুহাম্মাদ তক্বী উসমানী (দাঃ বাঃ)-কে একটি দীর্ঘ চিঠি লিখেন। হযরত মাওলানা পত্র লিখকের ভ্রান্তি দূর করেন এবং এ বিষয়ে শরয়ী নির্দেশনার ব্যাপারে তাকে অবহিত করেন। তাঁর পুরো উত্তর 'ফিক্বহী মাক্বালাত" খণ্ড ৩ পৃঃ ২৮৭-৩০৪ এ মুদ্রিত আছে। প্রিয় ভাই! হযরতের উত্তরের নির্বাচিত অংশ আপনাদের সামনে পেশ করা হল:
"আপনি জিহাদের ব্যাপারে যা লিখেছেন তার সারাংশ আমি এই বুঝি যে, কোনো অমুসলিম সরকার তার দেশে তাবলীগের অনুমতি প্রদান করলে অতঃপর তার সাথে আর জিহাদ করা জায়েয থাকে না। যদি এই আপনার উদ্দেশ্য হয়ে থাকে তবে আমি আপনার সাথে একমত নই। ইসলাম প্রচারের পথে প্রতিবন্ধকতা শুধু এই নয় যে, সরকার ইসলাম প্রচারের ব্যাপারে আইনী নিষেধাজ্ঞা জারী করে, বরং মুসলমানদের বিপরীতে কোনো অমুসলিম রাষ্ট্র অধিক প্রতিপত্তির মালিক হওয়াও দ্বীনে হক্ব এর প্রচারে অনেক বড় বাধা। বর্তমান সময়ে পৃথিবীর অধিকাংশ রাষ্ট্রে তাবলীগের ব্যাপারে কোনো আইনী নিষেধাজ্ঞা নেই, কিন্তু পৃথিবীতে তাদের বর্তমান প্রতিপত্তির কারণে বিশ্বব্যাপী সাধারণভাবে এমন একটি মানসিকতা তৈরি হয়ে গেছে যা সত্য প্রচারের ব্যাপারে কোনো আইনী নিষেধাজ্ঞার চেয়ে কোনো অংশে কম নয় বরং বেশি। এজন্য কাফেরদের প্রতিপত্তি চুরমার করা জিহাদের সর্বাধিক গুরুত্বপূর্ণ উদ্দেশ্যসমূহের অন্যতম। যাতে করে তাদের বিদ্যমান এই প্রতিপত্তির কারণে যে মানসিক ভীতি (ও প্রভাব) মানুষের মধ্যে সৃষ্টি হয়েছে তা দূরীভূত হয় এবং সত্য গ্রহণের পথ উন্মুক্ত হয়। যতদিন পর্যন্ত তাদের এই প্রতিপত্তি বজায় থাকবে ততদিন পর্যন্ত মানুষের মনে এই ভীতিও অটুট থাকবে এবং দ্বীনে হক্ব কবূল করার জন্য পুরোপুরি অগ্রসর হওয়া তাদের পক্ষে সম্ভপর হবে না।
অতএব জিহাদ জারী থাকবে। কুরআনে কারীমে ইরশাদ হয়েছে-

قَاتِلُواْ الَّذِينَ لاَ يُؤْمِنُونَ بِاللّهِ وَلاَ بِالْيَوْمِ الآخِرِ وَلاَ يُحَرِّمُونَ مَا حَرَّمَ اللّهُ وَرَسُولُهُ وَلاَ يَدِينُونَ دِينَ الْحَقِّ مِنَ الَّذِينَ أُوتُواْ الْكِتَابَ حَتَّى يُعْطُواْ الْجِزْيَةَ عَن يَدٍ وَهُمْ صَاغِرُونَ

তোমরা যুদ্ধ কর আহলে-কিতাবের ঐ লোকদের সাথে, যারা আল্লাহ ও রোজ হাশরে ঈমান রাখে না, আল্লাহ ও তাঁর রসূল যা হারাম করে দিয়েছেন তা হারাম করে না এবং গ্রহণ করে না সত্য ধর্ম, যতক্ষণ না করজোড়ে তারা জিযিয়া প্রদান করে। [সুরা তাওবা - ৯:২৯]

উপর্যুক্ত আয়াতে ততদিন পর্যন্ত ক্বিতাল জারী রাখার আদেশ করা হয়েছে যতদিন না কাফেররা অবনত হয়ে জিযিয়া প্রদান করে। যদি ক্বিতালের উদ্দেশ্য শুধু তাবলীগের আইনী অনুমতি অর্জনই হত তবে বলা হত, 'যাবত না তারা তাবলীগের অনুমতি প্রদান করে'। কিন্তু জিযিয়া ওয়াজিব করা এবং এর পাশাপাশি তাদের অবনত হওয়ার উল্লেখ এ বিষয়ের সুস্পষ্ট প্রমাণ যে, তাদের প্রতিপত্তি বিলুপ্ত করাই আসল উদ্দেশ্য, যাতে কুফরের রাজনৈতিক প্রভুত্বের কারণে ভীতির যে পর্দায় মনমানস আচ্ছন্ন হয়ে আছে তা উন্মোচিত হয়, অতঃপর মানুষের জন্য ইসলামের সৌন্দর্যের প্রতি স্বাধীন ও মুক্ত মনে চিন্তা করার সুযোগ ঘটে। ইমাম রাযী রহ. এই আয়াতের আলোচনায় তাফসীরে কাবীরে বলেন,

لَيْسَ الْمَقْصُوْدُ مِنْ أَخْذِالْجِزْيَةِ تَقْرِيْرُهُ عَلَى الْكُفْرِ- بَلِ الْمَقْصُوْدُ مِنْهَا حَقْنُ دَمِهِ، وَإِمْهَالُهُ مُدَّةً، رَجَاءَ أَنَّهُ رُبَمَّا وَقَفَ فِي هٰذِهِ الْمُدَّةِ عَلَى مَحَاسِنِ الْإِسْلَامِ، وَقُوَّةِ دَلَائِلِهِ، فَيَنْتَقِلُ مِنَ الْكُفْرِ إِلَى الْإِيمَانِ ..... فَإِذَا أُمْهِلَ الْكَافِرُ مُدَّةً وَهُوَ يَشْهَدُ عِزَّالْإِسْلَامِ، وَيَسْمَعُ دَلَائِلَ صِحَّتِهِ، وَيُشَاهِدُ الذِّلَّ وَالصِّغَارَ فِي الْكُفْرِ فَالظَّاهِرُ أَنَّهُ يَحْمِلُهُ ذٰلِكَ عَلَى الْاِنْتِقَالِ إِلَى الْإِ سْلَامِ، فَهَذَا هُوَ الْمَقْصُوْدُ مِنْ شَرْعِ الْجِزْيَةِ-

'জিযিয়ার উদ্দেশ্য কাফেরকে কুফরীর হালতে বাকী রাখা নয়, বরং উদ্দেশ্য হল তাকে বাঁচিয়ে রেখে কিছু দিন সময় দেওয়া, যে সময়ের মধ্যে তার ব্যাপারে এই আশা হবে যে, সে ইসলামের সৌন্দর্য অবলোকন করে কুফর থেকে ইসলামের দিকে আসবে.......। অতএব যখন কাফেরকে কিছু দিন সময় দেওয়া হবে এবং সে ইসলামের প্রভাব দেখবে, তার সত্যতার দলীলসমূহ শুনবে এবং কুফরের লাঞ্ছনা দেখবে তখন এইসব বিষয় তাকে ইসলামের প্রতি অগ্রসর হওয়ার ব্যাপারে সাহায্য করবে। বস্তুতঃ জিযিয়া বিধিবদ্ধ হওয়ার উদ্দেশ্য এটিই।'

দ্বিতীয় যে বিষয়টি ভাবার তা হলো, রাসূলুল্লাহ ﷺ বা সাহাবায়ে কেরামের যুগে কোথাও কি একটি নযীরও এমন পাওয়া যায় যে, রাসূলুল্লাহ ﷺ বা সাহাবায়ে কেরাম কোনো রাষ্ট্রে জিহাদের পূর্বে কোনো তাবলীগী মিশন পাঠিয়েছেন এবং অপেক্ষা করে দেখেছেন যে, তারা তাবলীগী কাজ কর্মের অনুমতি দেয় কিনা? অতঃপর তাবলীগী কাজের অনুমতি দানে অস্বীকৃতি জানানোর ক্ষেত্রেই শুধু জিহাদ করেছেন?....... বলা বাহুল্য এমনটি কখনো হয়নি। উপর্যুক্ত আলোচনা থেকে এছাড়া আর কী ফলাফল বের করা সম্ভব যে, শুধু তাবলীগের অনুমতি লাভ করাই উদ্দ্যেশ্য ছিল না। অন্যথায় বহু রক্তক্ষয়ী লড়াই শুধু এই এক শর্ত দিয়েই বন্ধ করা সম্ভপর হত যে, মুসলমানদের তাবলীগের ব্যাপারে কোনরূপ প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না। কিন্তু অন্তত অধমের সীমাবদ্ধ অধ্যয়নে পুরো ইসলামী ইতিহাসের কোথাও এমন একটি ঘটনাও নেই যাতে এটুকু সুযোগ চেয়ে লড়াই বন্ধ করার ব্যাপারে আগ্রহ প্রকাশ করা হয়েছে। অথচ এর পরিবর্তে কাদেসিয়ার যুদ্ধের সময় মুসলমানগণ জিহাদ করার পিছনে নিজেদের যে উদ্দেশ্যের কথা ব্যক্ত করেছিলেন তা ছিল এই-

وَإِخْرَاجُ الْعِبَادِ مِنْ عِبَادَةِ الْعِبَادِ إِلٰى عِبَادَةِ اللهِ

'মানুষকে মানুষের দাসত্ব থেকে মুক্ত করে আল্লাহর দাসত্বে নিয়োজিত করা।' (কামিল, ইবনে আসীর খণ্ড ২, পৃ. ১৭৮)

অনুরূপ কুরআনে কারীমে ইরশাদ হয়েছে-

وَقَاتِلُوهُمْ حَتَّى لاَ تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ كُلُّهُ لِلّه

আর তাদের সাথে যুদ্ধ করতে থাক যতক্ষণ না ফেতনা শেষ হয়ে যায়; এবং যে সময় বিজয় সম্পূর্ণরূপে আল্লাহর হয়ে যায়। [সুরা আনফাল - ৮:৩৯]

এই আয়াতের তাফসীরে আমার পিতা হযরত মাওলানা মুফতী মুহাম্মাদ শফী রহ. লিখেন-
'দ্বীন অর্থ বিজয় ও কর্তৃত্ব। এই অর্থে আয়াতের তাফসীর এই হবে যে, মুসলমানদের জন্য কাফেরদের সাথে ঐ সময় পর্যন্ত লড়াই জারী রাখা উচিত যতক্ষণ না মুসলমানগণ তাদের অত্যাচার থেকে নিরাপদ হয়ে যায় এবং দ্বীনে ইসলামের বিজয় অর্জিত হয়, যাতে সে অন্যদের অত্যাচার থেকে মুসলমানদের রক্ষা করতে পারে।'
'এই তাফসীরের সারকথা হল, মুসলমানদের উপর ততক্ষণ পর্যন্ত ইসলামের দুশমনদের সাথে জিহাদ ও ক্বিতাল করা ওয়াজিব যতক্ষণ না মুসলমানদের উপরে তাদের অত্যাচারের ফিতনা বন্ধ হয় এবং ইসলাম সকল ধর্মের উপর বিজয়ী হয় এবং এই অবস্থা ক্বিয়ামতের নিকটবর্তী সময়ে সৃষ্টি হবে, তাই জিহাদের বিধানও ক্বিয়ামত পর্যন্ত চলমান থাকবে।' [মা'আরিফুল কুরআন খণ্ড ৪, পৃ. ২৩৩]

মোটকথা, জিহাদের উদ্দেশ্য শুধু তাবলীগের আইনগত অনুমতি লাভ করা নয়, বরং কাফেরদের প্রতিপত্তি বিলুপ্ত করে মুসলমানদের প্রতিপত্তি প্রতিষ্ঠা করা, যাতে একদিকে কোনো মুসলমানের প্রতি খারাপ দৃষ্টিতে তাকানোর সাহস তাদের না হয় এবং অন্যদিকে কাফেরদের প্রতিপত্তিতে ভীত সন্ত্রস্ত মানুষ এই মানসিক ভীতি থেকে মুক্ত হয়ে মুক্ত মনে ইসলামের সৌন্দর্য অনুধাবন করতে আগ্রহী হতে পারে। বাস্তবিকপক্ষে এই বিষয়টিও ইসলামের হেফাজতের উদ্দেশ্যই পূর্ণ করে। এজন্য যে উলামায়ে কেরাম জিহাদের জন্য 'হেফাযতে'র শব্দ অবলম্বন করেছেন, তাদের উদ্দেশ্যও তাই। মনে রাখতে হবে কুফরের প্রতিপত্তি বিলুপ্ত করা ও ইসলামের প্রতিপত্তি প্রতিষ্ঠা করা হেফাজতে ইসলামের একটি মৌলিক স্তম্ভ। অতএব এই মৌলিক স্তম্ভটিকে 'হেফাযত' এর আওতা থেকে কোনভাবেই বের করা যায় না।'

আমার মতে সকল বড় বড় আলেম জিহাদের উদ্দেশ্য এই বিষয়কেই সাব্যস্ত করেছেন। হযরত মাওলানা মুহাম্মাদ ইদরীস কান্দলবী রহ. লিখেন-

"জিহাদের আদেশ প্রদান করার পিছনে আল্লাহ তা'আলার উদ্দেশ্য এই নয় যে, এক মুহূর্তে সকল কাফেরের প্রাণ সংহার করা হবে, বরং উদ্দেশ্য হল, আল্লাহর দ্বীন পৃথিবীতে কর্তৃত্ববান হবে, মুসলমান মর্যাদার সাথে জীবন যাপন করবে এবং নিরাপত্তার সাথে আল্লাহর ইবাদত করতে সক্ষম হবে। কাফেরদের ব্যাপারে এই আশংকা থাকবে না যে তারা দ্বীনের ব্যাপারে কোন অসুবিধা সৃষ্টি করতে পারে। ইসলাম তার দুশমনদের অস্তিত্বের দুশমন নয়, বরং তাদের এমন প্রতিপত্তির দুশমন যা ইসলাম ও মুসলমানদের জন্য হুমকির কারণ হয়।" (সীরাতে মুস্তফা, খণ্ড ২ পৃ. ৩৮৮)
অন্যত্র লিখেন- "আল্লাহ তা'আলার বাণী-

وَقَاتِلُوهُمْ حَتَّىٰ لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ كُلُّهُ لِلَّهِ

আর তাদের সাথে যুদ্ধ করতে থাক যতক্ষণ না ফেতনা শেষ হয়ে যায়; এবং যে সময় বিজয় সম্পূর্ণরূপে আল্লাহর হয়ে যায়। [সুরা আনফাল - ৮:৩৯]

এই আয়াতে এই ধরণের জিহাদই উদ্দেশ্য। অর্থাৎ হে মুসলমান জাতি! তোমরা কাফেরদের সাথে ততক্ষণ পর্যন্ত লড়াই করতে থাক, যখন আর কুফরের ফিৎনা বিদ্যমান না থাকে এবং আল্লাহর দ্বীনের পূর্ণ কর্তৃত্ব প্রতিষ্ঠিত হয়।

এই আয়াতে ফিৎনা বলতে কুফরের শক্তি ও প্রতিপত্তির ফিৎনা উদ্দেশ্য। এবং وَيَكُونَ الدِّينُ كُلُّهُ لِلَّهِ থেকে দ্বীনের বিজয় ও কর্তৃত্ব উদ্দেশ্য। অন্য আয়াতে এসেছে لِيُظْهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهِ অর্থাৎ দ্বীনের এ পরিমান শক্তি ও কর্তৃত্ব অর্জিত হবে যে, কুফুরী শক্তির সামনে তার আর পরাস্ত হওয়ার সম্ভাবনা থাকবে না এবং দ্বীন ইসলাম কুফরের ফিৎনা থেকে পুরোপুরি নিরাপদ হয়ে যাবে। [প্রাগুক্ত খণ্ড ২ পৃ. ৩৮৬]

যদি শুধু তাবলীগের অনুমতি লাভের পর জিহাদের প্রয়োজন বাকী না থাকে তবে তো আজ দুনিয়ার অধিকাংশ দেশেই তাবলীগের অনুমতি আছে (এবং আমাদের দুর্ভাগ্য এই যে, অনুমতি না থাকলে কিছু মুসলিম দেশেই নেই) অতএব বলতে হবে এখন আর মুসলমানদের জন্য অস্ত্র ধারণ করার প্রয়োজন নেই। বিশ্ববাসীর মন মগজে তাদের প্রভাব প্রতিপত্তি বসতে থাকুক, তাদেরই নীতিমালা প্রচলিত হতে থাকুক, বিধি-বিধানও তাদেরই চলুক, তাদের ধ্যান-ধারণা, চিন্তা ও মতবাদই প্রচারিত হোক আর মুসলমানগণ শুধু এই নিয়ে পরিতৃপ্ত থাকুক যে, ঐসব অমুসলিম দেশে আমাদের মুবাল্লিগগণের প্রবেশাধিকারতো আর বন্ধ হয় নাই! প্রশ্ন হয়, যে পৃথিবীতে কুফর তার ক্ষমতা ও কর্তৃত্বের জয়ভেড়ী বাজিয়ে চলেছে সেখানে যদি আপনাকে তাবলীগের অনুমতি প্রদান করা হয়, তবে কয়জন লোক এমন পাবেন যারা এই তাবলীগকেই স্থির চিত্তে শোনার জন্য এবং তাতে চিন্তা ফিকির করার জন্য প্রস্তুত হবে?

যে পরিবেশে রাজনৈতিক শক্তি ও ক্ষমতার সাহায্যে ইসলাম ও তার শিক্ষার পুরো বিপরীত চিন্তা ভাবনা পূর্ণ শক্তিতে প্রচারিত হচ্ছে এবং এসবের প্রচারের জন্য এমন সব মাধ্যমও ব্যবহৃত হচ্ছে যা মুসলমানদের পক্ষে ব্যবহার করা সম্ভব নয়, সেখানে তাবলীগের অনুমতি লাভ হলেও তা কী পরিমাণ ফলদায়ক হতে পারে?

হ্যাঁ যদি ইসলাম ও মুসলমানদের এমন শক্তি সামর্থ অর্জিত হয়ে যায় যার মোকাবেলায় কাফেরের শক্তিমত্তা পরাস্ত হয় বা অন্তত তারা ঐ ফিৎনা সৃষ্টি করতে সক্ষম না হয় যা ইতঃপূর্বে উল্লেখিত হয়েছে তো সেক্ষেত্রে অমুসলিম রাষ্ট্রসমূহের সাথে নিরাপত্তা চুক্তির মাধ্যমে শান্তি বজায় রাখা জিহাদের বিধানের পরিপন্থি নয়। অনুরূপ যে পর্যন্ত কুফরের প্রতিপত্তি নির্মূল করার মত প্রয়োজনীয় শক্তি মুসলমানদের অর্জিত না হয় ততদিন পর্যন্ত শক্তি অর্জনের পাশাপাশি অন্যান্য রাষ্ট্রের সাথে নিরাপত্তা চুক্তিতে আবদ্ধ হওয়াও নিঃসন্দেহে জায়েয। মোটকথা অমুসলিমদের সাথে শান্তি চুক্তি দুই অবস্থায় হতে পারে।

ক. যে সব রাষ্ট্রের শক্তি মুসলমানদের শক্তির জন্য বিপজ্জনক নয় তাদের সাথে সন্ধিমূলক ও নিরাপত্তা চুক্তি করা যেতে পারে, যাবৎ না তারা দ্বিতীয়বার মুসলমানদের প্রভাব প্রতিপত্তির জন্য হুমকি হয়ে দাঁড়ায়।

খ. মুসলমানদের কাছে সশস্ত্র জিহাদের সামর্থ না থাকলে সামর্থ অর্জিত হওয়া পর্যন্ত চুক্তিবদ্ধ থাকা যেতে পারে।"
[ফিকহী মাক্বালাত, খণ্ড ৩ পৃ: ৩৫১]

• জিহাদের বিধান কি বিশেষ পরিবেশ পরিস্থিতির কারণে ছিল?

এই প্রশ্নের জবাবে হযরত মাওলানা মুফতী আব্দুল মালেক সাহেব দা.বা. 'কিতাবুল জিহাদ' কিতাবের ভূমিকায় ৪৭-৫১ নং পৃষ্ঠায় লিখেন-

"জিহাদের হাকীকত, লক্ষ্য-উদ্দেশ্য ও এর বিধানাবলী সম্পর্কে যিনিই অবহিত হবেন তিনিই নিঃসংশয় হবেন যে, জিহাদ একটি অতি গুরুত্বপূর্ণ 'আলমী ইসলাহী' (আন্তর্জাতিক সংশোধনমূলক) দায়িত্ব, জিহাদের ফরযিয়্যত এখনও

বাকী আছে এবং কিয়ামত পর্যন্ত বাকী থাকবে এবং তা আল্লাহ ও তাঁর রাসূলের নিকট অতি পছন্দনীয় আমল সমূহের অন্যতম।

ইরশাদ হয়েছে-

قُلْ إِن كَانَ آبَاؤُكُمْ وَأَبْنَآؤُكُمْ وَإِخْوَانُكُمْ وَأَزْوَاجُكُمْ وَعَشِيرَتُكُمْ وَأَمْوَالٌ اقْتَرَفْتُمُوهَا وَتِجَارَةٌ تَخْشَوْنَ كَسَادَهَا وَمَسَاكِنُ تَرْضَوْنَهَا أَحَبَّ إِلَيْكُم مِّنَ اللهِ وَرَسُولِهِ وَجِهَادٍ فِي سَبِيلِهِ فَتَرَبَّصُواْ حَتَّى يَأْتِيَ اللهُ بِأَمْرِهِ وَاللهُ لاَ يَهْدِي الْقَوْمَ الْفَاسِقِينَ

বল, তোমাদের নিকট যদি তোমাদের পিতা, তোমাদের সন্তান, তোমাদের ভাই, তোমাদের পত্নী, তোমাদের গোত্র তোমাদের অর্জিত ধন-সম্পদ, তোমাদের ব্যবসা যা বন্ধ হয়ে যাওয়ার ভয় কর এবং তোমাদের বাসস্থান-যাকে তোমরা পছন্দ কর- আল্লাহ, তাঁর রাসূল ও তাঁর রাহে জিহাদ করা থেকে অধিক প্রিয় হয়, তবে অপেক্ষা কর, আল্লাহর বিধান আসা পর্যন্ত, আর আল্লাহ ফাসেক সম্প্রদায়কে হেদায়েত করেন না। [সুরা তাওবা - ৯:২৪]

অন্যত্র ইরশাদ হয়েছে-

يَـٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُواْ هَلْ أَدُلُّكُمْ عَلَىٰ تِجَـٰرَةٍ تُنجِيكُم مِّنْ عَذَابٍ أَلِيمٍ ۝١٠ تُؤْمِنُونَ بِٱللَّهِ وَرَسُولِهِۦ وَتُجَـٰهِدُونَ فِى سَبِيلِ ٱللَّهِ بِأَمْوَٰلِكُمْ وَأَنفُسِكُمْ ۚ ذَٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ إِن كُنتُمْ تَعْلَمُونَ ۝١١ يَغْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ وَيُدْخِلْكُمْ جَنَّاتٍ تَجْرِي مِن تَحْتِهَا الْأَنْهَارُ وَمَسَاكِنَ طَيِّبَةً فِي جَنَّاتِ عَدْنٍ ذَٰلِكَ الْفَوْزُ الْعَظِيمُ

"মুমিনগণ, আমি কি তোমাদেরকে উত্তম ব্যবসার সন্ধান দিব না, যা তোমাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তি থেকে মুক্তি দিবে? তা এই যে, তোমরা আল্লাহ ও তাঁর রসূলের প্রতি বিশ্বাস স্থাপন করবে এবং আল্লাহর পথে নিজেদের ধন-সম্পদ ও জীবনপণ করে জিহাদ করবে। এটাই তোমাদের জন্যে উত্তম; যদি তোমরা বুঝ। আল্লাহ তোমাদের পাপসমূহ ক্ষমা করবেন এবং তোমাদেরকে প্রবেশ করাবেন জান্নাতে, যার পাদদেশে ঝর্ণাসমূহ প্রবাহিত এবং স্থায়ী জান্নাতের উত্তম বাসগৃহে। আর এটাই মহাসাফল্য।" (সূরা আস সাফ ৬১: ১০-১২)

হাদীস শরীফে ইরশাদ হয়েছে-

والذي نفسي بيده لوددت أني أقتل في سبيل الله، ثم أحيا، ثم أقتل، ثم أحيا، ثم أقتل، ثم أحيا ثم أقتل

"সে সত্তার শপথ যাঁর হাতে মুহাম্মাদের জান! অবশ্যই আমি আশা করি: আমি আল্লাহর রাস্তায় জিহাদে যাব এবং এতে শহীদ হয়ে যাব, এরপর আবার জিহাদে যাব এবং আবার শহীদ হবো, এরপর আবার জিহাদে যাব এবং আবার শহীদ হয়ে যাবো।" (বুখারী-৩১২৩ এবং মুসলিম-১৮৭৬)

মোট কথা, জিহাদের ফযীলত সংক্রান্ত আয়াতে কুরআনের পৃষ্ঠাসমূহ পরিপূর্ণ এবং শত শত সহীহ হাদীসে এর ফযীলত উল্লেখিত হয়েছে।

কিন্তু ইসলামী শিক্ষা ও নির্দেশনা থেকে দূরত্বের কারণে অথবা না জানি অন্য কী কারনে কোন কোন লোককে বলতে শোনা যায় যে, 'যেহেতু তখন ক্বিতাল ছাড়া ক্ষমতার পট পরিবর্তনের অন্য কোনো মাধ্যম ছিলনা, তাই ইসলাম এই পন্থাটিকেই বহাল রেখেছে; কিন্তু বর্তমান অবস্থা ভিন্ন' অর্থাৎ এখন রাজনৈতিক কর্ম প্রচেষ্টার মাধ্যমেই ক্ষমতা দখল করে পৃথিবীতে ইসলামের মর্যাদা ও কর্তৃত্ব স্থাপন সম্ভব। অতএব এখন জিহাদের প্রয়োজন নেই। জিহাদের বিধান মানসুখ বা রহিত হয়ে যাওয়াই উচিত।' (নাউযুবিল্লাহি মিন যালিক)

কেউ কেউ তো এ ধারণাও প্রকাশ করেছে যে, 'যে সরকার তার নিজের দেশে দাওয়াত ও তাবলীগের অনুমতি প্রদান করে তাদের সাথে ইক্বদামী বা আক্রমণাত্মক জিহাদ করা উচিত নয়, বিশেষত বর্তমান বিশ্ব প্রেক্ষাপটে, যখন সাম্রাজ্যবাদকে নিন্দার দৃষ্টিতে দেখা হয়, কিন্তু যখন রাজ্যজয়ের সাধারণ প্রচলন ছিল এবং এ বিষয়টি রাজ রাজড়ার কীর্তি ও গুণাবলির মধ্যে পরিগণিত হত তখনকার কথা ভিন্ন। যেসব ইক্বদামী জিহাদের ঘটনাবলীতে ইসলামী ইতিহাস পরিপূর্ণ তা সবই ঐ সময়কার।'

এই দুইটি মত যে ভ্রান্ত এবং কিতাব ও সুন্নাহর জিহাদ সংক্রান্ত নির্দেশনাবলী এবং শরীয়তের ইজমায়ী বিধানাবলীর পরিপন্থি তা তো একেবারেই স্পষ্ট কিন্তু লক্ষ্যনীয় ব্যাপার হল, এই দুই মতের মধ্যে অজান্তেই ইসলামী শরীয়তের প্রতি কত বড় অপবাদ আরোপ করা হল যে, একটি সাময়িক বা পারিপার্শ্বিক পরিস্থিতির কারণে সৃষ্ট বিধানকে ইসলামী শরীয়ত কিয়ামত পর্যন্ত সময়ের জন্য চলমান একটি বিধান বানিয়ে দিয়েছে এবং তার এত এত ফাযাইল বর্ণনা করেছে এবং এর প্রতি এত বেশি উদ্বুদ্ধ করেছে, যদ্দরুন তা একটি সাময়িক বিধান নয়, বরং চিরন্তন বিধান হওয়া সন্দেহাতীত ভাবে প্রমাণিত হচ্ছে।

আর দ্বিতীয় মতটিতো আরো বেশি ভয়াবহ। হযরত মাওলানা মুফতী মুহাম্মাদ তাক্বী উসমানী (দা.বা.) এর ভাষায়, 'যদি এই মতটি ঠিক ধরে নেওয়া হয় তবে এর অর্থ এই হবে যে, কোন বস্তু ভালো বা মন্দ হওয়ার জন্য ইসলামের নিজস্ব কোনো মাপকাঠি নেই। যদি কোনো যুগে কোনো একটি মন্দ বিষয়কেও 'ভালো ও কীর্তিমূলক' গণনা করা হয় তবে ইসলামও তার অনুসরণ করে এবং যে যুগে মানুষ একে মন্দ মনে করে ইসলামও সেখানে থেমে যায়!

প্রশ্ন হল, 'ইক্বদামী জিহাদ' কোনো ভালো বিষয় কিনা? যদি ভালো হয় তবে মুসলমান এ থেকে শুধু এজন্য কেন বিরত থাকবে যে, আজকাল সাম্রাজ্যবাদকে নিন্দার দৃষ্টিতে দেখা হয়? আর যদি বিষয়টি আসলেই ভালো না হয় তবে বিগত সময়ে ইসলাম কেন এ কাজ থেকে বাধা প্রদান করে নাই? ইসলাম কি শুধু এজন্যই একে অবলম্বন করেছিল যে, তা রাজা বাদশার কীর্তির মধ্যে পরিগণিত হত?

আমার মতে, ইসলামী ইতিহাসের ইক্বদামী জিহাদসমূহের এই ব্যাখ্যা নিতান্তিই ভুল ও বাস্তবতাবিরোধী। বাস্তব কথা হল, কুফরের প্রতিপত্তি খর্ব করার জন্য ঐ যুগেও জিহাদ করা হয়েছে যখন তা "রাজ রাজড়ার কীর্তি হিসেবে পরিগণিত হত" কিন্তু তা এজন্য হয় নাই যে, ঐ যুগে তার ব্যাপক প্রচলন ছিল, বরং এজন্য ছিল যে, আল্লাহর দ্বীনের প্রতিপত্তি প্রতিষ্ঠার জন্য এই বিষয়টি বাস্তবিক পক্ষেই উপযোগী ও ভালো। অন্যথায় রাজা বাদশাহর বীরত্ব প্রদর্শনের মধ্যে তো এও পরিগণিত হত যে, তারা জয়ের নেশায় চুর হয়ে নারী, শিশু ও বৃদ্ধদেরও রেহাই দিত না কিন্তু ব্যাপক প্রচলনের কারণে এসব বিষয়কে ইসলাম কখানো সমর্থন করে নাই, বরং লড়াইয়ের এমন সব বিধি-নিষেধ ও সীমা-রেখা নির্ধারণ করেছে এবং বাস্তবক্ষেত্রে তা অনুসরণ করে দেখিয়েছে যা তখনকার রাজা বাদশার কল্পনারও অতীত ছিল বরং তা ঐসব নিপীড়িত মানবশ্রেণির জন্যও অকল্পনীয় ছিল যারা শুধু রাজা বাদশার এ জাতীয় জুলুম অত্যাচারে কেবল অভ্যস্তই ছিলনা বরং এর প্রশংসায় পঞ্চমুখ ছিল।

যে উদ্দেশ্যে ইক্বদামী জিহাদ অতীতে জায়েয ছিল ঠিক সেই একই উদ্দেশ্যে আজও তা জায়েয এবং শুধু এজন্য এই বৈধতাকে আড়াল করার কোনো অর্থ নেই যে, "এটম বোমা" ও "হাইড্রোজেন বোমা" আবিষ্কার ও উৎপাদনকারী শান্তিপ্রিয়(?) ব্যক্তিবর্গ একে নিতান্তই অপছন্দ করেন এবং এতে ঐসব মহান(?) ব্যক্তিবর্গের নাক-মুখ কুঁচকে যায়, যাদের নিক্ষিপ্ত গোলামীর জিঞ্জিরে এশিয়া ও আফ্রিকার অধিকাংশ জাতির শরীর রক্তে রঞ্জিত।

মূলতঃ এই বিষয়টিও কুফরের প্রভাব প্রতিপত্তিরই অবাঞ্ছিত ফলাফল বলে আমার বিশ্বাস যে, মানুষ ভালো মন্দ নির্ধারণের মাপকাঠিও এই বিশ্বব্যাপী প্রচারণাকেই বানিয়ে নিয়েছে যা দিনকে রাত ও রাতকে দিন করে মানুষের মন মগজে স্থাপন করছে এবং শুধু অমুসলিমই নয় খোদ মুসলমানরাও এই প্রচারণায় কাবু হয়ে নিজেদের দ্বীন ও ধর্মের বিধানাবলীর ব্যাপারে ওজরখাহীর পথ অবলম্বন করতে আরম্ভ করেছে। যদি অন্যায়, অসত্যের এই প্রতিপত্তিকে চুরমার করা "সাম্রাজ্যবাদের" সংজ্ঞায় আসে তবে এ জাতীয় সাম্রাজ্যবাদের অভিযোগ পূর্ণ আত্মবিশ্বাসের সাথে মাথা পেতে গ্রহণ করা উচিত। এমন হওয়া উচিত নয় যে, আমরা ঐসব অভিযোগকারীদের সামনে হাত জোড় করে দাঁড়িয়ে যাব এবং বলব, জনাব! যখন আপনি ইক্বদামী জিহাদকে নন্দিত মনে করতেন তখন আমরাও তা ভালো মনে করতাম এবং তা কর্মে রূপ দিতাম এবং যখন আপনি আপনার লিখনীতে এবং শুধুই লিখনীতে একে মন্দ বলছেন এবং শুধুই বলছেন তখন আমরাও একে নিন্দিত মনে করছি এবং নিজেদের জন্য একে হারাম করে নিচ্ছি। এ জাতীয় চিন্তারীতির সাথে একমত হওয়া এই অধমের পক্ষে কখনো সম্ভব নয়।" [ফিকহী মাক্বালাত, খঃ ৩ পৃ. ৩০২-৩০৫]

মোটকথা, জিহাদের উভয় প্রকার, ইক্বদামী ও দিফায়ী ইসলামের চিরন্তন ফরযসমূহের অন্যতম। যতদিন পর্যন্ত ভূ-পৃষ্ঠে কুফর ও শিরকের প্রভাব প্রতিপত্তির ফিৎনা বিদ্যমান থাকবে ততদিন পর্যন্ত সত্য-ন্যায়ের বিজয় নিশ্চিত করার জন্য জিহাদের দায়িত্বও অবশ্য-পালনীয় থাকবে।

রাসূলুল্লাহ সাﷺ. ইরশাদ করেছেন,

اَلْجِهَادُ مَاضٍ مِنْهُ بَعَثَنِيَ اللهُ إِلى أَنْ يُقَاتِلَ آخِرُ أُمَّتِى الدَّجَّالَ، لَا يُبْطِلُه عَدْلُ عَادِلٍ وَلَا جَوْرُ جَائِرٍ

"আমার প্রেরিত হওয়ার সময় থেকে নিয়ে আমার উম্মতের শেষ ভাগ দাজ্জালের সাথে লড়াই করা পর্যন্ত জিহাদ চলমান থাকবে। কোন ন্যায়পরায়ণ শাসকের ন্যায়পরায়ণতা এবং কোনো জালেমের জুলুম একে রহিত করবে না।" [সুনানে আবু দাউদ ১/৩৪৩]

আল্লাহ তা'আলা আমাদেরকে সঠিকভাবে বুঝার এবং আমল করার তাওফীক দান করুন।

ইসলাহী মেহনত করনেওয়ালা সাথীদেরকে শয়তানের ধোঁকা:

• এটি আমাদের কেমন বিচার!

আমরা যারা ইসলাহী মেহনত করি, তারা কেউ কেউ মনে করি, যারা নিজেদের সোহাগিনী ও প্রাণ-প্রিয়া স্ত্রীদের ছেড়ে, কলিজার টুকরা আদরের সন্তানদের ছেড়ে, মমতাময়ী মায়ের আচলকে উপেক্ষা করে, পিতার স্নেহ হতে নিজেদেরকে বঞ্চিত করে, খেয়ে না খেয়ে, পরে না পরে, গুহার আঁধারে রাত্রিযাপন করে, জিহাদের তপ্ত ময়দানে নিজের বুকের তাজা রক্ত ঢেলে দিচ্ছে, তারা ছোট জিহাদ (জিহাদে আসগর) করছে; আর আমরা যারা স্ত্রী সন্তান-পিতা-মাতা নিয়ে আনন্দ-ফূর্তিতে লিপ্ত, তিন বেলা পেট পুরে আহার করছি, ফ্যান-এসি, গ্যাস-বিদ্যুৎ আর রঙ-বেরঙের আলোকসজ্জায়, সকল সুবিধা নিয়ে শহরের পাকা বাড়িতে মজ-মাস্তি করছি, আর যেহেতু আমি অমুক পীর সাহেবের হাতে বাইয়াত হয়েছি, নফসের মুজাহাদা করছি, তাই আমি বড় জিহাদ (জিহাদে আকবর) করছি।

প্রিয় ভাই! একটু চিন্তা করে দেখুন তো, কেমন বিচার আমাদের!

যেই হাদীসটির উপর ভিত্তি করে এই দাবী করা হয়, তা হল-
বলা হয় যে, নবীজী ﷺ এক জিহাদ হতে ফিরে এসে বলেছিলেন,

رَجَعْنَا مِنَ الْجِهَادِ الْأَصْغَرِ إِلَى الْجِهَادِ الْأَكْبَرِ قَالُوْا وَمَا الْجِهَادُ الْأَكْبَرِ قَالَ جِهَادُ الْقَلْبِ

"আমরা জিহাদে আসগর/ময়দানের জিহাদ হতে জিহাদে আকবর/বড় জিহাদের দিকে ফিরে এলাম।" সাহাবায়ে কেরাম জিজ্ঞাসা করলেন, ইয়া রাসূলুল্লাহ ﷺ ! বড় জিহাদ কোনটি? তিনি ﷺ বললেন, কলবের তথা অন্তরের জিহাদ।" অথচ, অনেক উলামায়ে কেরামের মতে এটি একটি জাল হাদীস; আল্লামা ইবনে তাইমিয়া রহ. বলেন, এই হাদিসের কোন ভিত্তি নেই। (তানজীমুল আশতাত, খণ্ড ১, পৃ. ৬৯; তাফসীরে বাইযাবি)

ইবনে হাজার আসকালানী রহ. বলেন, এটি কোন হাদীস-ই নয়, বরং এটি ইবরাহীম ইবনে আবলাহ্ নামক এক ব্যক্তির বাণী। (মাওযুআতে কুবরা, মোল্লা আলী ক্বারী রহ.,পৃ. ১২৭)

তারপরও যদি ধরে নেই এটি একটি হাদীস, তথাপি সেই হাদীসের অর্থ না বুঝে, আমরা এতবড় একটা অবিচার দ্বীনের মুজাহিদীনদের সাথে করতে পারি না, তাদের উপর এমন একটি অপবাদ চাপিয়ে দিতে পারি না- "তারা ময়দানে ছোট জিহাদ করছে আর আমরা ঘরে বসে বড় জিহাদ করছি।" এই ব্যাপারে আমি নিজে কিছু বলতে চাইনা। কেননা, এই ব্যাপারে আমি কিছু বললে, সালেকীন ভাইয়েরা হয়ত আমার কথা গ্রহণ নাও করতে পারেন, তাই এই ব্যাপারে পীর-মুরীদীর লাইনে শীর্ষ একজন আলেম, যিনি হিন্দুস্তানে আধ্যাত্মিক মেহনতের রাহবার, হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত শাহ আশরাফ আলী থানবী রাহিমাহুল্লাহর এই ব্যাপারে একটি বিখ্যাত উক্তি আছে সেটিই উল্লেখ করতে চাই।

তিনি বলেন,

آج کال عام طور پر لوگ یہ سمجھتے ہیں کہ قتال مع الکفار جہاد اصغر ہے اور مجاہدۂ نفس جہاد اکبر ہے گویا کہ قتال مع الکفار کو علی الاطلاق اس مجاہدۂ نفس سے جو خلوت میں ہو درجہ میں گھٹا ہوا سمجھتے ہیں، حالانکہ یہ صحیح نہیں بلکہ اس میں تفصیل ہے ،وہ یہ کہ قتال مع الکفار اگر بلا اخلاص ہے تب تو واقع میں وہ مجاہدۂ نفس سے درجہ میں کم ہے، وہ مجاہدۂ نفس اس سے افضل ہے،اور ایسے قتال مع الکفار کو جہاد اصغر اور اس کے مقابلہ میں مجاہدۂ نفس کو جہاد

اکبر کہا گیا

لکین قتال مع الکفار اخلاص کے ساتھ ہو تو ایسے حالت میں قتال مع الکفار کو جہاد اصغر کہنا غیر محققین صوفیہ کا گلو ہے بلکہ ایسا قتال مع الکفار جہاد اکبر ہی ہے، اور ایسا قتال اس مجاہدۂ نفس سے جو خلوت میں ہوا فضل ہے، کیونکہ جو قتال مع الکفار اخلاص کے ساتھ ہو غاوہ مجاہدۂ نفس کو بھی شامل ہو گا، ایسے قتال کے اور دونوں جہاد کی فضیلت جمع ہو جائیگی-)الافاضت الیومیہ جلد ۴ قط ۸۲ ملفوظ ۱۰۴۱

“আজকাল সাধারণভাবে মানুষের ধারণা এই যে, কাফেরদের সাথে লড়াই করা জিহাদে আসগর (ছোট জিহাদ) এবং নফসের মুজাহাদা (কুপ্রবৃত্তির দমন ও আত্মশুদ্ধি) জিহাদে আকবর (বড় জিহাদ)। যেন তারা নিভৃতে নফসের মুজাহাদায় নিমগ্ন হওয়া থেকে কাফেরদের সাথে লড়াই করাকে সকল ক্ষেত্রেই নিম্নমানের মনে করে। এই ধারণা ঠিক নয়। বরং বাস্তব কথা হলো, কাফেরদের সাথে লড়াই করা ইখলাস শূন্য হলে বাস্তবিকপক্ষেই তা নফসের মুজাহাদা থেকে নিম্নমানের কাজ। এ ধরণের লড়াইকেই জিহাদে আসগর এবং বিপরীতে নফসের মুজাহাদাকে জিহাদে আকবর বলা হয়েছে।

কিন্তু কাফেরদের সাথে লড়াই যদি ইখলাসপূর্ণ হয় তবে এই লড়াইকে জিহাদে আসগর বলা গাইরে মুহাকক্বিক (অগভীর জ্ঞানের অধিকারী), সুফীদের বাড়াবাড়ি, বরং এই লড়াই অবশ্যই জিহাদে আকবর এবং তা (ময়দানে ইখলাসের সাথে জিহাদ ফী সাবিলিল্লাহ করা) নিভৃতে নফসের মুজাহাদায় নিমগ্ন হওয়া থেকে উত্তম। কেননা যে লড়াই ইখলাসপূর্ণ হবে তাতে নফসের মুজাহাদাও বিদ্যমান থাকবে। সুতরাং এতে উভয় জিহাদের ফযীলতই একত্রিত হচ্ছে।” (আল ইফাযাতুল ইয়াওমিয়্যাহ খঃ ৪, হিস্সা: ৫, পৃঃ ৮২, মালফূয, ১০৪১)

প্রিয় ভাই! সবচেয়ে বড় কথা হলো, সাহাবায়ে কেরাম আমাদের মতো কোনো দিন ‘জিহাদে আকবরের’ ওযর দেখিয়ে সশস্ত্র জিহাদকে ত্যাগ করে ঘরে বসে থাকেননি, আর মনে করেননি যে, আমরা নফসের বিরুদ্ধে জিহাদ করেই ময়দানের সওয়াব হাছিল করছি।

• জিহাদ-ই উম্মতে মুহাম্মাদীর সন্ন্যাসবাদ!

প্রিয় ভাই! আমরা যারা সুলূকের (আত্মশুদ্ধির) লাইনে মেহনত করে থাকি, তারা একটু খেয়াল করি, হযরত আশরাফ আলী থানবী রাহিমাহুল্লাহর “যে লড়াই ইখলাসপূর্ণ হবে তাতে নফসের মুজাহাদাও বিদ্যমান থাকবে।”-এ কথার ব্যাখ্যা কী?

আমরাতো নফসের সাথে কম খাওয়া, কম ঘুমানো, কম কথা বলা, কম মিলামিশা করা ইত্যাদির মেহনতই করে থাকি, যেন আমাদের নফস দুর্বল হয়, আমরা গুনাহমুক্ত হতে পারি, তাইনা?

আমরা যখন জিহাদের ময়দানে থাকব, তখন স্বাভাবিক ভাবেই খাবার দাবারের কষ্ট করতে হবে, নিজের বাসার মত হয়তো এতটা সুখের হবে না! (এটি হলো কম খাওয়ার মেহনত)।

ময়দানে আমাকে ‘রিবাত’ তথা সীমানা পাহারা দেয়া, কিংবা ছামানা ও অস্ত্র-শস্ত্র পাহারা দেয়া, নৈশকালীন অভিযান, এক স্থান ত্যাগ করে অন্য স্থানে গমন, নরম বিছানা নেই, মাটি কিংবা পাথরের উপর পিঠ স্থাপন, ফ্যান-এসির অভাব, পোকা-মাকড় ও মশার কামড়, যে কোনো সময় শত্রুর আক্রমণ/বোম্বিং-এর ভয় ইত্যাদি সবকিছু মিলে আমি খুব কমই হয়ত শান্তি বা পরিপূর্ণ তৃপ্তির ঘুম ঘুমাতে পারব! (এ হলো কম ঘুমানোর মেহনত)।

ময়দানে যখন আমি সর্বদা মাথার উপর মৃত্যুকে দেখব, তখন আমার পেট থেকে খোশগল্প বের হবে না। বরং সর্বদা আমার ক্বলবে জিকির জারি থাকবে। সেই সময়টির কথা একটু কল্পনা করুন তো ভাই, যখন একটু পরেই আমরা কোনো অভিযানে বের হব। ফিরে আসতে পারবো কিনা গ্যারান্টি নেই। হয়ত আজকের দিনটিই আমার যিন্দেগীর শেষ দিন। হয়ত এই ওয়াক্তের নামাযটাই আমার জীবনের শেষ নামায। প্রতি পদে পদে মৃত্যুর হাতছানি! তখন আমার থেকে কি অহেতুক খোশগল্প আর আজেবাজে কথা আশা করা যায়? আমার চেহারায় কি গাম্ভীর্য ফুটে উঠবে না? এটি ‘নিরহঙ্কারপূর্ণ গাম্ভীর্য’। (এই হলো কম কথা বলা এবং অধিক পরিমানে আল্লাহর জিকির ও মৃত্যুর স্মরণ করার মেহনত)।

আর ময়দানে আসার আগে আমি তো আমার স্ত্রী-সন্তান-সন্ততি, পিতা-মাতা-বন্ধু-বান্ধব ছেড়েই আসব, তাইনা? তাহলে অধিক মেলামেশার সম্ভাবনা কোথায়? ময়দানের সাথীদের সাথে যে মিলামিশা হবে সেটি তো হবে নিয়ন্ত্রিত। (এটি হলো কম মিলা-মিশার মেহনত)।

ময়দানে তো আমরা রাস্তা-ঘাটের বেপর্দা মহিলাদের কম দেখবো, গান-বাদ্য আর অশ্লীল কথা শুনবো না, কম খাওয়া আর কম ঘুম, চব্বিশ ঘন্টা মৃত্যু ও আখিরাতের চিন্তা, এসব পারিপার্শ্বিকতার চাপে পড়ে আমার নফস্ এমনি ‘সোজা’ হয়ে যাবে, ইনশাআল্লাহ্। আলাদা ভাবে নফসের মুজাহাদার প্রয়োজন পড়বে না। তাছাড়া ময়দানে আমি যখন নিজের চোখে আল্লাহ তা‘আলার সাহায্য দেখব, দেখব যে শহীদদের লাশ পঁচে-গলে যাচ্ছে না, রক্ত লাল কিন্তু ঘ্রাণ অপার্থিব কোনো মেশকের, হাস্যোজ্জ্বল শুহাদাদের চেহারা, চিন্তা করুন তো, তখন আমার ঈমান কেমন হবে? এগুলো কি ঘরে বসে থেকে অর্জন করা সম্ভব, ভাই? কক্ষনো নয়।

عَنْ أَبِي أُمَامَةَ، أَنَّ رَجُلاً، قَالَ يَا رَسُولَ اللَّهِ ائْذَنْ لِي فِي السِّيَاحَةِ . قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم :إِنَّ سِيَاحَةَ أُمَّتِي الْجِهَادُ فِي سَبِيلِ اللَّهِ تَعَالَى

আবু উমামাহ রাদি. থেকে বর্ণিত, এক ব্যক্তি বললো, হে আল্লাহর রাসূল! আমাকে সন্ন্যাসী জীবন অবলম্বনের অনুমতি দিন। নবী করীম ﷺ বললেন, “আমার উম্মতের সন্ন্যাসবাদ হল- মহান আল্লাহর পথে জিহাদ করা।” (সুনানে আবু দাউদ, হাদীস নং ২৪৮৬)

অর্থাৎ বৈরাগ্য সাধনার জন্য, কৃচ্ছ্রতা সাধনের জন্য চিরকুমার সেজে, পরিবার পরিজন ছেড়ে, খাল্ওয়াতের (একাকীত্বের) উদ্দেশ্যে বনে জঙ্গলে পাড়ি জমানোর প্রয়োজন এই উম্মতের নেই। জিহাদের মাঝেই রয়েছে উম্মতের জন্য বৈরাগ্য। বৈরাগ্য সাধনার সকল উপাদান জিহাদে বর্তমান রয়েছে, আলহামদুলিল্লাহ। এটিই উম্মতের জন্য শ্রেষ্ঠ কৃচ্ছ্রতার সাধনা।

• সেই সময়টির কথা মনে করুন তো!

প্রিয় ভাই! আমাদের জীবনে কখনো কি এমন একটি সময় এসেছে, যখন আমরা আমাদের প্রিয়তমা স্ত্রীর কাছ থেকে চির বিদায় নিয়ে, কলিজার টুকরা সন্তানের মমতার গলায় ছুরি চালিয়ে, মায়ের আদরের কোলকে ছিন্ন-বিচ্ছিন্ন করে, পিতার মমতাময় বুককে ‘না’ বলে আল্লাহর হুকুমে আল্লাহর একটি ফরয হুকুম ‘জিহাদ ফী সাবীলিল্লাহ্’র জন্য ময়দানে পাড়ি জমিয়েছি? এসেছে কি এমন একটি কঠিন পরীক্ষার মুহূর্ত আমাদের জীবনে?? চেখে দেখেছি কি এমন একটি ‘মৃত্যুযন্ত্রণাসম’ অভিজ্ঞতা???

এমন একটি সময় যার জীবনে একবার এসেছে, সে অবশ্যই বুঝেছে, 'নফসের সাথে মুজাহাদা' নামক বস্তুটি কী জিনিস! জিহাদের জন্য যে কুরবানী পেশ করতে হয়, আর যা কিছু হারাতে হয়, তা তো সারা জীবনের জন্য হারানো! আর এই হারানোর বেদনাও আজীবনের!

অন্যদিকে, ঘরে বসে নফসকে যে সকল মুজাহাদার সম্মুখীন হতে হয়, তার কষ্ট তো ক্ষণস্থায়ী। আমি যতই একাকীত্ব অবলম্বন করি না কেন, আমার নফস জানে, দিন শেষে আমি আমার পরিবার পরিজনের কাছে ফিরে আসবো। আমি যতই কম খাইনা কেন, আমার নফস জানে আমার এই সাধনা একদিন অবশ্যই শেষ হবে। আমি যতই কম ঘুমাই না কেন আমার নফস জানে একসময় আমি দুর্বল হয়ে প্রয়োজন মতো ঘুমাবোই।

কিন্তু জিহাদের ক্ষেত্রে???

হয়তো এই বের হওয়াই আমার জীবনের শেষ বের হওয়া। একটু চিন্তা করুন তো ভাই- আপনি পরিবার থেকে বিদায় নিয়ে আল্লাহর রাস্তায় বের হচ্ছেন, হয়তো এই দেখাটাই শেষ দেখা, আপনার প্রাণপ্রিয়া স্ত্রীর উপর এই দৃষ্টিটিই শেষ দৃষ্টি! যাকে ছাড়া আপনার ঘুম আসতো না, যার দেহের পরশ ছাড়া আপনার শরীরের ক্লান্তি দূর হতো না, যাকে ছাড়া জীবনটাই ছিল অর্থহীন, বিস্বাদময়, যার সাহচর্যে অন্তরে প্রশান্তি সৃষ্টি হতো, প্রেম-সাগরে ভালোবাসার জোয়ার বইত, নীরবে-নিভৃতে যার কাছে পাওয়া যেত জান্নাতের এক টুকরো সুখ, হায়! সেই প্রাণপ্রিয়া স্ত্রীকে ছেড়ে আজ আপনি আল্লাহর ডাকে তাঁর ফরয হুকুম পালনের জন্য বেরিয়ে যাচ্ছেন। কেমন লাগছে আপনার??

আপনার স্ত্রীও জানে- হয়ত আপনাকে শেষবারের মতো বিদায় দিচ্ছে, ফুঁপিয়ে ফুঁপিয়ে কান্না করছে, কান্নার কারণে মুখে কথা বের হচ্ছে না, আঁচল দিয়ে বারবার চোখ মুছছে, নিজের ও সন্তানদের অনিশ্চিত ভবিষ্যত আর প্রিয়জন হারানোর চিন্তায় তারও তনুমন আচ্ছন্ন, আপনাকে চিরবিদায় দিয়ে দরজা বন্ধ করে আপনার মানিকদের বুকে নিয়ে আপনার স্ত্রীর বুকফাঁটা কান্নার শব্দ কি কখনো শুনেছেন ভাই???

দেখেছেন কি আপনার কলিজার টুকরা সন্তানদের সেই সময়টির চেহারা, যখন তারা হয়ত বুঝতে পারছে না কী ঘটতে যাচ্ছে, কিন্তু আপনার স্ত্রীর কান্না থেকে কিছুটা হয়তো আঁচ করতে পারছে! আপনাকে হয়ত জিজ্ঞেস করেছিল, আব্বু, তুমি কোথায় যাচ্ছ? আপনি হয়তো তাদেরকে বুঝ দিলেন, মানিকেরা আমার! খুব শীঘ্রই তোমাদের জন্য মজার জিনিস নিয়ে ফিরে আসবো। কিন্তু আপনি জানেন যে, মজার জিনিস নিয়ে হয়তো আর ফিরা হবে না। হয়তো দেখা হবে আরশের নিচে, নয়তো বা মজার জিনিস পাওয়া হবে খোদা তা'আলার জান্নাতে। তখন আপনার কলিজা ছেঁড়া সে ব্যথার কথা কি আপনার মনে আছে??

প্রিয় ভাই! আমাদের সলাত, আমাদের কুরবানী, আমাদের হায়াত, আমাদের মওত- সবকিছু বিশ্বজগতের পালনকর্তা আল্লাহর জন্যই নিবেদিত।

সত্য বলতে কি ভাই, জিহাদের জন্য জীবনের প্রতিটি ক্ষেত্রে যে কুরবানী আর ত্যাগ তিতিক্ষার নজরানা আল্লাহ্ জাল্লা শা-নুহুর দরবারে পেশ করা হয়, তার তুলনা অন্য কোনো কুরবানী আর মেহনতের সাথে হতেই পারে না!.............

• আরে ভাই, আমরা এখন ইখলাস বানানোর মেহনত করছি!

কোনো কোনো ভাই বলেন, 'আমরা এখন ইখলাস বানানোর মেহনত করছি। ইখলাস তৈরি হয়ে গেলে আমরা জিহাদ করবো।'

তাহলে আমি বলবো, ভাই! এটি শয়তানের একটি ধোঁকা, এই চিন্তা করলে আমার দ্বারা জিহাদ কস্মিনকালেও সম্ভব

হবে না। কেননা ইখলাসের কোনো বাহ্যিক সূরত নেই, যা দেখে আমরা বুঝতে পারবো, আমার ইখলাস অর্জন হয়ে গেছে।

আমি যখন বললাম, "আমি আল্লাহর জন্য জিহাদ করছি" আর আমার ভিতর ক্ষমতা, প্রতিপত্তি, র‍্যাংক, পদ-পদবী, মালে গনিমত, বীর খেতাব লাভ করার অভিলাষ নেই, কেবলই আল্লাহর দ্বীন প্রতিষ্ঠা, তাঁর হুকুম পালন, আল্লাহর রাসূলের অনুসরণ, সাহাবায়ে কেরামের অনুকরণ, নির্যাতিত মুসলমানদের উদ্ধার করা, দুনিয়া থেকে ফেতনা ও বদদ্বীনী মিটানো, আল্লাহ্ তা'আলার একটি ফরয বিধান বাস্তবায়ন করা ইত্যাদি উদ্দেশ্যে জিহাদ করব, কেউ আমাকে চিনুক বা জানুক এই আশা করিনা, তখন এটিই ইখলাস। এর জন্য তো ভাই বছরের পর বছর মেহনত করার কোনো দরকার নেই!

কখনো মনে উল্টা-পাল্টা চিন্তা এলে সাথে সাথে তাওবা করে নেয়া। যেমনটি আমরা সবসময় বলে থাকি- প্রত্যেক আমলের শুরুতে, মাঝে এবং শেষে নিজের নিয়তকে যাচাই করি। "যদি সেটি আল্লাহর জন্য হয় তাহলে 'আলহামদুলিল্লাহ্' বলে আমলটি চালু রাখি। আর যদি নিয়তে কোনো সমস্যা মনে হয়, তাহলে সাথে সাথে 'আসতাগফিরুল্লাহ্' পড়ে নেই এবং নিয়ত সংশোধন করে আমলটি করতে থাকি।"

প্রিয় ভাই! ইখলাস অর্জনের এই উসুলটি আমরা কেন জিহাদের ক্ষেত্রেও প্রয়োগ করিনা?
জিহাদের জন্য পৃথকভাবে 'বিশেষ' ইখলাস অর্জন করতে হবে, এমনটি শরীয়তে কোথাও নেই!

প্রিয় ভাই! একটু চিন্তা করি- "ইখলাস তৈরির মেহনত করছি" বলে জিহাদ ত্যাগ করলে আল্লাহ তা'আলা কি আমাদেরকে ছেড়ে দিবেন? আল্লাহ্ তা'আলা কি তাঁর ফরয হুকুমের ব্যাপারে এমনি এমনি ছেড়ে দিবেন?

إِلَّا تَنفِرُواْ يُعَذِّبْكُمْ عَذَابًا أَلِيمًا وَيَسْتَبْدِلْ قَوْمًا غَيْرَكُمْ وَلَا تَضُرُّوهُ شَيْـًٔاۗ وَٱللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٖ قَدِيرٌ

"তোমরা যদি (তাঁর পথে জিহাদের জন্য) বের না হও, তাহলে (এ জন্যে) তিনি তোমাদের কঠিন শাস্তি দিবেন (দুনিয়াতে লাঞ্ছনা ও কুফ্ফারদের চাপিয়ে দিয়ে আর আখিরাতে জাহান্নাম দিয়ে) এবং তোমাদের অন্য এক জাতি দ্বারা বদল করে দিবেন, তোমরা তার কোনই অনিষ্ট সাধন করতে পারবে না, আল্লাহ তা'আলা সব কিছুর উপর ক্ষমতাশীল।" (০৯ সূরা তাওবা: ৩৯)

وَلَنَبْلُوَنَّكُمْ حَتَّىٰ نَعْلَمَ ٱلْمُجَٰهِدِينَ مِنكُمْ وَٱلصَّٰبِرِينَ وَنَبْلُوَاْ أَخْبَارَكُمْ

"আমি অবশ্যই তোমাদেরকে পরীক্ষা করব যে পর্যন্ত না ফুটিয়ে তুলি তোমাদের মধ্যে জিহাদকারীকে এবং সবরকারীদেরকে এবং যতক্ষণ না আমি তোমাদের অবস্থানসমূহ (অবস্থা ও কর্মকাণ্ড) যাচাই করি।" (৪৭ সূরা মুহাম্মাদ:৩১)

أَمْ حَسِبْتُمْ أَن تَدْخُلُواْ ٱلْجَنَّةَ وَلَمَّا يَعْلَمِ ٱللَّهُ ٱلَّذِينَ جَٰهَدُواْ مِنكُمْ وَيَعْلَمَ ٱلصَّٰبِرِينَ

"তোমাদের কি ধারণা, তোমরা জান্নাতে প্রবেশ করবে? অথচ আল্লাহ তা'আলা এখনও দেখেননি তোমাদের মধ্যে কারা জিহাদ করেছে এবং কারা ধৈর্য্যশীল।" (৩ সূরা আলে ইমরান: ১৪২)

• এই গুনাহে কবীরা থেকে কি আমাদের বাঁচতে হবে না?

প্রিয় ভাই আমার!

শুধু কি চোখের গুনাহ্ই কবীরা গুনাহ্? জিহাদ তরক করা কি গুনাহে কবীরা নয়? এই গুনাহের ইসলাহ করবে কে? এই গুনাহ থেকে বাঁচার মেহনত করবে কে ভাই?

শুধু কি কানের গুনাহ্ই কবীরা গুনাহ্? জিহাদের ময়দান হতে পলায়ন করা কি গুনাহে কবীরা নয়? এই গুনাহ হতে বাঁচার 'মুজাহাদা' করবে কে ভাই?
কাপুরুষতা কি গুনাহ নয়? অন্তরে 'গাইরুল্লাহর ভয় দূর করা'র জন্য আমরা কোনো তরীকা অবলম্বন করেছি কি ভাই?
শুধু কি মনের গুনাহ্ই কবীরা গুনাহ্? জিহাদের প্রস্তুতি না নেয়া কি গুনাহে কবীরা নয়? এটি কি অন্তরে নিফাক থাকা'র অন্যতম একটি আলামত নয়? তাই, এই গুনাহ হতে বাঁচার মেহনত কে করবে ভাই?
আল্লাহ তা'আলা মুনাফিকদের সম্পর্কে ইরশাদ করেন,

وَلَوْ أَرَادُوا الْخُرُوجَ لَأَعَدُّوا لَهُ عُدَّةً

"আর যদি তারা (জিহাদে) বের হবার সংকল্প নিত, তবে অবশ্যই কিছু সরঞ্জাম প্রস্তুত করতো।" (সূরা আত-তাওবা: ৪৬)

অতএব আমরা বলতে পারি, 'ফরযে আইন জিহাদ' করতে না পারাটাও 'আত্মার একটি মারাত্মক ব্যাধি'! কেননা, ফরযে আইন হওয়া সত্ত্বেও জিহাদ না করা বা জিহাদের প্রস্তুতি না নেয়া- অন্তরের গহীনে লুক্কায়িত কিছু মারাত্মক ব্যাধির (ওয়াহন তথা দুনিয়ার মহব্বত ও মৃত্যুর ভয়/কাপুরুষতা/গাইরুল্লাহর ভয়ের) বহিঃপ্রকাশ মাত্র!
সুতরাং প্রিয় ভাই! পাঁচ ওয়াক্ত ফরযে আইন সলাত আদায় না করে আমরা কি দাবী করতে পারি আমাদের ইসলাহ তথা আত্মশুদ্ধি হয়ে গিয়েছে? তাহলে, 'ফরযে আইন জিহাদ' ত্যাগ করে আমরা কিভাবে দাবী করতে পারি যে, আমাদের 'ইসলাহ' হয়ে গিয়েছে? এটা কি নিজেকে নিজে ধোঁকা দেয়া নয়?
(আল্লাহ পাক আমাদের সকলকে এই সকল ব্যাধি থেকে হেফাযত করুন। আমীন।)

আমার প্রিয় ভাই! আপনি জানেন কি, জিহাদ ও ক্বিতালের সাথে রয়েছে আল্লাহ তা'আলার পক্ষ থেকে আমাদেরকে হিদায়াত ও পরিপূর্ণ ইসলাহ করে দেয়ার ওয়াদা?
আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা ইরশাদ করেন,

فَإِذا لَقيتُمُ الَّذينَ كَفَروا فَضَربَ الرِّقابِ حَتّىٰ إِذا أَثخَنتُموهُم فَشُدُّوا الوَثاقَ فَإِمّا مَنًّا بَعدُ وَإِمّا فِداءً حَتّىٰ تَضَعَ الحَربُ أَوزارَها ۚ ذٰلِكَ وَلَو يَشاءُ اللَّهُ لَانتَصَرَ مِنهُم وَلٰكِن لِيَبلُوَ بَعضَكُم بِبَعضٍ ۗ وَالَّذينَ قُتِلوا في سَبيلِ اللَّهِ فَلَن يُضِلَّ أَعمالَهُم سَيَهديهِم وَيُصلِحُ بالَهُم

"অতঃপর যখন তোমরা কাফেরদের সাথে যুদ্ধে অবতীর্ণ হও, তখন তাদের গর্দানে মার, অবশেষে যখন তাদেরকে পূর্ণরূপে পরাভূত কর তখন তাদেরকে শক্ত করে বেধে ফেল। অতঃপর হয় তাদের প্রতি অনুগ্রহ কর, না হয় তাদের নিকট হতে মুক্তিপণ লও। তোমরা যুদ্ধ চালিয়ে যাবে যে পর্যন্ত না শত্রুপক্ষ অস্ত্র সমর্পণ করবে! একথা শুনলে। আল্লাহ ইচ্ছা করলে তাদের কাছ থেকে প্রতিশোধ নিতে পারতেন। কিন্তু তিনি তোমাদের কতককে কতকের দ্বারা পরীক্ষা করতে চান। যারা আল্লাহর পথে শহীদ হয়, আল্লাহ কখনই তাদের কর্ম বিনষ্ট করবেন না। তিনি তাদেরকে পথ প্রদর্শন করবেন এবং তাদের অবস্থা সংশোধন (ইসলাহ/ভাল) করে দিবেন।" (সূরা মুহাম্মাদ , আয়াত ৪,৫)
আল্লাহর তা'আলা আমাদেরকে শাহাদাত নসীব করুন, আমাদেরকে পরিপূর্ণরূপে ইসলাহ করে দেন। আমীন।

• আমার পীর কি জিহাদ বুঝেন না??

অনেক ভাই আছেন, যারা এই ধারণা লালন করেন যে, "আমার পীর একজন হক্কানী আলেম। তিনি কি জিহাদ বুঝেন না? তিনি যখন জিহাদের কথা বলবেন, তখনই কেবল আমরা জিহাদ করবো? আমার পীরের পরামর্শ ছাড়া যেখানে আমি নিজের ব্যক্তিগত জীবনের ছোট-খাট কোনো কাজও করিনা, সেখানে আমার পীরের এজাজত ছাড়া

কিভাবে আমি জিহাদের মত একটা এত বড় ও কঠিন কাজ করতে পারি? সর্ব হালতে আমি আমার পীরের অনুসরণ করবো। (কাউকে তো এমনও বলতে শুনা যায়-) আমি শাইখের ব্যাপারে একদম ফানা (ফানা ফিশ্ শাইখ)! শাইখ ছাড়া আমি আর কিছুই বুঝি না! শাইখ আমাকে যেদিকে নিয়ে যাবেন আমিও সেদিকেই যাব। আমার পীর যদি জাহান্নামে যায় তাহলে আমিও জাহান্নামে যেতে প্রস্তুত আছি।" (নাউযুবিল্লাহ্ মিন যালিক)

প্রিয় ভাই! একজন হক্কানী আল্লাহ্ ওয়ালার সোহবত প্রাপ্ত হওয়া অত্যন্ত সৌভাগ্যের বিষয়, বিশেষতঃ বর্তমানে এই ফেতনার যামানায় একজন বিজ্ঞ আলেমের ছায়ায় থেকে, তাঁর পরামর্শমত জীবন পরিচালনা করতে পারাটা অনেক বড় খোশ-নসীব! আলহামদুলিল্লাহ! এটা যারা পেয়েছেন তারাই কেবল এর মূল্য অনুধাবন করার ক্ষমতা রাখেন।

যাইহোক, প্রথম কথা হলো, একজন আলেম দ্বীনের সকল বিষয়ে সমান পারদর্শী হবেন, এটি আশা করা ঠিক নয় (যেমন ভাবে একজন ডাক্তার সকল বিষয়ে বিশেষজ্ঞ হবেন এটি আমরা আশা করতে পারি না)।

আমার পীর সাহেব হয়ত নফসের রোগগুলোর চিকিৎসা খুব ভালো বুঝেন, তবে তিনি হয়ত ফিকহের উপর তেমন বেশি পাণ্ডিত্য রাখেন না, তাই তিনি ফতোয়া দিতে পারেন না। দুইটা দুই জিনিস, দু'টি আলাদা বিষয়! ঠিক এমনিভাবে, আমার শায়েখ হয়ত আমার যিন্দেগীর বিভিন্ন বিষয়ে যেমন মুআমালাত, মুআশারাত, নফল আমল, গুনাহমুক্ত যিন্দেগী গঠন করার তরীকা ইত্যাদি বিষয়গুলো ভালো বুঝেন এবং ভালো ফয়সালা দেন, কিন্তু তিনি হয়তোবা জিহাদ বিষয়ে, জিহাদের মাসাইল ইত্যাদি সম্পর্কে এতটা পাণ্ডিত্য বা দক্ষতা রাখেন না। হয়তোবা তিনি জিহাদ নিয়ে এতটা চিন্তা-ফিকির করেন না বা ঘাঁটাঘাটি করেন না।

ঠিক একই ভাবে, আরেকজন শাইখ হয়ত নফসের ব্যাধি গুলো সম্পর্কে খুব বেশি পাণ্ডিত্য রাখেন না, কিন্তু জিহাদের ব্যাপারে পারদর্শী, জিহাদের মাসআলা, মাসাইলগুলো ভালো জানেন, জিহাদের ব্যাপারে তাঁর অভিজ্ঞতাও বেশি। সেক্ষেত্রে, আমি উভয় শাইখের সাথে সম্পর্ক রেখে চলতে পারি। এতে আমার এছলাহী মেহনতও হচ্ছে, আবার জিহাদী মেহনতও করা হচ্ছে। তবে আমাদেরকে মনে রাখতে হবে ভাই, জিহাদী মেহনত তুলনামূলক পরিপূর্ণ মেহনত। জিহাদী মেহনতের মধ্যেই ইলম, তাযকিয়া ও দাওয়াতের মেহনত অন্তর্ভূক্ত রয়েছে। আলহামদুলিল্লাহ। এই বিষয়ে কিছু কথা পূর্বে গিয়েছে, সামনে আরো বিস্তারিত আলোচনা আসবে ইনশাআল্লাহ।

• জিহাদ করার জন্য আমার শাইখ যদি অনুমতি না দেন!

দ্বিতীয়ত কথা হলো, জিহাদ ফরযে আইন হয়ে গেলে আমার শাইখ আমাকে জিহাদের অনুমতি দিলেন কি দিলেন না সেটা দেখা যাবে না। বরং এই ব্যাপারে (জিহাদ করবো, কি করবো না) কারো সাথে পরামর্শ করার অনুমতিও শরীয়তে নেই।

প্রিয় ভাই! আমরা কি পাঁচ ওয়াক্ত সলাতের জন্য শাইখের অনুমতি গ্রহণ করে পরে সালাত আদায় করি, নাকি শাইখের অনুমতি ছাড়াই করি? রোযা রাখার জন্য আমরা কি কোনোদিন শাইখের অনুমতি গ্রহণ করেছি?? না, তা কখনো করিনি। তাহলে আরেকটি ফরযে আইন হুকুম 'জিহাদ ফী সাবীলিল্লাহ্'র জন্য কার অনুমতি লাগবে ভাই?? ফরযে আইন হুকুম মানার ব্যাপারে কারো অনুমতি লাগবে না। বরং উল্টো কেউ নিষেধ করলে তা মান্য করা হারাম। জিহাদ ফরযে আইন অবস্থায় সন্তানের জন্য পিতা-মাতার অনুমতি, স্ত্রীর জন্য স্বামীর অনুমতি, গোলামের জন্য তার মনীবের অনুমতি, ঋণগ্রহীতার জন্য ঋণদাতার অনুমতি গ্রহণ করার প্রয়োজন নেই। এটিই শরীয়তের হুকুম। তাহলে একজন মুরীদের জন্য তার পীরের অনুমতির কী প্রয়োজন আছে ভাই?

[এই ব্যাপারে 'কিতাবুত তাহরীদ্ 'আলাল ক্বিতাল' কিতাবের দ্বিতীয় পর্ব "তাওহীদ ও জিহাদ" খণ্ডে বিস্তারিত আলোচনা করা হয়েছে। আলহামদুলিল্লাহ।]

ফরযে আইন ও ওয়াজিব হুকুমের ব্যাপারে কারো সাথে পরামর্শ করা যাবে না (করবো, কি করবো না!) পরামর্শ তো করা যাবে শুধু সুন্নত, নফল আর মুবাহ বিষয় সমূহের ব্যাপারে।............

তারপরেও যদি আমার মন পীরের অনুমতি ছাড়া জিহাদ করার ব্যাপারে সায় না দেয়, তাহলে বুঝতে হবে, দ্বীনের ব্যাপারে ও দ্বীন মানার ব্যাপারে আমি সত্যবাদী নই; আমার মনে গাইরুল্লাহর ভয় ঢুকেছে, দুনিয়ার মহব্বত আর মৃত্যুর ভয়ে আমার অন্তর ব্যধিগ্রস্ত! সুতরাং খুব দ্রুত আমার এই ব্যাধিসমূহের চিকিৎসা হওয়া দরকার।

فَلَمَّا كُتِبَ عَلَيۡهِمُ ٱلۡقِتَالُ إِذَا فَرِيقٞ مِّنۡهُمۡ يَخۡشَوۡنَ ٱلنَّاسَ كَخَشۡيَةِ ٱللَّهِ أَوۡ أَشَدَّ خَشۡيَةٗۚ وَقَالُواْ رَبَّنَا لِمَ كَتَبۡتَ عَلَيۡنَا ٱلۡقِتَالَ لَوۡلَآ أَخَّرۡتَنَآ إِلَىٰٓ أَجَلٖ قَرِيبٖۗ قُلۡ مَتَٰعُ ٱلدُّنۡيَا قَلِيلٞ وَٱلۡأٓخِرَةُ خَيۡرٞ لِّمَنِ ٱتَّقَىٰ وَلَا تُظۡلَمُونَ فَتِيلًا ٧٧ أَيۡنَمَا تَكُونُواْ يُدۡرِككُّمُ ٱلۡمَوۡتُ وَلَوۡ كُنتُمۡ فِي بُرُوجٖ مُّشَيَّدَةٖۗ

".....অতঃপর যখন তাদের প্রতি ক্বিতাল (যুদ্ধ)-কে ফরয করা হল, তৎক্ষণাৎ তাদের মধ্যে একদল লোক মানুষকে ভয় করতে আরম্ভ করল, যেমন করে ভয় করা হয় আল্লাহকে। এমনকি তার চেয়েও অধিক ভয়। আর বলতে লাগল, হায় আমাদের পালনকর্তা, কেন আমাদের উপর যুদ্ধকে ফরয করলে! আমাদেরকে কেন আরোও কিছুকাল অবকাশ দিলে না (দুনিয়া ভোগ করার জন্য)! (হে রাসূল!), আপনি তাদেরকে বলে দিন, পার্থিব ফায়দা সীমিত। আর আখেরাত পরহেযগারদের জন্য উত্তম। আর তোমাদের অধিকার তো একটি সূতা পরিমাণও খর্ব করা হবে না। তোমরা যেখানেই থাক না কেন, মৃত্যু কিন্তু তোমাদেরকে পাকড়াও করবেই- যদি তোমরা সুদৃঢ় দুর্গের ভিতরেও অবস্থান কর, তবুও।......" (০৪ সূরা নিসা:৭৭-৭৮)

• এটি কি ব্যক্তিপূজা নয়?

তৃতীয় কথা হলো, "আমার ইসলাহী শাইখ হুকুম না করলে বা পরামর্শ না দিলে আমি জিহাদী মেহনত করবো না, আমার শাইখ জাহান্নামে গেলে প্রয়োজনে আমিও জাহান্নামে যাব" (নাউযুবিল্লাহ্)- এই ধরনের মানসিকতা লালন করা অর্থাৎ কোনো ব্যক্তি বিশেষের আনুগত্যের কারণে আল্লাহর কোনো ফরয বিধানকে ত্যাগ করার দ্বারা ব্যাপারটি দাঁড়ায়- ঐ ব্যক্তিকেই আমি আমার জীবনের বিধানদাতা হিসেবে গ্রহণ করেছি, আল্লাহ্ তা'আলাকে নয়। আমি ঐ ব্যক্তিকেই আমার রব হিসেবে গ্রহণ করেছি, আল্লাহ্ তা'আলাকে নয়।.........

এটি আনুগত্যের ক্ষেত্রে আল্লাহ্ তা'আলার সাথে শরীক করা। অর্থাৎ এটি এক প্রকারের শিরক্ এবং ব্যক্তিপূজা। যেমনটি এই আয়াতে উল্লেখ করা হয়েছে-

اتخذوا أحبارهم ورهبانهم أربابا من دون الله

'তারা আল্লাহকে ছেড়ে নিজেদের পাদ্রী ও সংসারবিরাগীদেরকে প্রভু বানিয়ে নিয়েছে'। (সূরা তাওবাহ ০৯:৩১)

(আল্লাহ্ তা'আলা আমাদের সকলকে হেফাযত করুন। আমীন।)

প্রিয় রাসূল ﷺ ইরশাদ করেন,

لا طاعة لمخلوق في معصية الخالق - المصنف لابن أبي شيبة: ٣٤٤٠٦

"খালেকের নাফরমানী করে বান্দার আনুগত্য করা যাবে না।" (আল মুসান্নিফ লিবনে আবী শাইবা:৩৪৪০৬)

সুতরাং প্রিয় ভাই! একটি ফরযে আইন আমল 'জিহাদের' ক্ষেত্রে পীর সাহেবের নিষেধাজ্ঞা মানা কিংবা হুকুমের অপেক্ষা করার সুযোগ শরীয়ত দিয়েছে কি আমাদের??..............

ইসলামী রাজনীতি করনেওয়ালা সাথীদেরকে শয়তানের ধোঁকা:

• ইসলামের মোড়কে কুফর:

আমার প্রিয় ভাই! এখন আপনাদের সামনে বর্তমান যামানার একটি অন্যতম ভয়াবহ দাজ্জালী ফিতনা নিয়ে কিছু কথা নিবেদন করতে চাই।

আমরা একদল ভাই আছি, যারা প্রচলিত কুফুরি রাজনীতির উপর ইসলামী লিবাস পরিয়েছি।

প্রিয় ভাই! 'সত্তাগতভাবে একটি কুফর'কে ইসলামী পোশাক পরালে তা কখনোই ইসলাম হয়ে যায় না। আমরা সকলেই মানি যে, গণতন্ত্র, সমাজতন্ত্র- এই তন্ত্র-মন্ত্রগুলো শয়তানী তরীকা। তারপরো, হয়ত 'হিকমাহ' ভেবে, কিংবা সময়ের দাবী মনে করে, কিংবা ভুল ব্যাখ্যার শিকার হয়ে, কিংবা 'তুলনামূলক মন্দের ভালোকে অবলম্বন করা' মনে করে, বুঝে না বুঝে আমরা অনেকে গণতন্ত্রকে মেনে নিয়েছি?.......

আমরা যারা গণতন্ত্র, সমাজতন্ত্রকে ধারণ করি সাথে সাথে ইসলামী হওয়ার দাবী করি, তাদের দৃষ্টান্ত হতে পারে "ইসলামী মদ" কিংবা "ইসলামী সুদ"-এর মতো। মদের সাথে কিংবা সুদের সাথে ইসলামী শব্দ যোগ করলেই যেমন তা হালাল হয়ে যায় না, তেমনিভাবে গণতন্ত্রের সাথে কিংবা সমাজতন্ত্রের সাথে ইসলামী শব্দ যোগ করলে তা যৌক্তিকভাবেই গ্রহণযোগ্য হবে না।

আমরা সকলেই বলি, ইসলাম পরিপূর্ণ জীবনব্যবস্থা। ইসলামে সব সমস্যার সমাধান আছে। কিন্তু দ্বীন প্রতিষ্ঠার প্রশ্ন আসলেই আমরা কেন দ্বারস্থ হই বাতিলের তন্ত্র-মন্ত্রের কাছে? ইসলামে যদি সকল কিছুর সমাধান থেকে থাকে, তাহলে সমাজে দ্বীন প্রতিষ্ঠার তরীকা কি ইসলামে নেই??....

অবশ্যই আছে...........

দ্বীন কায়েমের সঠিক পদ্ধতি সম্পর্কে রাসূলুল্লাহ ﷺ-এর সুস্পষ্ট দিক নির্দেশনা রয়েছে।

عَنِ الْحَارِثِ الْأَشْعَرِيِّ قَالَ رَسُوْلُ اللهِ ﷺ : وَأَنَا آمُرُكُمْ بِخَمْسٍ اَللهُ أَمَرَنِى بِهِنَّ الْجَمَاعَةُ وَالسَّمْعُ وَالطَّاعَةُ وَالْهِجْرَةُ وَالْجِهَادُ فِيْ سَبِيْلِ اللهِ

হযরত হারেস আল আশ'আরী রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেছেন: আমি তোমাদের (দ্বীন কায়েমের) জন্য পাঁচটি কাজের নির্দেশ দিচ্ছি, আল্লাহ আমাকে ঐগুলোর নির্দেশ দিয়েছেন। (সে কাজগুলো হচ্ছে-)

ক. আল জামা'আহ (সংগঠন/ঐক্য): একজন আমীরের অধীনে ঐক্যবদ্ধ হওয়া।

খ. আস্ সামউ': আমীরের নির্দেশ শ্রবণ করা।

গ. আত-ত্ব-আহ্: আমীরের নির্দেশ পালন করা।

ঘ. আল হিজরাহ: হিজরত করা।

ঙ. আল জিহাদ: আল্লাহর রাস্তায় যুদ্ধ করা।

(তিরমিযি ২৮৬৩, আলবানী এটাকে সহীহ বলেছেন; মুসনাদে আহমদ ১৭২০৯; জামেউল আহাদীস ৪৪; সহীহ ইবনে হিব্বান ৬২৩৩; সহীহ ইবনে খুযাইমা ১৮৯৫; মুসান্নাফে আব্দুর রাজ্জাক ৫১৪১)

প্রিয় ভাই!

আল্লাহর রাসূলের ﷺ যিন্দেগীর দিকে আমরা তাকিয়ে দেখি। দ্বীন কায়েমের মেহনত শুরু হয়েছিল প্রথমে গোপনে একান্ত আপনজনদের কাছে দাওয়াত প্রদানের মাধ্যমে। এরপর নিকটাত্মীয়দের কাছে তাওহীদ ও রিসালাতের প্রকাশ্য

দাওয়াত প্রদানের মাধ্যমে। যার ফলে মুসলমানদের উপর চলে সীমাহীন যুলুম-নির্যাতন। হিজরতের আগ পর্যন্ত দাওয়াত ও সবরের মেহনতই চলেছে। অতঃপর মদীনায় হিজরতের পর প্রথমে কেবল প্রতিরোধ জিহাদের অনুমতি প্রদান করা হয়। এরপর প্রতিরক্ষামূলক জিহাদকে সক্ষম সকলের উপর বাধ্যতামূলক (ফরযে আইন) করা হয়। সর্বশেষে আক্রমণাত্মক জিহাদের হুকুম দেয়া হয়, যাতে করে দুনিয়ার সমস্ত ফিতনা মিটে যায় এবং সারা বিশ্বে আল্লাহর দ্বীন কায়েম হয়। সুতরাং দ্বীন পূর্ণতা পেয়েছে 'জিহাদ ফী সাবীলিল্লাহ্'র মাধ্যমে। দ্বীনের পূর্ণতা বিধানের জন্য রাসূলুল্লাহ্ ﷺ জিহাদ ও ক্বিতালকেই সর্বশেষ সমাধান হিসেবে আমাদের জন্য রেখে গিয়েছেন। সমাজে পরিপূর্ণরূপে দ্বীন কায়েমের জন্য প্রিয় নবী ﷺ যেই তরীকায় মেহনত করেছেন, তা মূলত উপরের সেই পাঁচটি ধাপেরই প্রতিফলন।

প্রিয় ভাই! আল্লাহর রাসূল ﷺ জীবনে একটি মুহূর্তের জন্যও বাতিলের সাথে এই মর্মে সমঝোতা করেননি, তোমরা আমাদের ধর্মের কিছু মেনে নাও, আর আমরাও তোমাদের ধর্মের কিছু মেনে নিচ্ছি। অন্যদিকে, আমরা কার্যত অনেক বিষয়কে কুফর জানা সত্ত্বেও দ্বীনের স্বার্থে(?) মনে করে গ্রহণ করে নিয়েছি। কিন্তু কেন? এর কারণ হল- ছোট থেকে ছোট একটি কুফর যে কতটুকু ভয়াবহ ব্যাপার, সে বিষয়টি আমরা অনুধাবন করি না; একটি ছোট থেকে ছোট শিরক যে কতটা মারাত্মক জিনিস, সে বিষয়টি চিন্তা না করে তাকে আমরা হালকা বানিয়ে ফেলি। তাই গনতন্ত্র নিয়ে বিস্তারিত আলোচনায় যাওয়ার পূর্বে আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করতে চাই, সেটি হল: একটি গুনাহের স্তর অনুধাবন করা। আল্লাহ্ পাক সহজ করুন। আমীন।

• কোনটা বেশি খারাপ? কে অধিক মন্দ?

হায়! আমরা একেতো কোন্ আমলের গুরুত্ব কতটুকু তা বুঝি না, এর চেয়েও খারাপ কথা হলো, কোন্ গুনাহটা কতটা মারাত্মক সেটাও অনুধাবন করি না। কোন্ গুনাহের খারাবী কতটুকু তা উপলব্ধি করতে পারি না। কোন্ গুনাহটা অধিক ঘৃণিত, অধিক জঘন্য তা বুঝি না!!!

আসল ব্যাপার হলো, শয়তান যেমন ভাবে মানুষকে আমলের গুরুত্ব বুঝতে দেয়না, ফলে এর দ্বারা সে মানুষকে অধিক সওয়াবের কাজ থেকে দূরে রাখে; ঠিক একই রকমভাবে শয়তান মানুষকে গোনাহের খারাপী ও ঘৃণার পর্যায় বুঝতে দেয় না, তুলনামূলক ছোট নাফরমানীমূলক কাজগুলোর গুনাহকে বড় করে দেখায় আর তুলনামূলক বড় নাফরমানীমূলক কাজগুলোর গুনাহ সম্পর্কে ভুলিয়ে দেয়, অজ্ঞ কিংবা গাফেল রাখে; ফলে মানুষ তুলনামূলক কম খারাপ কাজকে বেশি ঘৃণার কাজ মনে করে, পাহাড়ের মতো ভারী মনে করে; আর বেশি খারাপ কাজকে কম ঘৃণার কাজ মনে করে, মশা-মাছির মতো হালকা মনে করে। যার ফলে সে ছোট গুনাহ থেকে ঘৃণার সাথে দূরে থাকে আর বড় গুনাহ গুলো অবাধে করতে থাকে। (নাউযুবিল্লাহ্ মিন যালিক)।

এই কারণেই আমাদের সমাজে অধিক ভয়াবহ গুনাহগুলো অকপটে, প্রকাশ্য দিবালোকে, বাধাহীনভাবে চলে, আর ছোট গুনাহগুলোর ক্ষেত্রে বাধা বেশি আসে। এই কারণেই সমাজে এক ব্যাটা পাতি চোর মার খেয়ে জান হারায়, আর ঘোষখুর রাঘববোয়ালদের 'স্যার স্যার' করা হয়। মা-বাবাকে না জানিয়ে বিয়ে করাকে অনেক বড় দোষ মনে করা হয়, কিন্তু ছেলে-মেয়েরা অবৈধ দৈহিক সম্পর্ক স্থাপন করছে, এটাকে হালকা মনে করা হয়।

ঠিক একই কারণে, আজ অনেক ভাইয়েরা নামাযে হাত উঠানো (রফ্উল ইয়াদাইন) নিয়ে মাহফিলগুলোতে প্রচুর আলোচনা-পর্যালোচনা করে থাকি, উম্মাহকে এর গুরুত্ব বুঝানোর চেষ্টা করি, কিন্তু কুফরের বিরুদ্ধে চুপ থাকি! উম্মত

নামাযে 'আমীন' জোরে বলে কিংবা আস্তে বলে, এ নিয়ে আমরা অনেক মাথা ঘামাই! কিন্তু উম্মত গণতন্ত্রকে মেনে নিয়েছে, নারী নেতৃত্বকে মেনে নিয়েছে, এগুলোর বিরুদ্ধে 'টু' শব্দটা পর্যন্ত করি না!

আবার আরেকদল আছেন, যারা দেশে নাস্তিক-মুরতাদদের অস্তিত্ব স্বীকার করতে নারাজ! খেলাফে সুন্নত আমাদের কারো কারো কাছে মহা গুনাহ, কিন্তু খেলাফে ঈমান (কুফর) যেন আমাদের কাছে কিছুই না!

যারা সমাজে নাস্তিক-মুরতাদ খুঁজে পান না, তাদেরকে বলি, আমাদের সমাজে আল্লাহ ও তাঁর রাসূলের শানে গোস্তাকী করার মতো লোকের কি অভাব আছে? আল্লামা ইবনে তাইমিয়া রাহিমাহুল্লাহ বলেন:

من تنقص رسول الله صلى الله عليه وسلم جادا أو هازلا فقد كفر

"যে কোনো ব্যক্তিই রাসূল ﷺ এর অবমাননা করবে, চাই তা ইচ্ছাকৃত হোক বা ঠাট্টাচ্ছলে হোক, সে কাফের হয়ে যাবে।" [আসসারিমুল মাসলূল আলা শাতিমির রাসূল: পৃ.৩১-৩২]

ইমাম ইবনে হুমাম রাহিমাহুল্লাহ লিখেন:

مَنْ أَبْغَضَ رَسُولَ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - بِقَلْبِهِ كَانَ مُرْتَدًّا

"যে কোন ব্যক্তিই রাসূল ﷺ এর প্রতি বিদ্বেষ পোষণ করবে, সে মুরতাদ হয়ে যাবে।" [ফাতহুল কাদীর: খ.৪, পৃ: ৪০৭]

যেই সকল মুজাহিদ ভাই আল্লাহ এবং তাঁর রাসূলের অবমাননাকারীদের হত্যা করে, তাদেরকে আবার অনেকেই সহ্য করতে পারেন না। তাদের দিলের মধ্যে মানবপ্রীতি ও সাম্প্রদায়িক সম্প্রীতি জেগে উঠে। এদের কাছে আল্লাহর রাসূলের শানে গোস্তাকীর গুনাহ অতি হালকা আর আল্লাহর রাসূলের একজন দুশমনের রক্ত ঝরানো তাদের কাছে খুব ভারী ও অমানবিক মনে হয়। (নাউযুবিল্লাহি মিন যালিক)। মুজাহিদদেরকে তারা নৃশংস, মানবতাবিরোধী মনে করেন। তাদের বিরুদ্ধে ফতোয়া ইস্যু করেন, নিন্দাজ্ঞাপন করেন, মিটিং-মিছিল করেন। লা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লাহ্। তাদের মতে, আগে সেই সকল জারজদের দাওয়াত দেয়া দরকার ছিল, কেননা তারা তো বুঝে না।

হায়! আমরা আর কত পাশ্চাত্যের গোলামী করে যাবো? আর কত আমরা এভাবে গোমরাহী ছড়াব? ইবনে তাইমিয়া রাহিমাহুল্লাহ বলেন-

أن الساب إن كان مسلما فإنه يكفر ويقتل بغير خلاف وهو مذهب الأئمة الأربعة وغيرهم

"কোন মুসলমান যদি (আল্লাহ ও তাঁর রাসূলকে নিয়ে) কটুক্তি করে তবে সে কাফের হয়ে যাবে, এবং কোনোরূপ মতভেদ ছাড়াই তাকে হত্যা করা হবে (ওয়াজিবুল-কতল)। এই ব্যাপারে চার ইমাম ও অন্যান্য মাযহাবের একই মত রয়েছে।' [আসসারিমুল মাসলূল আলা শাতিমির রাসূল (উর্দু তরজমা) : পৃ ৬২]

أن من قَال فِيه صَلَّى الله عَلَيْه وَسَلَّم مَا فِيه نَقْص قُتِل دون اسْتِتَابَة

[الشفا بتعريف حقوق المصطفى - وحاشية الشمني، ٢/٢١٩]

কাজী ই'য়াজ রাহিমাহুল্লাহ তার 'আশ শিফা' নামক কিতাবে বলেন:

"যে কেউ এমন কোনো কথা বলল যা রাসূল ﷺ কে নিন্দা করে বলা হয়, কোনো রকম সতর্কতামূলক ব্যবস্থা ছাড়াই তাকে হত্যা করা হবে।"

[বিস্তারিত পড়ুন- "প্রিয়নবী ﷺ-কে অবমাননার শাস্তি"- https://bit.ly/shatims]

অর্থাৎ এটি এমন এক ভয়াবহ গুনাহ যে, যারাই এ কাজ করবে, এদেরকে হত্যা করার জন্য ইসলামী রাষ্ট্রের কোনো পরওয়ানা লাগবে না, কোনো মুজাহিদ বাহিনীর আমীরের হুকুম লাগবে না, যে কেউ যে কোনো সময়, যে কোনো অবস্থায় এদেরকে হত্যা করতে পারবে।
আরেকদল ভাই আছেন যারা মুশরিকদেরকেও প্রকাশ্যে "কাফের" বলতে নারাজ। তাদের মুখে শুনা যায় "হিন্দুদেরকে (প্রকাশ্যে) কাফের বলা উচিত নয়, কেননা তারা এতে কষ্ট পায়।" এটা কোন স্তরের হুসনে মুআশারাত ভাই? কুফর ও শিরকের প্রতি আমাদের কেন এই উদারপন্থা?? আমাদেরকে কি কাফেরদের প্রতি কঠোর মনোভাবসম্পন্ন হওয়ার নির্দেশ দেয়া হয়নি?? ভয় হয়, এভাবে আমরা নিজেদেরকে 'অতি উদারপন্থী' পরিচয় দিতে গিয়ে আবার 'মুরজিয়া' না হয়ে যাই! আল্লাহ্ তা'আলা আমাদের সকলকে হেফাযত করুন। আমীন।

যাই হোক, পূর্বের আলোচনায় ফিরে যাওয়া যাক!

মনে করুন! একজন মুসলমান ব্যক্তি নিয়মিত পতিতালয়ে যায়, আরেকজন মুসলমান ব্যক্তি গণতান্ত্রিক সরকারের নির্বাচনে অংশ নেয় এবং পালার্মেন্টে (সংসদ ভবনে) গিয়ে গণতান্ত্রিক পদ্ধতিতে আইন প্রনয়ন করেন।

প্রিয় ভাই! আমাদের সমাজে কোনটিকে বেশি খারাপ মনে করা হয়?

শুনতেতো পতিতালয়ে গমনকারী সেই মুসলমানের কাজটাই বেশি খারাপ মনে হয়, তাই না ভাই? কিন্তু প্রকৃত অর্থে, আল্লাহ তা'আলার কাছে দ্বিতীয় ব্যক্তির কাজটা এতোটাই অপছন্দীয় যে, কেয়ামত পর্যন্ত কোনো মুসলমান যদি প্রতিদিন পতিতালয়ে যায় সেটি আল্লাহর কাছে যতটা না খারাপ, কোনো মুসলমান যদি একবারও গণতান্ত্রিক সরকারের পক্ষ হয়ে নির্বাচনে অংশ নেয় এবং পার্লামেন্টে যায়, আর আল্লাহর আইনের বিরুদ্ধে আইন রচনা করে, সেটি আল্লাহর কাছে বেশি খারাপ, বেশি জঘন্য। কেন জানেন?

কারণ, প্রথমটি কবীরা গুনাহ, আর দ্বিতীয়টি কুফর। আর কুফরের গুনাহের সামনে গুনাহে কবীরার তুলনা চলে না। পতিতালয়ে গমনকারী মুসলমানের গুনাহ্ আল্লাহ তা'আলা ইচ্ছা করলে মাফ করবেন, কিন্তু যে গণতন্ত্রের নির্বাচনে অংশ নিচ্ছে, পার্লামেন্টে যাচ্ছে, আল্লাহর আইনের বিরুদ্ধে আইন রচনা করছে, তাকে আল্লাহ তা'আলা কস্মিনকালেও মাফ করবেন না, যতদিন না সূঁচের ছিদ্রপথে উট গমন করে, তার জন্য আছে চির কালের জাহান্নাম, কতই না নিকৃষ্ট ঠিকানা সেটি! এই ব্যক্তি যতই মসজিদ-মাদরাসা প্রতিষ্ঠা করুক না কেন, যতই হজ্জ-উমরা করুক না কেন, যতই দান-সদকা করুক না কেন, যতই ইবাদত-বন্দেগী করুক না কেন, সে নামায-রোযা যাই করুক, তার কোনো আমলই কবুল হবে না। তার সমস্ত আমল আল্লাহ পাক ধ্বংস করে দিবেন। কেননা সে কুফুরী করেছে!!!

ভালোভাবে খেয়াল করি, মদ পান করা গুনাহে কবীরা, কুফর নয়। যেখানে মদের বোতলে 'ইসলামী মদ' লেভেল লাগানো দেখে তা পান করলে গুনাহে কবীরা থেকে বাঁচা যায় না, সেখানে কুফরকে 'ইসলামী' নাম দিয়ে অবলম্বন করলে তা কিভাবে জায়েয ও হালাল হবে? জেনে শুনে কোন কুফর/হারামকে ইসলামী নাম দেয়াও কি কুফুরী নয়?

তাহলে কোন মুসলমান যখন গণতন্ত্র নামক কুফরকে ইসলামের লেবাস পরিয়ে একটি কুফুরী কাজ করলো, তখন যদি তাকে বলা হয়, ভাই এই কাজ করাটা পশ্চিমাদের পতিতালয় ও নাইটক্লাবগুলোতে গিয়ে পড়ে থাকা, হাজার বার জিনা করা, মজ-মাস্তি করার চেয়েও জঘন্য, তাই পার্লামেন্টে যাবেন না, যারা আল্লাহর আইনের বিরুদ্ধে আইন রচনা করে তাদের অন্তর্ভূক্ত হবেন না, ওটা কুফর, ওটা আরো ভয়াবহ গুনাহ্; আমি কি তাকে সদুপদেশ দিলাম

না?..........

হায়! কেন যে আমরা বুঝি না, গণতন্ত্র কুফর! মানবরচিত বিধান কুফর! এটি লক্ষ কোটি বার জিনা করার চেয়েও বড় গুনাহ্, জঘন্য গুনাহ্, অমার্জনীয় গুনাহ্! 'জিহাদের মাধ্যমে খিলাফত কায়েম করাই' প্রকৃত সুন্নতী রাজনীতি। আল্লাহ্ পাক আমাদেরকে বুঝার ও এ থেকে বেঁচে থাকার তাওফীক দান করুন। আমীন।

• গণতন্ত্রের নিষ্পাপ(?) রূপ:

প্রিয় ভাই! এই পর্যায়ে এসে আমরা গণতন্ত্র সম্পর্কে কিছু বিষয় বুঝার চেষ্টা করব ইনশাআল্লাহ। একজন সাধারণ মানুষকে যদি আমরা জিজ্ঞেস করি 'গণতন্ত্র কী জিনিস?' তাহলে হয়তো তিনি গণতন্ত্রের এমন একটি রূপ আমাদের সামনে বর্ণনা করতে পারেন, যেমন:

"গণতন্ত্র একটি রাষ্ট্রব্যবস্থা, যেখানে একটি রাষ্ট্রে একাধিক রাজনৈতিক দল থাকবে। তারা ক্ষমতার জন্য পারস্পরিক প্রতিদ্বন্দ্বিতা করবে। নির্বাচনের আয়োজন করবে। জনগণ তাদের পছন্দমত যোগ্য নেতা ও দলকে ভোট দিবে। যে দল সর্বাপেক্ষা বেশি ভোট পাবে, সে বিজয়ী হবে আর নির্দিষ্ট মেয়াদের জন্য সমাজ ও রাষ্ট্র পরিচালনার দায়িত্ব গ্রহণ করবে। নেতৃবৃন্দ দেশের সংবিধান অনুযায়ী সমাজ ও রাষ্ট্র পরিচালনা করবে; আর জনগণের উন্নতির জন্য কাজ করে যাবে। যেহেতু এখানে রাষ্ট্র পরিচালনার জন্য ব্যক্তিদেরকে জনগণই তাদের নিজেদের মধ্য হতে পছন্দমত কাউকে নির্বাচন করছে, তাই এটি জনগণের দ্বারা পরিচালিত জনকল্যাণমূলক, জনগণের সরকার।"

এটি গণতন্ত্রের একটি নিষ্পাপ চেহারা, আপাতদৃষ্টিতে যাকে নির্দোষ মনে হয়। সাধারণভাবে কোন ব্যক্তি যখন গণতন্ত্র নিয়ে কথা বলেন তখন তিনি শুধু গণতন্ত্রের এই নিষ্পাপ চেহারাকে সামনে রেখেই কথা বলেন।

কিন্তু ভাই, অন্তরে তীব্র ব্যাথা অনুভূত হয়, যেন কষ্টে কলিজা ছিড়ে যায় তখন, যখন একজন আলেম কিংবা একজন সাধারণ দ্বীনদার ভাইও গণতন্ত্রের শুধু এই নিষ্পাপ রূপটিই দেখেন, এটিকে দেখেই ফতোয়া দেন, এর চেয়ে আর গভীরে প্রবেশ করেন না; ফলে গণতন্ত্রকে ইসলামের সাথে মিলানোর ব্যর্থ চেষ্টা করেন, কিংবা গণতন্ত্রকে ইসলামীকরণ করার প্রয়াস পান; অবশেষে গণতান্ত্রিক পদ্ধতিতে ইসলাম প্রতিষ্ঠা করার দিবা স্বপ্ন দেখেন; আর গণতন্ত্রের পিছনে দৌঁড়ঝাপ করে জীবনের মহামূল্যবান সময়কে নষ্ট করেন ও পরকালকে বরবাদ করেন। অথচ গণতন্ত্রের ভিতরের রূপটি কত যে ভয়ংকর সেদিকে আমরা লক্ষ্য করিনা, হায়! সেখানে রয়েছে প্রতি পদে পদে বে-ঈমান হওয়ার সম্ভাবনা। (নাউযুবিল্লাহি মিন যালিক)

প্রিয় ভাই! গণতন্ত্রের এই নিষ্পাপ চেহারা দেখে আমাদের অনেক ভাই এমন মন্তব্য করেন-

১. ইসলামের খলিফা নির্বাচনের বেশ কয়টি পদ্ধতি রয়েছে, যার মধ্যে একটি হচ্ছে, জনগণ তাদের মধ্য হতে সবচেয়ে যোগ্য ব্যক্তিটিকে নির্বাচন করবে। এদিক থেকে এটি গণতন্ত্রের সাথে মিলে যায়। তাই, যদি আমরা প্রচলিত গণতান্ত্রিক পদ্ধতিতে ইসলামী রাজনীতি করে দ্বীন কায়েমের চেষ্টা করি তাহলে সমস্যা কোথায়?

২. আমরা সামাজিক জীব হিসেবে একটি সমাজ বা রাষ্ট্রে বসবাস করি। প্রতিটি নাগরিকের জন্য যে 'ভোটাধিকার' সরকার প্রদান করে, সেটি তার জন্য পবিত্র আমানত। কেননা আমি যদি ভোট না দেই আর এজন্য যদি একজন অযোগ্য ব্যক্তি ভোটে জয়লাভ করে যায়, আর নির্বাচিত হওয়ার পর সে যদি দুর্নীতি করে, তাহলে এর দায়ভার তো আমার উপরও বর্তাবে, কেন আমি যোগ্য ব্যক্তিকে ভোট দিয়ে জয়ী করার চেষ্টা করলাম না!

৩. যদি সৎ ও যোগ্য ব্যক্তিরা নির্বাচনে অংশ না নেয়, বিশেষতঃ উলামায়ে কেরাম ও দ্বীনদার শ্রেণি, যাদের মাঝে আমানতদারিতা আছে, তাহলে ঐ স্থানগুলো অযোগ্য ও খেয়ানতকারীরা দখল করে দেশ ও রাষ্ট্রের ক্ষতি সাধন

করবে। আর এমনটি হলে এর দায়ভার উলামায়ে কেরাম ও দ্বীনদার শ্রেণির উপরও বর্তাবে, কেন আমরা এগিয়ে আসলাম না!

৪. পার্লামেন্টে যেতে পারলে আমরা তো আর কুরআনের বিরোধী কোনো আইন রচনা করব না, বরং আমরা যখন দেখব কুরআনের আইনের বিরুদ্ধে আইন রচনা করা হচ্ছে তখন আমরা এর প্রতিবাদ করব। তাই কুরআনের আইনের বিরুদ্ধে যেন আইন রচিত হতে না পারে, সেজন্য পার্লামেন্টে উলামায়ে কেরাম ও দ্বীনদার শ্রেণির থাকার আবশ্যকতা রয়েছে।

৫. আমরা দাওয়াত দিতে থাকব। দেশের জনগণ যখন দ্বীনের গুরুত্ব বুঝবে, তখন আমাদেরকে তারা ভোট দিবে এবং আমরা বিজয়ী হব। তখন আমরা দেশে কুরআনের আইন প্রতিষ্ঠা করব।

৬. এভাবে, শান্তিপূর্ণভাবে সমাজে ইসলাম কায়েম হয়ে যাবে। জিহাদ তথা মারামারি-কাটাকাটি ও রক্তপাতের দরকার হবে না। তাছাড়া ইসলাম শান্তির ধর্ম। গণতান্ত্রিক পদ্ধতিতে আমরা শান্তিপূর্ণভাবে সমাজে ইসলাম কায়েম করতে চাই।

৭. যেহেতু আমাদের হাতে এখন নবুওয়তের যামানার ন্যায় জিহাদ করার মত সক্ষমতা ও পরিবেশ নেই, তাই এখন আমাদের হাতে যতটুকু সক্ষমতা আছে, ততটুকু দ্বারাই দ্বীন কায়েমের প্রচেষ্টা করে যেতে চাই। এর জন্য গণতান্ত্রিক পদ্ধতিতে আগানোটাই সবচেয়ে সহজ ও যুগোপযোগী পন্থা হতে পারে। আশাকরি, এই আন্দোলন করতে গিয়ে আমরা যে বাধা-প্রতিবন্ধকতা, নির্যাতন-নিপীড়ন সহ্য করব, তাতে আমাদের জিহাদের সওয়াব মিলবে। আর যদি জীবন চলে যায়, এতে আমরা শাহাদাতের মর্তবা লাভ করব ইনশাআল্লাহ।

৮. বর্তমানে উম্মাহ সাধারণ দ্বীনদারিই বুঝে না, অধিকাংশ মুসলমান নামায-কালামই ঠিকমত পড়ে না, তাই জিহাদের পদ্ধতিতে যদি আমরা সমাজে ইসলাম প্রতিষ্ঠা করতে যাই, তাহলে হিতে বিপরীত হতে পারে, মানুষ ইসলামের একটি নেগেটিভ দাওয়াত লাভ করতে পারে। তাই আগে মানুষদেরকে দাওয়াতের মাধ্যমে দ্বীনদারি বুঝাই, কুরআনের আইনের গুরুত্ব বুঝাই, ইসলামপন্থি সরকারের গুরুত্ব বুঝাই, যখন অধিকাংশ মানুষ দ্বীন বুঝবে, ইসলামী আইন ও ইসলামপন্থি সরকারের গুরুত্ব বুঝবে তখন তারাই এগিয়ে আসবে এবং ভোট দিয়ে ইসলামী দলগুলোকে বিজয়ী করবে। এভাবে সমাজে ইসলাম কায়েম করা সহজ হবে।

....

প্রিয় ভাই! এই যুক্তি ও চিন্তাগুলো কি সঠিক? নিয়ত যদি ঠিক থাকে তাহলে কি গণতান্ত্রিক পদ্ধতিতে রাজনীতি করায় কোনো সমস্যা আছে?

....

মুহতারাম ভাই! আপাতদৃষ্টিতে এই যুক্তি ও চিন্তাগুলো অত্যন্ত 'যুক্তিযুক্ত' মনে হতে পারে, কিংবা সময়ের দাবী বা হিকমাহ্ মনে হতে পারে, কিন্তু বাস্তবতা হল- আমরা যদি গণতন্ত্রের প্রকৃত স্বরূপ বুঝতাম, গণতন্ত্রের গূঢ় রহস্য যদি আমাদের সামনে স্পষ্ট থাকত, তাহলে আমরা দ্বীনদার শ্রেণি স্বপ্নেও এ ধরণের চিন্তা করতাম না, নির্বাচনে অংশগ্রহণ তো দূরে থাক, ভোট দেয়ার কথাও কখনো ভাবতাম না; বরং উল্টো আমরাই বলতাম- হায়! আমরা যারা এ ধরণের চিন্তা লালন করি, তারা মারাত্মক ভুলের মাঝে আছি, আমরা ভয়ঙ্কর রকমের আত্মপ্রবঞ্চনায় ভুগছি, আমরা যামানার ভয়ানক এক ফিতনায় ফিতনাগ্রস্ত হয়ে পড়েছি, এবং ইবলিশ শয়তান অত্যন্ত সুকৌশলে আমাদের ঈমান নষ্ট করে দিচ্ছে। (লা হাওলা ওয়ালা কুওয়্যাতা ইল্লা বিল্লাহ)

তাহলে, গণতন্ত্রের আসল চেহারা কী? কী সেই ভয়ঙ্কর রূপ? ....

প্রিয় ভাই! এই বিষয়গুলো আমাদের সামনে স্পষ্ট হওয়া দরকার। তাই পরবর্তী আলোচনায় আমরা আপনাদের সামনে গণতন্ত্রের মূল রহস্য উদ্ঘাটন করার চেষ্টা করবো ইনশাআল্লাহ। আল্লাহ্ তা'আলাই তাওফীকদাতা।

• গণতন্ত্রের প্রকৃতরূপ:

প্রিয় ভাই! আমরা এতক্ষণ গণতন্ত্রের যে আলোচনা করলাম (গণতন্ত্রের নিষ্পাপ রূপ: শিরোনামে) সেটি গণতন্ত্রের পরিচয় নয়, বরং সেটিকে 'সমাজে/একটি আদর্শ গণতান্ত্রিক রাষ্ট্রে গণতান্ত্রিক পদ্ধতি বাস্তবায়নের একটি মডেল' বলা চলে। অথবা এটিকে গণতন্ত্র নামক একটি দেহের বাহ্যিক কিছু অঙ্গ-প্রত্যঙ্গ বলা যায়। অর্থাৎ গণতন্ত্রের একটি দেহ আছে, যে সম্পর্কে আমরা কিছু আলোচনা এতক্ষণ করলাম, আরেকটি রূহ বা আত্মা আছে- যার আলোচনা আমরা সামনে করব ইনশাআল্লাহ। এই রূহ বা আত্মাই গণতন্ত্রের আসল পরিচয়। যদি কখনো গণতন্ত্র নিয়ে ভাবতে হয়, তাহলে এই রূহটি নিয়েই ভাবা উচিত, যদি কখনো গণতন্ত্রের ব্যাপারে কোনো সিদ্ধান্ত বা ফতোয়া তলব করা হয়, তখন এই রূহ বা আত্মার বিচার-বিশ্লেষন করেই সিদ্ধান্ত বা ফতোয়া দেয়া উচিত। কেননা রূহ ছাড়া দেহের কোনো মূল্য নেই। আল্লাহ্ পাক আমাদেরকে অনর্থক আবেগ ও অদুরদর্শিতা থেকে হেফাযত করুন। আমীন।

প্রিয় ভাই! গণতন্ত্রের রূহ বা আত্মা সম্পর্কে নিচের পয়েন্টগুলো ভালোভাবে আমরা খেয়াল করি ইনশাআল্লাহ্-

গণতন্ত্র একটি স্বতন্ত্র শিরকী ধর্ম:

মূলত (তাত্ত্বিকভাবে) গণতন্ত্র বলতে বোঝায় জনগণের শাসন। গণতন্ত্রের ইংরেজি পরিভাষা ডেমোক্রেসি শব্দটির জন্ম গ্রীক শব্দ ডেমোক্রাটিয়া থেকে, যার অর্থ জনগণের শাসন। ডেমোস (Demos) বা জনগণ এবং ক্রাটিয়া (Kratia) তথা শাসন বা ক্ষমতা থেকে ডেমোক্রেসি বা গণতন্ত্র নামটির জন্ম। এথেন্স সহ কিছু প্রাচীন গ্রীক নগর রাষ্ট্রে প্রচলন হয় গণতান্ত্রিক ব্যবস্থার। পরবর্তীতে এর সংজ্ঞা এবং বৈশিষ্ট্যের পরিবর্তন সাধিত হয়েছে।

আব্রাহাম লিংকনের ভাষায়, "Government of the people, by the people, for the people". অর্থাৎ জনগণের দ্বারা জনগণের জন্য গঠিত, জনগণ দ্বারা পরিচালিত সরকার ব্যবস্থা।

তাছাড়া ক্লিয়ান, অধ্যাপক গেটেলসহ আরো অনেকেই গণতন্ত্রের বিভিন্ন সংজ্ঞা দিয়েছেন।

প্রিয় ভাই! এটা কুফ্ফারদের দেয়া সংজ্ঞা; তবে আমরা বলব, **গণতন্ত্র কেবলই একটি নিছক শাসনব্যবস্থা নয়, প্রকৃতপক্ষে, এটি হিন্দু, বৌদ্ধ কিংবা খ্রিস্টান ধর্মের মত স্বতন্ত্র একটি শিরকী ধর্ম।** গণতন্ত্রের মেরুদন্ড ও কেন্দ্র কিন্তু কখনো আল্লাহ তা'আলার ইবাদত-বন্দেগী করা নয়, নয় আল্লাহ তা'আলার গোলামী করাও। বরং তা হচ্ছে: **তাঁর পবিত্র সত্ত্বার গোলামীর স্থলে মানুষের গোলামী করা। এখানে সকল চেষ্টা-প্রচেষ্টার মূল লক্ষ্য হয়ে থাকে প্রতাপশালী শ্রেনীর অভিলাষগুলো পূরণ করা। এক কথায় গণতন্ত্র হলো: لااله الاالانسان অর্থাৎ 'মানুষ ছাড়া কোন মাবুদ নাই' এর বাস্তব নমুনা। কেননা, এখানে মানুষরূপী শয়তানদের অভিলাষ ও কামনার ইবাদত করা হয়।**

কি ভাই, অবাক হচ্ছেন?...........

ইনশাআল্লাহ্, নিচের আলোচনা দ্বারা বিষয়টি আরো স্পষ্ট হয়ে যাবে।

একটি ধর্মে যেমন একজন 'রব' বা প্রভু থাকে, তেমনি গণতন্ত্রেরও একটি রব বা প্রভু আছে, আর সেটি হল 'আল্লাহর নাযিলকৃত বিধানসমূহের বিরুদ্ধে আইনপ্রণয়নকারী সম্প্রদায়'।

একটি ধর্মের যেমন ধর্মগ্রন্থ থাকে, যাকে তার অনুসারীরা অনুসরণ করে জীবনবিধান হিসেবে; তেমনিভাবে গণতন্ত্রের পবিত্র(?) ধর্মগ্রন্থ হচ্ছে 'মানবরচিত' রাষ্ট্রের সংবিধান।

গণতন্ত্রের আসল হৃৎপিণ্ড হলো ধর্মনিরপেক্ষতাবাদ (Secularism) এবং পুঁজিবাদ (Capitalism)। আর ধর্মনিরপেক্ষতা মানে এটি কখনোই নয় (যা আমাদের মধ্যে অনেক ভাই মনে করে থাকেন,) "ধর্মের ব্যাপারে ব্যক্তি স্বাধীন বা ধর্মের পক্ষপাতশূন্য; যে যার মত নিজ নিজ ধর্ম পালন করতে পারবে, রাষ্ট্র তাতে হস্তক্ষেপ করবে না।" বরং, ধর্মনিরপেক্ষতা বা (Secularism) এর প্রকৃত অর্থ হল-

Secularism is the doctrine that state, morality, education etc should be separated from religion.

অর্থাৎ, "ধর্মের প্রভাব থেকে রাজ্য, নীতি-নৈতিকতা, শিক্ষা ইত্যাদিকে মুক্ত রাখার মতবাদই হল ধর্মনিরপেক্ষতাবাদ।" যারা এই ধর্মনিরপেক্ষতার প্রবক্তা, ব্যক্তিগত জীবনে নামে মাত্র কিছু ধর্ম কর্ম করায় তাদের কোনো আপত্তি নেই। সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক, নৈতিকতা, শিক্ষা ও আন্তর্জাতিক অঙ্গন থেকে ধর্মকে নির্বাসন দেয়াই এদের মূল লক্ষ্য। ধর্মনিরপেক্ষতার সাথে নাস্তিকতাবাদের ওতপ্রোত সম্পর্ক বিদ্যমান, কেমন যেন ধর্মনিরপেক্ষতার চূড়ান্ত লক্ষ্যই হচ্ছে নাস্তিক্যবাদ (Atheism)। ধর্মনিরপেক্ষতাবাদী নেতা ব্রেডলেফের মত ছিল, ধর্মীয় আকীদা-বিশ্বাস প্রতিহত করাই ধর্মনিরপেক্ষতাবাদের কর্তব্য। তার মতে, ধর্মের এই সব কুসংস্কারমূলক ধারণা বিশ্বাস যতদিন পর্যন্ত পূর্ণ শক্তিতে প্রকাশিত হতে থাকবে, ততদিন পর্যন্ত বস্তুগত উন্নতি সম্ভব হবে না। (ইসলামী আকীদা ও ভ্রান্ত মতবাদ, মাওঃ মুহাম্মাদ হেমায়েত উদ্দীন, পৃ. ৬২৬-৬২৯)

গণতন্ত্রের প্রভুর পরিচয়:

প্রিয় ভাই! গণতন্ত্রের সবচেয়ে বড় শিরকী এবং কুফুরী দিকটি হল- আল্লাহর আইনের বিরুদ্ধে আইন রচনা করা। যে সম্প্রদায় আল্লাহর আইনের বিরুদ্ধে আইন রচনা করে, তারাই মূলত গণতন্ত্রের ইলাহ বা প্রভু বা উপাস্য। এরাই তাগুত। (এ সম্পর্কে কিতাবুত তাহরীদ দ্বিতীয় পর্ব: তাওহীদ ও জিহাদ" নামক কিতাবে বিস্তারিত আলোচনা করা হয়েছে। সেখান থেকে দেখে নেয়া যায় ইনশাআল্লাহ। ডাউনলোড লিংক: https://bit.ly/tahrid2)

এখন প্রশ্ন হল, এই তাগুতগুলো কিভাবে 'ইলাহ' হয়??? এরা কিভাবে নিজেদেরকে রবের আসনে সমাসীন করেছে?? কেন মানবরচিত আইন মেনে নিলে প্রকারান্তরে এই বিশেষ সম্প্রদায়টিকে রব হিসেবে গ্রহন করা হবে?

عن عدي بن حاتم قال :أتيت رسول الله صلى الله عليه وسلم وفي عنقي صليب، فقال :يا عدي اطرح هذا الوثن من عنقك فطرحته فانتهيت إليه وهو يقرأ في سورة براءة اتخذوا أحبارهم ورهبانهم أربابا من دون الله فقلت إنا لسنا نعبدهم قال النبي صلى الله عليه وسلم يحرمون ما أحل الله فتحرمون ويحلون ما حرم الله فتستحلون قلت بلى قال فتلك عبادتهم

আদী ইবনে হাতেম (ইসলাম গ্রহণের পূর্বে তিনি খ্রিস্টান ছিলেন) রাযি. থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ ﷺ-এর নিকট এলাম। তখন আমার গলায় একটি ক্রুশ ঝুলছিল। তিনি বললেন, হে আদী! এই মূর্তিটি তোমার গলা থেকে ছুঁড়ে ফেল। আমি তা ছুঁড়ে ফেললাম। অতঃপর রাসূলুল্লাহ ﷺ-এর নিকটে গেলাম। দেখলাম, তিনি সূরা বারাআ'র (সূরা তাওবা) এই আয়াত তিলাওয়াত করছেন:

اتخذوا أحبارهم ورهبانهم أربابا من دون الله

'তারা আল্লাহকে ছেড়ে নিজেদের পাদ্রী ও সংসারবিরাগীদেরকে প্রভু বানিয়ে নিয়েছে'। (সূরা তাওবাহ ০৯:৩১)

আমি আরজ করলাম, আমরা তো তাদের ইবাদত করতাম না। রাসূলুল্লাহ ﷺ বললেন, আল্লাহ তা'আলা যা হালাল করেছেন, তারা তা হারাম করতো আর তোমরাও তা হারাম মানতে এবং আল্লাহ তা'আলা যা হারাম করেছেন, তারা তা হালাল করতো আর তোমরাও তাকে হালাল মেনে নিতে। আমি উত্তর দিলাম- হ্যাঁ, এমনটি তো হয়েছে। তিনি

বললেন, এটিইতো তাদেরকে ইবাদত করা। (আত্ তারিখুল কাবির লিল ইমামিল বুখারি: ৭ম খণ্ড, ৪৭১ নং হাদীস, সুনানুত্ তিরমিজি: ৫০৯৩)

প্রিয় ভাই!

যারা আল্লাহর বিধানের মোকাবেলায় বিধান রচনা করে, আল্লাহ্ তা'আলার কৃত হালালকে হারাম করে আর হারামকৃতকে হালাল করে, এরা প্রকৃতপক্ষে নিজেদেরকে 'বিধানদাতা'র (আল্ হাকীম) আসনে নিজেকে সমাসীন করলো, যা আল্লাহ্ তাআলার একটি গুণ ও বৈশিষ্ট্য, যা কেবল আল্লাহ্ রাব্বুল 'আলামীনের জন্যই খাস।

আল্লাহ তা'আলা ইরশাদ করেন-

لَمْ يَكُن لَّهُ شَرِيكٌ فِي الْمُلْكِ

"......রাজত্বে তাঁর কোন শরীক নেই,....". (সূরা বনি-ইসরাইল ১৭:১১১)

قُلِ اللَّهُمَّ مَالِكَ الْمُلْكِ تُؤْتِي الْمُلْكَ مَن تَشَاءُ وَتَنزِعُ الْمُلْكَ مِمَّن تَشَاءُ وَتُعِزُّ مَن تَشَاءُ وَتُذِلُّ مَن تَشَاءُ ۖ بِيَدِكَ الْخَيْرُ ۖ إِنَّكَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ

আল্লাহ তায়া'লা আরো বলেন,"তুমি বল, হে আল্লাহ, রাজত্বের মালিক, আপনি যাকে চান রাজত্ব দান করেন, আর যার থেকে চান রাজত্ব কেড়ে নেন, আপনার হাতেই সমস্ত কল্যাণ। আপনি সকল কিছুর উপর সর্বশক্তিমান"। (সূরা আলে ইমরান ৩:২৬)

تَبَارَكَ الَّذِي بِيَدِهِ الْمُلْكُ وَهُوَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ

"বরকতময় তিনি যার হাতে সর্বময় কর্তৃত্ব। আর তিনি সব কিছুর উপর সর্বশক্তিমান"। (সূরা মূলক ৬৭:০১)

আল্লাহ তায়া'লা আরো ইরশাদ করেন,

أَلَا لَهُ الْخَلْقُ وَالْأَمْرُ

"শুনে রাখ, সৃষ্টি যার আদেশ/বিধানও চলবে তার।" (সূরা আল আরাফ ৭: ৫৪)

إِنِ الْحُكْمُ إِلَّا لِلَّهِ ۚ أَمَرَ أَلَّا تَعْبُدُوا إِلَّا إِيَّاهُ ۚ ذَٰلِكَ الدِّينُ الْقَيِّمُ وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ

"আল্লাহ ব্যতীত কারো বিধান দেবার ক্ষমতা নেই। তিনি আদেশ দিয়েছেন যে, তাঁকে ব্যতীত তোমরা অন্য কারো ইবাদত করো না। এটাই সরল পথ। কিন্তু অধিকাংশ লোক তা জানে না।" (সূরা ইউসুফ ১২:৪০)

إِنِ الْحُكْمُ إِلَّا لِلَّهِ ۚ أَمَرَ أَلَّا تَعْبُدُوا إِلَّا إِيَّاهُ ۚ ذَٰلِكَ الدِّينُ الْقَيِّمُ وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ

"আল্লাহ ব্যতীত কারো বিধান দেবার ক্ষমতা নেই। তিনি আদেশ দিয়েছেন যে, তাঁকে ব্যতীত তোমরা অন্য কারো ইবাদত করো না। এটাই সরল পথ। কিন্তু অধিকাংশ লোক তা জানে না।" (সূরা ইউসুফ ১২:৪০)

أَفَحُكْمَ الْجَاهِلِيَّةِ يَبْغُونَ ۚ وَمَنْ أَحْسَنُ مِنَ اللَّهِ حُكْمًا لِّقَوْمٍ يُوقِنُونَ

"তারা কি জাহেলিয়াতের বিধান চায়? বিশ্বাসীদের জন্যে আল্লাহর চেয়ে উত্তম হুকুমদাতা আর কে?" (সূরা মায়েদা, আয়াত: ৫০)

أَمْ لَهُمْ شُرَكَاءُ شَرَعُوا لَهُم مِّنَ الدِّينِ مَا لَمْ يَأْذَن بِهِ اللَّهُ

"ওদের কি এমন কতগুলো দেবতা আছে, যারা তাদের জন্য বিধান দিয়েছে এমন দ্বীনের যার অনুমতি আল্লাহ্ দেননি?" (সূরা শুরা ৪২:২১)

এছাড়াও আরো অনেক উলামায়ে কেরাম এ মাসআলায় ইজমা নকল করেছেন, দেখুন: আত-তাউযিহ, ইবনুল মুলাক্কিন, কিতাবুল ফিতান, খণ্ড: ৩২, পৃষ্ঠা: ২৮২, ওয়াযারাতুল আওকাফ, কাতার; দারু ইবনে কাসির; মাজমুউল ফাতাওয়া, ইমাম ইবনে তাইমিয়া: ২৮/৫০২,৫১০; আল কাশেফ, ইমাম তিবি, পৃষ্ঠা: ২৫৬০; শরহে মুসলিম, ইমাম নববী, অধ্যায় 'উজূবু ত্বাআতিল উমারা': ১২/২২৯, আলমাতবাআহ আলমিসরিয়্যাহ; হাশিয়াতুশ শিরওয়ানী আলা তুহফাতিল মুহতাজ: ১১/৩৪৭, দারুল কুতুবিল ইলমিয়্যাহ; ফাতহুল বারী, কিতাবুল আহকাম: ১৩/১৫৩, দারুস সালাম, রিয়াদ; ১৩/১২৩, দারুল মা'রেফাহ এবং মাকতাবায়ে সালাফিয়্যাহ ইত্যাদি।

প্রিয় ভাই!

ইমামে আজম আবূ হানীফা রহ.-এর মত হলো, কোনো শাসক যদি জালেম হয়, তাহলে তার বিরুদ্ধে কিতাল করা ও তাকে অপসারণ করে নতুন খলীফা নিযুক্ত করা ফরজ; যদিও তার থেকে সুস্পষ্ট কোনো কুফর প্রকাশ না পায়। ইমাম আবূ হানীফা রহ. ছাড়াও সালাফে সলেহীনের আরো অনেকেই একই মত ব্যক্ত করেছেন। রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলাই ওয়া সাল্লামের কলিজার টুকরা নাতি; জান্নাতী যুবকদের সর্দার হুসাইন রাযি. এর ঘটনা তো সকলেরই জানা। তিনি ইয়াজিদের বিরুদ্ধে জিহাদ করেছিলেন। অথচ তৎকালীন সাহাবীগণ ইয়াজিদকে কাফের মনে করতেন না। তথাপি পুরো উম্মাহ হুসাইন রাযি.-এর জিহাদকে জিহাদ বলে স্বীকার করেন, তার জিহাদ নিয়ে গর্ব করেন। জান্নাতের যুবকদের সর্দার হুসাইন রাযি.-এর উপরোক্ত আমলই এ ক্ষেত্রে অনেক বড় প্রমাণ।

হযরত যায়েদ বিন আলী রহ. ছিলেন হযরত হুসাইন রাযি.-এর নাতি, বিশিষ্ট তাবেয়ী এবং ইমাম আবূ হানীফা রহ.-এর উস্তাদ। তৎকালীন বনু উমাইয়ার খলীফাদের বিরুদ্ধে তিনি বিদ্রোহ করেছিলেন। ইমাম আবূ হানীফা রহ. উক্ত জিহাদে নিজের মাল দ্বারা অংশগ্রহণ করেন। এই মর্মে মানুষকে গোপনে ফতওয়া প্রদান করতে থাকেন যে, যায়েদ বিন আলী রহ. কে সাহায্য করা এবং তার সাথে মিলে যালিম শাসকদের বিরুদ্ধে কিতাল করা ফরজ। (দেখুন- আহকামুল কুরআন: ১/৭০,৮৪-৮৫, দারুল কুতুবিল ইলমিয়্যাহ)

এক বর্ণনায় এসেছে-

سُئِلَ عن الجهاد معه، فقال: خروجه يُضاهِيْ خُروجَ رسول الله صلى الله عليه وسلم يومَ بَدْرٍ.

"ইমাম আবূ হানীফা রহ. কে যায়েদ বিন আলী রহ.-এর সঙ্গে মিলে জিহাদের ব্যাপারে জিজ্ঞাসা করা হয়েছিল। প্রতি উত্তরে তিনি বলেছিলেন, তার এই জিহাদ তো বদরের দিন রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জিহাদ সদৃশ।" (দেখুন মানাকিবুল ইমামিল আজাম, খণ্ড: ১, পৃষ্ঠা: ২৬০-২৬১)

অন্যদিকে, হযরত মুহাম্মাদ রহ. ও হযরত ইবরাহীম রহ. ছিলেন হযরত হাসান রাযি.-এর নাতি হযরত আব্দুল্লাহ রহ.-এর সন্তান। তারা দুই সহোদর তৎকালীন খলীফা মানসুরের বিরুদ্ধে জিহাদ করেছেন।

এক বর্ণনায় এসেছে,

أن أبا حنيفة كان يَحُضُّ الناسَ على إبراهيم و يأمرهم باتباعه، وذُكَرَ قبلَ ذلك أنه كان يُفَضِّلُ الغزوةَ معه على خمسين حَجَّة.

"ইমাম আবূ হানীফা রহ. জনসাধারণকে ইবরাহীম রহ.-এর পক্ষে উদ্বুদ্ধ করতেন। তার আনুগত্যের আদেশ প্রদান করতেন। ইতঃপূর্বে উল্লেখ করা হয়েছে যে, তিনি তার সাথে মিলে যুদ্ধ করাকে পঞ্চাশটি হজ্জের উপর প্রাধান্য দিতেন।" (মানাকিবুল ইমামিল আজাম, খণ্ড: ২, পৃষ্ঠা: ৮৪)

ইমাম আবূ হানীফা রহ. নিজেও তাদের সাথে মিলে জিহাদ করার জন্য মানুষকে ফতওয়া প্রদান করতেন এবং উদ্বুদ্ধ করতেন। অথচ খলীফা মানসূর ইসলামের কোনো অকাট্য বিধানকে পরিবর্তন করেননি।

এই ছিলেন ইমাম আবূ হানীফা রহ.। যিনি জালিমের বিরুদ্ধে যুদ্ধ করাকে বদর যুদ্ধের সাথে তুলনা করেছেন। পঞ্চাশটি হজ্বের উপর প্রাধান্য দিয়েছেন। মাল দ্বারা সে জিহাদে অংশগ্রহণ করেছেন। অথচ তৎকালীন শাসকরা ইসলামের কোন অকাট্য বিধানকে রাষ্ট্রীয়ভাবে পরিবর্তন বা অকার্যকর করেনি। তাদের অন্যায় অপরাধগুলো বর্তমান শাসকদের কুফর ও ইরতিদাদের ধারে কাছেও ছিল না। তাদের ব্যাপারে জান্নাতী যুবকদের সর্দার হুসাইন রাযি.

এবং ইমাম আবূ হানীফা রহ.-এর অবস্থান যদি এই হয়, তাহলে বর্তমান সময়ের মুরতাদ শাসকদের ব্যাপারে তাদের ফতওয়া কী হতে পারে?

গণতান্ত্রিক পদ্ধতির শাসকবৃন্দ কেন মুরতাদ?

প্রিয় ভাই! 'নামায প্রতিষ্ঠা না করা বা নামায প্রতিষ্ঠায় বাধা দেয়া'- এটি তাগুত শাসকের বিরুদ্ধে জিহাদ শুরু করার একমাত্র কারণ হতে পারেনা, কিংবা একমাত্র মাপকাঠি হতে পারে না, কিংবা সবচেয়ে বড় কারণ হতে পারে না; বরঞ্চ এটি জিহাদ শুরু করার জন্য অন্যতম, প্রাথমিক ও ছোট একটি কারণ হতে পারে। এর চেয়ে বড় কিংবা এর উপরের পর্যায়ের কোনো কারণ পাওয়া গেলে অবশ্যই সেটিকে প্রাধান্য দিতে হবে এবং সেই শাসকের বিরুদ্ধে জিহাদ করতে হবে। দুঃখজনক হলেও সত্য যে, পূর্বের যামানার শাসকবৃন্দ কেবল যুলুম করলেই আমাদের আকাবীরগণ জিহাদ করেছেন, নামায প্রতিষ্ঠায় বাধা দিচ্ছে কিনা সেদিকে লক্ষ্য করেননি, অথচ বর্তমান যামানায় আমাদের শাসকবৃন্দ অগণিত কুফরে লিপ্ত হওয়া সত্ত্বেও আমরা কেবল এই অজুহাতে হাত গুটিয়ে বসে আছি যে, তারা তো এখনো আমাদেরকে নামায আদায় করতে দিচ্ছে। এর একটি কারণ হতে পারে, বর্তমান যামানার শাসকবৃন্দ কিভাবে কুফুরী করছে সে বিষয়ে আমাদের স্পষ্ট জ্ঞান না থাকা, কিংবা একটি কুফুরী কত বড় অপরাধ সেই বিষয়ে আমাদের উপলব্ধি না থাকা, অথবা জিহাদবিমুখতার ফলস্বরূপ আমরা নিজেদেরকে একটি বুঝ দিয়ে রেখেছি।

তাই ভাই চলুন, জেনে নেয়া যাক, বর্তমান যামানায় গণতান্ত্রিক মুসলিম দেশসমূহের শাসকদের কাফের (মুরতাদ) হওয়ার কারণগুলো কী কী:

১. ধর্মকে রাষ্ট্র থেকে আলাদা করা, ধর্ম যার যার রাষ্ট্র সবার স্লোগান তোলা এবং ধর্ম নিরপেক্ষ রাষ্ট্র গঠনের সিদ্ধান্ত গ্রহণের কারণে তারা কাফের।
২. কুরআন-সুন্নাহ বিরোধী আইন প্রণয়ন করার কারণে তারা কাফের।
৩. কুরআন-সুন্নাহ ছেড়ে দিয়ে বিভিন্ন ক্ষেত্রে বিধর্মীদের তৈরিকৃত আইনের অনুসরণ করার কারণে তারা কাফের।
৪. গণতন্ত্র, সমাজতন্ত্র, জাতীয়তাবাদ এবং ধর্মনিরপেক্ষতাকে সংবিধানের মূল ভিত্তি করার কারণে তারা কাফের।
৫. কুরআন-সুন্নাহর আইন ছেড়ে পাশ্চাত্য বিধর্মীদের তৈরিকৃত নীতিমালা দ্বারা বিচারকার্য করার কারণে তারা কাফের।
৬. আল্লাহ তা'আলা যে সব বস্তুকে হারাম করেছেন (যেমন- সুদ, যিনা, মদপান, অশ্লীলতা ইত্যাদি) রাষ্ট্রীয়ভাবে তার অনুমোদন দেওয়া (হালাল বানানো), রাষ্ট্রীয়ভাবে সেসবের পৃষ্ঠপোষকতা করা এবং প্রচার-প্রসার করার কারণে তারা কাফের।
৭. আল্লাহ তা'আলা যেসব বস্তুকে হালাল করেছেন, (যেমন- বাল্যবিবাহ, জিহাদ ইত্যাদি) সেসব বস্তুকে নিষিদ্ধ (হারাম) করার কারণে তারা কাফের।
৮. 'সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধ' নাম দিয়ে মুজাহিদগণের বিরুদ্ধে কাফেরদেরকে সহযোগিতা করার কারণে তারা কাফের।
৯. মুজাহিদদেরকে ধরে ধরে ভারত, আমেরিকা, ইসরাঈলসহ অন্যান্য কাফেরদের হাতে হস্তান্তর করা এবং কাফেরদের সাথে বন্ধুত্ব স্থাপন করার কারণে তারা কাফের।
১০. পবিত্র জিহাদের হুকুমকে 'জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ' নামে আখ্যায়িত করার কারণে এবং পাঠ্যপুস্তককে জিহাদ মুক্ত করার ঘোষণা দেয়ার কারণে তারা কাফের।

১১. মুজাহিদীনে ইসলামকে ঘৃনা ভরে 'জঙ্গী ও সন্ত্রাসী' ট্যাগ দেয়ার কারণে তারা কাফের।
১২. আল্লাহ ও আল্লাহর রাসূলের দুশমন থাবা বাবা (রাজীব) এবং এই জাতীয় অন্যান্য শাতিম হত্যাকারী মুজাহিদগণকে বিচারের কাঠগড়ায় দাঁড় করিয়ে দোষী সাব্যস্ত করত ফাঁসি ও অন্যান্য দণ্ডে দণ্ডিত করার অপরাধে তারা কাফের।
১৩. হেফাজতে ইসলামের ১৩ দফা ছিল মূলত ইসলামের মৌলিক কতগুলো বিধানের সমষ্টি। এই ১৩ দফা ও ইসলামের অন্যান্য বিধানাবলিকে নাকচ করা, তের দফাকে ঘৃণাভরে প্রত্যাখ্যান করা এবং তের দফার দাবীদার মুসলিমদের উপর রাতের আঁধারে অকথ্য নির্যাতন চালিয়ে হত্যা করার অপরাধে তারা কাফের।
১৪. বোরকা ও হিজাব পরিহিতা পর্দানশীন নারীদেরকে 'চলন্ত তাঁবু' আখ্যায়িত করে ইসলামের একটি ফরয বিধানকে কটুক্তি করার কারণে তারা কাফের।
১৫. সর্বোপরি জিহাদকে অপছন্দ করা, জিহাদের প্রতি বিদ্বেষ রাখা, যারা আল্লাহর রাজ কায়েমের জন্য জিহাদ করতে চায় তাদেরকে আটক করে নির্যাতন ও হত্যা করার কারণে তারা কাফের।
১৬. হিন্দুদের পূঁজায় অংশগ্রহণ করা এবং পূঁজা উপলক্ষে তাদেরকে শুভেচ্ছা জ্ঞাপন করা, 'গজে চড়ে মা দূর্গা দেশে আসার কারণে এবার দেশের ফসল ভালো হয়েছে' এই জাতীয় আকীদার কারণে তারা কাফের।
১৭. মুসলিমদেরকে কুরআন-সুন্নাহ বিরোধী আইন-কানুন মানতে বাধ্য করার অপরাধে তারা কাফের।
১৮. জাতিসংঘ নামক কুফুরী সংঘের অন্তর্ভূক্ত হয়ে তাদের উদ্দেশ্যের সাথে একমত পোষণ করা, তাদের উদ্দেশ্য সাধনের পথ মসৃণ করে দেয়া, বিভিন্ন ইস্যুতে তাদের কাছে বিচার প্রার্থনা করা এবং তথাকথিত 'শান্তিমিশন'(?) এ সেনাবাহিনী পাঠিয়ে মুসলিম দেশগুলোতে অশান্তি সৃষ্টি করা ও মুজাহিদদের বিরুদ্ধে যুদ্ধ করানোর অপরাধে এরা কাফের।
১৯. ইত্যাদি! ইত্যাদি!!

[বিস্তারিত পড়ুন: নেদায়ে তাওহীদ-শাইখ আবু উমার আল মুহাজির: https://bit.ly/nt22]

এককথায়, বর্তমান বিশ্বের গণতান্ত্রিক শাসকদের কুফুরি কর্মকাণ্ডের তালিকা অনেক দীর্ঘ, যা লিখে শেষ করার মত নয়!

'নামায আদায় করতে বাধা দেয়' কেবল এই কারণে তাদের বিরুদ্ধে জিহাদ করা যাবে না, এটি কোন্ যুক্তিতে মেনে নেয়া যায় ভাই? কেবল এই একটি কারণে কী তাদের রক্ত হারাম হয়ে যাবে, যেখানে শত শত কারণে তাদের রক্ত হালাল হয়ে আছে?

প্রিয় ভাই! এদের কুফরের কারণে এরা 'নামায পড়তে দিয়ে' মুসলমানদের যতটুকু উপকার করছে, তার চেয়ে লক্ষ গুণ তারা মুসলমানদের অনিষ্ট সাধন করছে?

ভাই! কেউ আমাকে একদিকে নামায পড়তে দিল, অন্যদিকে ঈমানটা কেড়ে নিল, এর দ্বারা আমার উপকার বেশি হল না ক্ষতি বেশি হল, ঈমানহীন এই নামাযের কী মূল্য আছে?

কাফের ও মুরতাদ শাসকগোষ্ঠী এই কাজটিই করে থাকে। এরা একদিকে নিজেরা কুফুরি কর্মকাণ্ডে জড়িত হয়, অন্যদিকে দেশের জনগণকে কুফুরি কর্মকাণ্ডে জড়িয়ে ফেলে, কুফরের প্রতি উদ্বুদ্ধ করে, কখনো কখনো বাধ্য করে।

আর বিশেষতঃ গণতান্ত্রিক পদ্ধতিতে শাসকবৃন্দ সাধারণত নামাযকে নিষিদ্ধ করবে না, কেননা এটি ব্যক্তিগত ইবাদত। আর ব্যক্তিগত ইবাদতের ক্ষেত্রে গণতান্ত্রিক প্রভুদের কোনো মাথাব্যাথা নেই। কেননা এর দ্বারা কুফরের রাজত্বের কোনো ক্ষতি সাধিত হয় না। গণতান্ত্রিক প্রভুদের এ্যালার্জী হল ইসলামের রাষ্ট্রীয় বিধানাবলি নিয়ে, তাদের চুলকানি হল রাষ্ট্রব্যবস্থা পরিবর্তনের হাতিয়ার 'জিহাদ ফী সাবীলিল্লাহ'কে নিয়ে। সুতরাং নামায পড়তে দেয়ার কারণে তাদের বিরুদ্ধে জিহাদ করা যাবে না' একথা মেনে নিলে গণতান্ত্রিক রাষ্ট্রে কখনোই জিহাদ ফরয হবে না, আর সমাজ ও রাষ্ট্র থেকে সকল অনিষ্টের জননী গণতন্ত্রকেও আর হটানো সম্ভব হবে না, রাষ্ট্রে পরিপূর্ণরূপে ইসলামও আর কায়েম হবেনা, 'খিলাফাহ আলা মিনহাযিন্নুবুয়্যাহ'ও আজীবন স্বপ্নই থেকে যাবে।

এটিই চরম বাস্তবতা!!

০৯. হিকমাহ (!), নাকি আত্মপ্রবঞ্চনা ?

অনেক ভাই বলেন, "আরে ভাই! আমরা তো জানি গণতন্ত্র কুফর। কিন্তু এখন যেহেতু খিলাফত নেই, তাই ইসলামকে টিকিয়ে রাখতে হেকমতের দাবী হিসেবে আমরা গণতন্ত্রকে বেছে নিয়েছি। আমরা ক্ষমতায় যেতে পারলে তখন খিলাফাহ কায়েম করবো।"

এখন প্রশ্ন হল, হেকমতের দাবী হিসেবে গণতন্ত্র অবলম্বন করা যাবে কি?

উত্তর: এই প্রশ্নের উত্তর জানতে হলে আমাদেরকে প্রথমে বুঝতে হবে হিকমাহ কী?

হিকমাত বা হিকমত বা হেকমত, আরবি: حكمة , ḥikma, আক্ষরিক অর্থে প্রজ্ঞা (Wisdom), দর্শন; যুক্তি, অন্তর্নিহিত কারণ ইত্যাদি বুঝায়। অর্জিত গ্রন্থগত জ্ঞান, অভিজ্ঞতা, বাস্তবজ্ঞান, সাধারণ জ্ঞান ও গভীর চিন্তার সমন্বয় ঘটিয়ে বাস্তব জীবনে প্রয়োগ ও ব্যবহারের ক্ষমতা হচ্ছে প্রজ্ঞা। গভীর অন্তর্দৃষ্টি, বিচক্ষণতা, দূরদর্শিতা, বুদ্ধিমত্তা ইত্যাদির সমষ্টিও হিকমাহ। (উইকিপিডিয়া, https://bit.ly/wikihikma)

বিভিন্ন ইসলামিক পণ্ডিত, গবেষক ও দার্শনিকগণ এটিকে বিভিন্ন ভাবে ব্যাখ্যা দিয়েছেন।

যেমন:

ইবনে মানযুরের মতে,

"হিকমাহ হচ্ছে ভালো ও উত্তম কিছুর বৈজ্ঞানিক বা উচ্চ পর্যায়ের ধারণা রাখা, ঐ রকম চিন্তন ক্ষমতা এবং এর ফল বাস্তবে বাস্তবায়ন।" ('লিসান আল আরব', ইবনে মানযুর, পৃ. ১৫/৩০)

ইবনে ফারিসের মতে,

"হিকমাহ হচ্ছে বাস্তব জ্ঞান এবং এর মাধ্যমে বিচার-বিবেচনা।" (মু'জাম মাক্বাইস আল লুগাহ, ইবনে ফারিস, পৃ. ২/৯১)

পাকিস্তানের প্রখ্যাত আলেমে দ্বীন, বিচারক ও ইসলামিক পণ্ডিত, শাইখুল ইসলাম আল্লামা মুহাম্মাদ ত্বকি উসমানী দা. বা. এর মতে,

"হিকমাহ হচ্ছে ফিকহ শাস্ত্রের একটি দিক; যেটি যাবতীয় সব জ্ঞানের সর্বোত্তম ব্যবহারে আইন প্রণয়ন করার সময় প্রণেতারা ব্যবহার করে থাকেন।" [Usmani, Muhammad Taqi (December 1999). The Historic Judgment on Interest Delivered in the Supreme Court of Pakistan (PDF). Karachi, Pakistan: albalagh.net., paras 119-120]

ডক্টর দিপারতুয়ারের মতে-

"এটি হচ্ছে বাস্তবজ্ঞান ও গ্রন্থগত জ্ঞানের প্রয়োগ।" [Asyraf Wajdi Bin Dato' Hj. Dusuki Yang Dipertua. "The Challenge of Realizing Maqasid Shariah in Islamic Finance" (PDF). iais.org.my. Retrieved 27 November 2016.]

ইবনে আল-কাইয়ূম রহ. এর মতে,

"হিকমাহ এর সর্বোচ্চ স্তরে উপনীত হতে পেরেছিলেন রসূলের সাহাবারা এবং এটিই হচ্ছে আলেমদের জন্য জ্ঞানের বা পান্ডিত্যের সর্বোচ্চ স্তর।" [তাজ আল 'আরুস, পৃ. ৮/৩৫৩]

ইমাম নববী রহ: বলেন-

الحِكمةُ :عبارةٌ عن العلمِ المتَّصِفِ بالإحكامِ، المشتَمِلِ على المعرفةِ باللَّهِ تبارك وتعالى، المصحوبِ بنفاذِ البصيرةِ، وتهذيبِ النَّفسِ، وتحقيقِ الحَقِّ والعَمَلِ به، والصَّدِّ عن اتِّباعِ الهوى والباطِلِ، والحكيمُ مَن له ذلك -شرح النووي على مسلم : 2/33

"হিকমত বলা হয়: আহকাম সম্বলিত ইলমকে যার মাধ্যমে আল্লাহ তা'আলাকে চিনা যায়। পাশাপাশি যার সাথে প্রজ্ঞা, আত্মশুদ্ধি, সত্যের অন্বেষণ, সত্যের উপর আমল করা, কুপ্রবৃত্তি ও বাতিলের অনুসরণ থেকে দূরে থাকা ইত্যাদি বিষয় পাওয়া যায়। আর যার মাঝে এগুলি পাওয়া যায় তাকে হিকমতওয়ালা বলা হয়।" (শারহুন নববী আলাল মুসলিম-২/৩৩)

কুরআন কারীমের বাণীতে 'হিকমাহ'

হিকমাহ হচ্ছে মহান আল্লাহর একটি গুণ। তিনি 'الحكيم (আল-হাকিম)' অর্থ প্রজ্ঞাময়।

সূরা লোকমানে বলা হয়েছে:

وَلَوْ أَنَّمَا فِي الْأَرْضِ مِن شَجَرَةٍ أَقْلَامٌ وَالْبَحْرُ يَمُدُّهُ مِن بَعْدِهِ سَبْعَةُ أَبْحُرٍ مَّا نَفِدَتْ كَلِمَاتُ اللَّهِ ۗ إِنَّ اللَّهَ عَزِيزٌ حَكِيمٌ

"পৃথিবীতে যত বৃক্ষ আছে, সবই যদি কলম হয় এবং সমুদ্রের সাথেও সাত সমুদ্র যুক্ত হয়ে কালি হয়, তবুও তাঁর বাক্যাবলী লিখে শেষ করা যাবে না। নিশ্চয় আল্লাহ পরাক্রমশালী, প্রজ্ঞাময়।" (৩১ সূরা লোকমান, আয়াত ২৭)

কুরআন কারীম মানবজাতির জন্য দুরদর্শিতা ও হিকমাহ'র উৎস। যেমন:

يس –وَالْقُرْآنِ الْحَكِيمِ

"ইয়াসীন, প্রজ্ঞাময় কুরআনের শপথ।" (৩৬ সূরা ইয়াসীন: ১-২)

وَأَنزَلَ اللَّهُ عَلَيْكَ الْكِتَابَ وَالْحِكْمَةَ وَعَلَّمَكَ مَا لَمْ تَكُن تَعْلَمُ ۚ وَكَانَ فَضْلُ اللَّهِ عَلَيْكَ عَظِيمًا

"আল্লাহ পাক আপনার প্রতি আসমানী গ্রন্থ আল কিতাব (কুরআন) ও ঐশী প্রজ্ঞা আল হিকমাত নাযিল করেছেন এবং আপনাকে এমন বিষয় শিক্ষা দিয়েছেন, যা আপনি জানতেন না। আপনার প্রতি আল্লাহ পাকের অসীম করুণা রয়েছে।" (০৪ সূরা আন নিসা: আয়াত ১১৩)

'হিকমাহ' আল্লাহ প্রদত্ত এক বিশেষ নিয়ামত। আল্লাহ পাক ইরশাদ করেন,

يُؤْتِي الْحِكْمَةَ مَن يَشَاءُ ۚ وَمَن يُؤْتَ الْحِكْمَةَ فَقَدْ أُوتِيَ خَيْرًا كَثِيرًا ۗ وَمَا يَذَّكَّرُ إِلَّا أُولُو الْأَلْبَابِ

"তিনি যাকে ইচ্ছা হিকমাহ (প্রজ্ঞা) দান করেন এবং যাকে হিকমাহ দান করা হয়েছে তাকে অবশ্যই প্রভূত কল্যাণ দান করা হয়েছে। আর বুদ্ধিমান ছাড়া আর কেউ স্মরণ রাখবে না/উপদেশ গ্রহণ করবে না।" (২ সূরা বাকারাহ :২৬৯)

'হিকমাহ' নিয়ে আলোচনা করা হয়েছে কুরআন কারীমের এমন আরো বহু আয়াত রয়েছে।
যেমন: কুরআন কারীমে আরো বর্ণিত হয়েছে-

رَبَّنَا وَابْعَثْ فِيهِمْ رَسُولًا مِّنْهُمْ يَتْلُو عَلَيْهِمْ آيَاتِكَ وَيُعَلِّمُهُمُ الْكِتَابَ وَالْحِكْمَةَ وَيُزَكِّيهِمْ ۚ إِنَّكَ أَنتَ الْعَزِيزُ الْحَكِيمُ

"হে আমাদের প্রতিপালক, তাদের মধ্য হতে তাদের নিকট এক রাসূল প্রেরণ করুন, যে তোমার আয়াতসমূহ তাদের নিকট আবৃত্তি করবে, তাদের কিতাব ও হিকমাত শিক্ষা দিবে এবং তাদের পবিত্র করবে। নিশ্চয়ই তুমি পরাক্রমশালী, প্রজ্ঞাময়।" (০২ সূরা বাকারাহ: ১২৯)

كَمَا أَرْسَلْنَا فِيكُمْ رَسُولًا مِّنكُمْ يَتْلُو عَلَيْكُمْ آيَاتِنَا وَيُزَكِّيكُمْ وَيُعَلِّمُكُمُ الْكِتَابَ وَالْحِكْمَةَ وَيُعَلِّمُكُم مَّا لَمْ تَكُونُوا تَعْلَمُونَ

"যেমন আমি তোমাদের মধ্য হতে তোমাদের নিকট রাসূল প্রেরণ করেছি, যে আমার আয়াত সমূহ তোমাদের নিকট আবৃত্তি করে, তোমাদের পবিত্র করে এবং কিতাব ও হিকমত শিক্ষা দেয় এবং তোমরা যা জানতে না তা শিক্ষা দেয়।" (০২ সূরা বাকারাহ: আয়াত ১৫১)

প্রিয় ভাই! বিভিন্ন মনীষীদের উক্তি ও কুরআন কারীমের বিভিন্ন আয়াত থেকে আমরা 'হিকমাহ' সম্পর্কে নিচের সিদ্ধান্তে উপনীত হতে পারি-

** আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা সবচেয়ে প্রজ্ঞাবান। তিনি যাকে ইচ্ছা তাকে প্রজ্ঞা দান করেন। আর তিনি যুগে যুগে বিভিন্ন নবী-রাসূল, বিশেষতঃ সর্বশেষ রাসূল হযরত মুহাম্মাদ ﷺ-কে প্রেরণ করেছেন মানবজাতিকে প্রকৃত হিকমাহ তথা প্রজ্ঞা শিক্ষা দান করার জন্য।

** তাই কুরআন, সুন্নাহ এবং ইসলামী শরীয়ত- মানবজাতির জন্য হিকমাহ (প্রজ্ঞা) বা দুরদর্শিতার উৎস।

** কুরআন সুন্নাহ ও ইসলামী শরীয়ত মেনে চলাই হল প্রকৃত হিকমাহ। যে সকল কাজ শরীয়ত পরিপন্থী তা আপাতৎদৃষ্টিতে যতই বুদ্ধিদীপ্ত বলে মনে হোক না কেন তা হিকমাহ (প্রজ্ঞা) নয়। অবশ্যই তা জাহেলিয়াত (অজ্ঞতা)। সাময়িকভাবে তাকে হিকমাহ মনে হলেও একসময় অবশ্যই তা জাহিলিয়াত হিসেবে প্রমানিত হবে।

** হিকমাহ হল সঠিকভাবে ইসলাম বা রসুলের সুন্নাহ মেনে চলা। হিকমাহ একেক ক্ষেত্রে একেক রকম হতে পারে। দাওয়াতের ক্ষেত্রে সুস্পষ্ট সত্য বলা যেমন হিকমাহ তেমনি জেহাদের ক্ষেত্রে কৌশল হিসেবে মিথ্যা বলাও হিকমাহ। অনেকে হিকমাহর ভুল ব্যাখা করে সত্যকে পাশ কাটিয়ে যান বা আড়াল রাখেন, সুস্পষ্টরূপে তুলে ধরেন না।

** হিকমাহ হল- আল্লাহ তা'আলার হুকুম পালনের বিশেষ পদ্ধতি; এ হিসেবে সুন্নাহই হল হিকমাহ।

** কুরআন, হাদীস, মনীষীদের বিভিন্ন উক্তি ও বাস্তবতার আলোকে 'হিকমাহ'র সংজ্ঞা আমরা এভাবে দিতে পারি-

১. যাবতীয় বিষয়-বস্তু, পরিস্থিতি বা অবস্থাকে আল্লাহ্ প্রদত্ত বিশেষ জ্ঞান দ্বারা সঠিকভাবে উপলব্ধি করা, সেই উপলব্ধির উপর ভিত্তি করে সঠিক সিদ্ধান্তে পৌঁছানো এবং শরীয়াহ মোতাবেক বাস্তবক্ষেত্রে তা প্রয়োগ করাকে হিকমাহ বলে।
২. উদ্ভূত যে কোনো পরিস্থিতিতে শরীয়াহর চাহিদা কী, তা সঠিকরূপে নির্ণয় করতে পারা বা বুঝতে পারা, এবং সে অনুযায়ী নিজেকে এবং অন্যদেরকে পরিচালনা করার নাম 'হিকমাহ'।

প্রিয় ভাই! এবার আসা যাক মূল আলোচনায়। দ্বীন কায়েমের জন্য 'হিকমাহ' হিসেবে কি গণতন্ত্রকে অবলম্বন করা যাবে?

পূর্বের আলোচনা থেকে নিশ্চয় আমরা ইতোমধ্যেই উত্তর পেয়ে গিয়েছি। তারপরো বলছি-

ক. গণতন্ত্র একটি কুফুরী ও শিরকী ব্যবস্থা, যার সাথে ইসলামী শরীয়তের দূরবর্তী সম্পর্কও নেই। তাহলে শরীয়ত বিরোধী একটি বিষয়, যা ইসলামে নেই, কিভাবে সেটি আল্লাহ তা'আলার কাছে 'হিকমাহ' হিসেবে বিবেচিত হতে পারে?

খ. আমরা যদি বর্তমান বিশ্বের মুসলিম উম্মাহর প্রকৃত অবস্থা উপলব্ধি করতে সক্ষম হই, আর গণতন্ত্রেরও প্রকৃত স্বরূপ বুঝতে পারি, তাহলে অবশ্যই আমরা স্বীকার করতে বাধ্য হবো যে, গণতন্ত্র দ্বারা এ উম্মাহর মুক্তি কিংবা দ্বীন কায়েম করা কোনোটাই সম্ভব নয়।

গ. বর্তমান বিশ্ব পরিস্থিতিতে শরীয়তের চাহিদা বা হুকুম কী তা যদি আমরা বুঝতে ব্যর্থ হই, তাহলে আমরা 'হিকমাহ'র দাবী কী তাও বুঝতে ব্যর্থ হব। অবশ্যই বর্তমান বিশ্ব পরিস্থিতিতে শরীয়তের চাহিদা তথা 'হিকমাহ'র দাবী হল 'জিহাদ ফী সাবীলিল্লাহ'। জিহাদের পথকে সুগম করার জন্য যা যা করণীয়, সে সকল পন্থা আবিষ্কার করাই বর্তমানে হিকমাহ। জিহাদ থেকে পলায়ন কিংবা জিহাদকে পাশ কাটানো-বর্তমান সময়ের জন্য অবশ্যই শরীয়ত বিরোধী কাজ। আর শরীয়ত বিরোধী কোনো কাজ কখনো হিকমাহ হতে পারে না, যা আমরা ইতোমধ্যেই আলোচনা করেছি, আলহামদুলিল্লাহ। প্রকৃতপক্ষে তা জাহিলিয়াত, একসময় যা অবশ্যই প্রমাণিত হবে, ইনশাআল্লাহ।

ঘ. প্রিয় ভাই! দ্বীন কায়েমের ক্ষেত্রে যদি গণতন্ত্র অবলম্বন হেকমতই হতো, তাহলে তো আল্লাহর রাসূলের ﷺ যিন্দেগীতে কিংবা সাহাবায়ে কেরামের যিন্দেগীতে এ ধরণের হেকমতের কোনো না কোনো আলামত অবশ্যই পাওয়া যেত। কিন্তু আমরা এ ধরনের কোনো নজির খুঁজে পাইনা। অথচ তখন তো দ্বীন প্রতিষ্ঠার ব্যাপারে বাধা-বিপত্তি বর্তমানের চেয়েও অনেক গুণ বেশি ছিল; ইসলামের প্রাথমিক পর্যায়ে ইসলাম ও মুসলমানগণ ইতিহাসের সবচেয়ে দুর্বল অবস্থানে ছিল। অথচ তাঁরা দ্বীন কায়েমের জন্য কোনো প্রকার কুফর ও শিরককে হিকমাহ হিসেবে গ্রহণ করেননি, কিংবা হিকমাহ হিসেবে মক্কার কাফির-মুশরিকদের সাথে এমন কোনো সমঝোতাও করেননি যে- তোমরা আমাদের কিছু মেনে নাও, আমরাও তোমাদের কিছু মেনে নিচ্ছি। তাছাড়া, ইসলামের পরবর্তী চৌদ্দশত বছরের ইতিহাসেও এধরণের হেকমত অবলম্বনের মাধ্যমে পৃথিবীর এক ইঞ্চি ভূমিতে দ্বীন কায়েম হয়েছে- এমন কোনো দৃষ্টান্ত কেউ কখনো দেখাতে পারবে না।

ঙ. সুতরাং আমরা যারা হিকমাহ মনে করে গণতন্ত্রকে সমর্থন করছি, তারা মূলত শরীয়ত পরিপন্থী কর্মকান্ডে নিজেদেরকে জড়িত করে ইহকাল ও পরকাল ধ্বংস করছি। তাই আমরা বলতে পারি, "গণতন্ত্র হিকমাহ নয়, গণতন্ত্র একটি আত্মপ্রবঞ্চনা, দ্বীন মনে করে নিজেকে নিজে ধোঁকা দেয়া।" (নাউযুবিল্লাহি মিন যালিক)

চ. প্রিয় ভাই! আপনি জানেন কি, কেন সলফে সালেহীনগণ কাফেরদের সাথে সমঝোতা করেননি? কেন তাঁরা "হিকমত" হিসেবে কুফরের কিছু অংশ মেনে নেননি? অন্যদিকে কেন আমরা জিহাদ ত্যাগ করে নানা ধরনের গোমরাহীকে 'হেকমত' মনে করছি?

আসল কথা হলো, দুনিয়ার মহব্বত ও মৃত্যুর ভয় আমাদের কারো কারো উপর চেপে বসেছে, তাই আমরা দ্বীন প্রতিষ্ঠার ক্ষেত্রেও জিহাদের পন্থা বাদ দিয়ে বাতিল পন্থা তালাশ করি, অপরদিকে জিহাদ করাকে আমরা অপছন্দ করি।

আল্লাহ্ পাক ইরশাদ করেন,

كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ وَهُوَ كُرْهٌ لَّكُمْ وَعَسَى أَن تَكْرَهُواْ شَيْئًا وَهُوَ خَيْرٌ لَّكُمْ وَعَسَى أَن تُحِبُّواْ شَيْئًا وَهُوَ شَرٌّ لَّكُمْ وَاللّهُ يَعْلَمُ وَأَنتُمْ لاَ تَعْلَمُونَ

"তোমাদের উপর যুদ্ধ ফরয করা হয়েছে, অথচ তা তোমাদের কাছে অপছন্দনীয়। পক্ষান্তরে তোমাদের কাছে হয়তো কোন একটা বিষয় পছন্দসই নয়, অথচ তা তোমাদের জন্য কল্যাণকর। আর হয়তোবা কোন একটি বিষয় তোমাদের কাছে পছন্দনীয় অথচ তোমাদের জন্যে অকল্যাণকর। বস্তুতঃ আল্লাহই জানেন, তোমরা জান না।" [সুরা বাকারা - ২:২১৬]

ছ. বর্তমানে আমাদের অনেকের অবস্থা হল, যেখানে মৃত্যুর ঝুঁকি নেই সেদিকেই আমরা দৌঁড় দেই। এক কথায়, "কেউ জিহাদ না করলে আমি একাই জিহাদ করবো"- আমাদের মাঝে এই মানসিকতার অপমৃত্যু হয়েছে, আর সেটির একমাত্র কারণ- মৃত্যুর ভয়!!! মৃত্যু থেকে পালানোকে আজ আমরা নাম দিয়েছি 'হিকমত'!!!

أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ قِيلَ لَهُمْ كُفُّوا أَيْدِيَكُمْ وَأَقِيمُوا الصَّلَاةَ وَآتُوا الزَّكَاةَ فَلَمَّا كُتِبَ عَلَيْهِمُ الْقِتَالُ إِذَا فَرِيقٌ مِّنْهُمْ يَخْشَوْنَ النَّاسَ كَخَشْيَةِ اللَّهِ أَوْ أَشَدَّ خَشْيَةً ۚ وَقَالُوا رَبَّنَا لِمَ كَتَبْتَ عَلَيْنَا الْقِتَالَ لَوْلَا أَخَّرْتَنَا إِلَىٰ أَجَلٍ قَرِيبٍ ۗ قُلْ مَتَاعُ الدُّنْيَا قَلِيلٌ وَالْآخِرَةُ خَيْرٌ لِّمَنِ اتَّقَىٰ وَلَا تُظْلَمُونَ فَتِيلًا

"তুমি কি সেসব লোককে দেখনি, যাদেরকে নির্দেশ দেয়া হয়েছিল যে, তোমরা নিজেদের হাতকে সংযত রাখ, নামায কায়েম কর এবং যাকাত দিতে থাক? অতঃপর যখন তাদের প্রতি জিহাদের নির্দেশ দেয়া হল, তৎক্ষণাৎ তাদের মধ্যে একদল লোক মানুষকে ভয় করতে আরম্ভ করল, যেমন করে ভয় করা হয় আল্লাহকে। এমন কি তার চেয়েও অধিক ভয়। আর বলতে লাগল, হায় পালনকর্তা, কেন আমাদের উপর যুদ্ধ ফরজ করলে! আমাদেরকে কেন আরও কিছুকাল অবকাশ দান করলে না। (হে রসূল) তাদেরকে বলে দিন, পার্থিব ফায়দা সীমিত। আর আখেরাত পরহেযগারদের জন্য উত্তম। আর তোমাদের অধিকার একটি সূতা পরিমান ও খর্ব করা হবে না।" (সূরা নিসা ৪:৭৭)

أَيْنَمَا تَكُونُوا يُدْرِككُّمُ الْمَوْتُ وَلَوْ كُنتُمْ فِي بُرُوجٍ مُّشَيَّدَةٍ

"তোমরা যেখানেই থাক না কেন; মৃত্যু কিন্তু তোমাদেরকে পাকড়াও করবেই। যদি তোমরা সুদৃঢ় দূর্গের ভেতরেও অবস্থান কর, তবুও।" (সূরা নিসা ০৪:৭৮)

জ. আল্লাহ্ তা'আলা দ্বীন প্রতিষ্ঠার জন্য জিহাদ ফী সাবিলিল্লাহর হুকুমই করেছেন, যতক্ষণ পর্যন্ত না দ্বীন মানুষের ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক, আর্ন্তজাতিক অঙ্গনে পুরোপুরিভাবে আল্লাহ্ তা'আলার জন্যই হয়ে যায়।

আল্লাহ্ তা'আলা ইরশাদ করেন,

وَقَٰتِلُوهُمْ حَتَّىٰ لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ ٱلدِّينُ كُلُّهُۥ لِلَّهِ

"আর তোমরা তাদের সাথে ততক্ষণ পর্যন্ত লড়াই করতে থাকো, যে পর্যন্ত না সকল ফেতনার অবসান হয় এবং আল্লাহর দ্বীন পুরোপুরিভাবে প্রতিষ্ঠিত হয়ে যায়।" (৮ সূরা আনফাল: ৩৯)

আল্লাহ্ তা'আলা আমাদের সকলকে দ্বীনের সঠিক বুঝ দান করুন। আমীন।

১০. গণতন্ত্রের মাধ্যমে রাষ্ট্রে ইসলামী শাসন প্রতিষ্ঠা করা-কতটুকু যুক্তিসঙ্গত??

** প্রিয় ভাই! সমাজে দ্বীনি মেহনত যতই বৃদ্ধি পাক না কেন, মসজিদ-মাদরাসার সংখ্যা যতই বাড়ুক না কেন, তাবলিগ জামাত আরও বিস্তৃত পরিসরে মেহনত শুরু করুক না কেন, আমরা হাজারটা 'ইসলামী'(?) গণতান্ত্রিক দল একত্রিত হয়েও সমাজে ইসলাম প্রতিষ্ঠার মেহনত করি না কেন, কিছুতেই সমাজ থেকে ফিতনাসমূহ নির্মূল হবে না। কারণ, যে ব্যবস্থা বিজয়ী থাকবে, তারই জীবনধারা বিজয়ী থাকবে। একই সাথে যদি দ্বীন ও বদদ্বীন উভয়টিকে চলার স্বাধীনতা দেয়া হয়, তাহলে বদদ্বীনই বিজয়ী হবে, কেননা সমাজে দুষ্ট লোকদের আধিক্য সবসময়ই বেশি থাকে। ফলে দ্বীনদাররা সমাজে কোনঠাসা হয়ে যায়। দুষ্ট লোকেরা খারাবীটাকেই প্রমোট করে থাকে, আর ভালোদেরকে এমন সকল কুটকৌশল করে দমিয়ে রাখে, যেসকল কাজ একজন দ্বীনদার ব্যক্তি কল্পনাও করতে পারে না। এই জন্যই 'ইসলামী'(?) গণতান্ত্রিকদলগুলো সহজে নির্বাচনে ভালো করতে পারে না। তাহলে ভাই কিভাবে একটি গণতান্ত্রিক রাষ্ট্রে গণতন্ত্রের ছত্রছায়ায় ইসলাম কায়েম হতে পারে? সেই ব্যবস্থার ছায়াতলে থেকে যতই সমাজের সংশোধনের চেষ্টার করা হোক না কেন, তা কোনো সুফল বয়ে আনবে না। এ জন্যই সর্বজ্ঞ ও মহাজ্ঞানী আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা নির্দেশ দিয়েছেন:

وَقَاتِلُوهُمْ حَتَّىٰ لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ كُلُّهُ لِلَّهِ

'শরিয়তের শত্রুদের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাও; যাবত্ না ফিতনা নির্মূল হয়, এবং দ্বীন সর্বোতভাবে আল্লাহর জন্যই হয়ে যায়।' (সুরা আনফাল ৮: ৩৯)

সুতরাং যতদিন গাইরুল্লাহর মতবাদের শাসন বিদ্যমান থাকবে, ততদিন সমাজে ইসলাম প্রতিষ্ঠিত হবে না। স্মতর্ব্য যে, ইসলাম প্রচার এক বিষয় আর ইসলাম প্রতিষ্ঠা আলাদা বিষয়। রাসুলুল্লাহ ﷺ ইসলাম প্রচারও করেছেন, ইসলাম প্রতিষ্ঠাও করেছেন। কুরআনে আল্লাহ তাকে পাঠানোর উদ্দেশ্য বর্ণনা প্রসঙ্গে এ-ও বলেছেন,

هُوَ الَّذِي أَرْسَلَ رَسُولَهُ بِالْهُدَىٰ وَدِينِ الْحَقِّ لِيُظْهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهِ وَلَوْ كَرِهَ الْمُشْرِكُونَ

'আল্লাহ্ তাঁর রাসূলকে হেদায়াত ও সত্য দ্বীন সহকারে প্রেরণ করেছেন, যেন তিনি আল্লাহর দীনকে সকল দীনের ওপর প্রতিষ্ঠিত করেন; যদিও মুশরিকরা তা অপছন্দ করে।' (সুরা তাওবা ৯: ৩৩)

মুফতি হামিদুল্লাহ জান রহ. বলেন :

'যতদিন এই দুর্গন্ধযুক্ত গণতন্ত্র, ইংরেজপ্রদত্ত শাসনব্যবস্থা এই দেশে থাকবে, ততদিন কূপ পাক হতে পারে না। সর্বপ্রথম মৃত কুকুরকে কূপ থেকে বের করতে হবে, তবেই এই পানি পাক হবে। যতক্ষণ মরা কুকুর পানিতে পড়ে থাকবে, হাজার বালতি পানি বের করলেও কূপ পাক হবে না।'

তিনি আরও বলেন : 'ভোটের ব্যবহার মূলত পশ্চিমা গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থাকে কার্যত মেনে নেওয়া এবং সেটার সকল অন্যায়ের অংশীদার হওয়াকে সাব্যস্ত করে। এ জন্য প্রচলিত পশ্চিমা গণতান্ত্রিক ব্যবস্থাপনার অধীনে ভোটের ব্যবহার শরিয়তের দৃষ্টিতে জায়িয নয়।' (আদইয়ান কি জঙ্গ : ৫৬)

প্রিয় ভাই! ভোট দেয়াকে কেউ বলেন "আমানত"; কেউ বলেন, ভোট হচ্ছে ওকালত বা প্রতিনিধিত্ব; কেউ বলেন, ভোট হচ্ছে শাহাদাত বা সাক্ষ্য। ভোট যা-ই হোক না কেন, সাক্ষ্য সর্বদা হকের ব্যাপারে দেওয়া উচিত নয়কি? একটি কুফুরী ব্যবস্থার অংশ 'আমানত' হওয়াকে কি মেনে নেয়া যায়? যে বাতিল শাসনব্যবস্থা রয়েছে, তার সমর্থনে ভোট দেওয়া আদতে সেই বাতিল ব্যবস্থাকে এভাবে মেনে নেওয়ার নামান্তর যে, এই বাতিল শাসনব্যবস্থা সঠিক, তাই নয়কি?

মুফতি রশিদ আহমদ লুধিয়ানবি রহ. বলেন:

"আফসোস তো হয় ওই সকল ব্যক্তিত্বের ব্যাপারে, যারা দাবি করে, প্রচলিত রাজনীতিতে অংশগ্রহণ করে আমাদের উদ্দেশ্য হচ্ছে, দেশে সহিহ ইসলামি রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠিত করা। অথচ রাজনৈতিক কর্মকাণ্ডে তারা ইসলামি বিধিনিষেধের তোয়াক্কা করে না এবং শরিয়ত-পরিপন্থী কৌশল অবলম্বন করে।

যখন তাদের বলা হয়, আপনারা তো ইসলামি রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠিত করার দাবিদার; কিন্তু আপনারা ইসলাম বাস্তবায়নের জন্য যে পন্থা অবলম্বন করেছেন, তা তো অনৈসলামিক এবং নাজায়িয, তখন তারা প্রত্যুত্তরে বলে, যদিও এ পদ্ধতি নাজায়িয; কিন্তু তা ব্যতীত ইসলাম প্রতিষ্ঠা করা সম্ভব নয়। এ জন্য এখন তো জায়িয-নাজায়িযের তোয়াক্কা না করে ক্ষমতায় যাওয়ার চেষ্টা-প্রচেষ্টা করা আবশ্যক। ক্ষমতা অর্জিত হলে পরিপূর্ণভাবে ইসলাম বাস্তবায়ন করব।

এটা ধোঁকা ছাড়া আর কিছুই নয়। তাদের নিয়তের ব্যাপারে আমরা সন্দেহ করছি না; কিন্তু তাদের কর্মপদ্ধতি এমন, যার মাধ্যমে কখনোই ইসলাম বাস্তবায়নের আশা করা যায় না। কেননা অনৈসলামিক পদ্ধতিতে দীনহীনদের জন্য তো সফলতা অর্জন করা সম্ভব; কিন্তু দীনদারদের জন্য প্রথমত সফলতা অর্জন করাই সম্ভব নয়। আর যদি বাহ্যত সফল হয়েও যায়, তবুও সেটার পরিণামে ইসলাম আসবে না; বরং ইসলাম নামের অন্য কিছু হবে। বাহ্যত যে সফলতা অর্জন করেছে, তা-ও দীর্ঘস্থায়ী হবে না। যেহেতু তার ভিত্তি দুর্বল ছিল, তো সেটার ওপর ভবন কীভাবে টিকে থাকবে?" (আহসানুল ফাতাওয়া : ৬/৪৩)

"দিফায়ে মিল্লাতে ইবরাহীম" (মিল্লাতে ইবরাহিমের জাগরণ) গ্রন্থের লেখক বলেন:

"সকল গোষ্ঠী তিনটি বিষয়কে অজুহাত হিসেবে দাঁড় করায় :

ক. সদস্য-সংখ্যার স্বল্পতা

খ. বস্তুগত প্রস্তুতির অবিদ্যমানতা

গ. শত্রুর সংখ্যাধিক্য, ভয়ানক অস্ত্রশক্তি এবং অসাধারণ রণপ্রস্তুতির সামনে টিকতে না পেরে পরাজিত হওয়ার আশঙ্কা।

অথচ এ বিষয়গুলো কখনোই অজুহাত হতে পারে না। সদস্য-সংখ্যার স্বল্পতা তো এ জন্য অজুহাত হতে পারে না যে, মক্কায় তেরো বছর পর্যন্ত রাসুলুল্লাহ ﷺ-এর সাহাবিরা সব ধরনের কষ্ট সয়েছেন। আমাকে বলো, তাদের সংখ্যা কত ছিল? এরপরও কি রাসুলুল্লাহ ﷺ তাদেরকে নীরব থাকার, সন্ধি করে নেওয়ার, বস্তুবাদী পৃথিবীর বেশি থেকে বেশি উপকার অর্জনের দিকে অভিমুখী হওয়ার এবং শত্রুদের সঙ্গে মিলে কাজ করার অনুমতি প্রদান করেছেন? তিনি কি তাদেরকে কাফিরদের ধোঁকায় রেখে তাদের গুরুত্বপূর্ণ দফতরগুলোর ওপর নিয়ন্ত্রণ লাভের উৎসাহ দিয়েছেন? নাকি রাসুলুল্লাহ ﷺ সাহাবিদেরকে তোমাদের বুদ্ধিবৃত্তিক পরিকল্পনাগুলোর মতো কোনো সুদৃঢ়-সুসংহত পরিকল্পনা করে দিয়েছিলেন? পক্ষান্তরে তোমাদের পরিকল্পনাগুলোর অবস্থা তো আমরা সরাসরি প্রত্যক্ষ করছি এবং তার ফলাফল পুরোপুরিই ভোগ করছি।

অপরদিকে মুহাম্মাদ ﷺ-এর দাওয়াতের ফলাফল তো কোনো চক্ষুষ্মানের দৃষ্টিপটে অস্পষ্ট থাকার কথা নয়। তার সাথে ছিল ক্ষুদ্রাতিক্ষুদ্র সাহাবিদের এক কাফেলা, যাদের ভয়ে রোম এবং পারস্য আতঙ্কিত হয়ে উঠত—যে রোম এবং পারস্য ছিল তৎকালীন পরাশক্তি, তোমাদের এ যুগে যেমন যুক্তরাষ্ট্র-রাশিয়া হলো দুনিয়ার পরাশক্তি। আবু সুফিয়ানের সাথে রোমসম্রাট হিরাক্লিয়াসের প্রশ্নোত্তর এবং তা থেকে হিরাক্লিয়াস যে সিদ্ধান্তে উপনীত হয়েছিল—তা থেকে সেই অবস্থা সম্পর্কে সম্যক ধারণা পাবে।

সহিহ বুখারির দীর্ঘ হাদিসে বিবৃত হয়েছে :

হিরাক্লিয়াস বলল, 'আমি তোমাকে জিজ্ঞেস করেছি, সম্ভ্রান্ত লোক তার অনুসরণ করে, নাকি সাধারণ লোক? তুমি বলেছ, সাধারণ লোকই তার অনুসরণ করে। আর বাস্তবেও এই শ্রেণির লোকেরাই হন রাসুলগণের অনুসারী। আমি তোমাকে জিজ্ঞেস করেছি, তিনি সন্ধি ভঙ্গ করেন কি না? তুমি বলেছ, না। প্রকৃতপক্ষে রাসুলগণ এরূপই সন্ধি ভঙ্গ করেন না। তুমি যা বলেছ, তা যদি সত্য হয়, তবে শীঘ্রই তিনি আমার দুপায়ের নিচের জায়গার অধিকারী হবেন। (সহিহ বুখারি : ৭)

হিরাক্লিয়াসের সুগভীর জ্ঞান এবং তার দূরদর্শিতার দিকে লক্ষ্য করো—সে রাসুলুল্লাহ ﷺ এর বিজয়লাভের ঘোষণা দিচ্ছে, অথচ এটা তার জানা যে, এই নবির অধিকাংশ অনুসারী নিতান্ত সাধারণ লোক। সে নবির রণপ্রস্তুতি, শক্তি এবং বাহিনী সম্পর্কে কোনো প্রশ্নই করেনি।

আখের নবি ﷺ-এর দীনের প্রভাব প্রতিষ্ঠিত হয়েছিল, নাকি তা হয়নি?

হ্যাঁ, দীন ইসলামের প্রভাব প্রতিষ্ঠিত হয়েছিল এবং তা যুক্তরাষ্ট্র-রাশিয়ার সমকক্ষ রোম-পারস্য শাসন করেছিল।

কিন্তু তোমরা যেহেতু মিল্লাতে ইবরাহিম ত্যাগ করেছ, তার বিরোধিতায় সরব হয়েছ, ভিন্ন কোনো আদর্শ গ্রহণ করেছ, নিজেদের ধারা বদলে ফেলেছ আর মিল্লাতে ইবরাহিমের মধ্যে পরিবর্তন ও বিকৃতি সাধনের প্রচেষ্টায় রত হয়েছ, তাই আমরা দৃঢ়তার সঙ্গে এ কথা বলব যে, কিছুতেই তোমাদের প্রভাব প্রতিষ্ঠিত হতে পারবে না।

যদি বলো, কেন আমাদের প্রভাব প্রতিষ্ঠিত হতে পারবে না?

আমরা বলব, তোমরা ধোঁকার পথকে নিজেদের পরিকল্পনার অংশ বানিয়ে নিয়েছ, অথচ রাসুল ﷺ এবং তার অনুসারীরা কখনো ধোঁকার পথে হাঁটেননি।

তোমরা নিজেদের সংগঠনের জন্য তোমাদের দৃষ্টিতে বিশেষ ক্ষমতাধর শ্রেণি এবং শক্তিশালী কর্তৃপক্ষের সদস্যদের বেছে নিয়েছ, অথচ রাসুলুল্লাহ ﷺ-এর অনুসারীরা ছিল দুর্বল। 'রাসুলুল্লাহ ﷺ ছিলেন মানুষদের মধ্যে পার্থক্যকারী'—যেমনটি সহিহ বুখারির উদ্ধৃতিতে পূর্বে উল্লেখিত হয়েছে। তেমনি তার সাহাবিরাও নিজ প্রতিপালককে কিয়ামতের দিন বলবে :

فارقناهم، ونحن أحوج منا إليه اليوم

'হে আমাদের প্রতিপালক, আমরা মানুষদের থেকে আলাদা হয়েছি এমতাবস্থায় যে, তাদের প্রতি আমাদের প্রয়োজন ছিল প্রচণ্ড।'

অথচ তোমরা সব ধরনের মানুষের সঙ্গে মিলেমিশে চলো, সবাই-ই তোমাদের দৃষ্টিতে মুসলমান; তাদের বিশ্বাস দৃষ্টিভঙ্গি কাজকর্মে পারস্পরিক কতটা ভিন্নতা—তা সবই তোমাদের দৃষ্টিতে অবিবেচ্য এবং গুরুত্বহীন একটি বিষয়।

একমাত্র গুরুত্বপূর্ণ বিষয় হলো, তারা জাতীয়তার সারিতে সহাবস্থানে চলে আসুক, সম্মানজনক পদসমূহ অধিকার এবং ধোঁকার মাধ্যমে রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ স্থাপনাগুলোর ওপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার ক্ষেত্রে তারা তোমাদের সহযোগী হয়ে যাক—যাতে তোমরা নিজেদের কল্পিত ইসলামি রাষ্ট্র প্রতিষ্ঠা করতে সক্ষম হও।

অথচ রাসুলুল্লাহ ﷺ তার প্রকাশ্য মানহাজকে দৃপ্তকণ্ঠে ঘোষণা করে, মানুষদের থেকে বিচ্ছিন্ন হয়ে এবং তাদের সঙ্গে সম্পর্ক ছিন্ন করেও ইসলামি রাষ্ট্র প্রতিষ্ঠা করে দেখিয়েছেন। তার সাহাবিদের মধ্য থেকেও শহিদ হয়েছে মাত্র গুটিকয়েক প্রাণ, বন্দির সংখ্যা তো নিতান্ত স্বল্প।

তোমরা নিজেদের বিশ্বাসকে গোপন রাখো, মুশরিকদের সারিতে প্রবেশ করে ঐক্যের বন্ধনেও আবদ্ধ হও, সবধরনের চাল প্রয়োগ করো, এতদসত্ত্বেও নিজেদের কল্পিত ইসলামি রাষ্ট্র প্রতিষ্ঠা করতে সমর্থ হও না। অথচ এই ধোঁকার আন্দোলনে তোমাদের হাজার ব্যক্তি মৃত্যুর স্বাদ আস্বাদন করেছে। বাস্তবতা হলো, তোমরা এখনো পর্যন্ত নবিজি ﷺ-এর এই বাণী হৃদয়ঙ্গম করোনি :

لا يلدغ المؤمن من حجر واحد مرتين

‘মুমিন এক গর্তে দুবার দংশিত হয় না।’

আমরা তোমাদের সে কথাই বলব, ইমাম মালিক রহ. যা বলেছিলেন :

لن يصلح آخر هذه الأمة إلا بما صلح به أولها

‘এই উম্মাহর শেষভাগের লোকেরা কিছুতেই সংশোধিত হতে পারবে না, তবে সেই উপাদানের মাধ্যমে পারবে, যার মাধ্যমে প্রথমভাগের লোকেরা সংশোধিত হয়েছিল।’

আর নবিজি ﷺ তো বলেছেন :

لا تزال طائفة من أمتي على الحق ظاهرين لا يضرهم من خالفهم حتى يأتي أمر الله

‘আমার উম্মাহর একদল সত্যের ওপর প্রতিষ্ঠিত থাকবে। যারা তাদের বিরুদ্ধাচারণ করবে, তারা তাদের কোনো ক্ষতি করতে পারবে না, যাবত্ না আল্লাহর নির্দেশ আসে।’ (সহিহ বুখারি : ৭৩১১; সহিহ মুসলিম : ১৯২১)

[মিল্লাতে ইবরাহিমের জাগরণ, শাইখ মুদ্দাস্সির আহমাদ ইবনু মুহাম্মাদ আরশাদ লুধি রহ., পৃ. 51-55: https://bit.ly/mij3]

** প্রিয় ভাই! আমরা পুরো বিশ্বের ইতিহাসের দিকে একটু তাকাই! তাহলে আমরা একটি চরম বাস্তবতা দেখতে পাবো, গণতন্ত্রের ভিতরে ক্ষমতা স্থানান্তর হয় কেবল। যার কারণে ব্যক্তির চেহারা তো পাল্টায়, কিন্তু জোর-জবরদস্তি ও শক্তির উপর নির্ভরশীল পূর্ব থেকে চলে আসা চাপিয়ে দেওয়া সিস্টেমে কখনো কোন পবিরর্তন আসে না। সিস্টেমের পরিবর্তন অর্থাৎ উপর থেকে নিচ পর্যন্ত সম্পূর্ণ এক নতুন সিস্টেম আনা; যার মাধ্যমে পূর্ব থেকে চেপে বসা শাসকশ্রেনী ও বুদ্ধিজীবিদের থেকে পরিত্রান হাসিল হবে, সেটা ভোটের গণনা দ্বারা কখনো হাসিল হয়নি ও কখনো হতেও পারে না। তার জন্য এমন একটি শক্তির দরকার, এমন শক্তি সঞ্চারের প্রয়োজন; যা বাতিলদের শক্তিকে গোড়া থেকে উপড়ে ফেলে দিবে। ইসলামের ইতিহাস আমাদের সামনে রয়েছে। সীরাত আমাদের জন্য এক আমলী নমুনা বা আদর্শ। মক্কার মুশরিকরা যখন সত্যের বিরোধিতায় দৃঢ়প্রতিজ্ঞ এবং ইসলাম বিজয়ের পথে বাঁধা হয়ে দাঁড়িয়েছিল, তখন নবী মুহাম্মাদ ﷺ শুধু প্রজ্ঞাপূর্ণ মতামত দিয়েই মক্কা বিজয় করেননি। বরং রাসূল ﷺ প্রথমে মদীনায় শক্তি সঞ্চার করেছেন, ময়দানে বদর ও ময়দানে উহুদের মারহালা অতিক্রম করেছেন, অবশেষে মক্কা বিজয়ের রাস্তা সুগম হয়েছে, যার মাধ্যমে সকল বাঁধা-বিপত্তি দূর হয়ে যায় এবং মানুষ দলে দলে ইসলামে প্রবেশ করতে আরম্ভ করে।

১১. গণতন্ত্র নিয়ে সর্বশেষ প্রশ্ন:

প্রিয় ভাই! এখানে সর্বশেষ আরেকটি প্রশ্ন রয়ে গেল, কোন গণতান্ত্রিক রাষ্ট্রের শতভাগ মানুষও যদি ইসলামী শরিয়াহ চায়, (অর্থাৎ সিস্টেম থাকবে গণতন্ত্র কিন্তু বিধান হবে কুরআনের) তাহলে কি সেটা বাস্তবায়ন করা সম্ভব হবে? বাস্তবে কি এটি সম্ভব? "আমরা যদি ক্ষমতায় যেতে পারি, তাহলে রাষ্ট্রে ইসলামী শরীয়াহ কায়েম করব"-এই কথাটি কতটুকু বাস্তবসম্মত??? বাস্তবতার আলোকে বুঝতে চাই।

উত্তর: এটি একটি অবাস্তব ধারণা, একটি অলীক স্বপ্ন। এই ভুল ধারণাটা আমরা অনেক দ্বীনদার ভাইয়েরা করে থাকি, আমরা মনে করি, "আমরা গণতান্ত্রিক পদ্ধতিতে সরকার গঠন করার পর শতভাগ শরীয়াহ কায়েম করতে চাই।"

কিন্তু ভাই, এটা কখনোই সম্ভব নয়। কেননা গণতন্ত্রের নাটাই (নিয়ন্ত্রণ) সবসময়ই একটি আন্তর্জাতিক সিন্ডিকেট মহলের কব্জায়। এরা বিশ্বব্যাপী বিভিন্ন নামে কাজ করে থাকে। যেমন: ব্যবীলনীয়ান ব্রাদারহুড, নাইট টেম্পলার, হাশাশিন, ফ্রী মেসন, ইলুমিনাতি, বিল্ডারবার্গ গ্রুপ, রোসিক্রুসিয়ান, স্কাল এবং বোন্স অর্ডার, বোহেমিয়ান গ্রুভ, এল্ডার্স অব জায়ন, জাতিসংঘ ইত্যাদি । যাদের নেতৃত্ব দেয় শয়তানপূজারী ইহুদী জাদুকর, শিল্পপতি এবং ব্যাংকাররা। এরা সারা বিশ্বে গণতন্ত্রের মাধ্যমে স্যাকুলার তথা ধর্মহীণ ও তাদের কদমদাস একটি মানবসমাজ গঠন করতে চায়। তারা বিশ্বব্যাপী তাদের প্রতীক্ষিত বাদশাহ দাজ্জালের জন্য একক সার্বভৌমত্ব প্রতিষ্ঠা করতে চায়, যাকে বলা হয় 'বৈশ্বিক নতুন শাসনব্যবস্থা' বা New World Order। [বিস্তারিত পড়ুন: https://bit.ly/3CGpNaD]

মুফতি নিজামুদ্দিন শামজায়ি রহ. বলেন :

'বিশ্বের অধিকাংশ দেশে যে দুটো রাষ্ট্রব্যবস্থা চলছে, এ দুটো রাষ্ট্রব্যবস্থাই ইহুদিদের তৈরি। গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থা— এটাও ইহুদিদের আবিষ্কার, ইহুদিরাই এর স্রষ্টা এবং ইহুদিরাই এটাকে বিশ্বের সামনে তুলে ধরেছে। তেমনিভাবে এই যে সাম্যবাদী রাষ্ট্রব্যবস্থা ছিল, সেটাকেও বিশ্বের সামনে ইহুদিরাই উপস্থাপন করেছে।' (খুতবাতে শামজায়ি : ১/১৭২-১৭৩)

প্রিয় ভাই! এদের প্রভাব বলয় প্রতিটি গণতান্ত্রিক রাষ্ট্রের রন্ধ্রে রন্ধ্রে। এরা নিরলসভাবে সারা বিশ্বব্যাপী শয়তান ও দাজ্জালের রাজত্ব কায়েম করার জন্য কাজ করে যাচ্ছে। এরা কখনোই কোন গণতান্ত্রিক রাষ্ট্রকে 'ইসলামী' রাষ্ট্র হতে দিবে না।

'খেলাফতে উসমানিয়ার ধ্বংসের পর পৃথিবীর বুকে আল্লাহর শরিয়ত পুরোপুরি শাসিত ও পরাভূত হয়ে গেছে। মুসলিম ভূখণ্ডসমূহে শরিয়াহব্যবস্থা শেষ করে দিয়ে ইংরেজ, ফরাসি ও অন্যান্য মিশ্র ব্যবস্থা বাস্তবায়ন করা হয়েছে।

তারপর দ্বিতীয় বিশ্বযুদ্ধের (১৯৩৯-১৯৪৫ খ্রি.) পর সাম্রাজ্যবাদী শক্তিগুলো যখন নিজেদের অধীনস্থ মুসলিম দেশগুলো ত্যাগ করছিল, তখন তারা খুব ভালোভাবেই খেয়াল রেখেছে যে, তাদের চলে যাওয়ার পরও যাতে কোনো ভূখণ্ডে মুহাম্মাদ ﷺ-এর শরিয়ত বাস্তবায়িত হতে না পারে। তাই অধিকাংশ মুসলিম দেশে গণতন্ত্র চালু করা হয় এবং এ বিষয়টি আবশ্যক করে দেওয়া হয় যে, কোনো মুসলিম দেশে শরয়ি শাসনব্যবস্থা চালু করা যাবে না। এ লক্ষ্যে জাতিসংঘের চার্টারকে জীবনব্যবস্থা (ধর্ম) হিসেবে প্রত্যেক রাষ্ট্রের জন্য বাধ্যতামূলক করে দেওয়া হয়েছে। সরকারগুলো এসব আইন-কানুন গুরুত্বের সঙ্গে বাস্তবায়ন করছে। রাষ্ট্রের প্রতিরক্ষা বাহিনী তা বাস্তবায়নে মাঠে নেমেছে। ফলে মুসলিম সাম্রাজ্য থেকে ইসলামের কর্তৃত্ব শেষ হয়ে গিয়েছে।

যেহেতু গণতন্ত্র নামক এ নব্য কুফরে পূর্বের ধর্ম থেকে বের হয়ে যাওয়া আবশ্যক নয়, তাই অনেকে এ কুফরি ধর্মের কুফরিই বোঝে না। তারা নিজেদের ধর্ম পালনের পাশাপাশি আরেকটি নতুন ধর্মকেও জীবনের অবিচ্ছেদ্য অংশে পরিণত করে নেয়। খ্রিষ্টানরা রবিবারে গির্জায় যেতে পেরেই সন্তুষ্ট। কারণ, নতুন এ ধর্ম ইবাদতের ব্যাপারে তাদের প্রতি কোনো বাধ্যবাধকতা আরোপ করেনি। পুরো সমাজব্যবস্থা যে ইহুদিদের তৈরি সেকুলারিজমের অধীনে চলে যাচ্ছে, সেটার প্রতি তাদের কোনো পরোয়াই নেই।

তেমনিভাবে মুসলমানদের এ ধর্মে অন্তর্ভুক্ত করার জন্য প্রথমে খিলাফাতব্যবস্থা ভেঙে ফেলা হয়; যাতে কুরআন কারিমের জীবনব্যবস্থা তাদের নিজেদের জীবন থেকে বিদায় নেয় এবং তারা শুধু ব্যক্তিগত ইবাদতকেই ধর্ম মনে করে। এর জন্য প্রাচ্যবিদ, তথাকথিত প্রগতিশীল ও আধুনিকমনা বুদ্ধিজীবীদের মাধ্যমে ধারাবাহিক প্রয়াস চালানো হয়। শরয়ি পরিভাষাসমূহের অর্থ বিকৃত করা হয়। যেমন : ফকিহগণ ধর্মীয় স্বাধীনতার এক ব্যাখ্যা দেন; কিন্তু ইংরেজ মুফতি ও কাদিয়ানিমার্কা মুফতিরা তার ব্যাখ্যা দেয় নতুন করে। তেমনিভাবে দারুল হারব ও দারুল ইসলামের রূপ, হাকিমিয়্যাত ও আল-ওয়ালা ওয়াল-বারা'র রূপ, আল্লাহর আইন ও গাইরুল্লাহর আইনে বিচারকার্য—সবগুলোর এমন সব অর্থে দাঁড় করিয়েছে যে, ফকিহগণের কথাগুলো পুরোনো কিতাবাদিতেই রয়ে গেছে।

মুসলমানদের ধোঁকা দেওয়ার জন্য পাশ্চাত্যের গণতন্ত্র শরয়ি পরিভাষাসমূহকে খুবই শঠতার সঙ্গে ব্যবহার করেছে। যেখানেই গণতন্ত্রের কুফরি স্পষ্ট হয়ার আশঙ্কা ছিল, সেখানেই নতুন পরিভাষা সৃষ্টি করা হয়েছে। ইসলামী পরিভাষাসমূহকে শঠতাপূর্ণ পন্থায় ব্যবহার করে মুসলমানদের সামনে উপস্থাপন করা হয়েছে।

মুসলমানদের কিছু আচার-অনুষ্ঠান ও কিছু ইবাদতের অনুমোদন দেওয়া হয়েছে, অথচ তাদের সামাজিক জীবন থেকে শুধু ধর্মকেই বিতাড়ন করা হয়নি; বরং সামাজিক জীবনের জন্য কুফরের স্রষ্টারা তাদের একটি নতুন ধর্ম আবিষ্কার করেছে। যে ধর্মমতে জীবন পরিচালনা করার কাজটি জাতিসংঘের সব সদস্য রাষ্ট্রকে আবশ্যিকভাবে পালন করতে হয়। কুফরি আইন ও জীবনব্যবস্থাকে জোরপূর্বক মুসলমানদের ওপর চাপিয়ে দেওয়া হয়েছে; কিন্তু এটা তারা অনুভব করতে পারেনি। কারণ, নামাজ-রোজা-হজ ইত্যাদির অনুমতি প্রদান করা হয়েছে। ইসলামি নাম রাখতেও নিষেধ করা হয়নি। তাদের অনুভব না করার কারণ হলো, তাদের দৃষ্টিতে কুফর হলো ইসলাম থেকে পূর্ণাঙ্গভাবে বের হয়ে যাওয়ার নাম। এককালে কেউ নতুন ধর্ম গ্রহণ করে নিজের নাম পরিবর্তন করাকেই কেবল কুফরি মনে করা হতো। নব্য কুফর তো এমন কোনো কিছুই দাবি করছে না।

গণতন্ত্র ও সেক্যুলার সিস্টেমে একটু চিন্তা করলেই এ কথা দিবালোকের মতো সুস্পষ্ট হয়ে যায় যে, এটি ইসলামের সাথে চরম সাংঘর্ষিক একটি ধর্ম; তাতে রয়েছে নিজস্ব হালাল-হারাম। রয়েছে ফরজ-ওয়াজিব। রয়েছে শত্রুতা-বন্ধুত্বের মাপকাঠি। এসব তো স্বতন্ত্র ধর্মের মধ্যেই থাকে।

প্রিয় ভাই! ইসলাম ও গণতন্ত্র- এ দুই ধর্ম এক স্থানে একত্রিত হতে পারে না। একজন মানুষ একই সময়ে দুই ধর্মের প্রতি আনুগত্য করতে পারে না। এটি অসম্ভব। শয়তানও খুশি থাকবে, আবার আল্লাহ্ তা'আলাও নারাজ হবেন না-এটা কিভাবে সম্ভব?

প্রকৃতপক্ষে, গণতান্ত্রিক পদ্ধতিতে ইসলাম প্রতিষ্ঠা করা যতটা না অসম্ভব, তার চেয়েও বেশি অবাস্তব। এর সবচেয়ে বড় কারণ হল, গণতান্ত্রিক পদ্ধতিতে আমরা ক্ষমতা লাভ করলেও, গণতন্ত্রের পশ্চিমা প্রভু ও অভিভাবকরা ততক্ষণই আমাদেরকে ক্ষমতায় রাখবে যতক্ষণ আমরা তাদের গোলামী করতে থাকব, তাদের পদলেহন করতে থাকব এবং

তাদের স্বার্থের বিরুদ্ধে যায় এমন কোনো ইসলামী বিধান সমাজে চালু না করব। যখনই আমরা তাদের স্বার্থবিরোধী কোনো কিছু করব, তখনই তারা নানা কৌশলে আমাদেরকে ক্ষমতাচ্যুত করবে, হয়তো দেশের ভিতর তাদের এজেন্ট দ্বারা অরাজকতা সৃষ্টি করবে, কিংবা কখনো সামরিক জান্তাকে উস্কিয়ে দিয়ে, অথবা আন্তর্জাতিক মহলের চাপ সৃষ্টি করে, কিংবা সামাজিক, অর্থনৈতিক নানাভাবে বয়কট করার মাধ্যমে। যেমনটি আমরা দেখেছি, মিশরে মুরসির সাথে করা হয়েছে। সুতরাং দেশের সকল মানুষ ইসলামী আইন চাইলেও, গণতান্ত্রিক পদ্ধতিতে ইসলাম প্রতিষ্ঠা করার আশা দিবাস্বপ্ন বৈ নয়। হাজার বছর সাধনা করলেও আমরা আমাদের লক্ষ্যে পৌঁছতে পারবো না। বাস্তবতা হচ্ছে: গণতান্ত্রিক পন্থায় ইসলাম কখনোই বিজয় লাভ করতে পারবে না। আর এই বাস্তবতাকে কেবল কোন অন্ধ লোকের পক্ষেই অস্বীকার করা সম্ভব। বাংলাদেশ, পাকিস্তান, মিসর, আল-জাযায়ের, তুরস্ক, তিউনিসিয়া প্রভৃতি দেশগুলোই নয় বরং পুরো ইসলামী বিশ্ব এর বাস্তব সাক্ষী।

মুফতি নিজামুদ্দিন শামজায়ি শহিদ রহ. বলেন :

'নির্বাচন পদ্ধতি ও গণতান্ত্রিক রাজনীতিতে আলিমগণ আটচল্লিশটি বছর নষ্ট করেছে। আমি জোর দাবি করে বলছি, এই ব্যবস্থায় আটচল্লিশ হাজার বছরেও ইসলাম আসবে না। কবি ইকবালের কথা অনুযায়ী—গণতন্ত্র এমন একটি শাসনব্যবস্থা, যাতে মানুষকে গণনা করা হয়; কিন্তু মাপা হয় না। সুতরাং এ কর্মপন্থায় শ্রম ব্যয় না করে তরুণদের নিয়ে মেহনত করুন। তাদের মানসিকতা তৈরি করুন। মার্কিন ও ইহুদি অভিসন্ধি তাদের বুঝিয়ে দিন। প্রথমে নিজেও বিষয়টি বুঝে নিন।' (খুতুবাতে শামজায়ি : ১/২০৩-২০৪ (সংক্ষেপিত))

অন্যত্র তিনি বলেন :

'আল্লাহ তাআলার দীন পৃথিবীতে ভোটের মাধ্যমে, পশ্চিমা গণতন্ত্রের মাধ্যমে বিজয় লাভ করতে পারবে না। কেননা পৃথিবীতে ফাসেক-ফাজের দুষ্টমতি ও দুশমনদের আধিক্য। আর গণতন্ত্র হচ্ছে মানুষদের গণনা করার নাম; মাপার নাম নয়। পৃথিবীতে ইসলামকে বিজয়ী করার একমাত্র পথ হচ্ছে, যেটা রাসুলুল্লাহ ﷺ গ্রহণ করেছেন। আর তা হচ্ছে জিহাদ-কিতালের পথ।' (আদইয়ান কি জঙ্গ : ৫৮ (সংক্ষেপিত))

সুতরাং প্রিয় ভাই, এতক্ষণের আলোচনা দ্বারা এটাই কি স্পষ্ট প্রতিভাত হয় না, "আল্লাহর জমীনে ইসলাম প্রতিষ্ঠার জন্য আমাদের করণীয় হল- গণতন্ত্রের আন্তর্জাতিক প্রভুদের প্রভুত্বকে অস্বীকার করে, তাদের নাটাইয়ের বলয় হতে বের হয়ে, তাদের সিস্টেমের সাথে বিদ্রোহ করে, তাদের গোলামীর শৃঙ্খলকে চুর্ণবিচুর্ণ করে, জিহাদ ফী সাবীলিল্লাহর মাধ্যমে ইসলাম কায়েম করা।"

আল্লাহ্ তা'আলা আমাদেরকে সঠিকভাবে বুঝার এবং আমল করার তাওফীক দান করুন। আমীন।

কিছু কিছু জিহাদ সমর্থক ভাইদেরকে শয়তানের ধোঁকা

গত বেশ কয়েক বছরে তাওহীদ ও জিহাদের দাওয়াহ সোশ্যাল মিডিয়ার কল্যাণে বেশ অনেকটুকুই ছড়িয়ে পড়েছে, আলহামদুলিল্লাহ্। যে প্রজন্মের আগে সময় কাটতো জাহিলিয়্যাহর বিভিন্ন অনুষঙ্গ নিয়ে, আজ তাদের উল্লেখযোগ্য একটা অংশের কাছে এসব কিছু ছাপিয়ে জিহাদের ডাক গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে, যারা আগে নিজেদের সালাত নিয়েই চিন্তা করতো না, আজ উম্মাহর রক্তের নদী দেখে তাদের হৃদয় প্রতিনিয়ত ক্ষতবিক্ষত হচ্ছে।। কুফফার ও তাওয়াগীত যতোই জিহাদের বিরুদ্ধে অপপ্রচার চালাচ্ছে, যতোই জিহাদকে প্রশ্নবিদ্ধ করতে চাচ্ছে, যতই জিহাদের ডাককে চাপা দিতে চাইছে ততোই এ ডাক আরো ছড়িয়ে পড়ছে। সকল প্রশংসা আল্লাহর জন্য তাঁর স্বীয় কাজে প্রবল থাকেন যদিও অধিকাংশ লোকেরাই তা জানেন না।

يُرِيدُونَ أَن يُطْفِئُوا نُورَ اللَّهِ بِأَفْوَاهِهِمْ وَيَأْبَى اللَّهُ إِلَّا أَن يُتِمَّ نُورَهُ وَلَوْ كَرِهَ الْكَافِرُونَ

"তারা তাদের মুখের ফুৎকারে আল্লাহর নূরকে নির্বাপিত করতে চায়। কিন্তু আল্লাহ অবশ্যই তাঁর নূরের পূর্ণতা বিধান করবেন, যদিও কাফেররা তা অপ্রীতিকর মনে করে।" [আত তাওবাহ ৯:৩২]

তবে চিরাচরিত সত্য হল, একটি কাজ যখন শুরু হয় তখন মান নিয়ন্ত্রন করা যতোটুকু সহজ হয়, কাজের ব্যাপ্তি বৃদ্ধির সাথে সাথে তা আর ততোটা সহজ থাকে না। ব্যতিক্রম অবশ্যই আছে, তবে এটা সাধারন ভাবে সত্য। এ কথা অনলাইন দাওয়াহ ও দা'ঈদের ক্ষেত্রেও সত্য। আমরা যদি অনলাইনে জিহাদের দাওয়াহ এবং দা'ঈদের দিকে তাকাই তাহলে এ সত্যের প্রমান পাওয়া যায়। যে মানহাজের দাওয়াহ আমরা করছি, যে মানহাজের অনুসরন আমরা করছি তার শর্ত, বৈশিষ্ট্য এবং দাবিগুলো সম্পর্কে দেখা যায় অনেক ভাই-ই ওয়াকিবহাল নন।

প্রকৃতপক্ষে, যে বিষয় বা কর্মের প্রতি আমরা অন্যদেরকে দাওয়াত দিচ্ছি, আমরা নিজেরাই সেই দাওয়াহর হক আদায় করছি না, সে দাওয়াহর দাবী পুরা করছি না। কেবল অনলাইনে কিছু দাওয়াত দেয়া আর জিহাদ ও মুজাহিদ ভাইদেরকে সমর্থন করেই নিজেদের দায়িত্ব আদায় হয়ে যাচ্ছে বলে মনে করছি।

অথচ, রাব্বুল 'আলামীন আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা বলেন –

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لِمَ تَقُولُونَ مَا لَا تَفْعَلُونَ–كَبُرَ مَقْتًا عِندَ اللَّهِ أَن تَقُولُوا مَا لَا تَفْعَلُونَ –إِنَّ اللَّهَ يُحِبُّ الَّذِينَ يُقَاتِلُونَ فِي سَبِيلِهِ صَفًّا كَأَنَّهُم بُنْيَانٌ مَّرْصُوصٌ

"মুমিনগণ! তোমরা যা কর না, তা বল কেন? তোমরা যা কর না, তা বলা আল্লাহর কাছে খুবই অসন্তোষজনক। আল্লাহ তাদেরকে ভালবাসেন, যারা তাঁর পথে সারিবদ্ধভাবে লড়াই করে, যেন তারা সীসাগালানো প্রাচীর।" (সূরা সফ ৬১: ২-৪)

আজকাল একটি কথা খুব বেশি শোনা যায় আর তা হল "মানহাজের ভাই" বা "অমুক আমাদের মানহাজের"। এধরনের কথা দ্বারা বোঝানো হয় উদ্দিষ্ট ব্যক্তি জিহাদের মানহাজের অনুসারী।

প্রিয় ভাই! মুসলিম হিসেবে আমাদের 'মুসলিম' পরিচয়ে সন্তুষ্ট থাকাই যথেষ্ট। 'আমভাবে এক মুসলিম আরেক মুসলিমের ভাই, এক মুসলিমের সম্পদ, রক্ত, সম্মানকে তার মুসলিম ভাই হেফাযত করবে। পরিচয় হিসেবে এটাই

যথেষ্ট হওয়া উচিত। সেখানে আলাদা করে "মানহাজের ভাই" বা এধরনের শব্দাবলীর প্রয়োগ কতোটা যৌক্তিক সেটা প্রশ্নসাপেক্ষ, তার উপর এ ধরনের শব্দাবলী ব্যবহৃত হয় সম্পূর্ণ বাস্তবতার সাথে সম্পর্কহীন ভাবে। খোঁজ নিলে হয়ত দেখা যাবে, যাকে বা যাদেরকে "মানহাজের ভাই" বলা হচ্ছে তিনি না কোন জিহাদী তানযীমের সাথে যুক্ত, আর না সক্রিয়ভাবে কোন ধরনের জিহাদী কর্মকান্ডের সাথে জড়িত। এবং এই ভাইদের বিশাল একটা অংশকে যখন জিহাদের কাজের দিকে আহবান করা হয় তখন তারা বিভিন্ন অজুহাতে তা এড়িয়ে যান। বিশেষ করে যারা সোশ্যাল মিডিয়াতে সেলিব্রিটি হিসেবে এবং "জিহাদী সেলিব্রিটি, মানহাজের ভাই" ইত্যাদি হিসেবে পরিচিত তাদের জন্য এটা প্রায় ১০০% ক্ষেত্রে সত্য।

বাস্তবতা হল, আমরা জিহাদের দাওয়াত দিচ্ছি, জিহাদের মহব্বতও অন্তরে লালন করি, জিহাদ করা দরকার- তাও বুঝি; কিন্তু নিজেরা জিহাদের কণ্টকাকীর্ণ পথে অগ্রসর হই না। জিহাদের জন্য যে সকল ভাইয়েরা জান ও মাল দ্বারা কুরবানী করে যাচ্ছেন, তাদের সাথে মিলিত হওয়ার ফিকির করিনা, বর্তমান সময়ে জিহাদের জন্য অতি প্রয়োজনীয় কার্যক্রমে অংশগ্রহণ করি না কিংবা এজেন্ডাসমূহ বাস্তবায়ন করি না, হক মানহাজের ভাইয়েরা যেভাবে জিহাদ করছেন বা জিহাদের ময়দান প্রস্তুত করছেন, তাদের সাথে এক হয়ে কাজ করি না। কোন কোন ক্ষেত্রে ভাইয়েরা আমাদেরকে দাওয়াত দিলে তাও নানা অজুহাতে প্রত্যাখ্যান করি। এত কিছুর পরেও আমরা নিজেদেরকে 'মানহাজী' মনে করি। তাহলে ভাই, এখানে কোন মানহাজের কথা বলা হচ্ছে?

প্রকৃতপক্ষে, যারা এরকম বলে থাকেন তাদের মধ্যে প্রচলিত ধারনাটা হল, যে ব্যক্তি জিহাদ সমর্থন করে, কিংবা তানযীম আল-ক্বা'ইদাকে সমর্থন করে, যারা জিহাদ সমর্থন করেন, যারা ৯/১১ সমর্থন করেন, শাতিম হত্যা করা সমর্থন করেন, জিহাদ করা উচিত সমর্থন করেন, তারা হল "মানহাজের ভাই", তারা হল আমাদের "মানহাজের"। কিন্তু আসলে কি মানহাজ বলতে এটাকেই বোঝানো হয়, মানহাজ বলতে কি নিছক কোন তাত্ত্বিক ও নিষ্ক্রিয় সমর্থনের মনোভাবকে বোঝানো হয়? আর এটা কি বৈশ্বিক জিহাদ তথা তানযীম আল-কায়েদার মানহাজ?

• প্রিয় ভাই! এ দ্বীন তাত্ত্বিকতার না, এ 'মানহাজ' নিষ্ক্রিয়তার মানহাজ না!!!

মানহাজ বলতে আসলে কি বোঝানো হয়? কোনো প্রকারের অ্যাকাডেমিক আলোচনায় না গিয়ে সাধারণভাবে বলা যায়, মানহাজ হল কর্মপদ্ধতি। যদিও মানহাজের সবচেয়ে প্রচলিত সংজ্ঞা হলঃ মানহাজ হল 'ইলম, গ্রহন, বিশ্লেষন ও বাস্তবায়ন করার পদ্ধতি, তথাপি একথা সর্বসম্মতিক্রমে স্বীকৃত যে, মানহাজের পরিধি শুধুমাত্র 'ইলম অর্জন ও বাস্তবায়নের মধ্যে সীমিত না, বরং তা আরো ব্যাপক। আধুনিক সময়ে মানহাজের সর্বাধিক প্রচলিত অর্থ হল 'দ্বীন কায়েমের জন্য কর্মপদ্ধতি'। যেমন ধরুন, কেউ যদি বলে দ্বীন কায়েমের পন্থা হল দাওয়াত ও তাযকিয়্যাহ এবং এ বিশ্বাসের উপর কাজ করে, তবে তার মানহাজ হল দাওয়াহ ও তাযকিয়্যাহর মানহাজ। যেমন তাবলীগ জামাত। কেউ যদি বলে দ্বীন প্রতিষ্ঠার উপায় হল, ইসলামী সমাজ বিনির্মান ও নিয়মতান্ত্রিক উপায়ে রাষ্ট্রক্ষমতায় যাওয়া, এবং সে এই তত্ত্বের উপর আমল করে তবে এটা তার মানহাজ। যেমন - জামায়াতে ইসলামী বা ইখওয়ানুল মুসলিমীন। কেউ যদি মনে করে, দ্বীন প্রতিষ্ঠার জন্য কাজ হল কেবল আক্বীদার দাওয়াহ দেওয়া, এবং সে এই বিশ্বাসের উপর কাজ করে, তবে তার সেটাই তার মানহাজ, যেমন শায়খ আলবানীর সালাফি দাওয়াহ। কেউ যদি মনে করে উম্মাহর উত্তরনের জন্য সর্বাধিক গুরুত্বপূর্ণ কাজ হল তারবিয়্যাহ, তাসফিয়াহ, তা'লীম, দাওয়াহ, এবং সে এই বিশ্বাসের উপর 'আমল করে তবে সেটাই তার মানহাজ।

এখানে লক্ষনীয় হল, মানহাজ 'সরাসরি আমলের' সাথে সম্পর্কিত একটি বিষয়। মানহাজ 'বাস্তবায়নের' সাথে সম্পর্কিত, নিছক সমর্থন বা সহমর্মিতার সাথে না। একারনে শুধুমাত্র সমর্থনের সাথে মানহাজের যোগসূত্র খোঁজা হাস্যকর। নির্দিষ্ট কোন একটি আদর্শ ধারন ও তার বাস্তবায়নের মাধ্যমেই একটি মানহাজের অনুসরন সম্ভব।

তবে জিহাদের ক্ষেত্রে যখন এটা বলা হয় তখন এটা আরো বেশি গুরুতর একটি ব্যাপার হয়ে দাঁড়ায়। কারন জিহাদ হল একটি ইবাদাত, যা আমাদের সময় একটি ফরয ইবাদাত। ইবাদাতের ক্ষেত্রে সমর্থনের কোন ধারনা সাহাবায়ে কেরামদের রাদ্বিয়াল্লাহু আনহুম ওয়া আজমাইনের সময় থেকে আজ পর্যন্ত দ্বীন ইসলামে কখনই ছিল না।

প্রিয় ভাই! কোন সুস্থ মস্তিকের দ্বীনের বুঝ সম্পন্ন ব্যক্তিকে আপনি কখনো বলতে দেখবেন না, "আমি মাগরিবের তিন রাকাত সালাত" সমর্থন করি। নিজে আদায় করি না।" তার চেয়েও বড় কথা হল এই ব্যক্তিকে কেউ কখনো আমার "নামাজী ভাই" বলে কিন্তু সম্বোধন করবে না, আর সে নামাজী হিসেবে স্বীকৃতি পাবার যোগ্য হবে না শার'ঈ দৃষ্টিকোণ থেকে কিংবা সাধারণ মানবিক বিচার-বিবেচনার দৃষ্টিকোণ থেকে, যতক্ষণ না সে ফরয সালাত আদায় করছে। একইভাবে কেউ কিন্তু কখনো বলে না "আমি রামাদ্বানের সিয়াম সমর্থন করি, ফরয মনে করি, যারা সিয়াম পালন করছে তাদের সমর্থন করি, তারা খুব ভালো কাজ করছে, তবে আমি নিজে সিয়াম পালন করি না। আর এই সমর্থনের কারণেই আমি রোযাদার।" তবে শার'ঈ ভাবে এ ধরনের কথার কোন ভিত্তি নেই, এবং ফরয আমল থেকে বিনা ওজরে বিরত থাকার কারনে এই ব্যক্তি ফাসিক্ব বলে গন্য হবে।

প্রিয় ভাই! এই দ্বীন তাত্ত্বিকতার দ্বীন না, দ্বীনের আবশ্যক বিষয়ে 'কেবল সমর্থনের অবস্থান' আল্লাহ আমাদেরকে দেননি। ইবাদাতের বিষয়গুলো আমাদের সমর্থন সাপেক্ষ নয়, বরং এগুলোর সাথে আমাদের সম্পর্ক হল শোনার ও মানার। আমরা যখন জানলাম ফযরের দুই রাকাত সালাত ফরয, এখন আমরা বাধ্য এই দুই রাকাত সালাত আদায় করতে। আমরা যদি তা না করি তাহলে আমরা আল্লাহর অবাধ্যতা করলাম এবং আমাদের এ অবস্থানের কোন শার'ঈ যৌক্তিকতা বা জাস্টিফিকেশান নেই। এখানে আমরা কেবল সমর্থনের কথা বলে পার পাবো না।

প্রিয় ভাই! এখন চিন্তা করুন জিহাদের কথা। সালাফদের, সকল মাযহাবের ইমামদের অবস্থান অনুযায়ী বর্তমানের জিহাদ ফারযুল আইন। অর্থাৎ বর্তমানে জিহাদ প্রত্যেক ব্যক্তির উপর ফরয যেভাবে প্রতিটি ব্যক্তির উপর ফযরের দুই রাকাত সালাত ফরয। [বিস্তারিত জানতে দেখুন, "কিতাবুত তাহরীদ 'আলাল ক্বিতাল: দ্বিতীয় পর্ব: তাওহীদ ও জিহাদ" কিতাবটি]। একই সাথে শাহ আব্দুল আযীযের বিখ্যাত ফাতাওয়া (যা রদ করা কিংবা অপনোদন করা এখনো সম্ভব হয়নি, সেটি) অনুযায়ী হিন্দুস্তান দারুল হারব, যেখানে জিহাদ ফরয। এবং আমরা যেসব "জিহাদ সমর্থক মানহাজের ভাই" আছি তারাও জিহাদ যে 'ফারযুল আইন' তা স্বীকার করি। তাহলে প্রশ্ন হল কেউ যদি এটা স্বীকার করে তবে তার করণীয় কি? অবশ্যই তার জন্য আবশ্যক এই ফরয কাজে শামিল হওয়া। এখানে মাঝামাঝি কোন কিছু নেই। দ্বীনের যে কোন ফরয বিধান সম্পর্কে ব্যক্তি অবগত হওয়া মাত্র তার উপর ওই বিধান ফরয। অর্থাৎ সে বাধ্য তখন তা পালন করতে। এখানে নিছক সমর্থনের কোন সুযোগ নেই। আর মুসলিম মাত্রই জিহাদ সমর্থন করে, শাহবাগী ফরিদউদ্দীন মাসউদও জিহাদ সমর্থন করে, কারন জিহাদ অস্বীকার করা কুফর। সমস্যাটা জিহাদ সমর্থন নিয়ে কখনোই ছিল না, যে 'আলিমরা সালাহ আদ-দ্বীনকে বলেছিল ক্রুসেডারদের সাথে মিত্রতা করতে তারাও কিন্তু জিহাদ সমর্থন করতেন।

কিন্তু তারা কী সমর্থন করতেন না? তারা কিসের বিপক্ষে ছিলেন? তাদের সমস্যাটা কী নিয়ে ছিল? তাদের সমস্যা ছিল ওই মূহুর্তে জিহাদ করা নিয়ে। তাদের সমস্যা ছিল তাত্ত্বিকভাবে যা দ্বীনের ফরয বিধান হিসেবে স্বীকার তারা করছেন তার উপর সঠিক ভাবে আমল করা নিয়ে। নিজে জিহাদ করা নিয়ে। যতক্ষণ জিহাদ একটি দূরবর্তী, তাত্ত্বিক বিষয় থাকে ততক্ষণ সবাই এর পক্ষেই কথা বলে। কিন্তু যখনই তাগুতের সামনে আজ, এখন, এখানে জিহাদ করার কথা আসে, তখন সমস্যাটা ব্যাপক ভাবে দেখা দেয়। দুঃখজনক ভাবে এই হাজার বছরের পুরনো ব্যাধি এখনো প্রবল বিক্রমে বিদ্যমান, এবং আজ শুধুমাত্র উলামায়ে সু'রাই এ ব্যাধিতে আক্রান্ত না।

এতো গেল ফরয জিহাদের কথা, আর জিহাদের মানহাজ অর্থাৎ দ্বীন কায়েমের পদ্ধতি হিসেবে জিহাদকে বেছে নেওয়া এবং তার অনুসরণ করার অর্থ কি? এ ব্যাপারে আল ইমাম ওয়াল মুজাদ্দিদ শায়খ উসামা বিন লাদিন রাহিমাহুল্লাহ বলেন-

"সুতরাং, এই মানহাজ, যা আমাদের সামনে সুবাহের ন্যায় স্বচ্ছ, তা কিছু সুনির্দিষ্ট গুণাবলীকে অন্তর্ভুক্ত করে, যা শারী'আহ্-এর দালীলে পাওয়া যায়। আল্লাহ্ সুবহানাহু তা'আলা বলেছেনঃ

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا مَن يَرْتَدَّ مِنكُمْ عَن دِينِهِ فَسَوْفَ يَأْتِي اللَّهُ بِقَوْمٍ يُحِبُّهُمْ وَيُحِبُّونَهُ أَذِلَّةٍ عَلَى الْمُؤْمِنِينَ أَعِزَّةٍ عَلَى الْكَافِرِينَ يُجَاهِدُونَ فِي سَبِيلِ اللَّهِ وَلَا يَخَافُونَ لَوْمَةَ لَائِمٍ ۚ ذَٰلِكَ فَضْلُ اللَّهِ يُؤْتِيهِ مَن يَشَاءُ ۚ وَاللَّهُ وَاسِعٌ عَلِيمٌ

'হে ঈমানদারগণ! তোমাদের থেকে যে কেউই তাদের দ্বীন পরিত্যাগ করে, তবে আল্লাহ্ অপর এক ক্বওম নিয়ে আসবেন, যাদেরকে আল্লাহ্ ভালোবাসবেন, এবং যারা আল্লাহকে ভালোবাসবে, তারা ঈমানদারদের প্রতি সহানুভূতিশীল এবং কুফফারদের প্রতি অতি কঠোর, তারা আল্লাহর রাস্তায় জিহাদ করে, এবং নিন্দুকের নিন্দার পরোয়া করে না। এটা আল্লাহর অনুগ্রহ, যা তিনি যাকে ইচ্ছা দান করেন, আর আল্লাহ্ প্রাচুর্যদানকারী, সর্বজ্ঞ।' [আল-মাইদাহঃ৫৪]

সুতরাং, এই আয়াতটি আমরা যে অবস্থার মধ্যে আছি সেই সম্পর্কে বলছেঃ "হে ঈমানদারগণ! তোমাদের থেকে যে কেউই তাদের দ্বীন পরিত্যাগ করে,..."

যখন রিদ্দাহ্/দ্বীন-ত্যাগ সংঘটিত হয়, তখন মানুষকে দ্বীন ইসলামে ফিরিয়ে আনার জন্য কী কী গুণাবলীর প্রয়োজন? তো এখানে ৬টি গুণের কথা উল্লেখ করা হয়েছে, আল্লাহ্ সুবহানাহু তা'আলার বানী হতে আমরা পাই,

"...যাদেরকে আল্লাহ্ ভালোবাসবেন, এবং যারা আল্লাহকে ভালোবাসবে, তারা ঈমানদারদের প্রতি সহানুভূতিশীল এবং কুফফারদের প্রতি অতি কঠোর,..."। সুতরাং, এই গুণাবলী অর্জন করা আমাদের জন্য খুবই জরুরীঃ

[১] আল্লাহ্ সুবহানাহু তা'আলার প্রতি একান্ত ভালোবাসা
[২] ঈমানদারদের প্রতি বিনয় ও সহানুভূতি
[৩] কল্যাণের সাথে সাহায্য করা এবং তা করা সর্বোত্তম পদ্ধতিতে
[৪] কুফফারদের প্রতি কঠোরতা, আর এটা ইসলামের সবচাইতে শক্তিশালী বন্ধনঃ আল-ওয়ালা' ওয়াল-বারা' (আনুগত্য এবং সম্পর্কচ্ছেদ)-এর মাধ্যমে প্রকাশিত হয়, আমরা ঈমানদারদের সাথে আনুগত্য ও কর্তব্যপরায়ণতার সম্পর্ক স্থাপন করি, এবং আমরা কুফফারদের প্রতি শত্রুতা পোষণ করি, আর তাদের সাথে খুব কঠোর আচরণ করি।

[৫,৬] এরপর ৫ম এবং ৬ষ্ঠ গুণাবলী হলঃ "...তারা আল্লাহর রাস্তায় জিহাদ করে, এবং নিন্দুকের নিন্দার পরোয়া করে না..."।

আর, মানুষদেরকে দ্বীনে ফিরিয়ে আনার জন্য, আল্লাহর রাস্তায় জিহাদ করা, এবং নিন্দুকের নিন্দার পরোয়া না করা – এ বৈশিষ্ট্য দু'টির গুরুত্ব অত্যাধিক।

